ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর প্রণীত

ব্যাকরণ-কৌমুদী

(চতুর্থ-ভাগ),

কবিভূষণ শ্রীপূর্ণচন্দ্র দে কাব্যরত্ন উদ্ভটসাগর বি, এ,

সম্পাদিত।

PUBLISHER—JOGENDRANATH MUKHERJI

THE SANSKRIT PRESS DEPOSITORY

30, CORNWALLIS STREET,

CALCUTTA.

1918

[*Price One Rupee.*

কবিভূষণ শ্রীযুক্ত পূর্ণচন্দ্র দে কাব্যরত্ন উদ্ভটসাগর বি. এ. প্রণীত, সংগৃহীত, অনূদিত বা সম্পাদিত পুস্তকাবলী :—

১। "ব্যাকরণ-কৌমুদী" (চতুর্থ-ভাগ) (ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর প্রণীত)। বিভক্তি-নির্ণয় ও কারক, তদ্ধিত-প্রত্যয়, স্ত্রী-প্রত্যয় ও সমাস,—এই ৪টী প্রকরণ লইয়াই এই পুস্তক খানি লিখিত। বিদ্যাসাগর মহাশয়ের মূল গ্রন্থে যাহা ছিল, তাহা সমস্তই আছে। যে যে স্থানে অসঙ্গতি ছিল, তাহাও সুসঙ্গত করিয়া দেওয়া হইয়াছে। অষ্টাধ্যায়ী, সিদ্ধান্ত-কৌমুদী, কলাপ, সংক্ষিপ্তসার, সুপদ্ম, সারস্বত, মুগ্ধবোধ, প্রয়োগ-রত্ন-মালা প্রভৃতি প্রাচীন সংস্কৃত ব্যাকরণ ও তাহাদের টীকার সার কথা গুলি ফুটনোটে প্রদত্ত হইয়াছে। স্থানে স্থানে বিভিন্ন ব্যাকরণের মত ও বিচার দিতেও ত্রুটী করা হয় নাই। এতদ্ভিন্ন এই কয়েকটী বিষয় মন্তব্য :—(১) সংস্কৃত সূত্র গুলি বিশদ-রূপে বুঝাইয়া দেওয়া হইয়াছে, তাহাদের প্রমাণ-স্বরূপ মহাকাব্য প্রভৃতি হইতে উদাহরণ উদ্ধৃত হই [illegible]ছে। (২) বিভক্তি ও কারকের সংস্কৃত কারিকা গুলি "প্রয়োগ-রত্ন-মালা" নামক সংস্কৃত ব্যাকরণ হইতে প্রদত্ত হইয়াছে। (৩) স্ত্রী-প্রত্যয়-প্রকরণের ৬৫ হইতে ৭০ সূত্র বিশেষ প্রয়োজনীয় [illegible]
নূতন সন্নিবেশিত [illegible]

... বলিয়া তাহা

মহাশয় প্রত্যেক প্রকরণে

[illegible] সূত্র অষ্টাধ্যায়ী বা বার্ত্তিক-সূত্র হইতে গ্রহণ করিয়াছেন, আমি 'সংখ্যা' সহ উল্লেখ করিয়া দিয়াছি। এতদ্ভিন্ন তিনি যে যে সূত্র রচনা করিয়া দিয়াছেন [illegible]

প্রত্যেক বিষয়ের নিম্ন-ভাগেই প্রচুর-পরিমাণে 'প্রশ্ন' দেওয়া হইয়াছে।
গ্রন্থখানি ৪০০ পৃষ্ঠে সম্পূর্ণ। মূল্য ১৲ (এক) টাকা মাত্র।

২। "ব্যাকরণ কৌমুদী" (দ্বিতীয় ও তৃতীয় ভাগ) (ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর প্রণীত)। চতুর্থ-ভাগের প্রণালী অবলম্বন করিয়া লিখিত। (১) সাধারণ-নিয়মের অনেক স্থলে উদাহরণ ছিল না, আমি তাহা পূরণ করিয়া দিযাছি। (২) প্রত্যেক ধাতুর নিম্নে "অনুবাদ" ও "সংশোধনের" 'প্রশ্ন' বহুল-পরিমাণে প্রদত্ত হইয়াছে। (৩) যে ধাতু অসম্পূর্ণ ছিল, তাহাও পূর্ণ করিয়া দিয়াছি। (৪) প্রত্যেক প্রকরণের অব্যবহিত পরেই কয়েকটী করিয়া 'প্রশ্ন' দেওয়া হইয়াছে। (৫) গ্রন্থশেষে প্রচলিত ধাতু-সমূহের অ-কারাদি-ক্রমে গণ ও পদ নিরূপণ সহ একটী সুদীর্ঘ তালিকা প্রদত্ত হইয়াছে। গ্রন্থখানি ৫ পৃষ্ঠে সম্পূর্ণ। মূল্য ১৲ (এক) টাকা মাত্র।

৩। "ব্যাকরণ-কৌমুদী" (প্রথম-ভাগ) (ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর প্রণীত)। "ব্যাকরণ-কৌমুদী" (দ্বিতীয় ও তৃতীয়) এবং (চতুর্থ) ভাগের প্রণালী অবলম্বন করিয়া লিখিত। মূল্য ॥৵০ (দশ) আনা মাত্র।

৪। সমগ্র বিশুদ্ধ "ব্যাকরণ-কৌমুদী" (চারি ভাগ একত্র) (ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর প্রণীত)। ইহাতে বহু-সংখ্যক ...াট পাণিনীয় ও বার্ত্তিক সূত্র আছে। মূল্য ১॥০ (দেড়) টাকা।

৫। "উপক্রমণিকা" .. (ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর প্রণীত)। সম্পূর্ণ সংশোধিত ও বহু-প্রশ্ন-সহিত। মূল্য ॥০ (আট) আনা।

৬। "উদ্ভট-সাগরঃ" (প্রথম-দ্বিতীয়-তৃতীয়-প্রব...

... (১৩১৭ বঙ্গাব্দ)

উৎসর্গ-পত্রম্।

নিখিলশাস্ত্রসাগরপারগায়
বঙ্গসন্তানানুরাগরঞ্জিতহৃৎপটায়
আচার্য্যবর্য্যায় পরমপূজ্যপাদায়

ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর

মহোদয়ায়
উৎসৃষ্টোঽয়ং গ্রন্থঃ

(১)

চন্দ্রার্দ্ধশোভিতললাট মহামহিম্নঃ
কিং ব্রূম ঈশ্বর গুণান্ গুণসাগরস্য।
ত্বন্নামকীর্ত্তিপরিকীর্ত্তনয়ন্ন এষ
পাদাব্জরেণুমভিবাঞ্ছতি পূর্ণচন্দ্রঃ॥

হে ঈশ্বর! দেখি তব মহিমা অপার,
অর্দ্ধচন্দ্র-সুশোভিত ললাট তোমার।
গুণের সাগর তুমি হয়েছ যখন,
তখন তোমার গুণ কে করে বর্ণন!
তোমার অতুল কীর্ত্তি, সুমধুর-নাম
রসনা ঘোষণা মোর করে অবিরাম।

অর্দ্ধচন্দ্র স্থান পায় যদি শীর্ষ-স্থানে,
পূর্ণচন্দ্র স্থান কেন না পায় চরণে !

(২)

অন্তঃশ্বেতা বহিঃশ্যামা ত্বামীশ্বরসরস্বতীম্ ।
দণ্ডিনাঽজানতা প্রোক্তা "সর্ব্বশুক্লা সরস্বতী" ॥

জানি হে ঈশ্বর-চন্দ্র ! তোমার প্রকৃতি,
তুমিই সাক্ষাৎ সেই দেবী সরস্বতী ।
ভিতরে পরম শুভ্র তোমার হৃদয়,
বাহিরের বর্ণ কিন্তু কৃষ্ণ সাতিশয়,—
না জানিয়া এইরূপ তোমার মূরতি
'দণ্ডী' বলেছেন,—"সর্ব্বশুক্লা সরস্বতী" ।
অলঙ্কার-শাস্ত্রে পটু 'দণ্ডী' মহাশয়,
তথাপি তাঁহার কথা কে করে প্রত্যয় ?

(३)

দোষে কর্কশতা গুণে প্রণয়িতা পাপে পরং ভীরুতা
সত্যে নির্ভয়তা বুধে বিনয়িতা বিত্তে পরিত্যাগিতা ।
সাধৌ সাদরতা খলে বিমুখতা শাস্ত্রেষু মর্ম্মজ্ঞতা
শান্তৌ সক্ষমতা স্থিতা চ সততং ত্বয্যেব হে ঈশ্বর ॥

দেখিলে দোষীর দোষ হইতে বিরস,
দেখিলে গুণীর গুণ হইতে সরস ।

যাহা পাপ, তাহে তব ভয় ছিল অতি,
যাহা সত্য, তাহে তব ভয়-শূন্য মতি।
পণ্ডিতের প্রতি ছিল বিশেষ বিনয়,
মুক্ত-হস্ত ছিলে তুমি দানের সময়।
সাধুর উপরি ছিল পরম আদর,
খলের উপরি কোপ ছিল নিরন্তর।
শাস্ত্রের নিগূঢ় তত্ত্বে ছিল তব জ্ঞান,
শক্তি থাকিতেও তুমি ছিলে ক্ষমাবান্।
শুন হে ঈশ্বর-চন্দ্র! তব একাধারে
এত সব ছিল গুণ,—বর্ণিতে কে পারে!

(৪)

नो मालिन्यं कदाचिद् भजति च दिवसे ग्रस्यते केनचिद् वा
नो मेघैश्छाद्यते वा नयनसुखहरैर्दूष्यते वा कलङ्कैः।
नो कुह्वां क्षीयते वा क्वचिदपि समये पीड्यते पीड़या वा
धन्यो देवेश्वर त्वं प्रभवति भुवि ते निर्म्मलः कीर्त्तिचन्द्रः॥

ধন্য হে ঈশ্বর-চন্দ্র! তুমি ভাগ্যবান্,
কোথায় কাহার ভাগ্য তোমার সমান?
উঠে বটে চন্দ্র এক নিশায় গগনে,
তার কি তুলনা তব কীর্ত্তি-চন্দ্র সনে?
তব কীর্ত্তি-চন্দ্র দিনে মলিন না হয়,—
রাহুর গ্রাসের ভয় নাহি তার রয়,—
মেঘ-মালা নাহি তারে করে আচ্ছাদন,
কলঙ্কও তার দেহে না করি দর্শন,—

অমাবস্যা-তিথিতেও ক্ষয় তার নাই,
কোনরূপ পীড়া তার দেখিতে না পাই!

(५)

नानादर्शनकाव्यनाटककथाकोषेतिहासस्मृति-
च्छन्दोऽलङ्कृतिशब्दशास्त्रसुपटुः सौभाग्यशाली भवान्।
विद्यासागरपुण्यनाम भवतो बङ्गेषु देवेश्वर
बालानां वदने विराजतितरां नित्यं सुधास्यन्दनम्॥

কিবা ব্যাকরণ, কিবা ছন্দঃ, অলঙ্কার,
কিবা কাব্য, ইতিহাস, কিবা কথা আর,
কিবা অভিধান, স্মৃতি, নাটক, পুরাণ,—
এই সব শাস্ত্রে তব ছিল বহু জ্ঞান।
সুধা-সম তব "বিদ্যা-সাগর"-সুনাম,
পরম পবিত্র ইহা বঙ্গে অবিরাম।
এ হেন তোমার নাম, হে ঈশ্বর আজ!
বঙ্গ-সন্তানের মুখে করিছে বিরাজ।

(६)

अव्यापाराः सुरभिसमये कामसक्ता निदाघे
रक्ता वर्षास्वभिनवजले पङ्किले पल्वलानाम्।
कटूक्लोष्णे शरदि निरताः स्वापशीला हिमर्त्तौ
शीते रात्रिभ्रमणनिपुणास्तेऽरयः सन्तु सर्व्वे॥

না করে ব্যায়াম যেন বসন্ত-সময়,
গ্রীষ্ম-কালে থাকে যেন সদা কামময় ;
পম্বলের অভিনব পঙ্কিল সলিলে
অনুরক্ত হ'য়ে যেন থাকে বর্ষা-কালে ;
যে বস্তু পরম কটু, অম্ল, উষ্ণ অতি,
শরতে খাইতে তাহা থাকে যেন মতি ;
দিবসে হেমন্ত-কালে যেন নিদ্রা যায়,
শীতে রাত্রি-কালে যেন ঘুরিয়া বেড়ায় ;
এ সব বিষয়ে যেন, হে বিদ্যাসাগর !
রত থাকে শত্রু-গণ তব নিরন্তর ।

(৩)

তৃষ্ণার্ত্তোঽলিঃ কুসুমজরসং চাতকো বারিবাহং
তারানাথং স্মরতি চ যথা শুষ্ককণ্ঠশ্চকোরঃ ।
ভ্রান্তো বৎসশ্চ নিজজননীং দুঃস্থসাহিত্যসেবী
শ্রীমন্তং ত্বাং স্মরতি সততং পূর্ণচন্দ্রস্তথৈব ॥

পুষ্প-মধু স্মরে যথা তৃষার্ত্ত ভ্রমর,
জলধরে স্মরে যথা চাতক কাতর ;
পিপাসায় শুষ্ক-কণ্ঠ হইয়া চকোর
চন্দ্র-দেবে স্মরে যথা হইয়া বিভোর ;
বৎস-গণ হায় যথা পথ হারাইয়া
নিজ মাতাকেই স্মরে ব্যাকুল হইয়া ;
সদাই সাহিত্য-সেবী এই দুঃস্থ জন
ভক্তি-ভরে স্মরে তথা তব শ্রীচরণ !

(৮)

भास्वरेश्वरचन्द्रस्य श्रीव्याकरणकौमुदी ।
स्वान्तध्वान्तानि बालानां निराकुर्य्यान्निरन्तरम् ॥

ভাস্বর ঈশ্বর-চন্দ্র! তুমি অনিবার,
সুবিমলা "ব্যাকরণ-কৌমুদী" তোমার
বালক-গণের চিত্ত-গহ্বরে পশিয়া
যত কিছু অন্ধকার দি'ক্ বিনাশিয়া।

(৯)

दृष्टं शिवास्यगुणितं निधिना समेतं
कृष्णावतारनिहतं वियदिन्द्रियेण ।
यच्छेषितं शरकरेण हृतं तदब्दं
वङ्गेषु शिष्यवदनेषु नवास्तु नाम ॥ (১)

(১) বিদ্যাসাগর মহাশয়ের পরম পবিত্র নাম বঙ্গ-সন্তান-গণের মুখে সহস্র (১০০০) বৎসর কীর্ত্তিত হউক, ইহাই গণিত-শাস্ত্রের একটী সুন্দর কৌশল সহ এই শ্লোকে কথিত হইয়াছে। গণিত-শাস্ত্রের পারদর্শী, পরম-পূজ্য-পাদ মহাপুরুষ, কলিকাতা বিশ্ব-বিদ্যালয়ের ভূতপূর্ব্ব ভাইস্-চ্যান্‌সেলার, মাননীয় বিচার-পতি স্যার্ শ্রীযুক্ত আশুতোষ মুখোপাধ্যায় সরস্বতী, শাস্ত্র-বাচস্পতি, সিদ্ধান্তাগম-চক্রবর্ত্তী, নাইট্; সি, এস্, আই: এম্, এ, ডি, এল্; ডি, এস্, সি: এফ্., আর্, এ, এস্; এফ., আর্, এস্. ই; এফ., এ, এস্ মহোদয় উক্ত অঙ্ক বাহির করিবার কৌশলটী কৃপা করিয়া আমাকে দিয়াছিলেন। তৎপরে আমি ইহা সংস্কৃত শ্লোকে নিবদ্ধ করিয়াছিলাম। শ্রীযুক্ত মুখোপাধ্যায় মহাশয়ের এই কৃপা-প্রদর্শনের জন্য আমি তাঁহার নিকটে আজীবন কৃতজ্ঞ রহিলাম।

যে কোনও একটি অঙ্ক গ্রহণ করিয়া
গুণন করহ তারে পাঁচ অঙ্ক দিয়া।
সেই গুণ ফলে নয় অঙ্ক যোগ দিবে,
যোগ-ফলে দশ দিয়া গুণন করিবে।
তাহারে পঞ্চাশ দিয়া করিয়া হরণ,
ভাগ-শেষ লবে তুমি তাহার তখন।
তাহারে পঁচিশ দিয়া গুণন করিলে
যত হবে, তত বর্ষ এই ভূমণ্ডলে
হে "বিদ্যা-সাগর"! তব সুপবিত্র নাম
বঙ্গ-সন্তানের মুখে থাক্ অবিরাম।

(১০)

यद्गेहे प्रबला चलापि कमला दृष्टा सदाऽचञ्चला
यत्कीर्त्तिर्विपुला मतिश्च विमला कृत्यावली निर्म्मला ।
सेवे तं गुणभागनन्तमहिमश्रीकौमुदीमालया
भक्तो गाङ्गजलेन भक्तिसहितं गङ्गां यथा सेवते ॥

পরম চঞ্চলা লক্ষ্মী, পরম প্রবলা,—
ছিলেন তোমার গৃহে নিত্য অচঞ্চলা;
বিপুলা তোমার কীর্ত্তি, বুদ্ধি সুবিমলা,
যাবতীয় কার্য্যাবলী পরম নির্ম্মলা;—
শুন হে ঈশ্বর-চন্দ্র! হে "বিদ্যাসাগর"
মম সম নাহি কেহ ভাগ্য-হীন নর।

নিয়ত তোমার পূজা করিবারে চাই,
কি দিয়া পূজিব কিন্তু,—ভাবিয়া না পাই।
"কৌমুদী"-কুসুম-মালা গুণযুতা তব,
অনুপমা এ সামগ্রী ;—কি অধিক কব।
তোমারি সামগ্রী,—ইহা তোমাকেই দিয়া
পূজিতেছি ভক্তি-ভরে প্রণত হইয়া।
ইহার দৃষ্টান্ত দেব! করহ দর্শন,—
গঙ্গা-জলে গঙ্গা-পূজা করে ভক্ত জন।

তদীয়শ্রীচরণাশ্রিতেন
বি. এ-কবিভূষণকাব্যরত্নোদ্ভটসাগরোপাধিকেন
সম্পাদকেন
শ্রীপূর্ণচন্দ্রেণ

मङ्गलाचरणम् ।

(१)

भ्रूणोपातकिपापपर्व्वतपवी पापाब्धिपारप्लवौ
पापप्रान्तरपांशुपङ्क्तपथिकप्राणप्रदौ पादपौ ।
पापप्राज्यपयोदपालिपवनौ पापेभपञ्चाननौ
पादौ पाशुपतौ प्रपद्य परमौ प्राक् पूर्णचन्द्र प्रगे ॥

(२)

जय जय हे शिव दर्पकदाहक दैत्यविघातक भूतपते
दशमुखनाशकशायकदायक कालभयानक भक्तगते ।
त्रिभुवनकारकधारकमारक संहृतिसारक धीरमते
हरिगुणगायक ताण्डवनायक मोक्षविधायक योगरते ॥

(३)

दीर्घाक्षी दीप्रदन्ता दनुजदलदला देवतादुःखदात्री
दिव्यास्त्रैर्दिव्यदेहा दरदवदमना दीप्यमाना दुकूलैः ।
दृप्तानां दर्पदात्र्यै दशदिशि दशकं हस्तदोषां दधाना
. देवी दुर्गा दुरन्तं दलयतु दुरितं दुर्गतिद्रावदक्षा ॥

(४)

यस्याः शिल्पमनल्पकं त्रिभुवनं काव्यञ्च वेदत्रयं
यन्नाथस्त्रिपुरान्तकस्त्रिपथगा यस्याः सपत्नी मता ।
या कालत्रयमोचितं सुविपुलं धत्ते च नेत्रत्रयं
सा त्रैगुण्ययुता करोतु कमलं देवी त्रिशूलायुधा ॥

(५)

पतिः पञ्चाननः पुत्रौ षडाननगजाननौ ।
तामन्नदां भजे यस्या अतिथिश्चतुराननः ॥

(६)

हरहृदयविलासा गर्व्विता पार्व्वती साऽ-
नवनितलपदासा मर्त्त्यमुक्त्यप्रयासा ।
श्रितशिवकचपाशा मानवोद्धारणाशा
दशहरिदयनाशा पातु मां जाह्नवीशा ॥

(७)

या त्रिदोषविनाशाय भक्तं निजजलाश्रितम् ।
न लज्जते चतुर्द्दोषं कर्त्तुं तां नौमि जह्नुजाम् ॥

(८)

यो लङ्केशपतिः कुमारजनको योऽसौ गवीशध्वजो
यो गङ्गां धरति स्वयं हिमकरोद्दीप्ताङ्गकान्तिः सदा

यो नित्यं खलु भूविशेषसदनो वामाङ्गसङ्गस्तथा
वन्दे तं प्रथमाचरच्चयवशाद् शेषं महेशं पुनः ॥

(९)

शङ्खोऽन्तःकुटिलो बहिश्च धवलश्चक्रञ्च वक्रं तथा
बद्धास्या च गदाऽम्बुजं मलभवं शेषः सहस्राननः ।
वृक्षात्मा तुलसी चला च कमला हृत्कौस्तुभः प्रस्तरो
भक्तं दर्शयते वृतोऽपि कुटिलैरेतैर्य ईडे हि तम् ॥

(१०)

सजलजलदकालं प्रेमवापीमरालम्
अभिनववनमालं हेमवल्लीप्रबालम् ।
भुवननलिननालं दानवानां करालं
निखिलमनुजपालं नौमि तं नन्दबालम् ॥

(११)

पुलिनवनविहारिन् बल्लवीचित्तहारिन्
दनुजदलनकारिन् योगिहृत्पद्मचारिन् ।
भवजलनिधितारिन् पीतकौशेयधारिन्
शमनदरविदारिन् पाहि मां विश्वभारिन् ॥

(१२)

हरिप्रियां भजे मत्तो दीनश्च न हलिप्रियाम् ।
न भुक्त्वापि नरः पूर्व्वां मत्तो भुक्त्वैव चापराम् ॥

(१३)

पण्डितानमरण्येऽपि मूर्खाणां नास्ति कुत्रचित् ।
इति मूर्खे परा प्रीतिर्यस्यास्तां श्रियमाश्रये ॥

(१४)

श्रुत्वापि माधवो भर्त्ता सपत्नी च हरिप्रिया ।
तस्मिन्नेव रता यास्ते तां नमामि सरस्वतीम् ॥

(१५)

यद्भक्तास्त्यक्तनिद्रास्तनुतरतनवो मुष्टिमात्रान्नहेतो-
र्हाहारावप्रभावैर्गतश्रममनसो मेदिनीं स्फोटयन्तः ।
गुप्तस्थाने पृथिव्या विगतरजनिका अन्नपानीयशून्या
वन्देऽहं भारतीं तां गलच्छतवसनः सर्व्वदुःखैकदात्रीम् ॥

(१६)

रथ्यां गच्छन्नपि भुवि निपतन् धारयन् व्योम दोर्भ्यां
संविभ्रश्यत् कटितटवसनं योजयन् मध्यभागम् ।
हस्तन्यस्तं दिशि दिशि मृगयन् लाङ्गलं सम्मुखस्थं
संव्याघूर्णद्रुधिरनयनभाक् पातु मां मत्तरामः ॥

(१७)

सूत्रं पाणिनिबद्धं यो धरन्नुद्दहति स्वयम् ।
सूक्ष्मं वर्णधर्म्मादीन् सुरक्षेच्च नमामि तम् ॥

(१८)

याऽक्षय्यं बीजमेकं जगदखिलगिरां सर्व्वसाफल्यदा या
या रम्यस्निग्धवर्णा मृदुमधुरपदालङ्कृतिस्निग्धभाषा।
या छन्दःसूत्रबद्धा विविधरसगुणा भूरिभावान्विता या
सा भाषा संस्कृताख्या जनुषि जनुषि मे स्वान्तसौख्यं ददातु॥

भगवच्चरणाश्रितस्य
बि.ए-कविभूषणकाव्यरत्नोद्भटसागरोपाधिकस्य
सम्पादकस्य
श्रीपूर्णचन्द्रस्य

বিদ্যাসাগর-মহাশয়-কৃত প্রথম-বারের

বিজ্ঞাপন।

ব্যাকরণকৌমুদীর শেষভাগ প্রচারিত হইল। এই ভাগে নূতন প্রণালী অবলম্বিত হইয়াছে। অনেকে ব্যাকরণকৌমুদীতে সংস্কৃত সূত্র দিবার নিমিত্ত সবিশেষ অনুরোধ করেন। ঐ অনুরোধের তাৎপর্য্য এই যে, বাঙ্গালা ভাষায় সঙ্কলিত সূত্র অপেক্ষা অল্পাক্ষরগ্রথিত সংস্কৃত সূত্র অনায়াসে অভ্যাস করা ও স্মরণ রাখা যাইতে পারে। তাঁহাদের অনুরোধ যুক্তিযুক্ত বোধ হওয়াতে এই ভাগে সংস্কৃত সূত্র সন্নিবেশিত হইল, এবং ঐ হেতু বশতঃ পূর্ব্ব তিন ভাগেও ক্রমে ক্রমে এই প্রণালী অবলম্বিত হইবেক। সকল সূত্র নূতন সঙ্কলিত নহে, অনেক স্থলে পাণিনি-প্রণীত সূত্র অবিকল উদ্ধৃত হইয়াছে।

কলিকাতা।
সংবৎ ১৯১৮। ২০এ মাঘ।

শ্রীঈশ্বরচন্দ্র শর্ম্মা।

সম্পাদক-কৃত বিজ্ঞাপন।

বর্ত্তমান সময়ের ৬৭ বৎসর পূর্ব্বে পরম-পূজ্য-পাদ প্রাতঃস্মরণীয় মহাত্মা ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর মহাশয় "সংস্কৃত ব্যাকরণের উপক্রমণিকা"-নামক একখানি ক্ষুদ্র সংস্কৃত ব্যাকরণ প্রণয়ন করিয়াছিলেন। সেই সময় হইতে অদ্যাবধি এই পরমাদৃত গ্রন্থখান অপ্রতিহত-প্রভাবে চলিয়া আসিতেছে। যে সময়ে সমগ্র বাঙ্গালা-প্রদেশে ভট্টাচার্য্য-মহাশয়-গণের চতুষ্পাঠী ভিন্ন অন্য কোনও স্থানে সংস্কৃত-ভাষার অধ্যাপনা হইত না; যে সময়ে ব্রাহ্মণ-জাতি ভিন্ন অন্য কোনও জাতি সংস্কৃত-ভাষা শিক্ষা করিবার কোনরূপ সুবিধা বা অধিকার প্রাপ্ত হইতেন না; যে সময়ে মহামুনি পাণিনি-কৃত অষ্টাধ্যায়ী, সিদ্ধান্ত-কৌমুদী, কলাপ, সংক্ষিপ্ত-সার, সুপদ্ম, সারস্বত, মুগ্ধবোধ, প্রয়োগ-রত্ন-মালা প্রভৃতি প্রাচীন সংস্কৃত ব্যাকরণের সাহায্য ভিন্ন অন্য কোনও ব্যাকরণের সাহায্যে সংস্কৃত-ভাষা-গৃহের বহির্দ্বার-দেশেও উপস্থিত হওয়া নিতান্ত অসম্ভব ছিল; যে সময়ে উক্ত দুর্ব্বোধ প্রাচীন সংস্কৃত ব্যাকরণ গুলির এক খানিতেও ব্যুৎ-পত্তি লাভ করিতে হইলে জীবনের অন্ততঃ দশ বার বৎসর কাল অতি-বাহিত হইত; যে সময়ে সমগ্র বাঙ্গালা-প্রদেশ ঘোর অজ্ঞানতা-তিমিরে সমাচ্ছন্ন ছিল, সেই সময়েই মহাপুরুষ বিদ্যাসাগর মহাশয় উক্ত ক্ষুদ্র সংস্কৃত ব্যাকরণ খানি প্রণয়ন করিয়াছিলেন। যে সময়ে দূরবর্ত্তী মহানুভব ইংরাজ বাহাদুর সমগ্র বাঙ্গালা-প্রদেশে সংস্কৃত ভাষার বহুল প্রচারের আদেশ দেন, সেই সময়েই "উপক্রমণিকা"-ব্যাকরণের সৃষ্টি। একখানি প্রাচীন সংস্কৃত ব্যাকরণ অধ্যয়ন করিয়া তাহা আয়ত্ত ও হৃদয়ঙ্গম করিতে

যে কি কষ্ট হইত, তাহা বিদ্যাসাগর মহাশয় স্বয়ং বিশেষ-রূপে অনুভব করিয়াছিলেন। যাহাতে সমগ্র বঙ্গ-সন্তান অল্পায়াসে সংস্কৃত ভাষা শিক্ষা করিতে পারেন, তদ্বিষয়ে একাগ্র-চিত্তে অনন্ত পরিশ্রম ও একান্ত মস্তিষ্ক-বিলোড়ন করিয়া বহুকাল পরে তিনি সংস্কৃত-ব্যাকরণের ছায়ামাত্র অবলম্বন-পূর্ব্বক বাঙ্গালা ভাষায় বিশদ ব্যাখ্যা সহ উক্ত "উপক্রমণিকা"-ব্যাকরণের সৃষ্টি করিয়াছিলেন।

শিশুগণের পাঠোপযোগী করিয়া বিদ্যাসাগর মহাশয় ১৮৫১ খৃষ্টাব্দে (১লা অগ্রহায়ণ, ১৯০৮ সংবতে) "সংস্কৃত-ব্যাকরণের উপক্রমণিকার" প্রথম সংস্করণ বাহির করিয়াছিলেন। এই সংস্করণ শীঘ্রই নিঃশেষ হইয়া যাওয়াতে ১৮৫২ খৃষ্টাব্দে (১০ই বৈশাখ, ১৯০৯ সংবতে) তিনি ইহার দ্বিতীয় সংস্করণ এবং ১৮৫৩ খৃষ্টাব্দে (১৫ই ফাল্গুন, ১৯১০ সংবতে) তৃতীয় সংস্করণ প্রচার করিয়াছিলেন। তৎপরে তিনি বিশেষ-প্রণিধান-পূর্ব্বক দেখিয়াছিলেন যে, কেবল "উপক্রমণিকা"-ব্যাকরণ পাঠ করিয়া পাঠার্থি-গণ উচ্চ শ্রেণীর মহাকাব্য, নাটক ও দর্শন-শাস্ত্রাদির অধিকার-লাভে সমর্থ হইবেন না। এই হেতু "উপক্রমণিকা"-ব্যাকরণ রচনা করিবার কিছুকাল পরেই, অর্থাৎ ১৮৫৩ খৃষ্টাব্দে তিনি "ব্যাকরণ-কৌমুদী, প্রথম ভাগের" সৃষ্টি করিয়াছিলেন। ইহাতে কেবল শব্দরূপ, সন্ধি, ণত্ব ও ষত্ব প্রকরণ থাকায় তিনি ব্যাকরণের অন্যান্য বিষয় শিক্ষা দিবার নিমিত্ত ১৮৫৩ খৃষ্টাব্দে "ব্যাকরণ-কৌমুদী, দ্বিতীয় ও তৃতীয় ভাগ" রচনা করেন। এই পুস্তকের প্রথম সংস্করণে ১ পৃষ্ঠ হইতে ৫২ পৃষ্ঠ পর্য্যন্ত সমগ্র "কৃৎ-প্রকরণ" দ্বিতীয় ভাগ, এবং ১ পৃষ্ঠ হইতে ১৬৮ পৃষ্ঠ পর্য্যন্ত সমস্ত "তিঙন্ত-প্রকরণ" তৃতীয় ভাগ নামে অভিহিত ও একখানি পুস্তকেই একত্র সুবদ্ধ হইয়া পৃথক্ সূত্রাঙ্ক সহ প্রকাশিত হইয়াছিল। কিন্তু "তিঙন্ত-প্রকরণ" অপেক্ষা "কৃৎ-প্রকরণ" ক্ষুদ্রতর হওয়ায় তিনি ইহা পৃথক্ পুস্তকাকারে না ছাপাইয়া পরবর্ত্তি সংস্-

স্থলে "তিঙন্ত-প্রকরণের" নাম 'দ্বিতীয় ভাগ' এবং "কৃৎ-প্রকরণের" নাম 'তৃতীয় ভাগ' রাখিয়া দুই ভাগই একখানি পুস্তকে বাহির করিয়াছিলেন। এই দুই ভাগে (দ্বিতীয় ও তৃতীয় ভাগে) কেবল ধাতু-কাণ্ড থাকায় তিনি "ব্যাকরণ-কৌমুদী, চতুর্থ ভাগের" সৃষ্টি করেন।

সংস্কৃত-ভাষা শিক্ষা করিতে হইলে কারক, তদ্ধিত, স্ত্রী-প্রত্যয় ও সমাস এই চারিটি বিষয়ে জ্ঞানলাভ করা বিশেষ প্রয়োজনীয়। এজন্য বিদ্যাসাগর মহাশয় এক খানি পৃথগ্ গ্রন্থে এই চারিটী বিষয় সন্নিবেশিত করিয়াছেন। এই পৃথগ্ গ্রন্থই "ব্যাকরণ-কৌমুদী, চতুর্থ ভাগ।" ১৮৬২ খৃষ্টাব্দের (১৯১৮ সংবতের) ২০ শে মাঘ তারিখে এই গ্রন্থ খানি প্রথম প্রকাশিত হইয়াছিল। বিদ্যাসাগর মহাশয়ের লিখিত "প্রথম-বারের বিজ্ঞাপন" মদীয় সংস্করণে সন্নিবেশিত হইল।

বিদ্যাসাগর মহাশয়ের মূল গ্রন্থে যাহা ছিল, আমি প্রায় তাহা সমস্তই রাখিয়া দিয়াছি। বিভক্তি-নির্ণয় ও কারক, তদ্ধিত, স্ত্রী-প্রত্যয় ও সমাস লইয়াই "ব্যাকরণ-কৌমুদী" (চতুর্থ-ভাগ) লিখিত। এই ৪টী প্রকরণের স্থানে স্থানে অনেক অসঙ্গতি ছিল। সে সমস্ত সুসঙ্গত করিয়া ফুটনোটে সন্নিবেশিত করিয়া দিয়াছি। এজন্য যে যে প্রাচীন সংস্কৃত ব্যাকরণ, টীকা ও টিপ্পনী এবং মহাকাব্যের আশ্রয় গ্রহণ করিয়াছি, তাহাদের নামের তালিকা এই গ্রন্থেই সন্নিবেশিত করা গেল। প্রত্যেক প্রকরণের 'সূত্র' ও 'উদাহরণে' বিদ্যাসাগর মহাশয়ের অনেক গুলি ভ্রম বা প্রমাদ ছিল। কেবল কয়েকটী প্রধান ভ্রম বা প্রমাদের কথা নিম্নভাগে উল্লেখ করিলাম :—

১। (১) বিভক্তি-নির্ণয় ও কারক-প্রকরণের যে যে সূত্রে বিদ্যাসাগর মহাশয়ের ভ্রম বা প্রমাদ ছিল, তাহাদের তালিকা :—৭৭ সূত্র (খ) ফুটনোট ; ৮৬ সূত্র (খ) ফুটনোট ; ১০৬ সূত্র (ক) ফুটনোট।

(২) তদ্ধিত-প্রকরণ—৪ সূত্র (ক) ফুট্‌নোট ; ৮৪ সূত্র (খ) ফুট্‌নোট ; ৮৮ সূত্র (ক) ফুট্‌নোট , ১০২ সূত্র (ক) ফুট্‌নোট ; ১০৩ সূত্র (ক) ফুট্‌নোট ; ১০৮ সূত্র (ঘ) ফুট্‌নোট ; ২১৬ সূত্র (ক) ফুট্‌নোট ; ২৭৬ সূত্র (ক) ফুট্‌নোট ; ২৮৯ সূত্র (ক) ফুট্‌নোট।

তদ্ধিত-পরিশিষ্ট-প্রকরণ—৩ সূত্র (খ) ফুট্‌নোট।

(৩) স্ত্রী-প্রত্যয়-প্রকরণ—৩৫ সূত্র (গ) ফুট্‌নোট।

(৪) সমাস-প্রকরণ—তৎপুরুষ-সমাসে ৭ সূত্র (ঘ) ফুট্‌নোট ; ৯৫ সূত্র (খ) ফুটনোট। সর্ব্ব-সমাস-সাধারণ-বিধিতে ২ সূত্র (ক) ফুট্‌নোট ; ৬ সূত্র (ঘ) ফুট্‌নোট ; ৭ সূত্র (ছ) ফুট্‌নোট ;

২। উপর্য্যুক্ত ৪টী প্রকরণের প্রায় প্রত্যেক সূত্রের পাদদেশে প্রচুর-পরিমাণে প্রাচীন সংস্কৃত ব্যাকরণের মত, বিচার এবং বহু-সংখ্যক প্রসিদ্ধ সংস্কৃত মহাকাব্য হইতে উদাহরণ দেওয়া হইয়াছে।

৩। বিভক্তি-নির্ণয় ও কারকের সংস্কৃত কারিকাগুলি "প্রয়োগ-রত্ন-মালা"-নামক প্রাচীন সংস্কৃত-ব্যাকরণ হইতে গৃহীত হইয়া এই গ্রন্থে সন্নিবেশিত হইয়াছে।

৪। বিভক্তি-নির্ণয় ও কারক, তদ্ধিত, স্ত্রী-প্রত্যয় ও সমাস,—এই চারিটী বিষয়ে প্রচুর-পরিমাণে "প্রশ্ন" দেওয়া হইয়াছে।

৫। স্ত্রী-প্রত্যয়-প্রকরণের ৬৫ হইতে ৭০ এই ৬টী বিশেষ প্রয়োজনীয় সূত্র বিদ্যাসাগর মহাশয়ের মূল গ্রন্থে না থাকায় তাহা সন্নি-বেশিত করিয়া দিয়াছি।

৬। বিদ্যাসাগর মহাশয়ের মূল গ্রন্থে "তদ্ধিত পরিশিষ্ট" পশ্চাদ্ভাগে ছিল। তাহা "তদ্ধিত-প্রত্যয়ের" অব্যবহিত পরেই সন্নিবেশিত করা হইয়াছে।

৭। বিদ্যাসাগর মহাশয় প্রত্যেক প্রকরণে যে যে "সূত্র" পাণিনি-

কৃত অষ্টাধ্যায়ী বা কাত্যায়ন-কৃত বার্ত্তিক-সূত্র হইতে গ্রহণ করিয়াছেন, তাহা আমি "সংখ্যা" সহ উল্লেখ করিয়া দিয়াছি। এতদ্ভিন্ন বিদ্যাসাগর মহাশয় যে যে "সূত্র" স্বয়ং রচনা করিয়া দিয়াছেন, তাহারা কোন্ কোন্ পাণিনীয় ও বার্ত্তিক-সূত্রের অন্তর্গত, তাহাও "সংখ্যা" সহ নির্দ্দেশ করিয়া দিয়াছি।

"উপক্রমণিকা" এবং "চারি ভাগ, ব্যাকরণ-কৌমুদীর" সৃষ্টি করিয়া বিদ্যাসাগর মহাশয় সমগ্র বাঙ্গালা-প্রদেশে এক নূতন যুগের প্রবর্ত্তন করিয়াছেন। এই গ্রন্থগুলি দ্বারা বঙ্গ-সন্তান-গণের যে কি মহোপকার সাধিত হইয়াছে, তাহা বর্ত্তমান শিক্ষিত সম্প্রদায় বিলক্ষণ হৃদয়ঙ্গম করিয়াছেন। যিনি জ্ঞানান্ধ বাঙ্গালী বালক-বালিকা-গণের জ্ঞানচক্ষুঃ উন্মীলন করিয়া স্বীয় জীবনের সার্থকতা সম্পাদন করিয়া গিয়াছেন; যিনি সমগ্র বঙ্গ-সন্তানের জ্ঞানোন্নতির উদ্দেশে আজীবন মস্তিষ্ক-বিলোড়ন-পূর্ব্বক দেহপাত করিতেও কৃত-সংকল্প হইয়াছিলেন, এবং যাঁহার দুর্জ্জয় প্রভাব সমগ্র বাঙ্গালী বালক-বালিকার ধমনীস্থ প্রত্যেক রক্ত-কণিকার সহিত সংমিশ্রিত হইয়া নিরন্তর প্রধাবিত হইতেছে, সেই ক্ষণজন্মা প্রাতঃস্মরণীয় মহাপুরুষ ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর মহাশয়ের নিকটে অনন্ত বঙ্গসন্তান আজীবন ঋণ-জালে আবদ্ধ।

প্রাতঃস্মরণীয় বিদ্যাসাগর মহাশয় ও মহাত্মা ভূদেব মুখোপাধ্যায় মহোদয় আমার প্রতি পুত্রবৎ স্নেহ-প্রকাশ করিতেন, এবং আমিও তাঁহাদিগের প্রতি পিতৃবৎ ভক্তি-প্রদর্শন করিতাম। সংস্কৃত "উদ্ভট-কবিতা" সংগ্রহ করিতে আমার ইচ্ছা বিশেষ-রূপে বলবতী থাকায় তাঁহাদিগের নিকটে প্রায় সর্ব্বদাই আমাকে যাইতে হইত। সেই সূত্রেই আমি তাঁহাদিগের স্নেহ-ভাজন হইবার অধিকার প্রাপ্ত হইয়াছিলাম। প্রথমতঃ উভয়ের নিকট হইতেই প্রায় ৫০০ (পাঁচ শত) সংস্কৃত "উদ্ভট-কবিতা" সংগ্রহ করিয়া-

ছিলাম। অদ্যাবধি তাঁহাদিগের কৃপায় প্রায় এক লক্ষ বাইশ হাজার সংস্কৃত "উদ্ভট-কবিতা" সংগ্রহ করিয়া তাহার প্রায় অর্দ্ধেক বাঙ্গালা-পদ্যে অনুবাদ করিয়া রাখিয়াছি। আমার পদ্যানুবাদ দেখিয়া তাঁহারা আমার প্রতি নিরতিশয় স্নেহ ও অনুরাগ প্রকাশ করিতেন। পদ্যানুবাদ করিয়া আমি বিদ্যাসাগর মহাশয়কে দেখাইতাম। তিনিও স্থানে স্থানে ইহার পরিবর্ত্তন বা সংশোধন করিয়া দিতেন। অবশেষে কবিতাগুলি ভূদেব বাবুর ও রামগতি ন্যায়রত্ন মহাশয়ের পরামর্শানুসারে "এডুকেশন গেজেটে" প্রকাশিত করিতাম। বহু বৎসর ব্যাপিয়া "এডুকেশন গেজেটে" আমার বাঙ্গালা পদ্যানুবাদ সহ বহুসংখ্যক সংস্কৃত "উদ্ভট-কবিতা" প্রকাশিত হইয়াছিল। সুপ্রসিদ্ধ "হিতবাদি" সংবাদ-পত্রের ভূতপূর্ব্ব সম্পাদক, সুপণ্ডিত স্বর্গীয় কালীপ্রসন্ন কাব্য-বিশারদ মহাশয় আমার পরম হিতৈষী সুহৃৎ ছিলেন। "এডুকেশন গেজেটে" মৎ-প্রকাশিত "উদ্ভট-কবিতা"-পাঠে তিনি নিরতিশয় প্রীতিলাভ করিয়া "হিতবাদি"-পত্রে বাঙ্গালা পদ্যানুবাদ সহ "উদ্ভট-কবিতা" দিবার জন্য আমাকে সবিশেষ অনুরোধ করেন। তদনুসারে বহু-বৎসর ধরিয়া বহু-সংখ্যক "উদ্ভট-কবিতা" "হিতবাদি"-পত্রে প্রকাশিত হইয়াছিল। এইরূপে ক্রমে ক্রমে আমি উক্ত মহাত্মগণের পরম প্রিয়পাত্র হইয়াছিলাম।

একদিন কথা-প্রসঙ্গে "বর্ত্তমান বাঙ্গালা ভাষা" এবং "উপক্রমণিকা" ও "ব্যাকরণ-কৌমুদী" সম্বন্ধে বিদ্যাসাগর মহাশয়কে দুই একটি কথা জিজ্ঞাসা করিয়াছিলাম। তিনি তদুত্তরে কহিয়াছিলেন, "উপক্রমণিকা" ও 'চারি ভাগ, ব্যাকরণ-কৌমুদী' লিখিতে আমাকে বিশেষ বেগ পাইতে হইয়াছিল। ইহাদের জন্য যে আমি কত চিন্তা করিয়াছি, তাহা বলিতে পারি না। সংস্কৃত ব্যাকরণ না পড়িলে সংস্কৃত ভাষা শিক্ষা করা একান্ত অসম্ভব। দুর্জ্জয় বস্তু লাভ করিতে হইলে দুর্জ্জয় যত্ন ও পরিশ্রম করা চাই।" ইহা

বলিয়াই তিনি নিম্ন-লিখিত সংস্কৃত "উদ্ভট-কবিতাটি" আবৃত্তি করিয়া আমাকে ইহা লিখিয়া লইতে বলেন। কবিতাটি এই :—

"যদ্যপি বহু নাধীষে তথাপি পঠ পুত্র ব্যাকরণম্।
স্বজনঃ শ্বজনো মা ভূৎ সকলং শকলং সকৃৎ শকৃৎ॥" (ক)

গুণগ্রাহী ভূদেব বাবু মহাশয় "উপক্রমণিকা" এবং "চারি ভাগ, ব্যাকরণ-কৌমুদীর" পরম অনুরাগী ছিলেন। তিনি একদিন আমাকে বলিয়াছিলেন, "বিদ্যাসাগর 'উপক্রমণিকা' ও 'চারি ভাগ, ব্যাকরণ-কৌমুদী' ভিন্ন আর কোন গ্রন্থ প্রণয়ন করিয়া না গেলেও তাঁহার নাম সমগ্র বাঙ্গালা-প্রদেশে অক্ষুন্ন-ভাবে চিরদিন বিরাজ করিবে। তাঁহার বুদ্ধি যে কিরূপ সূক্ষ্ম, তাহার পরিচয় তাঁহার এই ব্যাকরণগুলিতেই প্রকাশ পাইতেছে।" একখানি প্রাচীন সংস্কৃত ব্যাকরণ আয়ত্ত করিতে যে সময়, পরিশ্রম ও যত্নের প্রয়োজন, তাহা মনে করিলে এবং যে সময়ে এই পুস্তকগুলি রচিত হইয়াছিল, তৎ-সময়ে বাঙ্গালা-প্রদেশে সংস্কৃত-ভাষা-শিক্ষার অবস্থার বিষয় চিন্তা করিয়া দেখিলে, ভূদেব বাবুর কথাগুলি বর্ণে বর্ণে সত্য বলিয়া প্রতীয়মান হয়। বস্তুতঃ বিদ্যাসাগর মহাশয় কুশাগ্রীয়-বুদ্ধি-সম্পন্ন পুরুষ না হইলে "উপক্রমণিকা" ও "চারি ভাগ, ব্যাকরণ-কৌমুদীর" সৃষ্টি হইত না। অগাধ ও অপার মহাসমুদ্রকে গোষ্পদে পরিণত করা এবং প্রাচীন সংস্কৃত

(ক) বিদ্যাসাগর মহাশয়ের মুখে এই কবিতাটীর এইরূপ পাঠ শুনিয়াছিলাম। এতদ্ভিন্ন অন্যান্য অনেক লোকের মুখেও এইরূপ পাঠ শুনিতে পাওয়া যায়। এই শ্লোকটীতে "আর্য্যাচ্ছন্দও" নাই, আর্য্যাচ্ছন্দের "প্রকার-ভেদও" নাই। ছন্দোগ্রন্থের নিয়মানুসারে ইহাতে যে ছন্দোদোষ হইয়াছে, তাহা স্পষ্টই বুঝিতে পারা যাইতেছে। এই শ্লোকটী এইরূপ ভাবে রাখিলে নির্দ্দোষ হয় বলিয়া মনে করি :—

"যদ্যপি বহু নাধীষে ব্যাকরণং পঠ তথাপি মে পুত্র।
মা ভূৎ স্বজনঃ শ্বজনঃ সকলঃ শকলঃ সকৃচ্চ শকৃৎ॥"—সম্পাদক

ব্যাকরণ ভাঙ্গিয়া "উপক্রমণিকা"-ব্যাকরণ রচনা করা উভয়ই তুল্য।
বিদ্যাসাগর মহাশয়ের বুদ্ধি-কৌশল ধন্য! তিনি যথার্থই মহাপুরুষ!

যে মহাপুরুষের পদপ্রান্তে বসিয়া ৩৮বৎসর পূর্ব্বে সংস্কৃত"উদ্ভট-কবিতা" সংগ্রহ করিতে আরম্ভ করিয়াছিলাম; যে মহাত্মার মুখ-নিঃসৃতা ভাবময়ী কবিতার ব্যাখ্যা শুনিয়া আহ্লাদে উন্মত্ত-প্রায় হইয়া উঠিতাম; যে প্রাতঃ-স্মরণীয় মহাপুরুষ আমার প্রতি একভাবে পুত্রবৎ স্নেহ প্রকাশ করিতেন; এবং যাঁহার স্নিগ্ধ-মূর্ত্তি ও মধুর-বচনের বিষয় মনে পড়িলে অদ্যাপি আমার চক্ষুঃ দিয়া জল আইসে, সেই মহাপুরুষের যথাযোগ্য পূজা করা আমার মত দরিদ্র ও হতভাগ্যের নিতান্ত অসাধ্য। দরিদ্র ভক্ত জন যেরূপ গঙ্গাদেবী হইতেই জলবিন্দু তুলিয়া লইয়া ভক্তি-ভরে গঙ্গা-দেবীকেই পূজা করিয়া থাকেন, আমিও সেইরূপ বিদ্যাসাগর মহাশয়েরই রচিত "ব্যাকরণ-কৌমুদী, চতুর্থ ভাগ" লইয়া তাঁহাকেই ইহা উৎসর্গ করিলাম। তাঁহার পবিত্র স্বর্গীয় আত্মা স্বর্গ হইতে আমাকে আশীর্ব্বাদ করুন, যেন আমি তাঁহার নিষ্কলঙ্ক গ্রন্থ খানি নিষ্কলঙ্ক অবস্থায় রাখিয়া যাইতে পারি।

অতি দুরূহ বিষয় লইয়াই যখন এই গ্রন্থখানি লিখিত, তখন ইহাতে যে কিছু কিছু মুদ্রাঙ্কণ-দোষ কিংবা অন্য কোনরূপ ভ্রম বা প্রমাদ থাকিবে, তাহা বিস্ময়কর নহে। এ সম্বন্ধে অধ্যাপক মহাশয়-গণ যদি কৃপা করিয়া তাহা আমাকে জ্ঞাপন করেন, তাহা হইলে আমার অশেষ উপকার হইবে, এবং তাঁহাদিগের চরণে আমি যাবজ্জীবন অনুগৃহীত ও কৃতজ্ঞ থাকিব।

গচ্ছতঃ পতনে ভূমৌ প্রমাদজে ন বিস্ময়ঃ।
হসন্তি দুর্জ্জনাস্তত্রোত্তোলয়ন্তি তু সজ্জনাঃ॥—উদ্ভটসাগরস্য

এই গ্রন্থখানি লিখিবার সময় আমাকে অনেক মহাত্মার আশ্রয় গ্রহণ করিতে হইয়াছে। ৺কাশী-ধাম-নিবাসী দ্বারবঙ্গ-সভা-পণ্ডিত বৈয়াকরণ-কেশরী মহামহোপাধ্যায় ৺শিবকুমার শাস্ত্রী, কলিকাতাস্থ সংস্কৃত-কলেজের

অধ্যাপকচর বৈয়াকরণ-কুল-পতি নবদ্বীপ-নিবাসী শ্রীযুক্ত শিবনারায়ণ শিরোমণি, বাজে-শিবপুর-বাসী বৈয়াকরণ-চূড়ামণি শ্রীযুক্ত শ্যামাচরণ কবিরত্ন, নোয়াখালি-নিবাসী বিখ্যাত কলাপ-কেশরী শ্রীযুক্ত ভুবনেশ্বর বিদ্যালঙ্কার, সুবিখ্যাত "হিতবাদি"-নামক সংবাদ-পত্রের অধ্যাদক, মদীয় পরম সুহৃৎ সুপণ্ডিত শ্রীযুক্ত চন্দ্রোদয় বিদ্যাবিনোদ, এবং সংস্কৃত কলেজের বর্ত্তমান অধ্যাপক, প্রসিদ্ধ বৈয়াকরণ শ্রীযুক্ত দেবেশচন্দ্র বিদ্যারত্ন মহাশয় এই গ্রন্থ-সম্বন্ধে নানা প্রশ্নের সমাধান ও নানা বিষয়ে সুপরামর্শ দান করিয়া আমাকে চির-কৃতজ্ঞতা-পাশে আবদ্ধ করিয়া রাখিয়াছেন। পরিশেষে বিশেষ বক্তব্য এই যে, উক্ত মহাত্মা শিরোমণি মহাশয়ের অনুরূপ পুত্র, কলিকাতা-সংস্কৃত-কলেজের অন্যতম ব্যাকরণাধ্যাপক, বৈয়াকরণ-কেশরী, মদীয় কনিষ্ঠ-সোদর-প্রতিম, পূজ্যপাদ শ্রীযুক্ত মন্মথনাথ বিদ্যারত্ন মহাশয় আমার জন্য পরম-প্রীতি-ভরে ও নিঃস্বার্থ-ভাবে এই গ্রন্থ-সম্বন্ধে বিশেষ যত্ন ও পরিশ্রম স্বীকার না করিলে আমি কিছুতেই এই গ্রন্থ খানির সম্পাদন-কার্য্য নির্ব্বাহ করিতে পারিতাম না। উপসংহার-কালে ইহাও উল্লেখ্য যে, মদীয় পরম হিতৈষী সুহৃৎ, সুপণ্ডিত শ্রীযুক্ত ক্ষিতীশচন্দ্র চট্টোপাধ্যায় বি. এ মহাশয়ও অনেক বিষয়ে সুপরামর্শ-দান এবং আনুকূল্য-প্রকাশ করিয়াছেন। এজন্য আমি এই মহাত্মগণের নিকটে আজীবন কৃতজ্ঞ রহিলাম।

ভদ্রকালী।
২৯ মাঘ, সোমবার।
১১ ফেব্রুয়ারী, ১৯১৮ খৃষ্টাব্দ।

সম্পাদক
শ্রীপূর্ণচন্দ্র উদ্ভটসাগর।

যে যে প্রসিদ্ধ প্রাচীন সংস্কৃত ব্যাকরণ, টীকা এবং কাব্য-নাটকাদির প্রমাণ, মত ও উদাহরণ সংগ্রহ করিয়া এই সংস্করণে দেওয়া হইল, তাহাদের নামের তালিকা—

গ্রন্থ		গ্রন্থকার
অষ্টাধ্যায়ী	...	পাণিনি
বার্ত্তিক	...	কাত্যায়ন (বররুচি)
মহাভাষ্য	...	পতঞ্জলি
মহাভাষ্য-টীকা	...	কৈয়ট
রাবণার্জ্জুনীয় (অর্জ্জুনরাবণীয়)		ভট্টভীম (ভট্টভৌম, ভূমভট্ট)
সিদ্ধান্ত-কৌমুদী	...	ভট্টোজি-দীক্ষিত
প্রৌঢ়-মনোরমা	...	ভট্টোজি-দীক্ষিত
বাল-মনোরমা	...	বাসুদেব-দীক্ষিত
তত্ত্ববোধিনী	...	জ্ঞানেন্দ্র-সরস্বতী
কাশিকা	...	বামন ও জয়াদিত্য
পদমঞ্জরী	...	হরদত্ত
বাক্যপদীয়	...	ভর্ত্তৃহরি
সুবোধিনী	...	জয়কৃষ্ণ
চন্দ্রালোক	...	ভৈরব-মিশ্র
পরিভাষেন্দু-শেখর	...	নাগোজি-ভট্ট
পরিভাষেন্দু-শেখর-টীকা	...	ভৈরব-মিশ্র

গ্রন্থ		গ্রন্থকার
লঘুকৌমুদী	...	বরদরাজ
কলাপ	...	সর্ব্ববর্ম্মা
কলাপ-বৃত্তি ও টীকা	...	দুর্গাসিংহ
পঞ্জী	...	ত্রিলোচন-দাস
কলাপ-টীকা	...	কবিরাজ
কাতন্ত্র-পরিশিষ্ট	...	শ্রীপতি-দত্ত
সংক্ষিপ্তসার	...	ক্রমদীশ্বর
সংক্ষিপ্তসার-বৃত্তি	...	জুমরনন্দী
সংক্ষিপ্তসার-টীকা	...	গোয়ীচন্দ্র
সুপদ্ম	...	পদ্মনাভ
সুপদ্ম-টীকা	...	বিষ্ণুমিশ্র
মুগ্ধবোধ	...	বোপদেব
মুগ্ধবোধ-টীকা	...	শ্রীরাম-তর্কবাগীশ
” ”	...	দুর্গাদাস
” ”	...	বিদ্যানিবাস
” ”	...	কার্ত্তিক-সিদ্ধান্ত
” ”	...	গঙ্গাধর
” ”	...	মধুসূদন
কবি-কল্প-দ্রুম	...	বোপদেব
কাব্য-কাম-ধেনু	...	বোপদেব
প্রয়োগ-রত্ন-মালা	..	পুরুষোত্তম-বিদ্যাবাগীশ
গূঢ়প্রকাশিকা-টীকা	...	সিদ্ধনাথ-বিদ্যাবাগীশ

গ্রন্থ		গ্রন্থকার
,, প্রভাপ্রকাশিকা-টীকা	...	জয়কৃষ্ণ-শর্ম্মা
,, পঞ্জিকা	...	জীবেশ্বর-শর্ম্মা
সারস্বত	...	অনুভূতি-স্বরূপাচার্য্য
সারস্বত-টীকা (সুবোধিকা)	...	চন্দ্রকীর্ত্তি
মহাভারত	...	বেদব্যাস
রামায়ণ	...	বাল্মীকি
রঘুবংশ	...	কালিদাস
কুমার-সম্ভব	..	,,
মেঘদূত	...	,,
শকুন্তলা	...	,,
বিক্রমোর্ব্বশী	...	,,
কিরাতার্জ্জুনীয়	...	ভারবি
শিশুপাল-বধ	...	মাঘ
নৈষধ-চরিত	..	শ্রীহর্ষ
রত্নাবলী	...	,,
উত্তর-রাম-চরিত	...	ভবভূতি
মৃচ্ছকটিক	...	শূদ্রক
ভট্টিকাব্য	...	ভট্টি
রঘুবংশ, কুমার-সম্ভব, মেঘদূত, কিরাতার্জ্জুনীয়, নৈষধ-চরিত, শিশুপাল-বধ ও ভট্টি-কাব্যের টীকা	...	মল্লিনাথ

ব্যাকরণ-কৌমুদী (চতুর্থ-ভাগ)

সূচীপত্র।

তদ্ধিত

তদ্ধিত — পৃষ্ঠা

ভ্রম-সংশোধন ।

১। ২৩ পৃষ্ঠে ৪৪ সূত্রে (**ক্বচিদ্ বিভাষা কর্ত্তরি**) "শিষ্যস্য প্রশংসা গুরুণা গুরোর্বা।"—এই উদাহরণটী উঠিয়া যাইবে।

২। ৩০৫ পৃষ্ঠের উপরিভাগে বহুব্রীহি-সমাসে এই সূত্রটী বসিবে ;—

"৪৫। /**হলন্তাৎ স্ত্রিয়াম্**।"

ব্যাকরণ-কৌমুদী

চতুর্থ ভাগ।

বিভক্তি-নির্ণয়।

১। সংখ্যাকারকবোধয়িত্রী বিভক্তিঃ।

যাহা দ্বারা সংখ্যা ও কারকের প্রতীতি জন্মে, তাহাকে বিভক্তি বলে। যথা—**ঘটঃ, ঘটৌ, ঘটাঃ ; ঘটম্, ঘটৌ, ঘটান্** ইত্যাদি। এই সকল স্থলে ঘট-শব্দে একবচন, দ্বিবচন ও বহুবচনের বিভক্তির যোগ থাকাতে এক ঘট, দুই ঘট, বহু ঘট, এইরূপ সংখ্যার প্রতীতি জন্মিতেছে। **চন্দ্রং পশ্যতি**—এ স্থলে চন্দ্রে দ্বিতীয়া বিভক্তির যোগ থাকাতে চন্দ্র কর্ম্ম কারক, এইরূপ প্রতীতি জন্মিতেছে। (ক)

২। বিভক্তয়ঃ সপ্ত।

প্রথমা, দ্বিতীয়া, তৃতীয়া, চতুর্থী, পঞ্চমী, ষষ্ঠী, সপ্তমী, এই সাত বিভক্তি।

(ক) সুপ্‌ ও তিঙ্‌ প্রত্যয়কে বিভক্তি বলে। এই প্রকরণে যে বিভক্তির কথা বলা হইতেছে, তাহাই সুপ্‌ বিভক্তি, এইরূপ বুঝিতে হইবে।

প্রথমা ।

৩ । অভিধেয়মাত্রে প্রথমা ।

অভিধেয়মাত্রং বোধয়িতুং যঃ শব্দঃ প্রযুজ্যতে, তস্মাৎ প্রথমা স্যাৎ ।

যে স্থলে ক্রিয়াপদ প্রভৃতি না থাকে, কেবল অভিধেয় (১) বুঝাইবার নিমিত্ত শব্দ প্রয়োগ করা যায়, সে স্থলে সেই শব্দের উত্তর প্রথমা বিভক্তি হয়। যথা—**বৃক্ষঃ, লতা, পুষ্পম্, গিরিঃ, নদী, জলম্, রামঃ, সীতা, লক্ষ্মণঃ, একঃ, দ্বৌ, ত্রয়ঃ, দ্রোণঃ, খারী, প্রস্থঃ ।** (ক)

৪ । কর্ত্তরি ।

কর্ত্তরি বাচ্যে কর্ত্তৃকারকে প্রথমা স্যাৎ ।

কর্তৃবাচ্যে কর্তৃকারকে প্রথমা বিভক্তি হয়। যথা—**শিশুঃ ক্রীড়তি, গৌঃ শব্দায়তে, মেঘো গর্জ্জতি ।**

৫ । সম্বোধনে ।

সম্বোধনে প্রথমা স্যাৎ ।

সম্বোধনে প্রথমা বিভক্তি হয়। যথা—**হে পিতঃ, হে ভ্রাতরৌ, হে পুত্রাঃ ।**

---

(১) যে শব্দে যাহা বুঝায়, তাহাই সেই শব্দের অভিধেয়।

(ক) ইহাকে অভিধেয়-মাত্রে প্রথমা, প্রাতিপদিকার্থ-মাত্রে প্রথমা, লিঙ্গার্থে প্রথমা, এবং ক্রিয়া-রাহিত্যে প্রথমাও বলা হইয়া থাকে।

৬। **अव्यययोगे च।**

इति-प्रभृतिभिरव्ययैर्योगेऽपि प्रथमा स्यात्।

ইতি প্রভৃতি কতিপয় অব্যয় শব্দের যোগে প্রথমা বিভক্তি হয়। যথা—**अयोध्यानगरे दशरथ इति ख्यातो नृपतिरासीत्। "वदन्त्यपर्णेति च तां पुराविदः"। पापात्मनां सङ्गः परित्यक्तुं साम्प्रतम्। "विषवृक्षोऽपि संवर्द्ध्य स्वयं छेत्तुमसाम्प्रतम्"। "मनस्विगर्हितः पन्थाः समारोढुमसाम्प्रतम्"।**

দ্বিতীয়া।

৭। **कर्म्मणि द्वितीया।**

कर्त्तरि वाच्ये कर्म्मणि द्वितीया स्यात्।

কর্ত্তৃবাচ্যে কর্ম্মকারকে দ্বিতীয়া বিভক্তি হয়। যথা—**पुष्पं चिनोति, अन्नं भुङ्क्ते, जलं पिबति।**

৮। **क्रियाविशेषणे च।**

क्रियाविशेषणं क्लीवलिङ्गं, तत्र द्वितीयाया एकवचनं स्यात्।

ক্রিয়ার বিশেষণে দ্বিতীয়া বিভক্তি হয়। ইহা একবচনে ও ক্লীবলিঙ্গেই প্রযুক্ত হইয়া থাকে। যথা—**सत्वरं धावति, द्रुतं पलायते, मृदु हसति, साधु भाषते।**

৯। **कालाध्वनोरत्यन्तसंयोगे (पा २।३।५)**

कालवाचकेभ्यः अध्ववाचकेभ्यश्च शब्देभ्यो द्वितीया स्यात् अत्यन्तसंयोगे गम्यमाने।

অত্যন্ত-সংযোগ অর্থাৎ ব্যাপ্তি বুঝাইলে, কাল-বাচক (ক্ষণ, মুহূর্ত্ত, মাস ও বৎসরাদি) এবং অধ্ববাচক (পথের পরিমাণ-বাচক

ক্রোশাদি) শব্দের উত্তর দ্বিতীয়া বিভক্তি হয়। ইহাকে ব্যাপ্ত্যর্থে দ্বিতীয়াও বলে। যথা, কালবাচক—**দিবসমুপবসতি ; মাসমধীতে।** অধ্ববাচক—**ক্রোশং গিরিঃ স্থিতঃ ; যোজনং ভৃত্যেনানুগতঃ। দিবসং মাসং ক্রোশং যোজনং ব্যাপেত্যর্থঃ।** (ক)

১০। অভিপরিসর্ব্বোভয়ৈস্তসন্তৈঃ।

অভি, পরি, সর্ব্ব, উভয়—ইত্যেতৈঃ তস্-প্রত্যয়ান্তৈর্যোগে দ্বিতীয়া স্যাৎ।

তস্-প্রত্যয়ান্ত অভি, পরি, সর্ব্ব, উভয়, এই কয় শব্দের যোগে দ্বিতীয়া বিভক্তি হয়। যথা—**গ্রামমভিতঃ, গৃহং পরিতঃ, উদ্যানং সর্ব্বতঃ, নদীমুভয়তঃ।** (খ)

(ক) "দেশকালাধ্বগন্তব্যাঃ কর্ম্মসংজ্ঞা হ্যকর্ম্মণাম্"। অকর্ম্মক ধাতুর যোগে দেশ-বাচক, কাল-বাচক এবং গন্তব্য-পথ-বাচক শব্দ কর্ম্মকারক হয়। "দেশো নদী-ভূধর-কন্দরাদি রধ্বাধ্বমানং করযোজনাদিঃ। কালো মুহূর্ত্তায়নবৎসরাদিঃ"—শ্রীরাম তর্কবাগীশ। তত্ত্ববোধিনী-মতে এস্থলে দেশ শব্দের অর্থ, কুরু-প্রভৃতি গ্রাম-সমূহ, প্রদেশ-মাত্র নহে ; অতএব তন্মতে নদীমাস্তে, গ্রামং স্বপিতি ইত্যাদির প্রয়োগ হইবে না। দেশের উদাহরণ—কুরূন্ স্বপিতি। কাল—মাসমাস্তে, গোদোহমাস্তে। গন্তব্য পথ—ক্রোশমাস্তে। এইগুলি সিদ্ধান্তকৌমুদীর উদাহরণ। বোপদেবের মতে অকর্ম্মক ধাতুর যোগে দেশ, অধ্বা, কাল এবং ভাব অর্থাৎ ধাত্বর্থ—ইহাদের বিকল্পে কর্ম্ম-সংজ্ঞা হয়। যথা—নদীং বসতি, নদ্যাং বসতি। বনে বসতি, বনং বসতি। ক্রোশান্ ভ্রমতি, ক্রোশেষু ভ্রমতি। অহর্ভ্রমতি, অহ্নি ভ্রমতি। নিশাং ভ্রমতি, নিশি ভ্রমতি। রামো রক্ষোবধং স্থিতঃ ; রক্ষোবধে স্থিতঃ। এইগুলি বোপদেব-সম্মত উদাহরণ। তত্ত্ববোধিনী-মতে যে প্রয়োগ হয় না, বোপদেব-মতে তাহাও হইতে পারে। এই নিয়ম পাণিনি ও সংক্ষিপ্তসারের মতে নিত্য, কিন্তু বোপদেবের মতে বৈকল্পিক। মতান্তরে সকর্ম্মক ধাতুর যোগেও এই নিয়মানুসারে কার্য্য হয়।

(খ) "অরিষ্টশয্যাং পরিতো বিসারিণা" রঘু ৩।১৫। "রক্ষাংসি বেদীং পরিতো নিরাস্থৎ"।

১১। প্রত্যনুধিঙ্নিকষান্তরান্তরেণযাবদ্ভিঃ।

এভির্যোগে দ্বিতীয়া স্যাৎ।

প্রতি, অনু, ধিক্, নিকষা, অন্তরা (২), অন্তরেণ (৩), যাবৎ—এই কয় শব্দের যোগে দ্বিতীয়া বিভক্তি হয়। যথা—**দীনং প্রতি দয়া, রামমনু জাতো লক্ষ্মণঃ, কৃপণং ধিক্, গ্রামং নিকষা নদী, স ত্বাং মাং চ অন্তরা উপবিষ্টঃ, শ্রমমন্তরেণ বিদ্যা ন ভবতি, বনং যাবদনুসরতি।** (ক)

"অঙ্গান্যথাক্ষীদভিতঃ প্রধানম্"।—ভট্টি ১।১২। কারিকা—"উভসর্ব্বতসোঃ কার্য্যা ধিগুপর্য্যাদিষু ত্রিষু। দ্বিতীয়াম্রেড়িতান্তেষু ততোঽন্যত্রাপি দৃশ্যতে।" অর্থাৎ—উভয়তঃ, সর্ব্বতঃ, ধিক্, উপর্য্যুপরি, অধ্যধি, অধোঽধঃ—এই সকল শব্দ-যোগে ২য়া হয়। যথা—উপর্য্যুপরি লোকং হরিঃ, অধ্যধি লোকম্, অধোঽধঃ লোকম্। "নবানধোঽধো বৃহতঃ পয়োধরান্"—মাঘ। শেষোক্ত তিনটী শব্দের সামীপ্য-অর্থ না বুঝাইলে হয় না। যথা—"উপর্য্যুপরি বুদ্ধীনাং চরন্তীশ্বরবুদ্ধয়ঃ"—অতিদূরে উপরি চরন্তীত্যর্থঃ। এস্থলে বীপ্সা-অর্থে দ্বিত্ব হইয়াছে, সামীপ্য-অর্থে নহে। সংক্ষিপ্তসার-মতে এস্থলে উপর্য্যুপরি শব্দ পৃথক্ পদ, উপরি বুদ্ধীনাং উপরি চরন্তীত্যর্থঃ।

(২) মধ্য অর্থে। (৩) বিনা অর্থে।

(ক) আরও কতকগুলি শব্দের যোগে ২য়া হয়। যথা—সময়া (সমীপার্থ)—"সময়া মাধবং রমা" (মাধবস্য সমীপে রমা লক্ষ্মীরিত্যর্থঃ)। নিকষা শব্দও সমীপার্থ—"বিলঙ্ঘ্য লঙ্কাং নিকষা হনিষ্যতি"—মাঘ। হা—"হা বিষাদশুগর্ত্তিষু"—ইত্যমরঃ। "হা লোকং কেশবদ্বিষম্"—মুগ্ধবোধ। "কেশবদ্বিষো লোকস্য বিষাদঃ শোকঃ পীড়া চ সর্ব্বদৈব ইত্যর্থঃ" —শ্রীরাম তর্কবাগীশ। অতি, অভি, পরি, প্রতি, অনু ও উপ—অর্থ-বিশেষে এই কয়টী শব্দের যোগে ২য়া হয়। পাণিনীয় ব্যাকরণে এই গুলিকে "কর্ম্ম-প্রবচনীয়" বলা হইয়াছে। "কর্ম্মপ্রবচনীয়যুক্তে দ্বিতীয়া" (২।৩।৮)—ইহাই পাণিনির সূত্র। অতি প্রভৃতি শব্দগুলি কোন্ কোন্ অর্থে কর্ম্মপ্রবচনীয় হয়, তাহাও ভিন্ন শ্লোকে বলা হইয়াছে। বোপদেব ইহাদের এইরূপ অর্থ নির্দ্দেশ করিয়াছেন:—"বীপ্সেত্থম্ভাবচিহ্নেঽভিরেষু ভাগে পরিপ্রতী।

তৃতীয়া।

১২। তৃতীয়া করণে।

করণ কারকে তৃতীয়া বিভক্তি হয়। যথা—**হস্তেন গৃহ্লাতি, চক্ষুষা পশ্যতি, কর্ণেন শৃণোতি।**

১৩। সহার্থৈঃ।

সহার্থৈঃ শব্দৈর্যোগে তৃতীয়া স্যাৎ।

সহার্থ শব্দের যোগে তৃতীয়া বিভক্তি হয়। যথা—**রামঃ**

অনুস্তেষু সহার্থে চ হীনেঽনূপো মতাবিহ"। অভি—বীপ্সা, ইত্থম্ভাব ("কস্যচিৎ প্রকারস্যাপত্তিঃ"), চিহ্ন-অর্থে। পরি ও প্রতি পূর্ব্বোক্ত তিন অর্থে এবং ভাগ-অর্থে। অনু—পূর্ব্বোক্ত চারি অর্থে, সহার্থে, হীনার্থে এবং হেতু-অর্থে। উপ—হীনার্থে। অতি—অতিক্রমার্থে। যথা—বীপ্সা, ভূতং ভূতমভি প্রভুঃ (প্রভুরীশ্বরঃ ভূতং ভূতমভি, সর্ব্বপ্রাণিষু অস্তীত্যর্থঃ)। ইত্থম্ভাব—ভক্তো বিভুমভি (বিভুবিষয়ে ভক্তিভাবাপন্ন ইত্যর্থঃ)। চিহ্ন—প্রাজ্ঞো গোবিন্দমভি তিষ্ঠতি (গোবিন্দং লক্ষীকৃত্য তিষ্ঠতীত্যর্থঃ)। পরি এবং প্রতিরও এইরূপ উদাহরণ। ভাগ—হরিং পরি অভবৎ লক্ষ্মীঃ (সমুদ্রে মথিতে লক্ষ্মীঃ হরের্ভাগে অভবৎ ইত্যর্থঃ)। হরং প্রতি অভবৎ হলাহলং (বিষং হরস্য ভাগে অভবৎ ইত্যর্থঃ)। বীপ্সাদি অর্থে অনুর উদাহরণও এইরূপ। সহার্থে—বিষ্ণুমনু অর্চ্চ্যতে ভর্গঃ (বিষ্ণুনা সহ ভর্গঃ শিবঃ অর্চ্চ্যতে সদ্ভিরিতি শেষঃ)। হীনার্থে—শক্রাদয়ঃ অচ্যুতম্ অনু, অচ্যুতম্ উপ (অচ্যুতাৎ হীনা ইত্যর্থঃ)। হেতু অর্থে—কন্যামনু শোকঃ। প্রসিদ্ধপ্রয়োগঃ—"মিত্রলাভমনু লাভসম্পদঃ"—ভারবি ১৩।৫২, মিত্রলাভাৎ হীনা ইত্যর্থঃ। "ক্রমেণ সুপ্তামনু সংবিবেশ"—রঘু ২।২৪ (এস্থলে চিহ্ন অর্থ)। "রসনা ত্বামনু মৃতেব লক্ষ্যতে" – রঘু ৮।৫৮, ত্বয়া সহ ইত্যর্থঃ।

"সংজ্ঞোঽন্যতরস্যাং কর্ম্মণি"—(পা ২।৩।২২)। সংপূর্ব্বস্য জানাতেঃ কর্ম্মণি তৃতীয়া বা স্যাৎ। সম্-পূর্ব্বক জ্ঞা-ধাতুর কর্ম্মে বিকল্পে ৩য়া হয়। যথা—পিত্রা পিতরং বা সংজানীতে। বোপদেব-মতে স্মরণার্থে ৩য়া হয় না। যথা—শিবং সংজানীহি—স্মর ইত্যর্থঃ। পাণিনি ও সংক্ষিপ্তসারে স্মরণার্থে নিষেধ উক্ত হয় নাই। "আধ্যানে তু—পিত্রা পিতরং বা

সীতয়া লক্ষ্মণেন চ সহ বনং জগাম ; কেনাপি সার্দ্ধং বিরোধো ন কর্ত্তব্যঃ। সহার্থ শব্দের অপ্রয়োগেও তৃতীয়া হয়। যথা—পিতা পুত্রেণ গচ্ছতি, পুত্রেণ সহেত্যর্থঃ। "মনুষ্যা নহি সন্দধ্যাৎ।" (ক)

১৪। ঊনবারণপ্রয়োজনার্থৈশ্চ।

ঊনার্থৈঃ বারণার্থৈঃ প্রয়োজনার্থৈশ্চ শব্দৈর্যোগে তৃতীয়া স্যাৎ।

ঊনার্থ, বারণার্থ বা প্রয়োজনার্থ শব্দের যোগে তৃতীয়া বিভক্তি হয়। যথা, ঊনার্থ—একেন ঊনঃ, বিদ্যয়া হীনঃ, অহঙ্কারেণ শূন্যঃ। বারণার্থ—অলং বিবাদেন, কলহেন কিম্। প্রয়োজনার্থ—ধনেন প্রয়োজনম্, কোঽর্থঃ কলহেন। (খ)

সংজানাতি"—তত্ত্ববোধিনী। আধ্যান=স্মরণ। গোয়ীচন্দ্র-মতে স্মরণার্থে "সংজানাতি মাতুঃ মাত্রা মাতরম্"—৬ষ্ঠী, ৩য়া ও ২য়া তিন বিভক্তিই হইতে পারে।

(ক) সহার্থ শব্দ যথা—সহ, সাকম্, সার্দ্ধম্, অমা, সমম্, সত্রা, সজুঃ (এই সাতটি শব্দই অব্যয়)। কারিকা—"সহার্থে স্যুঃ সমং সত্রা সাকং সার্দ্ধমমা সজুঃ"। তুল্যার্থ ও বিদ্যমানার্থ সহ শব্দের প্রয়োগে এবং অপ্রয়োগেও তৃতীয়া হয়। যথা—পিত্রা সহ স্থূলঃ, পিত্রা তুল্য ইত্যর্থঃ; "কো ন্বস্তি দুঃখিততরো ময়া দুষ্কৃতকর্ম্মণা"—(রামায়ণ), ময়া সহ (ময়া তুল্যঃ) ইত্যর্থঃ। "সহৈব দশভিঃ পুত্রৈর্ভারং বহতি গর্দ্দভী", বিদ্যমানেষু দশসু পুত্রেষু ইত্যর্থঃ।

(খ) "অলং মহীপাল তব শ্রমেণ"—রঘু ২।৩৪। "অলং প্রযত্নেন তবাত্র"—রঘু ৩।৫২। "অথবা কৃতং সন্দেহেন,"—শকু। "নাহং ক্ষমিষ্যে বহুনা কিমুক্তেন শতক্রতো"—বিষ্ণুপুরাণ। "নীরুজস্য কিমৌষধৈঃ"—হিতো।" দ্রুমৈভিরাশোপহতাত্মবৃত্তিভিঃ"—কুমার। "তয়া হীনং বিধাতর্মাং কথং পশ্যন্ ন দূয়সে"—রঘু। "ধর্ম্মেণ হীনাঃ পশুভিঃ সমানাঃ"—মনু। "কোঽর্থঃ পুত্রেণ জাতেন যো ন বিদ্বান্ ন ধার্ম্মিকঃ"—হিতোপদেশ। "অপূর্ণমেকেন শতক্রতূপমঃ"—রঘু। পাণিনি বারণার্থক অলং, কিম্ প্রভৃতি শব্দের যোগে ৩য়ার কোন সূত্র করেন নাই। তন্মতে ঐ সকল স্থলে সাধন প্রভৃতি ক্রিয়া উহ্য থাকে এবং ঐ উহ্য ক্রিয়ার করণে ৩য়া

১৫। অধ্বকালাভ্যামপবর্গে।

"অপবর্গে গম্যমানে কালাধ্বনোরত্যন্তসংযোগে তৃতীয়া বিভক্তি র্ভবতি"—কাশিকা (২।৩।৬)

অপবর্গ অর্থাৎ ক্রিয়া-সমাপ্তি ও ফল-প্রাপ্তি বুঝাইলে অধ্ব-বাচক ও কালবাচক শব্দের উত্তর তৃতীয়া বিভক্তি হয়। যথা, অধ্ববাচক—**ক্রোশেনানুবাকোঽধীতঃ**। কালবাচক—**ত্রিভিরহোভিঃ হুতম্, মাসেন ব্যাকরণমধীতম্**। কিন্তু **মাসং ব্যাকরণমধীতং ন তু স্ফুরতি,**—এ স্থলে অধ্যয়নের ফল-প্রাপ্তি বুঝাইতেছে না, এই হেতু মাস শব্দের উত্তর তৃতীয়া বিভক্তি হইল না।

১৬। যেনাঙ্গবিকারঃ (পা ২।৩।২০)

"যেনাঙ্গেন বিকৃতেন অঙ্গিনো বিকারো লক্ষ্যতে ততস্তৃতীয়া স্যাৎ"—সিদ্ধান্তকৌমুদী।

যে অঙ্গ বিকৃত হওয়াতে অঙ্গীর বিকার লক্ষিত হয়, সেই অঙ্গের বাচক শব্দের উত্তর তৃতীয়া বিভক্তি হয়। যথা—**চক্ষুষা কাণঃ, পাদেন খঞ্জঃ, কর্ণেন বধিরঃ, পৃষ্ঠেন কুব্জঃ**। (ক)

১৭। ইত্থম্ভূতলক্ষণে (পা ২।৩।২১)

"কঞ্চিৎ প্রকারং প্রাপ্তস্য লক্ষণে তৃতীয়া স্যাৎ"—সিদ্ধান্তকৌমুদী।

হয়। "গম্যমানাপি ক্রিয়া কারকবিভক্তৌ প্রযোজিকা। অলং শ্রমেণ। শ্রমেণ সাধ্যং নাস্তীত্যর্থঃ। ইহ সাধনক্রিয়াং প্রতি শ্রমঃ করণম্" —সিদ্ধান্তকৌমুদী।

(ক) গোয়ীচন্দ্রের মতে প্রকৃতির অন্যথা ভাবকেই বিকার বলে। অতএব বিকার বলিলে যে কেবল কুৎসাই বুঝিতে হইবে, তাহা নহে। কারণ : হানি এবং আধিক্য উভয়ই

যে লক্ষণ অর্থাৎ চিহ্ন দ্বারা কোনও ব্যক্তি সূচিত হয়, সেই লক্ষণের বোধক শব্দের উত্তর তৃতীয়া বিভক্তি হয়। যথা—**জটাভিঃ তাপসমপশ্যম্, ভূষাভিঃ শিশুমদর্শম্, ছত্রেণ ছাত্রমদ্রাক্ষম্।** (ক)

প্রকৃত্যাদিভ্যশ্চ।

প্রকৃত্যাদিশব্দেভ্যস্তৃতীয়া স্যাত্।

স্থল-বিশেষে প্রকৃতি-প্রভৃতি শব্দের উত্তর তৃতীয়া বিভক্তি হয়। যথা—**প্রকৃত্যা চারুঃ, স্বভাবেন সরলঃ, আকৃত্যা সুন্দরঃ, জাত্যা ব্রাহ্মণঃ, গোত্রেণ শাণ্ডিল্যঃ, নাম্না সোমদত্তঃ, প্রায়েণ দুঃখিতঃ, বেগেন গচ্ছতি, ত্বরয়া ধাবতি, যত্নেন লিখতি, সুখেন স্বপিতি, দুঃখেন যাতি, ক্লেশেন বদতি।** (খ)

বিকার বলিয়া গণ্য। এই হেতু "স বাল আসীদ্বপুষা চতুর্ভুজো মুখেন পূর্ণেন্দুনিভস্ত্রিলোচনঃ"—মাঘ। ইত্যাদি প্রয়োগে কুৎসা না বুঝাইলেও এই সূত্রানুসারে ৩য়া হইয়াছে।

(ক) বোপদেবের মতে এই গুলি বিশেষণে তৃতীয়া। যে বিশেষিত করে, তাহাকে বিশেষণ বলে। উক্ত উদাহরণ গুলিতে জটা তাপসকে, ভূষা শিশুকে এবং ছত্র ছাত্রকে বিশেষিত করিতেছে, এজন্য জটা, ভূষা ও ছত্র বিশেষণ। এইরূপ বিশেষণে তৃতীয়া হয়। "লতাপ্রতানোদ্গ্রথিতৈঃ স কেশৈঃ"—রঘু ২।৮। "স তমালক্ষ্য পিতরং শৃঙ্গী স্কন্ধগতেন বৈ। শবেন ভুজগেনাসীৎ ভূয়ঃ ক্রোধসমাকুলঃ"।—মহাভারত। এই তৃতীয়াকে উপলক্ষণে তৃতীয়াও বলে।

(খ) "প্রকৃত্যাদিভ্য উপসংখ্যানম্"—পাণিনীয় বার্ত্তিক। ভাষ্যকারের মতে এইরূপ নিয়ম করিবার কোনই প্রয়োজন নাই। কারণ ঐ সকল প্রয়োগে যথাসম্ভব কর্ত্তায় অথবা করণে তৃতীয়া বলিলেই চলিতে পারে। "প্রকৃত্যা অভিরূপঃ, প্রকৃতিকৃতং তস্যাভিরূপ্যম্। গার্গ্যোঽস্মি গোত্রেণ—এতেনাহং সংজ্ঞায়ে"—ভাষ্য। ভাষ্য-টীকাকার কৈয়ট কহেন "গম্যমানাপি ক্রিয়া করণাদিব্যপদেশনিমিত্তং ভবতি। ইহ চ করণান্তর-

চতুর্থী।

১৯। চতুর্থী সম্প্রদানে।

সম্প্রদান কারকে চতুর্থী বিভক্তি হয়। যথা—দরিদ্রায় ধনং দদাতি, ভিক্ষবে ভিক্ষাং দদাতি।

২০। তাদর্থ্যে।

তাদর্থ্যে চতুর্থী ভবতি।

ব্যুদাসায় প্রকৃতেরেব করণত্বং বিবক্ষিতম্। স্বভাবেনায়ং কৃতোঽভিরূপঃ ন তু বস্ত্রালঙ্করণাদিনা ইত্যর্থঃ"। অর্থাৎ প্রকৃত্যা অভিরূপঃ—এস্থলে 'কৃত' এই ক্রিয়া উহ্য আছে, প্রকৃতি শব্দটী তাহারই করণ, এই জন্য ইহাতে ৩য়া হইয়াছে। কেবল প্রকাশ্য ক্রিয়া হইতেই যে কারক-বিভক্তির প্রয়োগ হয়, তাহা নহে; গম্যমান অর্থাৎ উহ্য ক্রিয়া হইতেও কারক-বিভক্তির প্রয়োগ হইয়া থাকে। বস্ত্র-অলঙ্কার-প্রভৃতি দ্বারাও অভিরূপ করা যায়, কিন্তু এস্থলে তাহার পরিবর্ত্তে প্রকৃতি দ্বারাই অভিরূপ করা হইয়াছে। অতএব করণে তৃতীয়া বলাই সঙ্গত। তত্ত্ববোধিনীরও এই মত। কাতন্ত্র-মতেও এই সকল স্থলে করণে তৃতীয়া। "প্রকৃত্যাদীনামপি করণত্বমস্তি, ভবতের্গম্যমানত্বাৎ; তথাহি অভিরূপভবনে প্রকৃতিঃ করণম্, যাজ্ঞিকভবনে প্রায়ঃ করণং, গার্গ্যস্য ভবনে গোত্রং করণম্"—কাতন্ত্র-টীকা। অর্থাৎ অভিরূপ হওয়ার বিষয়ে প্রকৃতিই করণ—অতএব করণে ৩য়া। সংক্ষিপ্তসারে প্রকৃত্যাদির পরিবর্ত্তে গোত্রাদি উক্ত হইয়াছে। গোয়ীচন্দ্রের মতে গোত্রাদির বিষয় না বলিলেও চলিত। 'তস্মাদ্ গোত্রাদেরিতি প্রপঞ্চার্থম্"—গোয়ীচন্দ্র। মুগ্ধবোধ-মতে এই সকল স্থলে ভেদকে ৩য়া। ভেদক=ইতরব্যাবর্ত্তক, অর্থাৎ যে কাহাকেও অন্য কিছু হইতে পৃথক্ করে। প্রকৃতি শব্দ বর্ত্তমান অভিরূপত্বকে বস্ত্রালঙ্কারাদিকৃত অভিরূপত্ব হইতে পৃথক্ করিতেছে, এই হেতু প্রকৃতি শব্দ ভেদক, অতএব ইহাতে ৩য়া হইয়াছে। প্রসিদ্ধ প্রয়োগ,যথা—"যথা প্রকৃত্যা মধুরং গবাং পয়ঃ"—হিতো। "তদনুসরণক্রমেণ ব্যাকুলশ্চলিতঃ" —হিতো। "নাম্না সুতীক্ষ্ণশ্চরিতেন দান্তঃ"—রঘু। "প্রায়েণৈবংবিধে কার্য্যে পুরন্ধ্রীণাং প্রগল্ভতা"—কুমার। "শুম্বেন নীবার ইবাবশিষ্টঃ"—রঘু ৫।১৫। "কালেন গচ্ছতা সোঽথ কালং চক্রে মহীপতিঃ"—বিষ্ণুপুরাণ।।

তাদর্থ্য (ক) বুঝাইলে অর্থাৎ কোনও বস্তু বা ক্রিয়া যাহার নিমিত্ত অভিপ্রেত হয় তাহা বুঝাইলে, তাহার উত্তর চতুর্থী বিভক্তি হয়। যথা—**যূপায় দারু, কুণ্ডলায় হিরণ্যম্, অশ্বায় ঘাসঃ, রন্ধনায় স্থালী, জ্ঞানায়াধ্যয়নম্, দানায় ধনোপার্জ্জনম্, স্নানায় নদীং যাতি, পাকায় অগ্নিমাহরতি।**

২১। নিবৃত্তৌ নিবর্ত্তনীয়াৎ।

নিবৃত্তৌ গম্যমানায়াং যো নিবর্ত্তনীয়স্তস্মাৎ চতুর্থী স্যাৎ।

নিবৃত্তি বুঝাইলে নিবর্ত্তনীয়ের উত্তর চতুর্থী বিভক্তি হয়। যথা—**মশকায় ধূমঃ, মশকনিবৃত্তয়ে ইত্যর্থঃ; আতপায় ছত্রম্, আতপনিবৃত্তয়ে ইত্যর্থঃ; পিপাসায়ৈ জলম্, পিপাসা-নিবৃত্তয়ে ইত্যর্থঃ; তাপায় স্নানম্, তাপনিবৃত্তয়ে ইত্যর্থঃ;**

(ক) "তস্মৈ কার্য্যায় ইদং তদর্থং কারণং, তস্য ভাবস্তাদর্থ্যং। ব্রাহ্মণাদিত্বাৎ ষ্যঞ্।"—তত্ত্ববোধিনী। "তস্মৈ অর্থঃ প্রয়োজনং তদর্থঃ, তদর্থস্য ভাবস্তাদর্থ্যম্"—শ্রীরাম-তর্কবাগীশ। যৎ প্রয়োজনং তস্মাৎ চতুর্থী—দুর্গাদাস। সংক্ষিপ্তসার সূত্র—"তদর্থাৎ" (৯২ সূত্র)। "তদিত্যনেন কিঞ্চিদ্বস্তু পরামৃশ্যতে। অর্থ শব্দঃ প্রয়োজনবাচী। তদর্থস্তৎ প্রয়োজনং তস্মাদুত্তরে ৪র্থী ভবতি। তস্মৈ প্রয়োজনং তদর্থ ইতি ৪র্থী তৎপুরুষঃ। যূপায় দারু ইতি দারুণো যূপঃ প্রয়োজনম্"—গোয়ীচন্দ্র। সাধারণতঃ ইহাকেই নিমিত্তার্থে ৪র্থী বলা হইয়া থাকে। যাহার প্রয়োজন, তাহার উত্তর ৪র্থী হয়। যূপ প্রয়োজন, এইজন্য যূপ শব্দের উত্তর ৪র্থী হইল। অশ্বায় ঘাসঃ—এখানে কেন ৪র্থী হইল? অশ্ব কখনই ঘাসের প্রয়োজন হইতে পারে না। গোয়ীচন্দ্র-মতে এস্থলে অশ্ব শব্দে লক্ষণা দ্বারা অশ্ব-তৃপ্তি বুঝিতে হইবে। অশ্ব-তৃপ্তিই ঘাসের প্রয়োজন। অতএব অশ্ব শব্দে ৪র্থী হইল। প্রসিদ্ধ প্রয়োগ যথা—"সন্ততিঃ শুদ্ধবংশ্যা হি পরত্রেহ চ শর্ম্মণে"—রঘু ১।৬৯। "ত্যাগায় সম্ভৃতার্থানাং সত্যায় মিতভাষিণাম্। যশসে বিজিগীষূণাং প্রজায়ৈ গৃহমেধিনাম্॥"—রঘু ১।৭। "স্থিত্যৈ দণ্ডয়তো দণ্ড্যান্ পরিণেতুঃ প্রসূতয়ে"—রঘু ১।২৫।

রোগায ঔষধম্, রোগনিবৃত্তয়ে ইত্যর্থঃ; পাপায প্রায়শ্চিত্তম্, পাপনিবৃত্তয়ে ইত্যর্থঃ। (ক)

২২। সম্পদ্যমানাৎ ক্লৃপ্যাদেঃ।

"ক্লৃপ্যর্থক-ধাতুপ্রয়োগে যঃ সম্পদ্যতে তত্র চতুর্থী, বিকারবাচকাৎ চতুর্থীত্যর্থঃ"। তত্ত্ববোধিনী।

ক্লৃপি-প্রভৃতি ধাতুর প্রয়োগে সম্পদ্যমানের (খ) উত্তর চতুর্থী বিভক্তি হয়। যথা—**ভক্তির্জ্ঞানায কল্পতে** (গ); **জ্ঞানং সুখায সম্পদ্যতে; ধর্ম্মঃ স্বর্গায ভবতি; অধর্ম্মো নরকায ভবতি।**

(ক) গোয়ীচন্দ্র, শ্রীরামতর্কবাগীশ ও দুর্গাদাসের মতে এই উদাহরণ গুলিতেও তাদর্থ্যে ৪র্থী। দুর্গাদাস-মতে তাদ্যর্থ শব্দে প্রয়োজন এবং নিবৃত্তি উভয়ই বুঝাইবে। যথা—"অর্থোঽভিধেয়রৈবস্তুপ্রয়োজননিবৃত্তিষু"—অমর। গোয়ীচন্দ্র এবং শ্রীরামতর্কবাগীশের মতে 'মশক' শব্দেই লক্ষণা-দ্বারা মশক-নিবৃত্তি বুঝাইতেছে, ইহাই ধূমের প্রয়োজন বলিয়া 'মশক' শব্দে ৪র্থী হইল। সমস্ত উদাহরণেই এইরূপ বুঝিতে হইবে। "নরকায় প্রদাতব্যো দীপঃ সম্পূজ্য দেবতাঃ"—স্মৃতি, নরক-নিবৃত্তয়ে ইত্যর্থঃ—স্মার্ত্ত ভট্টাচার্য্য।

(খ) "সম্পদ্যমানত্বমত্র বিকাররূপাপত্তিঃ"—গোয়ীচন্দ্র। "সম্পত্তিরিহ অভূত-প্রাদুর্ভাবঃ"—তত্ত্ববোধিনী। অভূত অর্থাৎ যাহা ছিল না, তাহার প্রাদুর্ভাব। ভক্তি ছিল জ্ঞান ছিল না, সেই জ্ঞানেরই প্রাদুর্ভাব হইল, এই জন্য জ্ঞান সম্পদ্যমান। ভক্তি বিকৃত অর্থাৎ রূপান্তরিত হইয়া জ্ঞানরূপে পরিণত হইতেছে।

(গ) "ভক্তির্জ্ঞানাত্মনা পরিণমতীত্যর্থঃ"—তত্ত্ববোধিনী। অর্থাৎ ভক্তিই জ্ঞানরূপে পরিণত হইতেছে। এস্থলে ভক্তি প্রকৃতি এবং জ্ঞান বিকৃতি। প্রকৃতি ও বিকৃতির ভেদ বিবক্ষা-স্থলেই ৪র্থী হয়, অভেদ-বিবক্ষা হইলে ১মা হয়। যথা—ভক্তির্জ্ঞানং কল্পতে। যখন ভক্তি শব্দের অপাদানত্ব বিবক্ষিত হয়, তখনও জ্ঞান শব্দে ১মা হইবে; যথা—ভক্তের্জ্ঞানং কল্পতে। ইহাই তত্ত্ববোধিনীর মত।

২৩। হিত-সুখ-নমোভিঃ।

এভির্যোগে চতুর্থী স্যাৎ।

হিত, সুখ ও নমস্ শব্দের যোগে চতুর্থী বিভক্তি হয়। যথা—**হিতং পুত্রায়, সুখং শিষ্যায়, নমো গুরবে।** ক্রিয়াযোগে বিকল্পে হয়। যথা—**গুরবে নমস্কৃত্য, নারায়ণং নমস্কৃত্য** (ক)।

২৪। স্বস্তি-স্বাহা-স্বধা-বষড্ভিঃ।

এভির্যোগে চতুর্থী স্যাৎ।

স্বস্তি, স্বাহা, স্বধা ও বষট্ শব্দের যোগে চতুর্থী বিভক্তি হয়। যথা—**স্বস্তি প্রজাভ্যঃ, স্বাহা অগ্নয়ে, স্বধা পিতৃভ্যঃ, ইন্দ্রায় বষট্।**

(ক) "নমোযোগে ক্রিয়াশূন্যে চতুর্থী সম্মতা বুধৈঃ। করোত্যাদিবিবক্ষায়াং দ্বিতীয়া তত্র নিশ্চলা"।—দুর্গাদাস। নমস্ শব্দ কোনও স্থলে প্রণতি-বাচক এবং কোনও স্থলে প্রণতিদ্যোতক। গুরবে নমঃ—এস্থলে নমস্ শব্দ প্রণতি-বাচক; নারায়ণং নমস্কৃত্য—এস্থলে কৃ-ধাতুই প্রণতি-বাচক, নমস্ শব্দটী উহার দ্যোতকমাত্র, অতএব নমস্কৃত্য এই ক্রিয়ার কর্ম্ম 'নারায়ণ' শব্দে ২য়া হইল। ফলতঃ প্রণতি-বাচক হইলে নমস্ শব্দযোগে ৪র্থী এবং প্রণতি-দ্যোতক হইলে উহার যোগে ২য়া হয়। ধিক্ শব্দ যোগে ২য়া, সহ শব্দ যোগে ৩য়া, নমস্ শব্দ যোগে ৪র্থী, ইত্যাদি বিশেষ বিশেষ শব্দ যোগে যে বিভক্তি হয়, তাহাকে উপপদ-বিভক্তি এবং কারকের উত্তর যে বিভক্তি হয়, তাহাকে কারক-বিভক্তি বলে। "উপপদ-বিভক্তেঃ কারকবিভক্তির্বলীয়সী"। উপপদ-বিভক্তি এবং কারক-বিভক্তির একত্র সম্ভাবনা থাকিলে উপপদ-বিভক্তির পরিবর্ত্তে কারক-বিভক্তিরই প্রয়োগ হইয়া থাকে। এই হেতু নমস্করোতি দেবান্—এস্থলে নমস্ শব্দ যোগে ৪র্থীর পরিবর্ত্তে কর্ম্মকারকে ২য়া হইল। নমস্কুর্ম্মো নৃসিংহায়—নৃসিংহমনুকূলয়িতুমিত্যর্থঃ—এস্থলে অনুক্ত তুমন্ত ক্রিয়ার কর্ম্মে ৪র্থী। স্বয়ম্ভুবে নমস্কৃত্য—ইত্যাদি স্থলেও এইরূপ বুঝিতে হইবে। ইহাই সিদ্ধান্তকৌমুদীর মত। কুলচন্দ্র-মতে নমস্ শব্দ-পূর্ব্বক কৃ-ধাতুর যোগে বিকল্পে ২য়া হয়।

२५। समर्थार्थकैश्च ।

समर्थार्थक-शब्दैर्योगे चतुर्थी स्यात् ।

সমর্থার্থক শব্দের যোগে চতুর্থী বিভক্তি হয়। যথা—**समर्थो मल्लो मल्लाय, अलं मल्लो मल्लाय, शक्तो मल्लो मल्लाय, प्रभुर्मल्लो मल्लाय** (ক)। সমর্থার্থক ক্রিয়ার যোগেও চতুর্থী বিভক্তি হয়। যথা—**प्रभवति मल्लो मल्लाय, शक्नोति मल्लो मल्लाय।** (খ)

२६। मन्यकर्म्मण्यनादरे विभाषा ।

मन्यतेः कर्म्मणि चतुर्थी वा स्यात् अनादरे ।

অবজ্ঞা বুঝাইলে দিবাদিগণীয় মন্ ধাতুর অবজ্ঞাবোধক কর্ম্মে বিকল্পে চতুর্থী বিভক্তি হয়। পক্ষে দ্বিতীয়া। যথা—**न त्वां तृणाय मन्यते, तृणं वा ; नाहं त्वां कुक्कुराय मन्ये, कुक्कुरं वा।** শৃগালাদি (ঘ) কর্ম্মে হয় না। যথা—**त्वामहं शृगालं मन्ये।** (গ)

(ক) প্রভু শব্দের যোগে ৬ষ্ঠীও হয়। যথা—"প্রভুর্বুভূষু র্ভুবনত্রয়স্য যঃ"—মাঘ। মমায়ং প্রভুঃ। সংক্ষিপ্তসার-মতে সমর্থার্থক শব্দ-যোগে ৪র্থী ও ৬ষ্ঠী উভয়ই হয়। "নাপ্রোথীদস্য কশ্চন"—ভট্টি ১৫।৪০

(খ) "দৈত্যেভ্যোঽলং হরিঃ, পূষ্ণে বষট্, সদ্ভ্যো হিতং সুখম্। স্বাহাগ্নয়ে, স্বধা পিত্রে, স্বস্তি ধাত্রে, নমঃ সতে।"—মুগ্ধবোধ। "নমস্ত্রিমূর্ত্তয়ে তুভ্যম্"—কুমার ২।৪। "স্বস্ত্যস্তু তে নির্গলিতাম্বুগর্ভম্"—রঘু ৫।১৭। "ভবেদপি স্বস্তি চরাচরায় বা"—ভারবি ১৪।৬২। "তস্যালমেষা ক্ষুধিতস্য তৃপ্ত্যৈ"—রঘু ২।৩৯

(ঘ) শৃগাল, কাক, শুক, নৌ, অন্ন। মুগ্ধবোধ-মতে শূক।

(গ) "তৃণায় মত্বা রঘুনন্দনোঽথ"—ভট্টি ২।৩৬। "হরিমপ্যমংসত তৃণায়"—মাঘ ১৫।৬১। তনাদিগণীয় মন্ ধাতুর হয় না। যথা—ন ত্বাং তৃণং মন্বে।

২৭। বা গত্যর্থকর্ম্মণি চেষ্টায়ামনধ্বনি।

অধ্বভিন্নে, গত্যর্থানাং কর্ম্মণি চতুর্থী বা স্যাৎ চেষ্টায়াং গম্যমানায়াম্।

চেষ্টা বুঝাইলে গত্যর্থ ধাতুর কর্ম্মে বিকল্পে চতুর্থী বিভক্তি হয়। পক্ষে দ্বিতীয়া। যথা—**গ্রামায় গচ্ছতি, গ্রামং বা। ব্রজায় ব্রজতি, ব্রজং বা।** চেষ্টা না বুঝাইলে হয় না। যথা—**মনসা মথুরাং গচ্ছতি।** অধ্ববাচক শব্দ কর্ম্ম হইলে হয় না। যথা—**অধ্বানং গচ্ছতি, পন্থানং গচ্ছতি।** (ক)

পঞ্চমী।

২৮। অপাদানে পঞ্চমী।

অপাদান কারকে পঞ্চমী বিভক্তি হয়। যথা—**অশ্বাৎ পতিতঃ, গৃহাৎ চলিতঃ, জলাৎ উত্থিতঃ।**

২৯। ল্যব্‌লোপে কর্ম্মণ্যধিকরণে চ।

ল্যপ্-প্রত্যয়ান্তে ক্রিয়াপদে গম্যমানে, কর্ম্মণি অধিকরণে চ পঞ্চমী স্যাৎ।

(ক) অজাং নয়তি, গৃহং প্রবিশতি, গিরিশিখরমারোহতি, সাগরং তরতি প্রভৃতি স্থলে হয় না। গ্রামায় গ্রামং গন্তা, বনায় বনং গমনম্ ইত্যাদি স্থলে কর্ম্মে ষষ্ঠীও হয় না। ইহা বৃত্তিকার ও শ্রীরামতর্কবাগীশের মত। সংক্ষিপ্তসার-মতে 'গ্রামস্য গন্তা' হয় না কিন্তু 'বনস্য গমনম্' হয়। ভাগবৃত্তি-মতে উভয়ই হয়। "কৃত্বা দিনান্তে নিলয়ায় গন্তুম্"—রঘু ২।৬। "প্রীতঃ প্রতস্থে মুনিরাশ্রমায়"—ভট্টি ১।২৪। "প্রযান্তঃ পুণ্যবনায়"—ভট্টি ১।২৫

ল্যপ্-প্রত্যয়ান্ত পদের অপ্রয়োগে কর্ম্মে ও অধিকরণে পঞ্চমী বিভক্তি হয়। যথা—**প্রাসাদাত্ প্রেক্ষতে, প্রাসাদমারুহ্য ইত্যর্থঃ। আসনাদবলোকয়তি, আসনে উপবিশ্য ইত্যর্থঃ।** (ক)

৩০। **কালাধ্বনোরবধেঃ।**

যতঃ প্রভৃতি কালস্য অধ্বনো বা পরিচ্ছেদ স্তস্মাত্ পঞ্চমী স্যাত্।

কাল-পরিমাণ ও অধ্ব-পরিমাণ বুঝাইলে অবধি-বোধক শব্দের উত্তর পঞ্চমী বিভক্তি হয়। যথা, কাল-পরিমাণ—**অগ্রহায়ণাত্ পঞ্চমাসাঃ, মাঘাত্ তৃতীয়ে মাসি, বিবাহাত্ সপ্তমে দিনে।** অধ্ব-পরিমাণ—**পাটলিপুত্রাত্ শতং ক্রোশাঃ, প্রয়াগাত্ ত্রিংশত্ ক্রোশাঃ, কুরুক্ষেত্রাত্ দশ যোজনানি।**

৩১। **নিকৃষ্টাদেকোৎকর্ষে।**

দ্বয়োর্বহূনাং বা মধ্যে একস্যোত্কর্ষে গম্যমানে নিকৃষ্টাত্ পঞ্চমী স্যাত্।

দুই বা বহুর মধ্যে একের উৎকর্ষ বুঝাইলে নিকৃষ্টের উত্তর

(ক) ল্যপ্ অর্থাৎ যপ্। ক্ত্বা-প্রত্যয়ান্ত পদের অপ্রয়োগেও হয়। যথা—আসনে স্থিত্বা প্রেক্ষতে, আসনাৎ প্রেক্ষতে—তত্ত্ববোধিনী। কর্ম্ম ও অধিকরণ ভিন্ন অন্যত্র হয় না। যথা—বলেন আনয়তি, বলেন আকৃষ্য আনয়তীত্যর্থঃ—এস্থলে করণ-কারকে ৫মী হইল না—সংক্ষিপ্তসার (১০৭, সূত্র)। "গৃহাদগ্নিশ্চ বোদ্ধব্যঃ"—গৃহং প্রাপ্য ইত্যর্থঃ—মহাভারত। "কটেষু করিণাং পেতুঃ পুন্নাগেভ্যঃ শিলীমুখাঃ—পুন্নাগপুষ্পাণি বিহায় ইত্যর্থঃ—রঘুঃ। ৪।৬০ "হরতি নিমেষাৎ কালঃ সর্ব্বম্,"—শঙ্করাচার্য্য।

পঞ্চমী বিভক্তি হয়। যথা—**ধনাত্ বিদ্যা গরীয়সী, চৈত্রো মৈত্রাত্ বলীয়ান্, মাথুরাঃ পাটলিপুত্রকেভ্যঃ আঢ্যতরাঃ।** (ক)

৩২। মর্য্যাদাভিবিধ্যোরাযোগে।

মর্য্যাদায়াম্ অভিবিধৌ চ বর্ত্তমানেন আ-শব্দেন যোগে পঞ্চমী স্যাত্।

মর্য্যাদা ও অভিবিধি (খ) বুঝাইলে, আ এই অব্যয় শব্দের

(ক) বোপদেবের মতে এস্থলে নির্দ্ধারে পঞ্চমী। তাঁহার মতে নির্দ্ধারে ৫মী, ৬ষ্ঠী এবং ৭মী তিনই হয়। পাণিনির মতে বিভক্ত নির্দ্ধারে ৫মী এবং অবিভক্ত নির্দ্ধারে ৬ষ্ঠী ও ৭মী হয়। "ধনাৎ বিদ্যা গরীয়সী" এস্থলে ধন হইতে বিদ্যা পৃথক্—এজন্য বিভক্ত নির্দ্ধার। "পর্ব্বতানাং হিমালয়ঃ শ্রেষ্ঠঃ"—এস্থলে হিমালয়, পর্ব্বতেরই অন্তর্গত, ইহা হইতে পৃথক্ নহে, অতএব অবিভক্ত নির্দ্ধার।—এজন্য ৬ষ্ঠী অথবা ৭মী হইবে। প্রসিদ্ধ প্রয়োগ—"জননী জন্মভূমিশ্চ স্বর্গাদপি গরীয়সী"। "ইমামনূনাং সুরভেরবেহি"—রঘু। সংক্ষিপ্তসার-মতে নির্দ্ধারে শিষ্ট-প্রয়োগানুরোধে কখনও কখনও ৫মী হয় (১৯৭ সূ); যথা—"অজাতমৃত-মূর্খেভ্যো "মৃতাজাতৌ সুতৌ বরম্"—পঞ্চতন্ত্র। "যৎ ক্রৌঞ্চমিথুনাদেকমবধীঃ কাম-মোহিতম্"—রামায়ণ।

(খ) "বিনা তেনেতি মর্য্যাদা, সহ তেনেত্যভিবিধিঃ"—তত্ত্ববোধিনী। মর্য্যাদা—সীমা, —তাহাকে পরিত্যাগ করিয়া ; অভিবিধি—ব্যাপ্তি—তাহাকে লইয়া। "আ মৃত্যোঃ সেব্যতাং হরিঃ"—মৃত্যু হইলে হরির সেবা সম্ভবপর নহে, অতএব "মৃত্যুর পূর্ব্ব পর্য্যন্ত" এইরূপ অর্থ। "আ মুক্তেঃ সংসারঃ"—মুক্তি হইলে সংসার সম্ভবপর নহে, অতএব "মুক্তির পূর্ব্ব পর্য্যন্ত" এইরূপ অর্থ। অতএব এই দুই উদাহরণে আঙের অর্থ মর্য্যাদা। "আ সকলাৎ ব্রহ্ম"—ব্রহ্ম সকল বস্তুতেই আছেন—অতএব এখানে আঙের অর্থ অভিবিধি। "আ পরিতোষাদ্বিদুষাং ন সাধু মন্যে প্রয়োগবিজ্ঞানম্"—শকুন্তলা। "আ জন্মনঃ শাঠ্যমশিক্ষিতো যঃ"—শকুন্তলা।

"অপপরী বর্জ্জনে"—পা ১।৪।৮৮ ; বর্জ্জনার্থক অপ ও পরি শব্দেরযোগে পঞ্চমী হয়।

যোগে পঞ্চমী বিভক্তি হয়। যথা, মর্য্যাদা—**আ জন্মনঃ, আ গৈরবাৎ, আ সমুদ্রাৎ, আ হিমাচলাৎ**। অভিবিধি—**আ বনাৎ বৃষ্টো দেবঃ (মেঘঃ), বনং ব্যাপ্য ইত্যর্থঃ; আ সকলাৎ ব্রহ্ম, সকলং ব্যাপ্য ইত্যর্থঃ**।

৩৩। অন্যার্থৈঃ।

অন্যার্থৈঃ শব্দৈর্যোগে পঞ্চমী স্যাৎ।

অন্যার্থ শব্দের যোগে পঞ্চমী বিভক্তি হয়। যথা—**মিত্রাদন্যঃ কঃ পরিত্রাতুং সমর্থঃ; ঘটঃ পটাদিতরঃ; ইদমস্মাদ্ ভিন্নম্**। অন্যার্থ ক্রিয়ার যোগেও হয়। যথা—**স্বর্ণং রজতাদ্ ভিদ্যতে**। (ক)

৩৪। দিগ্-দেশ-কাল-বাচিভিঃ।

দিগ্বাচকৈঃ দেশবাচকৈঃ কালবাচকৈশ্চ শব্দৈর্যোগে পঞ্চমী স্যাৎ।

যথা—"অনন্তাৎ পরি ত্রয়স্তাপাঃ—বিষ্ণোস্ত্যাগাৎ কায়িকবাচিকমানসাস্তাপা ভবন্তীত্যর্থঃ। এবং অনন্তাৎ অপ ত্রয়স্তাপাঃ"—শ্রীরামতর্কবাগীশ।

"প্রতিঃ প্রতিনিধিপ্রতিদানয়োঃ"—পা ১।৪।৯২। প্রতিনিধি অথবা প্রতিদান অর্থ বুঝাইলে প্রতি-শব্দের যোগে ৫মী হয়। যথা, প্রদ্যুম্নঃ কেশবাৎ প্রতি—প্রদ্যুম্নঃ কেশবস্য তুল্য ইত্যর্থঃ। মাষানস্মৈ তিলেভ্যঃ প্রতি যচ্ছতি—পূর্ব্বগৃহীতানাং তিলানাং মাষৈঃ শোধনং করোতীত্যর্থঃ—গোয়ীচন্দ্র। শম্ভোঃ ভক্তেঃ প্রতি অমৃতং—শিবস্য ভক্তেঃ প্রতিদানং মোক্ষ ইত্যর্থঃ।

(ক) অন্য, ভিন্ন, ব্যতিরিক্ত, বিলক্ষণ, ইতর—এই গুলি অন্যার্থ শব্দ। "ন মে হ্বদন্যেন বিসোঢ়মায়ুধম্"—রঘু ৩।৬২। "পরৈস্ত্বদন্যঃ ক ইবাপহারয়েৎ"—ভারবি। "মা দর্শতান্যং ভরতঞ্চ মত্তঃ"—ভট্টি ৩।১৫

দিগ্বাচক, দেশবাচক ও কালবাচক শব্দের যোগে পঞ্চমী বিভক্তি হয়। যথা, দিগ্বাচক—**পূর্ব্বো গ্রামাৎ, উত্তরো গৃহাৎ।** দেশবাচক—**চৈত্রো মৈত্রাৎ পূর্ব্বদেশী।** কালবাচক—**চৈত্রাৎ পূর্ব্বঃ ফাল্গুনঃ, ভোজনাৎ প্রাক্, শয়নাৎ পূর্ব্বম্, উত্থানাৎ পরতঃ, প্রস্থানাদনন্তরম্।** (ক)

২৫। বহিরারাৎপ্রভৃতিভিঃ।

এভির্যোগে পঞ্চমী স্যাৎ।

বহিস্, আরাৎ ও প্রভৃতি শব্দের যোগে পঞ্চমী বিভক্তি হয় (খ)। যথা—**গৃহাৎ বহিঃ, গ্রামাৎ বহিঃ** (৫), **আরাৎ বনাৎ, আরাৎ উদ্যানাৎ, জন্মনঃ প্রভৃতি, শৈশবাৎ প্রভৃতি।** (গ)

(ক) "পুরাণপত্রাপগমাদনন্তরম্"—রঘু ৩।৭। "অথাস্য গোদানবিধেরনন্তরম্"—রঘু ৩।৩৩। "নূনং মত্তঃ পরং বংশ্যাঃ"—রঘু ১।৬৫। "মৎপরং দুর্লভং মত্বা"—রঘু ১।৬৬। "প্রাক্ সৃষ্টেঃ কেবলাত্মনে"—কুমার ২।৪। "বীজাঙ্কুরঃ প্রাগুদয়াদিবাম্ভঃ"—কুমার ৩।১৮

(খ) মুগ্ধবোধ-মতে আরভ্যার্থ শব্দ-যোগে পঞ্চমী হয়। যথা—ভবাৎ প্রভৃতি, জন্মনঃ আরভ্য শিবঃ অর্চ্চ্যতে। আরভ্যার্থক শব্দ-যোগে 'ভবাৎ' এবং 'জন্মনঃ' এই দুই পদে পঞ্চমী হইল। পাণিনি আরভ্যার্থক শব্দ-যোগে ৫মীর কোনই নিয়ম করেন নাই। কিন্তু ভাষ্যকার "কার্ত্তিক্যাঃ প্রভৃতি" এইরূপ প্রযোগ করিয়াছেন। ইহাতে বুঝিতে হইবে যে, প্রভৃতি শব্দ-যোগে ৫মী হয়। ইহাই সিদ্ধান্তকৌমুদীর মত। "প্রাতঃকালং সমারভ্য জপেন্মধ্যদিনাবধি"—এস্থলে "উপপদবিভক্তেঃ কারকবিভক্তির্গরীয়সী" এই ন্যায়ানুসারে কর্ম্মকারকে ২য়া হইল। ইহাই দুর্গাদাসের মত।

(৫) ক্রমদীশ্বর, বহিঃ-শব্দের যোগে, পঞ্চমী ও ষষ্ঠী, উভয় বিভক্তিরই বিধান করিয়াছেন। ৬ষ্ঠীর প্রয়োগও দেখা যায়। যথা,—"করস্য করভো বহিঃ", "বহিরন্তোজবনস্য বানরাঃ"।

(গ) "শৈশবাৎ প্রভৃতি পোষিতাং প্রিয়াং"—উত্তরচরিত; "জন্মাৎ প্রভৃত্যেব সপল্লবানি"—কুমার ৩।২৬

३६। आ-आहिभ्यां च।

आ-प्रत्ययान्तेन आहि-प्रत्ययान्तेन च शब्देन योगे पञ्चमी स्यात्।

আ ও আহি প্রত্যয়ান্ত শব্দের যোগে পঞ্চমী বিভক্তি হয়।

যথা—**उद्यानादुत्तरा गृहम्; गृहादुत्तराहि सरः; हिमालयात् दक्षिणा भारतवर्षम्; प्रयागात् दक्षिणाहि विन्ध्यः।** (ক)

३७। ऋते-योगे द्वितीया च।

ऋते-शब्दयोगे द्वितीयापञ्चम्यौ स्याताम्।

ঋতে শব্দের যোগে পঞ্চমী ও দ্বিতীয়া বিভক্তি হয়। যথা—

ज्ञानादृते, ज्ञानमृते। (খ)

३८। पृथग्विनाभ्यां द्वितीयातृतीये च।

पृथक्-शब्देन विना-शब्देन च योगे द्वितीया-तृतीया-पञ्चम्यः स्युः।

পৃথক্ ও বিনা শব্দের যোগে পঞ্চমী এবং দ্বিতীয়া ও তৃতীয়া বিভক্তি হয়। যথা—**चैत्रात् पृथक्, चैत्रं पृथक्, चैत्रेण पृथक्। श्रमात् विना, श्रमं विना, श्रमेण विना।** (গ)

(ক) "উত্তরাহি বসন্ রামঃ সমুদ্রাদ্রক্ষসাং পুরম্"—ভট্টি।

(খ) "ত্বদৃতে প্রাপয়িতুং ক ঈশ্বরঃ"—কুমার ৪।১১ ; "ঋতে কৃশানোর্ন হি মন্ত্রপূতং"—কুমার ১।৫১ , "অংশাদৃতে নিষিক্তস্য নীললোহিতরেতসঃ"—কুমার।

(গ) পাণিনির মতে 'নানা' শব্দযোগেও এইরূপ ২য়া, ৩য়া এবং ৫মী হয়। যথা—রামং নানা, রামেণ নানা, রামাৎ নানা। 'হিরুঙ্ নানা চ বর্জ্জনে" ইত্যমরঃ। "নানা নারীং নিষ্ফলা লোকযাত্রা" ইতি প্রয়োগঃ—তত্ত্ববোধিনী। প্রয়োগ যথা—"বিনা রামেণ

৩৯। स्तोक-कृच्छ्राल्प-कतिपयेभ्यस्तृतीया च।

एभ्यस्तृतीयापञ्चम्यौ स्याताम्।

স্তোক, কৃচ্ছ্র, অল্প ও কতিপয় শব্দের উত্তর পঞ্চমী ও তৃতীয়া বিভক্তি হয়, যথা—**स्तोकान्मुक्तः, स्तोकेन मुक्तः** (ক); **कृच्छ्रान्मुक्तः, कृच्छ्रेन मुक्तः; अल्पान्मुक्तः, अल्पेन मुक्तः। कतिपयान्मुक्तः, कतिपयेन मुक्तः।** বিশেষণ হইলে হয় না। যথা—**स्तोकः पाकः, स्तोकं पचति।**

৪০। हेतौ च।

हेतु-वाचकात् शब्दात् तृतीयापञ्चम्यौ स्याताम्।

হেতু বুঝাইলে তদ্বোধক শব্দের উত্তর পঞ্চমী ও তৃতীয়া বিভক্তি হয়। যথা—**भयात् कम्पः, भयेन कम्पः। हर्षात् नृत्यति, हर्षेण नृत्यति। दुःखात् रोदिति, दुःखेन रोदिति।** (খ)

কোঽন্যো বা দশকণ্ঠাবনাশকৃৎ"। "হরিং বিনা বিনা রামাৎ গোকুলং শোকসঙ্কুলম্"। "শশাম বৃষ্ট্যাপি বিনা দবাগ্নিঃ"—রঘু ২।১৪। "বহির্বিকারং প্রকৃতেঃ পৃথগ্ বিদুঃ"—মাঘ।

(ক) "অনায়াসেন মুক্ত ইত্যর্থঃ"—তত্ত্ববোধিনী।

(খ) ঋণ হেতু হইলে তাহার উত্তর ৩য়া হয় না, কেবল ৫মী হয়। যথা—শতাৎ বদ্ধঃ, এখানে শত ঋণ বন্ধনের হেতু, এইজন্য কেবল ৫মী হইল। ঋণ কর্ত্তৃপদ হইলে ৩য়া হইতে পারে। যথা—শতেন বন্ধিতঃ। (পা—২।৩।২৪)। গুণ-বাচক শব্দ হেতু হইলে ৩য়া ও ৫মী দুই হয়। যথা—জাড্যাৎ বদ্ধঃ, জাড্যেন বদ্ধঃ। গুণ-বাচক শব্দ না হইলে হয় না। যথা—ধনেন কুলম্। ধন-শব্দ গুণবাচক নহে, এজন্য এখানে ৫মী হইতে পারে না। ইহাই সিদ্ধান্তকৌমুদীর মত। কিন্তু বিদ্যাসাগর মহাশয় ধনাৎ কুলম্ ধনেন কুলম্—এইরূপে ধন-শব্দের উত্তর ৩য়া ও ৫মী উভয়ই রাখিয়া উদাহরণ দিয়াছিলেন। ইহা অসঙ্গত বোধ হওয়ায় আমরা উঠাইয়া দিয়াছি।—(পা—২।৩।২৫)। গুণ-বাচক শব্দ স্ত্রীলিঙ্গ

ষষ্ঠী ।

৪১ । ষষ্ঠী সম্বন্ধে ।

সম্বন্ধে ষষ্ঠী বিভক্তি হয়। যথা,—**মম পিতা, তব পুত্রঃ, তস্য ভ্রাতা, মহিষস্য শৃঙ্গম্, গোর্দুগ্ধম্, নদ্যাঃ জলম্, বৃক্ষস্য ছায়া, অগ্নেঃ শিখা, বায়োর্বেগঃ, জলস্য প্রবাহঃ।**

৪২ । কর্তৃকর্ম্মণোঃ কৃতি (পা ২।৩।৬৫)

"কৃদ্‌যোগে কর্ত্তরি কর্ম্মণি চ ষষ্ঠী স্যাৎ"—সিদ্ধান্তকৌমুদী।

কৃৎ-প্রত্যয়ের প্রয়োগে কর্ত্তা ও কর্ম্মে ষষ্ঠী বিভক্তি হয়। যথা, কর্ত্তায়—**শিশোঃ শয়নম্, অশ্বস্য গতিঃ, তব পিপাসা, মম বুভুক্ষা।** কর্ম্মে—**অন্নস্য পাকঃ, পয়সঃ পানম্, সুখস্য ভোগঃ, ধনস্য দাতা, বৃক্ষস্য ছেদকঃ।** (ক)

হইলে ৫মী হয় না। যথা—বুদ্ধ্যা মুক্তঃ, প্রজ্ঞয়া মুক্তঃ, বিদ্যয়া মুক্তঃ। কোন কোন স্থলে গুণ-বাচক স্ত্রীলিঙ্গ শব্দের উত্তরও ৫মী হয়। যথা—ঘটো নাস্তীহ, অনুপলব্ধেঃ। শ্রীরাম তর্কবাগীশের মতে আবন্ত, ঈবন্ত এবং উবন্ত গুণবাচক শব্দ স্ত্রীলিঙ্গ হইলে ৫মী হয় না, অতএব অনুপলব্ধি প্রভৃতি শব্দে ৫মী হওয়ার কোনই বাধা নাই। সিদ্ধান্তকৌমুদী-মতে, অগুণবাচক শব্দের উত্তরও কখন কখন হেতু-অর্থে ৫মী হয়। যথা—পর্ব্বতো বহ্নিমান্ ধূমাৎ—এখানে ধূম-শব্দ গুণবাচক নহে, তথাপি ৫মী হইল। বিদ্যয়া যশঃ, ধনেন কুলম্, কন্যয়া শোকঃ, বসনেন রূপং প্রভৃতি স্থলে হেতু-অর্থে কেবল তৃতীয়াই হইতে পারে, পঞ্চমী হইতে পারে না।

(ক) "তস্মিন্ ক্ষণে পালয়িতুঃ প্রজানাম্"—রঘু ২।৬০। "তদ্রক্ষ কল্যাণপরম্পরাণাং ভোক্তারমূর্জ্জস্বলমাত্মদেহম্"—রঘু ২।৫০। "অনন্তরাণাং সমুদ্ধর্ত্তুস্তস্মাৎ সিন্ধুরয়াদিব"—রঘু ৪।৩৭। কোন কোন স্থলে এই নিয়মের ব্যতিক্রম দেখা যায়। যথা—"ধায়ৈরামোদমুত্তমং"

৪৩। উভয়প্রাপ্তৌ কর্ম্মণি (পা ২।৩।৬৬)

"উভয়োঃ প্রাপ্তির্যস্মিন্ কৃতি তত্র কর্ম্মণ্যেব ষষ্ঠী স্যাৎ"—সিদ্ধান্তকৌমুদী।

কর্ত্তা ও কর্ম্ম উভয়ত্র প্রাপ্তি-সম্ভাবনা হইলে কেবল কর্ম্মে ষষ্ঠী বিভক্তি হয়, কর্ত্তায় হয় না। যথা—**গবাং দোহো গোপেন, পয়সঃ পানং শিশুনা, ধনস্য দানং নৃপেণ, জলস্য শোষণং সূর্য্যেণ, অর্থস্য হরণং চৌরেণ।**

৪৪। ক্বচিদ্বিভাষা কর্ত্তরি।

ক্বচিৎ কর্ত্তরি ষষ্ঠী বা স্যাৎ।

কোনও কোনও স্থলে কর্ত্তায় বিকল্পে ষষ্ঠী বিভক্তি হয়। যথা,—**ঘটস্য কৃতিঃ কুম্ভকারেণ কুম্ভকারস্য বা; শিষ্যস্য প্রশংসা গুরুণা গুরোর্বা; শব্দানামনুশাসনম্ আচার্য্যেণ আচার্য্যস্য বা।** (ক)

ভট্টি ৬।৭৯ ;—এস্থলে "ধায়" এই কৃৎ-প্রত্যয়ান্ত শব্দ-যোগে আমোদ এই কর্ম্মে ৬ষ্ঠী হয় নাই। "বুদ্ধিপূর্ব্বং ধ্রুবং ন ত্বা রাজকৃত্বা পিতা খলম্"—ভট্টি ৬।১৩০ ;—এস্থলে ক্বনিপ্ প্রত্যয়ান্ত রাজকৃত্বন্ শব্দ-যোগে ত্বা এই কর্ম্মে ৬ষ্ঠী হয় নাই।

(ক) কারিকা—"অস্ত্রীবিহিতকৃত্তিস্তু যোগে ষষ্ঠী নিষম্যতে। একদা তূভয়প্রাপ্তৌ কর্ম্মণ্যেব ন কর্ত্তরি। তব্যাদীনাং প্রয়োগে তু দ্বয়োরেব হি নেষ্যতে॥" যদি সকর্ম্মক ধাতুর উত্তর কৃৎ-প্রত্যয় হয়, এবং ঐ কৃৎ-প্রত্যয়ান্ত শব্দ স্ত্রীলিঙ্গ হইয়া যায়, তাহা হইলে উহার যোগে কর্ত্তায় বিকল্পে ষষ্ঠী হয়। যথা—"হানিঃ সুখানাং দরিদ্রস্য দরিদ্রেণ ; পরিচর্য্যা গুরোঃ শিষ্যস্য শিষ্যেণ ; জাগর্য্যা রাত্রে ছাত্রস্য ছাত্রেণ ; বর্ণনা বিক্রোর্ভক্তস্য ভক্তেন ; অপ্রাপ্তি স্বর্গস্য ব্যাধস্য ব্যাধেন"—দুর্গাদাস। যে সকল অ-প্রত্যয়ান্ত অথবা ণক-প্রত্যয়ান্ত শব্দ স্ত্রীলিঙ্গ হইয়া যায়, তাহাদের যোগে কর্ত্তায় নিত্য ষষ্ঠী হয়। যথা—"ভেদিকা চৈত্রস্য

৪৫। ন যত্রাদিঃ।

যত্রাদিঃ প্রয়োগে ষষ্ঠী ন স্যাৎ।

কাষ্ঠানাং, চিকীর্ষা মৈত্রস্য কটস্য"—সংক্ষিপ্তসার। এইরূপ "ক্রিয়া জগতঃ কৃষ্ণস্য, জাগরা রাত্রেশ্ছাত্রস্য, ইচ্ছা মুক্তেস্তপস্বিনঃ, কথা কৃষ্ণস্য ভক্তানাং, শ্রদ্ধা ধর্ম্মস্য ধার্ম্মিকাণাম্"—দুর্গাদাস। এই সকল উদাহরণে স্ত্রীলিঙ্গ-বিহিত অ-প্রত্যয়ের যোগে কর্ত্তায় নিত্য ষষ্ঠী হইয়াছে। শ্রীরামতর্কবাগীশের মতে স্ত্রী-বিহিত অ ও ণক প্রত্যয় ভিন্ন যে কোন সকর্ম্মক কৃৎ-প্রত্যয়ের যোগে কর্ত্তায় বিকল্পে ষষ্ঠী হয়। যথা—শব্দানামনুশাসনমাচার্য্যস্য আচার্য্যেণ ; গবাং দোহো গোপস্য গোপেন। এই বিষয়ে বৈয়াকরণ-গণের মধ্যে বিলক্ষণ মত-ভেদ দৃষ্ট হয়। সিদ্ধান্তকৌমুদী ও সংক্ষিপ্তসারেও এই মত-ভেদের বিষয় উল্লিখিত হইয়াছে। কিন্তু বিদ্যাসাগর মহাশয় স্বীয় মূল গ্রন্থে "চন্দ্রস্য দিদৃক্ষা ময়া মম বা" এইরূপ একটী উদাহরণ দিয়াছিলেন। দিদৃক্ষা শব্দটী স্ত্রী-বিহিত অ-প্রত্যয় নিষ্পন্ন, অতএব ইহার যোগে কর্ত্তায় নিত্য ষষ্ঠী হইবে, তৃতীয়া হইতে পারে না। এই হেতু আমরা এই উদাহরণটী উঠাইয়া দিয়াছি। "একদা উভয়-প্রাপ্তৌ" বলায় "কুশীলবয়োঃ রামায়ণগানম্" ইত্যাদি সিদ্ধ হইয়াছে। এস্থলে অগ্রে "রামায়ণস্য (কর্ম্মে ষষ্ঠী) গানম্—রামায়ণগানম্, এইরূপ ষষ্ঠীতৎপুরুষ সমাস করায় এককালে কর্ত্তায় ও কর্ম্মে উভয়ত্র ষষ্ঠীর প্রাপ্তি না হওয়ায় কর্ত্তা কুশীলবে ষষ্ঠী হইয়াছে। তব্যাদির প্রয়োগে কর্ত্তা এবং কর্ম্ম উভয়ত্রই ষষ্ঠী হয় না। যথা ক্রষ্টব্যা গ্রামং শাখা কপিনা ; নেতব্যা গ্রামমজা নরেণ; অনুশিষ্যঃ শিষ্যো ধর্ম্মমুপাধ্যায়েন ; কাং দিশং গন্তব্যং ময়া"—শ্রীরাম তর্কবাগীশ। "যাচিতব্যঃ কৃষ্ণো মোক্ষং ভক্তেন ; দোহনীয়া গৌর্দুগ্ধং গোপেন ; নেয়ো ভক্তো বৈকুণ্ঠং কৃষ্ণেন; বাহ্যো ভারো গ্রামং ভৃত্যেন ; যাপনীয়ো ভৃত্যো গ্রামং নৃপেণ"—দুর্গাদাস। দ্বিকর্ম্মক ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে কৃৎ-প্রত্যয় করিলে উভয় কর্ম্মেই ষষ্ঠী হয়। যথা—কৃষ্ণস্য মোক্ষস্য যাচকো ভক্তঃ ; দোগ্ধা দুগ্ধস্য গোঃ কৃষ্ণঃ ; ক্ষীরস্য গবাং দোহঃ কৃষ্ণেন—ইহা বিদ্যানিবাসের মত। সংক্ষিপ্তসার-মতে ঐ স্থলে মুখ্য কর্ম্মেই ষষ্ঠী হয়। গাং দোগ্ধা দুগ্ধস্য গোপঃ। কোন মতে গৌণ কর্ম্মেই ষষ্ঠী হয়। যথা—দোগ্ধা দুগ্ধং গবাং হরিঃ। কারিকা—"কর্ম্মদ্বয়ং দুহাদীনামনুক্তং স্যাৎ কৃতা যদি। কস্যচিত্তত্র সমাচষ্টে ষষ্ঠীং প্রধান-কর্ম্মণি"—সংক্ষিপ্তসার ১৮৬ সূত্র। অকর্ম্মক ধাতুর প্রয়োগে কর্ত্তায় নিত্য ষষ্ঠী হয়, বিকল্পে হয় না। যথা—সাধোর্বৃদ্ধিঃ, শিশোঃ সুপ্তিঃ।

শতৃ, শানচ্, ক্বসু, কানচ্, স্যতৃ ও স্যমান প্রত্যয়ের প্রয়োগে ষষ্ঠী বিভক্তি হয় না। যথা, শতৃ—**গৃহং গচ্ছন্, জলং পিবন্** (৬)। শানচ্—**অন্নং ভুঞ্জানঃ, ব্যাকরণমধীয়ানঃ**। ক্বসু—**ওদনং পেচিবান্, গ্রামং জগ্মিবান্**। কানচ্—**গুরুং ববন্দানঃ, শাস্ত্রং শুশ্রুবাণঃ**। স্যতৃ—**গৃহং গমিষ্যন্, বেদং পঠিষ্যন্**। স্যমান—**গুরুং সেবিষ্যমাণঃ, ধনং দাস্যমানঃ**।

৪৬। ন তুমুনাদেঃ।

তুমুনাদেঃ প্রয়োগে ষষ্ঠী ন স্যাৎ।

তুমুন্, ক্ত্বা, ল্যপ্ ও ণমুল্ প্রত্যয়ের প্রয়োগে ষষ্ঠী বিভক্তি হয় না। যথা, তুমুন্—**গৃহং গন্তুম্, চন্দ্রং দ্রষ্টুম্**। ক্ত্বা—**জলং পীত্বা, ফলং গৃহীত্বা**। ল্যপ্—**ব্যাকরণমধীত্য, গৃহমাগত্য**। ণমুল্—**গুরুং সেবং সেবম্, শাস্ত্রং শ্রাবং শ্রাবম্**।

৪৭। নোদন্তস্য।

উকারান্তস্য কৃৎপ্রত্যয়স্য প্রয়োগে ষষ্ঠী ন স্যাৎ।

উকারান্ত কৃৎ-প্রত্যয়ের প্রয়োগে ষষ্ঠী বিভক্তি হয় না। যথা,—**জলং পিপাসুঃ, রিপূন্ জিষ্ণুঃ, শিলাং ক্ষিপ্নুঃ, বিপক্ষং নিরাকরিষ্ণুঃ, ফলং গৃহয়ালুঃ**। (ক)

---

(৬) দ্বিষো বিভাষা। দ্বিষ্ ধাতুর বিকল্পে। যথা,—মুরং দ্বিষন্, মুরস্য দ্বিষন্।

(ক) "সত্যস্য বক্তা নরকস্য জিষ্ণুঃ" ইত্যাদি প্রয়োগে সম্বন্ধ-বিবক্ষায় ষষ্ঠী বলিতে হইবে। "স শুশ্রুবাংস্তদ্বচনং মুমোহ—রাজাসহিষ্ণুঃ সুতবিপ্রযোগম্"—ভট্টি ৩।২০। "তিতীর্ষুর্দুস্তরং মোহাদুড়ুপেনাস্মি সাগরম্"—রঘু ১।২। "রক্ষোগণং ক্ষিপ্নুমবিক্ষতাত্মা"—ভট্টি ২।২১

৪৮। नोक-शीलतृन्-भविष्यणिनाम्।

एषां प्रत्ययानां प्रयोगे षष्ठी न स्यात्।

উক, শীলার্থ তৃন্ ও ভবিষ্যদর্থ ণিন্ প্রত্যয়ের প্রয়োগে ষষ্ঠী বিভক্তি হয় না। যথা, উক—**गृहं गामुकः, जलं वर्षुकः, शत्रुं घातुकः** (৭)। শীলার্থ তৃন্—**धनं दाता, अन्नं भोक्ता, विपक्षं निराकर्त्ता**। ভবিষ্যদর্থ ণিন্—**धनं दायी, घृतं भोजी, गृहं गामी**। (ক)

৪৯। न खलर्थानाम्।

खलर्थ-प्रत्ययानां प्रयोगे षष्ठी न स्यात्।

খলর্থ প্রত্যয়ের প্রয়োগে (৮) ষষ্ঠী বিভক্তি হয় না। যথা—**नैतत् सुकरं भवता; नैतद्दुष्करं तेन; सर्व्वमीषत्करं सुधिया; मया सुमर्षणः शत्रुः; त्वया दुःशासनो रिपुः**। (খ)

---

(৭) কামুক শব্দের প্রযোগে হয়। যথা, ধনস্য কামুকঃ।

(ক) "স্তোৰ্বুকা পুষ্পচয়ং বভূব"—ভট্টি।

(৮) সু, দুর্ ও ঈষৎ শব্দের যোগে ধাতুর উত্তর যে অ, খল্ ও অন্ হয়, তাহাদিগকে খলর্থ প্রত্যয় বলে।

(খ) "সা দুষ্প্রধর্ষা মনসাপি হিংস্রৈঃ"—রঘু ২।২৭। "যা দুস্ত্যজা দুর্ম্মতিভিঃ"—মহাভারত। "পাপিনা দুষ্করো ধর্ম্মঃ সুকরো ধার্ম্মিকেণ সঃ"। শিষ্ট প্রয়োগে এই নিয়মের অনেক ব্যতিক্রমও দেখা যায়। যথা "কোষদণ্ডসমগ্রাণাং কিমেষামস্তি দুষ্করম্"। "ইক্ষ্বাকূণাং দুরাপেঽর্থে ত্বদধীনা হি সিদ্ধয়ঃ"—রঘু ১।৭২। "ত্রিনেত্রবক্ষঃস্থলভং তবাপি যৎ"—কুমার। "মৃগোঽয়ং সম্প্রতি সমদেশবর্ত্তিনস্তে ন দুরাসদো ভবিষ্যতি"—শকুন্তলা, "ইষ্টপ্রবাসজনিতান্যবলাজনস্য দুঃখানি নূনমতিমাত্র সুদুঃসহানি"—শকুন্তলা; "কিমিবহি দুষ্করমকরুণানাং"—কাদম্বরী। এইসকল উদাহরণে সম্বন্ধ-বিবক্ষায় ষষ্ঠী হইয়াছে। গোয়ীচন্দ্রের মতে কর্ত্তা

৫০। न निष्ठायाः।

क्त-प्रत्ययस्य क्तवतु-प्रत्ययस्य च प्रयोगे षष्ठी न स्यात्।

নিষ্ঠা-প্রত্যয়ের প্রয়োগে ষষ্ঠী বিভক্তি হয় না। যথা, ক্ত—**तेन व्याकरणमधीतम्; मया जलं पीतम्; त्वया चन्द्रो दृष्टः।** ক্তবতু—**स गृहं गतवान्, अहं चन्द्रं दृष्टवान्, त्वं वेदमधीतवान्।**

৫১। क्तस्य वर्त्तमाने।

वर्त्तमान-काल-विहितस्य क्त-प्रत्ययस्य प्रयोगे कर्त्तरि षष्ठी स्यात्।

বর্ত্তমান-কালে বিহিত ক্ত-প্রত্যয়ের প্রয়োগে ষষ্ঠী বিভক্তি হয়। যথা—**राज्ञां मतः, राजभिर्मन्यते इत्यर्थः। सतां पूजितः, सद्भिः पूज्यते इत्यर्थः।** (ক)

৫২। अधिकरणवाचिनश्च।

अधिकरणे विहितस्य क्त-प्रत्ययस्य प्रयोगे षष्ठी स्यात्।

অথবা কর্ম্মের উত্তর যে ষষ্ঠীর বিধান করা হইয়াছে, এই সূত্রের দ্বারা সেই ষষ্ঠীরই নিষেধ হইয়াছে। সম্বন্ধে যে ষষ্ঠী হয়, তাহার নিষেধ করা হয় নাই—সংক্ষিপ্তসার ১৬৯ সূত্র। উক্ত শিষ্ট প্রয়োগ-সমূহ দেখিলে বোধ হয় যে, কালিদাস প্রভৃতি কবিগণের মতে খলর্থ প্রত্যয়ের যোগে বিকল্পে ষষ্ঠী হয়।

(ক) "ন স পুত্রঃ সতাং মতঃ"—মহাভারত। "স্থানং প্রাপ্স্যাম্যশেষাণাং জগতামপি-পূজিতম্"—বিষ্ণুপুরাণ। "বভৌ চ সা তেন সতাং মতেন"—রঘু ২।১৬। "প্রমৃজ্য পুণ্যেন পুরস্কৃতঃ সতাম্"—রঘু ৩।৪১। "বিদিতং বো যথা স্বার্থা ন মে কাশ্চিৎ প্রবৃত্তয়ঃ"—কুমার। "স্বর্গৌকসামর্চ্চিতমর্চ্চয়িত্বা"—কুমার ১।৫৮। "মহতাং ত্বা মহিতং মহীভৃতাম্"—মাঘ ১৬।১৫।

অধিকরণ-কারকে বিহিত ক্ত-প্রত্যয়ের প্রয়োগে ষষ্ঠী বিভক্তি হয়। যথা—**इदमेषां शयितम्, एतदेषामासितम्, इदमेषां गतं, इदमेषां भुक्तम्** । (ক)

৫৩। विभाषा भावे।

भावे वाच्ये विहितस्य क्त-प्रत्ययस्य प्रयोगे कर्त्तरि षष्ठी वा स्यात्।

ভাববাচ্য-বিহিত ক্ত-প্রত্যয়ের প্রয়োগে কর্ত্তায় বিকল্পে ষষ্ঠী বিভক্তি হয় ; পক্ষে তৃতীয়া। যথা—**मम स्नातम्, मया स्नातम्** ;

বর্ত্তমান-কালে ক্ত-প্রত্যয়-বিহিত হইলেও শীলিত প্রভৃতি শব্দের যোগে ৬ষ্ঠী হয় না। যথা শম্ভুনা শীলিতঃ, হরিণা রক্ষিতঃ। শ্রীরাম তর্কবাগীশের মতে কান্ত শব্দের যোগে বিকল্পে ৬ষ্ঠী হয়। যথা—প্রজাভিঃ কান্তঃ প্রজানাং বা। "কান্তো হরিশ্চন্দ্র ইব প্রজানাম্।" ইচ্ছার্থ, পূজার্থ, জ্ঞানার্থ ও গণপাঠে যে সকল ধাতুতে ঞি অনুবন্ধ থাকে, এবং শীল প্রভৃতি ধাতুর উত্তর বর্ত্তমান কালে ক্ত প্রত্যয় হয়। সংক্ষিপ্তসারের মতে ঐ সকল ধাতুর উত্তর বর্ত্তমান এবং অতীত উভয় কালেই ক্ত প্রত্যয় হয়। বর্ত্তমানে ক্ত প্রত্যয় হইলে এই সূত্রানুসারে কর্ত্তায় ৬ষ্ঠী হইবে, কিন্তু অতীত কালে ক্ত প্রত্যয় হইলে কর্ত্তায় তৃতীয়াই থাকিবে। শিষ্ট প্রয়োগ যথা—"পূর্ব্বৈঃ প্রহরণমষ্টবিধমিষ্টম্"—বাৎসায়ন। "অনুপ্রাসধিয়া গৌড়ৈস্তদিষ্টং বন্ধগৌরবম্"—দণ্ডী। এই সকল প্রয়োগে অতীতে ক্ত প্রত্যয় হওয়ায় কর্ত্তায় তৃতীয়া হইয়াছে। ভাগবৃত্তি-মতে "ত্বয়া জ্ঞাতো ময়া জ্ঞাতঃ" এইরূপ প্রয়োগ অসাধু।—সংক্ষিপ্তসার, ১৭৭ সূত্র। দুর্গাদাস অতীতকালে আরও শিষ্ট প্রয়োগ দেখাইয়াছেন। যথা—"পরস্পরেণ বিজ্ঞাতস্তেষূপায়নপাণিষু। রাজ্ঞা হিমবতঃ সারো রাজ্ঞঃ সারো হিমাদ্রিণা"—রঘু ৪।৭৯। "জ্ঞাতো লঙ্কেশ্বর কৃচ্ছ্রাদাপ্তনেয়েন তত্ত্বতঃ"—দণ্ডী। "জনৈরবিদিতোবিভাবো ভবানীপতিঃ"—ভারবি। "স পুণ্যকর্ম্মা ভুবি পূজিতো নৃপৈঃ"—ভুক্রন্ত।

(ক) সকর্ম্মক ধাতুর প্রয়োগে কর্ত্তায় এবং কর্ম্মে উভয়ত্রই ৬ষ্ঠী হয়, যথা—ইদমেষাং ভুক্তমন্নস্য।

মম স্থিতম্, ময়া স্থিতম্ ; মম শয়িতম্, ময়া শয়িতম্ ; মম জাগরিতম্, ময়া জাগরিতম্।

৫৪। কৃত্যানাং কর্ত্তরি বা (পা ২।৩।৭১)

কৃত্য-প্রত্যয়ানাং প্রয়োগে কর্ত্তরি ষষ্ঠী বা স্যাৎ।

কৃত্য-প্রত্যয়ের (ক) প্রয়োগে কর্ত্তায় বিকল্পে ষষ্ঠী বিভক্তি হয় ; পক্ষে তৃতীয়া। যথা—**পুস্তকং তব পাঠ্যম্, ত্বয়া বা ; চন্দ্রো মম দ্রষ্টব্যঃ, ময়া বা ; গুরুস্তস্যার্চ্চনীয়ঃ ; তেন বা।** (খ)

(ক) তব্য, অনীয় য, ণ্যৎ (ঘ্যণ্), ক্যপ্ এবং কেলিম—এই ছয়টীকে কৃত্য-প্রত্যয় বলে। মুগ্ধবোধ-মতে ইহাদের নাম "ল্য"।

(খ) "কর্ত্তৃকর্ম্মণোঃ কৃতি"—এই সূত্রানুসারে যে কোনও কৃৎ-প্রত্যয়ের যোগে কর্ত্তায় অথবা কর্ম্মে ৬ষ্ঠী হইতে পারে। কিন্তু তব্য, অনীয় প্রভৃতি যে ছয়টী কৃৎ-প্রত্যয়কে কৃত্য-প্রত্যয় বলা হয়, তাহাদের প্রয়োগে কর্ম্মে ৬ষ্ঠী হয় না এবং কর্ত্তায় বিকল্পে ৬ষ্ঠী হয়। অতএব কৃত্য ভিন্ন কৃৎ-প্রত্যয়ের যোগে কর্ত্তায় অথবা কর্ম্মে ৬ষ্ঠী, এবং কৃত্য প্রত্যয়ের যোগে কর্ত্তায় বিকল্পে ৬ষ্ঠী ও কর্ম্মে ৬ষ্ঠী নিষেধ—ইহাই সাধারণ নিয়ম। কিন্তু কখন কখন ইহার ব্যতিক্রম দেখা যায়। ৪২ সূত্রের (ক) চিহ্নিত এবং ৪৪ সূত্রের (ক) চিহ্নিত ফুটনোট দেখ। "বৈবস্বতো মনুর্নাম মাননীয়ো মনীষিণাম্"—রঘু ১।১১। "মেনাং মুনীনামপি মাননীয়াম্"—কুমার ১।১৮। ৺রমানাথ সরস্বতী-সঙ্কলিত "ছাত্রবোধ ব্যাকরণে" এই দুইটী "কর্ত্তৃকর্ম্মণোঃ কৃতি" এই সূত্রের উদাহরণ-রূপে প্রদর্শিত হইয়াছে। কিন্তু ঐ দুইটী "কৃত্যানাং কর্ত্তরি বা" এই সূত্রের উদাহরণ হওয়াই সঙ্গত। কারণ মাননীয় শব্দটী মান ধাতুর উত্তর অনীয় প্রত্যয় দ্বারা নিষ্পন্ন। অনীয় প্রত্যয়টী কৃত্য-প্রত্যয়ের অন্তর্গত। অতএব বিকল্প পক্ষে যথাক্রমে মনীষিভিঃ এবং মুনিভিঃ—এইরূপ দুইটী পদ হইতে পারে।

৫৫। কর্ম্মণি জাস্যাদের্হিংসায়াং বা।

জাস্যাদেঃ প্রয়োগে হিংসায়াং গম্যমানায়াং কর্ম্মণি ষষ্ঠী বা স্যাৎ।

"জাসয়াদয়ো জাসি-নাটি-প্রণিহন্তি-পিনষ্টয়ঃ। নিপ্রহন্তি-স্তথা ক্রাথিঃ নিহন্তিঃ প্রহনোঽপি চ" ॥ হিংসা-অর্থ বুঝাইলে জাসি, নাটি, পিষ্, ক্রাথি এবং নি-পূর্ব্বক, প্র-পূর্ব্বক, নি-প্র-পূর্ব্বক অথবা প্র-নি-পূর্ব্বক হন্ ধাতুর কর্ম্মে বিকল্পে ষষ্ঠী বিভক্তি হয়। যথা—**চৌরস্য উজ্জাসয়তি, চৌরং বা; চৌরস্য নাটয়তি, চৌরং বা, অধঃপাতয়তীত্যর্থঃ; শত্রোঃ পিনষ্টি, শত্রুং বা। চৌরস্য ক্রাথয়তি চৌরং বা; নিহন্তি প্রহন্তি নিপ্রহন্তি প্রণিহন্তি চৌরস্য, চৌরং বা।** (ক)

৫৬। বা স্মৃত্যর্থদয়েশাং কর্ম্মণি।

স্মরণার্থ-ধাতোঃ দয়্-ধাতোঃ ঈশ-ধাতোশ্চ কর্ম্মণি ষষ্ঠী বা স্যাৎ।

স্মরণার্থ ধাতু, দয়্ ধাতু ও ঈশ্ ধাতুর কর্ম্মে বিকল্পে ষষ্ঠী বিভক্তি হয়; পক্ষে দ্বিতীয়া। যথা—**পুত্রো মাতুরধ্যেতি মাতরং**

(ক) "নিজৌজসোজ্জাসয়িতুং জগদ্দ্রুহাং"—মাঘ। "ব্রহ্মদ্বিষস্তে প্রণিহম্মি যেন"—ভট্টি ২।৩৫। "অদ্মো দ্বিজান্ দেবযজীন্ নিহন্ম" :—ভট্টি ২।৩৪। এই সূত্রে চুরাদিগণীয় জস, নট ও ক্রথ ধাতু গৃহীত হইয়াছে। জাসি, নাটি ও ক্রাথি—এই প্রকার রূপ না থাকিলে হয় না। যথা—দস্যুমনীনটৎ, বিপ্রম্ অচিক্রথৎ। নাটির পরিবর্ত্তে নট ও ক্রাথির পরিবর্ত্তে ক্রথ রহিয়াছে বলিয়া হইল না। হিংসা না বুঝাইলে হয় না। যথা—ধানাঃ পিনষ্টি।

বা,—অধ্যেতি=স্মরতি। পুত্রো মাতুঃ স্মরতি, মাতরং বা; দাতা দরিদ্রস্য দয়তে, দরিদ্রং বা; পিতা পুত্রস্য ঈষ্টে, পুত্রং বা। (ক)

৫৩। তৃপ্ত্যর্থানাং বিভাষা করণে।

তৃপ্ত্যর্থধাতোঃ করণে ষষ্ঠী বা স্যাৎ।

তৃপ্ত্যর্থ ধাতুর করণ-কারকে বিকল্পে ষষ্ঠী বিভক্তি হয়। যথা—**নাগ্নিস্তৃপ্যতি কাষ্ঠানাম্, পক্ষে কাষ্ঠৈঃ। "অপাং হি তৃপ্তায় ন বারিধারা স্বাদুঃ সুগন্ধিঃ স্বদতে তুষারা"—নৈষধ,** পক্ষে **অদ্ভিঃ।** (খ)

৫৮। অস্তাদস্যাত্যতসুভিঃ।

অস্তাৎ, অসি, আতি ও অতসু প্রত্যয়ের যোগে ষষ্ঠী বিভক্তি হয়। যথা, অস্তাৎ—**পুরস্তাদুদ্যানস্য, অধস্তাৎ মঞ্চস্য।** অসি—**পুরো নগরস্য, অধো বৃক্ষস্য।** আতি—**উত্তরাৎ সমুদ্রস্য, দক্ষিণাৎ হিমাচলস্য।** অতসু—**দক্ষিণতো গ্রামস্য, উত্তরতো গৃহস্য।** (গ)

(ক) "সসীতয়ো রাঘবয়োরধীয়ন্"-ভট্টি ৩।১৮। "মমৈবাধ্যেতি নৃপতিঃ"-ভারবি ১১।৭৪। "উৎকণ্ঠমানো ভরতো গুরূণাম্"-ভট্টি ৩.২৫। "তেষাং দয়সে ন কস্মাৎ"-ভট্টি ২।৩৩। "ঈষ্টে তনুজন্মতনোঃ স নূনং"-নৈষধ ৩।৭৯। "মায়ানামীশিষে"-ভট্টি ৯।৫৭

(খ) "ফলানামলমাশিতাঃ"—ভট্টি ৭।৩৮। "ফলৈর্যেষাশিতম্ভবম্"—ভট্টি ৪।১১।

(গ) অস্তাৎ প্রভৃতি প্রত্যয় গুলি দিক্, দেশ ও কাল অর্থে হইয়া থাকে। অতএব এই সকল প্রত্যয়ান্ত শব্দযোগে ৩৪ সূত্রানুসারে ৫মী হইবার কথা ছিল। এক্ষণে বিশেষ সূত্রদ্বারা ৬ষ্ঠী বিধান করা হইল। পুরস্তাৎ=পূর্ব্ব+অস্তাৎ; অধস্তাৎ=অধর+অস্তাৎ; পুরঃ=পূর্ব্ব+অসি। অধঃ=অধর+অসি। উত্তর, অধর ও দক্ষিণ শব্দের উত্তর

৫৯। কৃত্বসুচ্‌-সুচোঃ কালাধিকরণে।

কৃত্বসুচ্‌-প্রত্যয়স্য সুচ্‌-প্রত্যয়স্য চ প্রয়োগে কালাধিকরণাৎ ষষ্ঠী স্যাৎ।

কৃত্বসু ও সুচ্‌ প্রত্যয়ের প্রয়োগে কালবাচক শব্দের অধিকরণে ষষ্ঠী বিভক্তি (৯) হয়। যথা, কৃত্বসু—**পঞ্চকৃত্বো দিবসস্যাধীতে, সপ্তকৃত্বো দিবসস্যাগচ্ছতি।** সুচ্‌—**দ্বির্দিবসস্য ভুঙ্‌ক্তে, ত্রির্দিবসস্য স্বপিতি।**

৬০। এনপা দ্বিতীয়া চ।

এনপ্‌-প্রত্যয়ান্ত-শব্দেন যোগে দ্বিতীয়া স্যাৎ ষষ্ঠী চ।

এনপ্‌-প্রত্যয়ান্ত শব্দের যোগে ষষ্ঠী ও দ্বিতীয়া বিভক্তি হয়। যথা—**দক্ষিণেন বৃক্ষবাটিকায়াঃ সরঃ, দক্ষিণেন বৃক্ষবাটিকাং সরঃ।** (ক)

আতি হয়। উত্তরাৎ, অধরাৎ, দক্ষিণাৎ। দক্ষিণ ও উত্তর শব্দের উত্তর অতস্‌ হয়। দক্ষিণতঃ, উত্তরতঃ। ঊর্দ্ধ+রি—উপরি, ঊর্দ্ধ+রিষ্টাৎ—উপরিষ্টাৎ (পা-৫।৩২৭ হইতে) ইহাদের যোগেও ষষ্ঠী হয়। যথা—উপরি গ্রামস্য, উপরিষ্টাদ্‌ গ্রামস্য। "তস্যাধস্তাদ্‌ বয়মপি রতাস্তেষু পর্ণোটজেষু"—উত্তরচরিত। "জ্যোৎস্নোপরিষ্টাত্তবনস্য কান্তা"—রাবণার্জ্জুনীয় ৬।৩৭। "উপর্য্যনয়া ভুবনস্য কীর্ণা"—রাবণার্জ্জুনীয় ৬।৩৮। কোন কোন স্থলে ব্যতিক্রমও দেখা যায়। যথা—"কক্ষোণিঃ কূর্পরাদধঃ।"

(৯) বোপদেব ও ক্রমদীশ্বরের মতে বিকল্পে। পক্ষে ৭মী। পাণিনি-মতে নিত্য।

(ক) "অরে দক্ষিণেন বৃক্ষবাটিকামালাপ ইব শ্রূয়তে"—শকুন্তলা। "তত্রাগারং ধনপতিগৃহাদুত্তরেণাস্মদীয়ম্‌"—মেঘদূত। "ধনপতিগৃহাদুত্তরেণ" এইরূপ পাঠে 'উত্তরেণ' এই পদটী 'উত্তর' শব্দের তৃতীয়ার একবচনান্ত (১৮ সূত্র)—এনপ্‌ প্রত্যয়ান্ত নহে।

৬১। तुल्यार्थैस्तृतीया च। (क)

तुल्यार्थैः शब्दैर्योगे तृतीया स्यात्, षष्ठी च।

তুল্যার্থ শব্দের যোগে ষষ্ঠী ও তৃতীয়া বিভক্তি হয়। যথা,—
मम तुल्यः, मया तुल्यः; तव समः, त्वया समः; तस्य सदृशः, तेन सदृशः। (খ)

৬২। आशिषि कुशलादिभिश्चतुर्थी च। (গ)

आशिषि गम्यमानायां कुशलादिभिर्योगे चतुर्थी स्यात्, षष्ठी च।

আশীর্ব্বাদ বুঝাইলে কুশল প্রভৃতি (১০) শব্দের যোগে ষষ্ঠী ও চতুর্থী বিভক্তি হয়। যথা,—**कुशलं देवदत्तस्य भूयात्, कुशलं देवदत्ताय भूयात्; निरामयं देवदत्तस्य भूयात्, निरा-**

(ক) "তুল্যার্থৈরতুলোপমাভ্যাং তৃতীয়াঽন্যতরস্যাম্"—(পা ২।৩।৭২)

(খ) "মাং মন্যতেঽন্যৈঃ সদৃশং নূনং শক্র ভবান্ দ্বিজৈঃ"—বিষ্ণু। "প্রজ্ঞয়া সদৃশাগমঃ, আগমৈঃ সদৃশারম্ভঃ"—রঘু ১।১৫। "কাশ্চিৎ সমা যুবতয়ো নলিনীভিরাসন্"—মাঘ ৬।৮২। তুলা ও উপমা শব্দের যোগে ৩য়া হয় না, কেবল ৬ষ্ঠী হয়। যথা—"গিরিশস্যোপমা নাস্তি নাস্তি লক্ষ্মীপতেস্তুলা"। কেহ কেহ বলেন, তুলা ও উপমা শব্দ সদৃশবাচক হইলে কেবল ৬ষ্ঠী হয়, সাদৃশ্যবাচক হইলে ৩য়া হইতে পারে। যথা—"তুলাং যদারোহতি দন্তবাসসা"—কুমার ৫।৩৪। "স্ফুটোপমং ভূতিসিতেন শম্ভুনা"। তত্ত্ববোধিনী-মতে এই সকল স্থলে সহার্থে তৃতীয়া।

(গ) "চতুর্থী চাশিষ্যায়ুষ্যমদ্রভদ্রকুশলসুখার্থহিতৈঃ"—(পা ২।৩।৭৩)

(১০) কুশলাদি শব্দ যথা,—কুশল, ভদ্র, মদ্র, নিরাময়, হিত, সুখ, শম্, অর্থ, পথ্য, আয়ুষ্য ও এতদর্থক শব্দ।

मयं देवदत्ताय भूयात्; सुखं देवदत्तस्य भूयात्, सुखं देवदत्ताय भूयात्। (क)

६३। दूरान्तिकार्थैः पञ्चमी च। (ख)

दूरार्थैः अन्तिकार्थैश्च योगे पञ्चमी स्यात्, षष्ठी च।
দূরার্থ ও অন্তিকার্থ শব্দের যোগে ষষ্ঠী ও পঞ্চমী বিভক্তি হয়। যথা,—**दूरं ग्रामस्य, दूरं ग्रामात्; अन्तिकं नगरस्य, अन्तिकं नगरात्। "ग्रामाद् ग्रामस्य वा वनं दूरं, विप्रकृष्टं, अन्तिकं, अभ्यासं, निकटं समीपं वा"—काशिका।** (ग)

६४। निमित्तात् हेतुप्रयोगे। (घ)

हेतु-शब्द-प्रयोगे निमित्त-बोधकात् षष्ठी स्यात्।
হেতু-শব্দের প্রয়োগ থাকিলে নিমিত্ত-বোধক শব্দের উত্তর

(ক) "পূরো প্রীতোঽস্মি ভদ্রং তে"—মহা। "ভদ্র মৃগ কুশলং তে"—হিতো। "আয়ুষ্যমস্তু নৃপতেঃ স্বজনায় চাস্তু ভৃত্যব্রজস্য কুশলং সুহৃদে চ ভূয়াৎ। অন্তঃপুরস্য সুখমেব চিরায় চাস্তাং প্রাতর্দ্বিজা জগদুরিত্থমুপেত্য ভূপম্"—রাব ৬।৮৩

(খ) "দূরান্তিকার্থৈঃ ষষ্ঠ্যন্যতরস্যাম্"—(পা ২।৩।৩৪)

(গ) দূরার্থ-শব্দাঃ—"স্যাদ্ দূরং বিপ্রকৃষ্টকম্। দবীয়শ্চ দবিষ্ঠঞ্চ সুদূরম্"—অমরঃ। অন্তিকার্থ-শব্দাঃ—"সমীপে নিকটাসন্নসন্নিকৃষ্টসনীড়বৎ। সদেশাভ্যাসসবিধসমর্যাদ-সবেশবৎ। উপকণ্ঠান্তিকাভ্যর্ণাভ্যগ্রা অপ্যভিতোঽব্যয়ম্"—অমরঃ। "অন্তিকেঽপি স্থিতা পত্যুশ্ছলেনান্যং নিরীক্ষতে"—ভট্টি ৫।১৭। "যস্যোৎসুকায়মানা ত্বং ন প্রতীপায়সেঽন্তিকে" —ভট্টি ৫।৭৪। "দূরং গৃহস্য প্রিয়মীক্ষমাণা…দূরং তথাসৌ ভবনাচ্চ কান্তা"—রাব ৬।৪৪।

(ঘ) "ষষ্ঠী হেতুপ্রয়োগে"—(পা ২।৩।২৬)

ষষ্ঠী বিভক্তি হয় (১১)। যথা,—**অন্নস্য হেতোর্বসতি ; "অল্পস্য হেতোর্বহু হাতুমিচ্ছন্"—রঘু।** (ক)

৬৫। सर्व्वनाम्नस्तृतीया च (पा २।३।२७)

हेतु-शब्द-प्रयोगे निमित्त-बोधकात् सर्व्वनाम्नस्तृतीया स्यात्, षष्ठी च।

হেতু-শব্দের প্রয়োগ থাকিলে নিমিত্ত-বোধক সর্ব্বনাম শব্দের উত্তর ষষ্ঠী ও তৃতীয়া বিভক্তি হয় (১২)। যথা,—**कस्य हेतोः स आगतः, केन हेतुना स आगतः।** (খ)

(১১) বোপদেব ও ভট্টোজিদীক্ষিত এই স্থলে তৃতীয়াদি পাঁচ বিভক্তির বিধান করিয়াছেন।

(ক) "কান্তস্য হেতোর্গৃহদেহভূষাং"—রাব ৬।৩১। "হেতুশব্দেন যুক্তাদুত্তরে ষষ্ঠী ভবতি, হেতু-শব্দাদপি"—গোয়ীচন্দ্র, ১৩১ সূত্র। অর্থাৎ যে শব্দ হেতু-শব্দের সহিত যুক্ত, তাহার উত্তর ৬ষ্ঠী হয়, এবং হেতু-শব্দের উত্তরও ৬ষ্ঠী হয়।

(১২) বোপদেব, ক্রমদীশ্বর ও ভট্টোজিদীক্ষিত প্রথমা প্রভৃতি সাত বিভক্তিরই বিধান করিয়াছেন।

(খ) নিমিত্ত-বোধক শব্দের প্রয়োগে সর্ব্বনাম শব্দের উত্তর সকল বিভক্তি হয়। যথা—কো হেতুঃ, কং হেতুং, কেন হেতুনা ইত্যাদি। কিং নিমিত্তং, কেন নিমিত্তেন ইত্যাদি। কঃ অর্থঃ, কম্ অর্থম্ ইত্যাদি। "স কস্য হেতোঃ সখি নাগতোঽস্য ত্বং হেতুনা কেন চিরাদুপেতা"—রাব ৬।৩২

"সংক্ষিপ্তসার" হইতে ৬ষ্ঠী বিভক্তির আরও কতকগুলি সূত্র নিম্নে লিখিত হইল। দক্ষিণদিকে বন্ধনীর অন্তর্গত সংখ্যাগুলিকে সংক্ষিপ্তসারের কারক-প্রকরণের সূত্রাঙ্ক বুঝিতে হইবে।

১। "কর্ম্মাদিবিষয়েঽপ্যবিবক্ষিতে কর্ম্মাদৌ সম্বন্ধবিবক্ষায়াং ষষ্ঠ্যেব" (১৩০)।—

সপ্তমী।

৫৫। সপ্তম্যধিকরণে (পা ২।৩।৩৬)

অধিকরণে সপ্তমী স্যাৎ।

কর্ম্মাদি-কারক-স্থলেও যদি কর্ম্মাদি বিবক্ষিত না হয়, তাহা হইলে সেই সেই স্থলে সম্বন্ধ-বিবক্ষায় ৬ষ্ঠীই হইয়া থাকে। যথা—"মাষাণামশ্নীয়াৎ"—ভাষ্য। "ন চ স্নিহ্যতি কস্যচিৎ"—ভট্টি। "সা লক্ষ্মীরুপকুরুতে যয়া পরেষাম্'—ভারবি। "নারায়ণস্যানুকরোতি"। "ঘৃতস্য পূর্ণম্"; "মধুন ইব তথেবাপূর্ণমদ্যাপি ভাতি"—মাঘ। "তস্য পদয়োর্ভজে"—বোপদেব।

২। "গুণোৎকর্ষে কৃঞঃ" (১৪৩)।—গুণান্তরোৎপাদন বুঝাইলে কৃ-ধাতুর কর্ম্মে বিকল্পে ৬ষ্ঠী হয়। যথা—পটস্য উপস্কুরুতে পটং বা।

৩। "রুজার্থস্য স্বার্থকর্তৃত্বে" (১৪৪)।—যদি ভাব-প্রত্যয়ান্ত রোগাদি-পদ কর্ত্তা হয়, তাহা হইলে রোগার্থক ধাতুর কর্ম্মে বিকল্পে ৬ষ্ঠী হয়। যথা, রোগো রুজতি চৌরস্য চৌরং বা, আমঃ আময়তি চৌরস্য চৌরং বা। রোগাদি-পদ কর্ত্তা না হইলে হয় না। যথা—নদী কূলং রুজতি।

৪। "ন জ্বরি-সন্তাপ্যোঃ" (১৪৫)।—জ্বরি ও সং-পূর্ব্বক তাপি-ধাতুর প্রয়োগে পূর্ব্বোক্ত নিয়মানুসারে কর্ম্মে ৬ষ্ঠী হয় না। যথা—চৌরং জ্বরয়তি জ্বরঃ, চৌরং সন্তাপয়তি সন্তাপঃ। চান্দ্রব্যাকরণ-মতে—চৌরস্য সন্তাপয়তি।

৫। "আশিষি নাথঃ" (১৪৬)।—আশীর্ব্বাদ বুঝাইলে নাথ-ধাতুর কর্ম্মে বিকল্পে ৬ষ্ঠী হয়। যথা—নাথতে পুত্রস্য পুত্রং বা (পুত্রহীন ব্যক্তি পুত্রের প্রার্থনা করিতেছে)। আশীর্ব্বাদ না বুঝাইলে হয় না। যথা,—প্রিয়ং নাথতি যাচতে ইত্যর্থঃ।

৬। "ব্যবহৃঞ্-পণোর্ব্যবহারে" (১৪৯)।—ব্যবহার অর্থাৎ দ্যূত অথবা ক্রয়-বিক্রয় অর্থ বুঝাইলে বি+অব+হৃ ধাতুর এবং পণ-ধাতুর কর্ম্মে বিকল্পে ৬ষ্ঠী হয়। যথা—ব্যবহরতি শতস্য শতং বা, পণতে শতস্য শতং বা। অন্য অর্থে হয় না। যথা, শলাকাং ব্যবহরতি, গণয়তীত্যর্থঃ। ব্রাহ্মণান্ পণায়তি, স্তৌতীত্যর্থঃ।

৭। "সোপসর্গস্য দিবঃ" (১৫০)।—ব্যবহার-অর্থ বুঝাইলে উপসর্গ-সহিত দিব্-ধাতুর কর্ম্মে বিকল্পে ৬ষ্ঠী হয়। যথা—প্রতিদীব্যতি শতস্য শতং বা। উপসর্গ-হীন হইলে নিত্য

অধিকরণ-কারকে সপ্তমী বিভক্তি হয়। যথা,—**गृहे तिष्ठति, शय्यायां शेते, नद्यां स्नाति।**

৫৩। **यस्य च भावेन भावलक्षणम्** (পা ২।৩।৩৭)

"यस्य क्रियया क्रियान्तरं लक्ष्यते ततः सप्तमी स्यात्" सिद्धान्तकौमुदी।

যাহার ক্রিয়ার কাল দ্বারা অন্য ক্রিয়ার কাল নিরূপিত হয়, তাহার উত্তর সপ্তমী বিভক্তি হয়। যথা,—**रवावस्तं गते गतः, रवेरस्तगमनसमकालं गत इत्यर्थः** (ক); **विधावुदिते समागतः, विधूदयसमकालं समागत इत्यर्थः; रजन्यां प्रभातायां प्रस्थितः, रजनीप्रभातसमकालं प्रस्थित इत्यर्थः।**

৬ষ্ঠী হয়। যথা—শতস্য দীব্যতি। ব্যবহার ভিন্ন অর্থে হয় না। যথা—ব্রাহ্মণান্ দীব্যতি, স্তৌতীত্যর্থঃ।

৮। "জ্ঞোঽবোধার্থস্য করণাৎ" (১৫২)।—জ্ঞান ভিন্ন অর্থ বুঝাইলে জ্ঞা-ধাতুর করণ-কারকে বিকল্পে ৬ষ্ঠী হয়। যথা—মধুনো জানীতে মধুনা বা, মধুনা প্রবর্ত্ততে ইত্যর্থঃ। জ্ঞান বুঝাইলে হয় না। যথা—চক্ষুষা জানাতি।

৯। "ণকস্তুমর্থে প্রায়ঃ"—তুম্-প্রত্যয়ের অর্থে বিহিত ণক-প্রত্যয়ের যোগে কর্ম্মে প্রায়ই ৬ষ্ঠী হয় না। যথা—ভক্তং ভোজকো ব্রজতি, ভোক্তুমিত্যর্থঃ। কোন কোন স্থলে ৬ষ্ঠী হয়। যথা—বর্ষশতস্য পূরকো জীবতি, বর্ষশতং পূরয়িতুমিত্যর্থঃ। পুত্রপৌত্রাণাং দর্শকোঽস্মি।

(ক) এস্থলে রবির অস্ত-গমন-ক্রিয়ার কাল-দ্বারা গমন-ক্রিয়ার কাল নিরূপিত হইতেছে, এই হেতু রবি-শব্দের উত্তর ৭মী হইল, রবির বিশেষণ বলিয়া গত-শব্দেও ৭মী হইল। অন্যান্য উদাহরণেও এইরূপ বুঝিতে হইবে। ইহাকেই 'ভাবে সপ্তমী' বা 'সতি-সপ্তমী' বলে। "বচস্যবসিতে তস্মিন্ সসর্জ্জ গিরমাত্মভূঃ"—কুমার। "তস্মিন্ বনং গোপ্তরি গাহমানে"—রঘু। "নীতে সমাপ্তিং নবচূতবাণে"—কুমার। "সিদ্ধে কার্য্যে সমং ফলম্"—

६८। साधुनिपुणाभ्यामर्चायाम्। (क)

प्रशंसायां गम्यमानायां साधु-शब्देन निपुण-शब्देन च योगे सप्तमी स्यात्।

প্রশংসা বুঝাইলে সাধু ও নিপুণ শব্দের যোগে সপ্তমী বিভক্তি হয় (খ)। যথা,—**व्याकरणे साधुः, साहित्ये निपुणः** (১৩)।

६९। क्तस्य सहेनिना कर्म्मणि। (ग)

इनि-प्रत्यय-सहितस्य क्त-प्रत्ययस्य प्रयोगे कर्म्मणि सप्तमी स्यात्।

ইনি-প্রত্যয়-সহিত ক্ত-প্রত্যয়ের প্রয়োগে কর্ম্মে সপ্তমী বিভক্তি হয়। (ঘ) যথা,—**अधीतमनेन अधीती व्याकरणे।**

হিতো। "সন্ধ্যাগমে যা দয়িতস্য যাতা সৈকাকিনী তদ্বিরতাবুপৈতি"—রাব ৬।৪৮। "ধনে সুখম্"—ধনে সতি সুখং ভবতীত্যর্থঃ।

(ক) "সাধুনিপুণাভ্যামর্চ্চায়াং সপ্তম্যপ্রতেঃ"—(২।৩।৪৩)

(খ) প্রতি, অনু ও পরি শব্দের যোগে হয় না। যথা—সাধুর্নিপুণো বা মাতরং প্রতি, পরি অনু বা। প্রশংসা না বুঝাইলে হয় না। যথা—রাজ্ঞো নিপুণঃ সাধুর্বা ভৃত্যঃ।

(১৩) বোপদেব-মতে ষষ্ঠী ও সপ্তমী উভয়ই হয়। কিন্তু শ্রীরামতর্কবাগীশের মতে প্রশংসার্থে ৭মী এবং অপ্রশংসার্থে ৬ষ্ঠী।

(গ) "ক্তস্যেন্বিষয়স্য কর্ম্মণ্যুপসংখ্যানম্"—(বা ১৪৮৫)।

(ঘ) ক্ত-প্রত্যয়ান্ত শব্দের যাহা কর্ম্ম ছিল, ইনি-প্রত্যয়-যুক্ত ক্ত-প্রত্যয়ের প্রয়োগ হইলে ঐ কর্ম্মে ৭মী হয়। যথা—ব্যাকরণমধীতম্ অনেন—এই বাক্যে অধীত শব্দের উত্তর ইনি প্রত্যয় হওয়ায় 'অধীতী' এইরূপ হইল। ক্ত-প্রত্যয়ান্ত অধীত-পদের কর্ম্ম ব্যাকরণ। অতএব ব্যাকরণ-শব্দে ৭মী হইল। অন্যান্য উদাহরণেও এইরূপ বুঝিতে হইবে। "কৃতী শ্রুতী বৃদ্ধমতেষু ধীমান্"—ভট্টি ৩।৫২

৩০। अध्वनो व्यवधौ प्रथमा च। (ক)

व्यवधाने गम्यमाने अध्ववाचकात् प्रथमा स्यात्, सप्तमी च।
ব্যবধান বুঝাইলে অধ্ববাচক শব্দের উত্তর সপ্তমী ও প্রথমা বিভক্তি হয়। যথা,—**ग्रामो वनात् पञ्चसु क्रोशेषु पञ्च क्रोशा वा, पञ्चक्रोशव्यवधाने विद्यते इत्यर्थः; प्रयागः पाटलिपुत्रात् दशसु योजनेषु दश योजनानि वा, दशयोजनव्यवधाने विद्यते इत्यर्थः।** (খ)

৩১। प्रसितोत्सुकाभ्यां तृतीया च। (पा २।३।४४)

आभ्यां योगे तृतीया स्यात्, सप्तमी च।
প্রসিত ও উৎসুক শব্দের যোগে সপ্তমী ও তৃতীয়া বিভক্তি হয়। যথা,—**धनेषु प्रसितः, धनैः प्रसितः; धनविषये नित्यं तत्पर इत्यर्थः। विद्यायामुत्सुकः, विद्ययोत्सुकः।** (গ)

(ক) "যতশ্চাধ্বকালনির্ম্মাণং তত্র পঞ্চমী"—(বা ১৪৭৭); "তদ্‌যুক্তাদধ্বনঃ প্রথমা-সপ্তম্যৌ"—(বা ১৪৭৯)।

(খ) মুগ্ধবোধ-মতে সীমাদ্বয়-মধ্যবর্ত্তি-মার্গ-পরিমাণ-বাচক শব্দের উত্তর, 'অন্ত' অর্থ বুঝাইলে ১মা ও ৭মী হয়। গ্রামো বনাৎ পঞ্চক্রোশান্তে বিদ্যতে ইত্যর্থঃ। 'অন্ত' না বুঝাইলে ৭মী হয় না। যথা—গঙ্গাযমুনয়োর্মধ্যে কতি ক্রোশাঃ।

(গ) "তৎপরে প্রসিতাসক্তৌ"—ইত্যমরঃ। প্রসিত-শব্দের তৎপর ভিন্ন অর্থ বুঝাইলে হয় না। অতএব "প্রকর্ষেণ সিতঃ শুক্লঃ" এই অর্থে হইবে না—তত্ত্ববোধিনী। "ইষ্টে অভিযুক্ত উৎসুকঃ"—গোয়ীচন্দ্র। "মনো নিয়োগক্রিয়য়োৎসুকং মে"—রঘু ৫।১১। "অশ্নীত পিবতীয়ন্তী প্রসিতা স্মরকর্ম্মণি"—ভট্টি ৫।৯২। "ভবতা পর্য্যুৎসুকত্বম্"—রঘু ৫।৬৭

৩২। क्रियान्तःकालाध्वनोः पञ्चमी च। (ক)

क्रियाद्वयमध्यवर्त्तिनः कालात् अध्वनश्च पञ्चमी स्यात्, सप्तमी च।

দুই ক্রিয়ার মধ্যবর্ত্তী অধ্ব-বাচক ও কাল-বাচক শব্দের উত্তর সপ্তমী ও পঞ্চমী বিভক্তি হয়। যথা, কাল-বাচক—**अयमद्य भुक्त्वा द्व्यहे द्व्यहाद्वा भोक्ता**; অধ্ববাচক—**अयमिह स्थित्वा क्रोशे क्रोशाद्वा लक्ष्यं विध्येत्।** (খ)

৩৩। दूरान्तिकार्थेभ्यो द्वितीयातृतीया-पञ्चम्यश्च। (গ)

दूरार्थात् अन्तिकार्थाच्च द्वितीया-तृतीया-पञ्चमी-सप्तम्यः स्युः। দূরার্থ ও অন্তিকার্থ শব্দের উত্তর দ্বিতীয়া, তৃতীয়া, পঞ্চমী ও সপ্তমী বিভক্তি হয়। যথা,—**दूरं ग्रामस्य, दूरेण ग्रामस्य, दूरात् ग्रामस्य, दूरे ग्रामस्य; अन्तिकं गृहस्य, अन्तिकेन गृहस्य, अन्तिकात् गृहस्य, अन्तिके गृहस्य।** বিশেষণ হইলে হয় না। যথা,—**दूरो ग्रामः, दूरः पन्थाः।** (ঘ)

(ক) "সপ্তমীপঞ্চম্যৌ কারকমধ্যে"—(পা ২।৩।৭)

(খ) দুইটী ভোজন-ক্রিয়ার মধ্যবর্ত্তী কাল বলিয়া দ্ব্যহ-শব্দে ৫মী ও ৭মী হইল। এইরূপ স্থিতি ও লক্ষ্যবেধ এই দুই ক্রিয়ার মধ্যবর্ত্তী পথের পরিমাণ-বাচক ক্রোশ-শব্দে ৫মী ও ৭মী হইল। "প্রাচ্যাং স্থিতঃ শীতকরঃ করাগ্রৈর্ব্যদ্যোতয়ৎ ক্রোশশতে দিগন্তান্। চন্দ্রোদয়ে লোকমনাংসি কামঃ কাপি স্থিতঃ ক্রোশশতাদবিধ্যৎ"।—রাব ৭।৫

(গ) "দূরান্তিকার্থেভ্যো দ্বিতীয়া চ"—(পা ২।৩।৩৫)

(ঘ) "রজঃকণৈঃ খুরোদ্ধূতৈঃ স্পৃশদ্ভির্গাত্রমন্তিকাৎ"—রঘু ১।৮৫; "অসহ্যবিক্রমঃ

৭৪। ষষ্ঠী চানাদরে (পা ২।৩।৩৮)

ক্রিয়য়া অবজ্ঞায়াং গম্যমানায়াম্ অবজ্ঞেয়াত্ ষষ্ঠী-সপ্তম্যৌ স্যাতাম্।

ক্রিয়া দ্বারা অবজ্ঞা বুঝাইলে অবজ্ঞেয়ের (ক) উত্তর ষষ্ঠী ও সপ্তমী বিভক্তি হয়। যথা,—**রুদতঃ শিশোর্জগাম ; রুদতি শিশৌ জগাম, রুদন্তং শিশুমনাদৃত্যেত্যর্থঃ।** (খ)

৭৫। স্বামীশ্বরাধিপতিদায়াদসাক্ষিপ্রতিভূপ্রসূতৈশ্চ। (গ)

সাক্ষিপ্রভৃতিভির্যোগে ষষ্ঠী-সপ্তম্যৌ স্যাতাম্।

সাক্ষিন্, প্রতিভূ, কুশল, স্বামিন্, ঈশ্বর, অধিপতি, প্রসূত, আযুক্ত, দায়াদ,—এই সকল শব্দের যোগে ষষ্ঠী ও সপ্তমী বিভক্তি হয়। যথা,—**বিবাদস্য সাক্ষী, বিবাদে সাক্ষী ; ব্যবহারস্য**

সহং দূরান্মুক্তমুদন্বতা"—রঘু ৪।৫২; "বসন্নদূরে খলু চন্দ্রমৌলেঃ"—রঘু ৬।৩৪; "অন্তিকেঽপি স্থিতা পত্যুঃ"—ভট্টি ৫।১৭; "দূরং স মেনেঽভ্যধিকম্"—রাব ৬।৪৬

(ক) অবজ্ঞেয় অর্থাৎ যাহার প্রতি অবজ্ঞা প্রদর্শন করা হয়। শিশুর প্রতি অবজ্ঞা করা হইল বলিয়া শিশু-শব্দে ৬ষ্ঠী এবং ৭মী হইল। রুদৎ-শব্দটী শিশুর বিশেষণ বলিয়া ইহাতেও এইরূপ হইল।

(খ) "ব্যাবর্ত্তিষ্ট ক্রোশতঃ সখ্যুরুচ্চৈঃ"—মাঘ ১৮।৬৪; ক্রোশন্তং সখায়মনাদৃত্য ইত্যর্থঃ। জাতবেদোমুখান্মায়ী মিষতামাচ্ছিনত্তি নঃ"—কুমার ২।৪৬; পশ্যতঃ অস্মান্ অনাদৃত্য ইত্যর্থঃ। "পশ্যতস্তে মরিষ্যামি রামো যদ্যভিষিচ্যতে।"—রামা; পশ্যন্তং ত্বামনাদৃত্য ইত্যর্থঃ। "নার্য্যা রুদত্যাঃ প্রযযৌ রুষাঙ্গঃ সখ্যাং নতায়ামপি নৈব তস্থুঃ"—রাব ৬।৪৯; রুদতীং নারীং নতাং সখীঞ্চ অনাদৃত্য ইত্যর্থঃ।

(গ) "স্বামীশ্বরাধিপতিদায়াদসাক্ষিপ্রতিভূপ্রসূতৈশ্চ"—(পা ২।৩।৩৯)

प्रतिभूः, व्यवहारे प्रतिभूः ; मीमांसायाः कुशलः, मीमांसायां कुशलः ; स्त्रियाः प्रसूतः, स्त्रियां प्रसूतः । (ক)

৩৬। यतश्च निर्द्धारणम् (पा २।३।४१)

"जाति-गुण-क्रिया-संज्ञाभिः समुदायादेकदेशस्य पृथक्-करणं निर्द्धारणम्। यतो निर्द्धारणं ततः षष्ठी-सप्तम्यौ स्तः।"
—सिद्धान्तकौमुदी।

জাতি, গুণ, ক্রিয়া অথবা সংজ্ঞা দ্বারা সমস্ত সজাতীয় হইতে একের যে পৃথক্-করণ, তাহাকে নির্দ্ধারণ কহে। যাহা হইতে নির্দ্ধারণ করা যায়, তাহার উত্তর সপ্তমী ও ষষ্ঠী বিভক্তি হয়।

(ক) গবাং স্বামী, গোষু স্বামী। সর্ব্বেষাম্ ঈশ্বরঃ, সর্ব্বেষু ঈশ্বরঃ। দায়মাদত্তে ইতি দায়াদো জ্ঞাতিঃ। কৃষ্ণো যাদবানাং যাদবেষু বা দায়াদঃ।—"গবাং গোষু বা দায়াদঃ—গবাত্মকস্য অংশস্য আদাতা ইত্যর্থঃ"—তত্ত্ববোধিনী। সর্ব্বেষাং সর্ব্বেষু বা অধিপতিঃ। প্রতিভূ=জামিন। স তস্য তস্মিন্ বা প্রতিভূঃ। কেবল "তৎপরতা" অর্থ বুঝাইলেই কুশল ও আযুক্ত শব্দের যোগে ৬ষ্ঠী ও ৭মী হয়, তদ্ভিন্ন অর্থে কেবল ৭মী হইয়া থাকে। ভক্তঃ শিবপূজায়াঃ শিবপূজায়াং বা কুশলঃ আযুক্তো বা—তৎপর ইত্যর্থঃ। "আযুক্তো ব্যাপারিতঃ"—সিদ্ধান্তকৌমুদী। "আযুক্তঃ কটকরণস্য, আযুক্তঃ কটকরণে, ব্যাপৃতস্তৎপর ইত্যর্থঃ"—সংক্ষিপ্তসার। তৎপরতা না বুঝাইলে ৬ষ্ঠী হয় না। যথা—"কলাসু কুশলঃ। রথেম্বাযুক্তোঽশ্বঃ—নিবদ্ধ ইত্যর্থঃ"—শ্রীরামতর্কবাগীশ।

"রূপেণ দায়াদমিব স্মরস্য শ্রিয়াপি দায়াদমিবোড়ুনাথে। প্রভুর্যথাসৌ ময়ি তদ্বদেনং ক্ষমানয়ন্তীহ ভব প্রভুর্মে। স এব সাক্ষী ময়ি বস্নভত্বে সাক্ষী চ মে বিদ্ধ্যয়মন্তরাত্মা। ভূয়ঃ করিষ্যামি ন তস্য মানং নয়ত্র কার্য্যে প্রতিভূর্ময়ি ত্বম্। তথাপি কিং চিন্তয়সি প্রযাহি ত্বয়া সমানঃ প্রতিভূঃ কুতো মে। চিত্তে প্রসূতেন মনোভুবাহং…ইন্দোঃ প্রসূতৈশ্চ ময়ূখপাতৈঃ…।"—রাব ৬।৫২-৫৫

যথা, জাতি দ্বারা—**মনুষ্যেষু ক্ষত্রিয়: শূর:, মনুষ্যাণাং ক্ষত্রিয়: শূর:** ; গুণ দ্বারা—**গোষু কৃষ্ণা বহুক্ষীরা, গবাং কৃষ্ণা বহুক্ষীরা** ; ক্রিয়া দ্বারা—**অধ্বগেষু ধাবন্ত: শীঘ্রগামিন:, অধ্বগানাং ধাবন্ত: শীঘ্রগামিন:** ; সংজ্ঞা দ্বারা—**ছাত্রেষু মৈত্র: প্রবীণ:, ছাত্রাণাং মৈত্র: প্রবীণ:**। (ক)

৩৩। নিমিত্তাৎ কর্ম্মযোগে (বা ১৪৯০)

নিমিত্তমিহ ফলম্। "ক্রিয়ায়া নিমিত্তং যদি কর্ম্মণা সংযুক্তং স্যাৎ, তদা তস্মাৎ নিমিত্তাৎ সপ্তমী স্যাৎ"—দুর্গাদাস:।

কর্ম্মের সহিত যোগ থাকিলে নিমিত্ত-বোধক শব্দের উত্তর নিত্য সপ্তমী হয়। যথা,—**"চর্ম্মণি দ্বীপিনং হন্তি দন্তয়োর্হন্তি কুঞ্জরম্। কেশেষু চমরীং হন্তি সীম্নি পুষ্কলকো হত:॥"—মহাভাষ্যম্। বস্ত্রেষু রজকমবধীৎ কৃষ্ণ:।** (খ)

(ক) বোপদেব-মতে নির্দ্ধারে ৫মী, ৬ষ্ঠী ও ৭মী তিনই হয়। "নরাণাং নরেষু নরেভ্যো বা ক্ষত্রিয়: শূরতম:"—শ্রীরামতর্কবাগীশ। অন্যান্য উদাহরণেও এইরূপ বুঝিতে হইবে। ৩১ সূত্রের ফুট্‌নোট্ দেখ। "উনং ন সত্ত্বেষধিকো ববাধে"—রঘু ২।১৪ ; "অর্থামর্থপতির্বাচমাদদে বদতাং বর:"—রঘু ১।৫৯ ; "পুষ্পেষু জাতির্নগরেষু কাঞ্চী নারীষু রম্ভা পুরুষেষু বিষ্ণু:। নদীষু গঙ্গা নরপেষু রাম: কাব্যেষু মাঘ: কবিকালিদাস:।

(খ) বিদ্যাসাগর মহাশয় সূত্রটি এইরূপ করিয়াছিলেন—"নিমিত্তাৎ কর্ম্মসমবায়ে বিভাষা"। আমরা ইহার পরিবর্ত্তে "নিমিত্তাৎ কর্ম্মযোগে" এই ১৪৯০ সংখ্যক পাণিনীয় বার্ত্তিক সন্নিবেশিত করিয়াছি। তাহার কারণ—(১) সূত্রটীকে যদি সরল ও সংক্ষিপ্ত করিতে পারা যায়, তাহা হইলে ইহাকে বৃথা বর্দ্ধিত করা উচিত নহে। (২) পাণিনীয় সূত্র ও বার্ত্তিকই সুধীসমাজে সমধিক আদরণীয়। কিন্তু

কারক।

৩৮। ক্রিয়ান্বয়ি কারকম্।

সূত্রগুলিকে সরল করিবার জন্য অনেক সময়ে ইহাদের পরিবর্ত্তন আবশ্যক হয়। (৩) বিদ্যাসাগর মহাশয়ের সূত্রে দোষও রহিয়াছে। দোষের বিষয় বিশদরূপে বিবৃত হইতেছে। প্রথমতঃ, সিদ্ধান্তকৌমুদীতে উক্ত হইয়াছে—"নিমিত্তাৎ কর্ম্মযোগে" —নিমিত্তমিহ ফলম্, যোগঃ সংযোগসমবায়াত্মকঃ। অর্থাৎ নিমিত্ত-শব্দে এখানে 'ফল' বুঝিতে হই'বে। যোগ অর্থাৎ সংযোগ ও সমবায়। বিদ্যাসাগর মহাশয় কেবল সমবায়ের কথাই বলিযাছেন, সংযোগের কথা বলেন নাই। সংযোগ ও সমবায়ের মধ্যে বিলক্ষণ প্রভেদ আছে। নৈয়ায়িকদিগের মতে—"ঘটাদীনাং কপালাদৌ দ্রব্যেষু গুণকর্ম্মণোঃ। তেষু জাতেশ্চ সম্বন্ধঃ সমবায়ঃ প্রকীর্ত্তিতঃ।" ইহা হইতে জানা যায় যে, অবয়ব ও অবয়বীর মধ্যে যে সম্বন্ধ, তাহাই সমবায়। অতএব "চর্ম্মণি দ্বীপিনং হন্তি" ইত্যাদি প্রয়োগ সঙ্গত হয়, কারণ দ্বীপী অবয়বী এবং চর্ম্ম অবয়ব। দ্বীপীর সহিত চর্ম্মের সমবায়-সম্বন্ধ। চর্ম্মই নিমিত্ত অর্থাৎ দ্বীপিবধের ফল। নিমিত্তের সহিত কর্ম্মের সমবায়-সম্বন্ধ রহিয়াছে, এইজন্য চর্ম্মন্ শব্দে ৭মী হইল। কিন্তু বোপদেব উদাহরণ দিয়াছেন—"বস্ত্রেষু রজকমবধীৎ কৃষ্ণঃ।" এস্থলে রজক কর্ম্ম এবং বস্ত্রই নিমিত্ত অর্থাৎ রজক-বধের ফল। রজকের সহিত বস্ত্রের সংযোগ-সম্বন্ধ, সমবায় নহে। অতএব বিদ্যাসাগর মহাশয়ের মতে বোপদেবের উদাহরণ অসঙ্গত হইয়া যায়। কিন্তু বোপদেবের উদাহরণ, পাণিনি ও সংক্ষিপ্তসার ব্যাকরণের বিরোধী নহে। বিশেষতঃ সিদ্ধান্ত-কৌমুদীতে সংযোগ-সম্বন্ধ হইলেও ৭মী হইবে, ইহা স্পষ্টই বলা হইয়াছে। দ্বিতীয়তঃ, বিদ্যাসাগর মহাশয় বিকল্পে ৭মীর বিধান করিয়াছেন। ইহাও পাণিনি, সংক্ষিপ্তসার এবং মুগ্ধবোধ-বিরুদ্ধ। এই তিন ব্যাকরণের মতেই নিত্য ৭মী হয়। অতএব বিকল্প-বিধানও সঙ্গত হয় নাই। তৃতীয়তঃ, বিদ্যাসাগর মহাশয়ের মতে বিকল্প-পক্ষে ৪র্থী হইবে। সেই জন্য বিকল্প-পক্ষে "মুক্তাফলায় করিণং" ইত্যাদি উদাহরণ দেখাইয়াছেন, ইহাও সঙ্গত নহে। কারণ কৈয়ট, ভট্টোজিদীক্ষিত, গোযীচন্দ্র ও শ্রীরামতর্কবাগীশ এই চারি জন স্পষ্টই বলিয়াছেন—হেতু-অর্থে তৃতীয়ার প্রাপ্তি ছিল, এক্ষণে ৭মীর বিধান করা

ক্রিয়য়া সহ যস্যান্বয়োঽস্তি তৎ কারকসংজ্ঞং স্যাৎ।

হইল। অতএব ইহা হইতে স্পষ্ট বুঝা যাইতেছে যে, যদিও ইহার বিকল্প-পক্ষ সম্ভবপর হয়, তাহা হইলেও ৪র্থী হইবে না, হেতু-অর্থে তৃতীয়া হইবে। চতুর্থতঃ, বিদ্যাসাগর মহাশয় স্বয়ং ফুট্‌নোটে লিখিয়াছেন—"বৈয়াকরণেরা কেবল ৭মী বিধান করিয়া "মুক্তাফলায় করিণং" ইত্যাদিকে অপপ্রয়োগ বলেন"। বৈয়াকরণেরা যে স্থলে কেবল ৭মী বিধান করেন, বিদ্যাসাগর মহাশয় কেন সে স্থলে বিকল্পে ৭মী বিধান করিলেন, এবং বৈয়াকরণেরা যাহাকে অপপ্রয়োগ বলেন, বিদ্যাসাগর মহাশয় সাধু প্রয়োগ মনে করিয়া কেনই বা তাহাকে মূলে সন্নিবেশিত করিলেন, তাহা আমরা ভাল বুঝিতে পারি নাই। এইজন্য আমাদিগকে তাঁহার কৃত সূত্রে হস্তক্ষেপ করিতে হইয়াছে।)

"সীম্নি পুষ্কলকো হতঃ"—সীমা অণ্ডকোষঃ, পুষ্কলকো গন্ধমৃগঃ। নিমিত্ত-বাচক শব্দ না থাকিলে হয় না। যথা—খড়্গেন রজকং হন্তি। কর্ম্মের সহিত যোগ না থাকিলে হয় না। যথা—বস্ত্রেণ রজকো মৃতঃ। এস্থলে কর্ম্মই নাই। বেতনেন ধান্যং লুনাতি—এস্থলে বেতনের সহিত ধান্যের সংযোগ নাই বলিয়া হইল না।—কৈয়ট।

"হন্তেঃ কর্ম্মণ্যুপষ্টম্ভাৎ প্রাপ্তুমর্থে তু সপ্তমীম্। চতুর্থীবাধিকামাহুশ্চূর্ণি-ভাগুরি-বাভটাঃ"।—ভর্ত্তৃহরি। অর্থাৎ চূর্ণি, ভাগুরি ও বাভটের মতে হন্-ধাতুর কর্ম্মের সহিত উপষ্টম্ভাখ্য-সংযোগ বুঝাইলে এবং 'প্রাপ্তুম্' এইরূপ অর্থের প্রতীতি হইলে, হন্-ধাতুর কর্ম্মের সহিত যাহার সংযোগ বুঝাইবে, তাহার উত্তর ৭মী হইবে, এবং এই ৭মী, ৪র্থীর বাধিকা। জগদীশ তর্কালঙ্কার "শব্দশক্তি-প্রকাশিকায়" এই কবিতাটী উদ্ধৃত করিয়া বলেন—এই নিয়মানুসারে "চর্ম্মণি দ্বীপিনং হন্তি" এস্থলে চর্ম্মন্ শব্দে ৭মী হইল; চর্ম্ম প্রাপ্তুং দ্বীপিনং হন্তীত্যর্থঃ। দ্বীপীর সহিত চর্ম্মের উপষ্টম্ভাখ্য সংযোগ আছে। "বিত্তায় বিপ্রং হন্তি"—এস্থলে বিপ্রের সহিত বিত্তের সংযোগ থাকিলেও বিত্ত বিপ্রে উপষ্টব্ধ নহে। কারণ প্রাণিগণের দন্ত, কেশ, ত্বক্ প্রভৃতিতেই উপষ্টম্ভাখ্য সংযোগ স্বীকৃত হইয়া থাকে। "মুক্তা-ফলায় করিণং হরিণং পলায়, সিংহং নিহন্তি ভুজবিক্রমসূচনায়। কা নীতিরীতিরিয়তী রঘুবংশবীর শাখামৃগে জয়তি যস্তব বাণমোক্ষঃ।" ইত্যাদি স্থলে মুক্তাফল করীতে উপষ্টব্ধ হইলেও 'প্রাপ্তুম্' এইরূপ অর্থ না থাকায় ৭মী হইল না। এস্থলে "প্রাপ্তুম্" এর পরিবর্ত্তে "আহর্ত্তুম্" এইরূপ অর্থ। ইহাই জগদীশের মত। বিদ্যাসাগর মহাশয়ও আংশিক-রূপে এই মত অবলম্বন করিয়াছেন। কিন্তু সুধীসমাজে জগদীশের মত আদৃত হয় নাই।

ক্রিয়ার সহিত যাহার অন্বয় হয়, তাহাকে কারক বলে।

বিশেষতঃ "চর্ম্ম প্রাপ্তুম্" এবং "মুক্তাফলম্ আহর্ত্তুম্" এই উভয়বিধ অর্থের প্রভেদ আমরা বুঝিতে পারি নাই। যাঁহারা জগদীশের মতের অনুসরণ করেন, তাঁহাদের মতে বোপদেবের উদাহরণ অসঙ্গত। কিন্তু "কারকচক্র"-প্রণেতা ভবানন্দ সিদ্ধান্তবাগীশ এবং তদীয় টীকাকার মাধবের মতে "মুক্তাফলায়" ইত্যাদি অপপ্রয়োগ এবং বোপদেবের প্রয়োগ সাধু। অতএব আমরা কাত্যায়ন, কৈয়ট, ভট্টোজি-দীক্ষিত, জয়াদিত্য, ক্রমদীশ্বর, জুমরনন্দী, গোয়ীচন্দ্র, বোপদেব, শ্রীরামতর্কবাগীশ ও দুর্গাদাস,—ইহাঁদের মতাবলম্বন-পূর্ব্বক সূত্র, বৃত্তি ও উদাহরণ প্রদান করিয়াছি।

সপ্তমী বিভক্তির আরও কয়েকটী সূত্র লিখিত হইতেছে :—

১। "নক্ষত্রে চলুপি"—(পা ২।৩।৪৫); "লুবন্তাৎ নক্ষত্রশব্দাৎ তৃতীয়াসপ্তম্যৌ ভবতঃ।"—কাশিকা। "কালবাচিনো নক্ষত্রাৎ অধিকরণে তৃতীয়া স্যাদ্বা"—বোপদেব। কালবাচক নক্ষত্র শব্দের উত্তর অধিকরণে বিকল্পে ৩য়া হয়। অশ্বিনী, ভরণী প্রভৃতি নক্ষত্র-বাচক শব্দের উত্তর কালার্থে বিহিত তদ্ধিত প্রত্যয়ের লুপ্ হয়। লুপ্ হইলে সেই নক্ষত্র-বাচক শব্দ কাল-বাচক হইয়া থাকে। তাহারই অধিকরণে বিকল্পে ৩য়া হয়। যথা—কৃষ্ণঃ রোহিণ্যামভবৎ (৭মী); চণ্ডিকা রোহিণ্যা আসীৎ (৩য়া); রোহিণীনক্ষত্রযুক্তকালে ইত্যর্থঃ। "পুষ্যে পুষ্যেণ বা নবান্নমশ্নীয়াৎ"। "মূলেনাবাহয়েদ্ দেবীং শ্রবণেন বিসর্জ্জয়েৎ"। পক্ষে মূলে শ্রবণে। কাল না বুঝাইলে হয় না। যথা—রোহিণ্যাং প্রীতিশ্চন্দ্রস্য। অধিকরণ না হইলে হয় না। যথা—অদ্য পুষ্যঃ পুষ্যাযুক্তকাল ইত্যর্থঃ—শ্রীরামতর্কবাগীশ।

২। "যস্মাদধিকং যস্য স্বামী পরিবারো বা ততশ্চোপাধিভ্যাম্"—সংক্ষিপ্তসার ২০২। উপ এবং অধি শব্দের যোগে যাহা অপেক্ষা অধিক, যাহার স্বামী অথবা পরিবার, তাহাতে ৭মী হয়। যথা—উপ খার্য্যাং দ্রোণঃ, খার্য্যা দ্রোণঃ অধিক ইত্যর্থঃ। বিক্রোগুণা উপ পরার্দ্ধে—পরার্দ্ধাদপ্যধিকা ইত্যর্থঃ। সুরা হরৌ অধি হরিস্বামিকা ইত্যর্থঃ। অধি সুরেষু হরিঃ—সুরাণাং হরিঃ স্বামীত্যর্থঃ। অধি পঞ্চালেষু ব্রহ্মদত্তঃ—পঞ্চালানাং ব্রহ্মদত্তঃ স্বামীত্যর্থঃ। অধি ব্রহ্মদত্তে পঞ্চালাঃ—ব্রহ্মদত্তস্য পঞ্চালাঃ পরিবারা ইত্যর্থঃ। অধি ভুবি রামঃ। অধি রামে ভূঃ।

৩। "অধিক-শব্দেন যোগে সপ্তমীপঞ্চম্যাবিষ্যেতে"—সিদ্ধান্তকৌমুদী। অধিক-শব্দের যোগে ৫মী ও ৭মী হয়। যথা—লোকাৎ লোকে বা অধিকো হরিঃ।

৩৯। ষট্ কারকাণি। (ক)

অপাদান, সম্প্রদান, করণ, অধিকরণ, কর্ম্ম, কর্ত্তা, এই ছয় কারক।

অপাদান। (খ)

৮০। যতো বিশ্লেষোঽপাদানম্। (গ)

যস্মাৎ বিশ্লেষো ভবতি তৎ কারকমপাদানসংজ্ঞং স্যাৎ।

(ক) ষট্‌কারক-কারিকা—"তীর্থে বিত্তং স্বহস্তেন কোষাদ্ দদৌ দ্বিজায় সঃ।" —প্রয়োগ-রত্ন-মালা।

সর্ব্ববিভক্তি-কারিকা—"স্বর্ণপাত্রাৎ সুবর্ণানাং শতং শুদ্ধং স্বপাণিনা। পুণ্যকালে ব্রাহ্মণেভ্যঃ সম্প্রদত্তে মহীপতিঃ।"—প্রয়োগ-রত্ন-মালা।—"রামো রাজমণিঃ সদা বিজয়তে রামং রমেশং ভজে, রামেণাভিহতা নিশাচরচমূ রামায় তস্মৈ নমঃ। রামান্নাস্তি শুভায়নং পরতরং রামস্য দাসোঽস্ম্যহং, রামে চিত্তলয়ঃ সদা ভবতু মে হে রাম মামুদ্ধর।" —রামস্তোত্রম্।

(খ) পঞ্চমীবিভক্তি-কারিকা:—"যতোঽপায়াদানরক্ষাবারণান্তর্দ্ধিজন্মভীঃ। যশ্চাসহ্যঃ পরাজেঃ স্যাৎ তদপাদানকারকম্। প্রভুবঃ প্রভবো গঙ্গা হিমাদ্রেঃ প্রভবত্যসৌ।" "জুগুপ্সাতেবিরমতেঃ প্রমদেরপি কর্ম্ম যৎ। তদপাদানমিচ্ছন্তি যথা ধর্ম্মাৎ জুগুপ্সতে।" "পঞ্চমী স্যাদপাদানে যথা গ্রামাদপৈতি সঃ।" "ল্যব্‌লোপকর্ম্মাধারাভ্যাং প্রাসাদাৎ প্রেক্ষতে নৃপঃ।" "প্রশ্নে তদুত্তরে চৈষা কুতস্ত্বং নগরাদহম্।" উৎকর্ষস্যাপকর্ষস্যাপ্যবধেঃ পঞ্চমী মতা।" "প্রতিদানং প্রতিনিধির্যস্য প্রতিযুতাৎ ততঃ।" "গুণাদ্ধেতোঃ পঞ্চমী বা স্তোকাদেরবিশেষণাৎ।" "অন্যার্থারাদৃতেপর্য্যপাঙ্‌যুক্তাৎ পঞ্চমী মতা।" "দিক্‌কালদেশযোগে তু পঞ্চমী, ষষ্ঠ্যপীষ্যতে"। "দূরান্তিকার্থাৎ প্রথমাচতুর্থ্যন্যা বিভক্তয়ঃ"। "পঞ্চম্যাচাহিচোর্যোগে ষষ্ঠী স্যাদতসর্থকৈঃ"। "যতঃ কালাধ্বকথনং কথিতা পঞ্চমী ততঃ" —প্রয়োগ-রত্ন-মালা।

(গ) "ধ্রুবমপায়েঽপাদানম্" (পা ১।৪।২৪)

যাহা হইতে বিশ্লেষ হয়, তাহাকে অপাদান-কারক বলে। যথা,—**अश्वात् पतितः, हस्ताद् भ्रष्टः, जलाद् उत्थितः, गृहात् प्रस्थितः, विदेशात् प्रत्यागतः।** (ক)

৮১। भीत्रार्थानां भयहेतुः (पा १।४।२५)

"भयार्थानां त्राणार्थानाञ्च प्रयोगे भयहेतुरपादानं स्यात्" —सिद्धान्तकौमुदी।

ভয়ার্থ ও ত্রাণার্থ ধাতুর প্রয়োগে ভয়-হেতু অপাদান হয়। যথা, ভয়ার্থ—**व्याघ्राद् बिभेति, महिषात् त्रस्यति** ; ত্রাণার্থ—**आतपात् त्रायते, भल्लुकाद् रक्षति**। (খ)

৮২। हेतुरुत्पत्तेः। (গ)

जायमानस्य हेतुरपादानं स्यात्।

(ক) "ভূম্যা দিবং রেণুচয়ঃ প্রয়াতঃ"—রাব ৩।১১ ; "নির্যায় তস্যাঃ স পুরঃ সমস্তাৎ"—ভট্টি ২।১ ; "রথাদবততার চ"—রঘু ; "পুরাচ্চ নিক্রম্য ততঃ"—বিষ্ণু ; জগ্রাহ স নৃপো গর্ভাৎ পতিতং মৃগপোতকম্"—বিষ্ণু।

(খ) "গুরোঃ কৃশানুপ্রতিমাদ্বিভেষি"—রঘু ২।৪৯ ; "রামাদ্বিভ্যতি রক্ষাংসি"—ভট্টি ৫।১৪ ; "দিবাকরাদ্রক্ষতি যো গুহাসু"—কুমার ১।১২ ; "তস্মাদাত্মা সংরক্ষিতঃ সুহৃদ্ভিঃ"—রঘু ৪।৩৫ ; "ভয়াৎ ত্রায়স্ব রাঘবম্"—ভট্টি ৫।৫৪ , "ত্রায়েত তস্মাদচিরাদ্ যদি স্যাৎ"—রাব ৩।১১। "কস্য বিভ্যতি দেবাশ্চ জাতরোষস্য সংযুগে"—রামায়ণের এই প্রয়োগে ৫মী হয় নাই। তত্ত্ববোধিনী-মতে 'কস্য' এই পদের সহিত 'সংযুগে' এই পদের সম্বন্ধ, অতএব ভয়-হেতু হয় নাই বলিয়া ৫মীর পরিবর্ত্তে ৬ষ্ঠী হইল। "তাবদ্ভয়স্য ভেতব্যং যাবদ্ভয়মনাগতম্"—হিতো ; "যস্য সঞ্জাতকোপস্য ভয়মেতি চরাচরম্"—বিষ্ণু। ইত্যাদি স্থলে সম্বন্ধ বিবক্ষায় ৬ষ্ঠী হইয়াছে।

(গ) "জনিকর্ত্তুঃ প্রকৃতিঃ" (পা ১।৪।৩০)

উৎপত্তির কারণ অপাদান হয়। যথা,—**বীজাদঙ্কুরো জায়তে, পিতুঃ পুত্রো জায়তে, দুগ্ধাদ্ ঘৃতমুৎপদ্যতে, ধর্ম্মাৎ সুখং ভবতি, অধর্ম্মাদ্ দুঃখমুদ্ভবতি।**

৮৩। আবির্ভবনভূর্ভুবঃ। (ক)

ভুবঃ প্রয়োগে আবির্ভাবভূমিরপাদানং স্যাৎ।

ভূ-ধাতুর প্রয়োগে আবির্ভাব-ভূমি অর্থাৎ প্রকাশ-স্থান অপাদান হয়। যথা,—**হিমবতো গঙ্গা প্রভবতি** (খ), **বল্মীকাগ্রাৎ প্রভবতি ধনুঃখণ্ডমাখণ্ডলস্য, আবির্ভবতীত্যর্থঃ।**

৮৪। বিরামার্থানাং যতো বিরতিঃ। (গ)

বিরামার্থধাতূনাং প্রয়োগে যস্মাৎ বিরতির্ভবতি, তদপাদানং স্যাৎ।

যাহা হইতে বিরতি হয়, বিরামার্থক ধাতুর প্রয়োগে, তাহা অপাদান হয়। যথা,—**অধ্যয়নাদ্বিরমতি, কলহান্নিবর্ত্ততে।** (ঘ)

৮৫। পরাজেরসহ্যম্। (ঙ)

(ক) "ভুবঃ প্রভবঃ"—(পা ১।৪।৩১)

(খ) "তত্র প্রকাশতে ইত্যর্থঃ"—সিদ্ধান্তকৌমুদী। "উৎপন্নায়া গঙ্গায়া হিমবান্ প্রথমোপলম্ভস্থানম্"—গোয়ীচন্দ্র। "দিবাকরাদ্ যৎ প্রবভূব তেজঃ"—রাব ৩।১৩

(গ) "জুগুপ্সাবিরামপ্রমাদার্থানামুপসংখ্যানম্"—(বা ১০৭৯)

(ঘ) "বিররাম কর্ম্মণঃ"—রঘু ৮।২৩। "কৃতাকৃতেভ্যঃ ব্যরংসীৎ"—ভট্টি ৩।২১; "রণাৎ নিববৃতে ন চ"—ভট্টি ৫।১০২

(ঙ) "পরাজেরসোঢ়ঃ"—(পা ১।৪।৩৬)

परा-पूर्व्वस्य जि-धातोः प्रयोगे असह्यो विषयः अपादानं स्यात्।
পরা-পূর্ব্বক জি-ধাতুর প্রয়োগে অসহ্য বিষয় অপাদান হয়। যথা,—**अध्ययनात् पराजयते, पापात् पराजयते ; अध्ययनं पापञ्च सोढुमसमर्थः।** 'অসহ্যং' বলা হইল কেন ? **शत्रून् पराजयते, अभिभवतीत्यर्थः।** (ক)

৮৬। अन्तर्द्धौ येनादर्शनमिच्छति (पा १।४।२८

"**व्यवधाने सति यत्कर्त्तृकस्यात्मनो दर्शनस्याभावमिच्छति, तदपादानं स्यात्।"—सिद्धान्तकौमुदी।**
অন্তর্ধান-স্থলে যৎ-কর্ত্তৃক স্বীয় দর্শনাভাব ইচ্ছা করা যায়, অর্থাৎ 'যে' দেখিতে না পায় এই ইচ্ছা হয়, 'তাহা' অপাদান হয়। যথা,—**गुरोरन्तर्धत्ते, पितुर्निलीयते, दस्योर्लुक्कायति** (খ); **गुरुः पिता दस्युर्वा न मां पश्येदिति लज्जया भयेन वा तद्दर्शनपथादपसरतीत्यर्थः।** (গ)

(ক) "রেণুচ্চয়াৎ পথি পরাজয়তে স্ম কশ্চিৎ"—রাব ৩।১২

(খ) বিদ্যাসাগর মহাশয় 'লুক্কায়তে' এই আত্মনেপদ প্রয়োগ করিয়াছিলেন। কিন্তু সংক্ষিপ্তসারে পরস্মৈপদ আছে (৩১ সূত্র)। এই জন্য আমরাও পরস্মৈপদ রাখিয়াছি। গোয়ীচন্দ্র-মতে—লুন্চ অপনয়নে, লুচ্যতে ইতি ক্বিপ্, লুক্ কায়ো যস্য স লুক্কায়ঃ, স ইব আচরতীতি লুকায়তি। অথবা কায়-শব্দেন সহ কর্ম্মধারয়ং কৃত্বা তৎ করোতীতি লুক্কায়তি।

(গ) "অন্তর্দধে রঘুব্যাঘ্রাৎ"—ভট্টি ৫।৩২ ; "অন্তর্দধে করিবরাদপয়োঽশ্বসাদী"—রাব ৩।১২

৮৭। यतो जुगुप्सा तदर्थानाम्। (ক)

जुगुप्सार्थक-धातोः प्रयोगे यत् गर्हणीयं तदपादानं स्यात्।
যাহাতে জুগুপ্সা অর্থাৎ নিন্দা বা ঘৃণা জন্মে, জুগুপ্সার্থক ধাতুর প্রয়োগে, তাহা অপাদান হয়। যথা,—**पापाज्जुगुप्सते, नरकाद् बीभत्सते।**

৮৮। त्रपार्थानां यतस्त्रपा। (খ)

लज्जार्थक-धातु-प्रयोगे यस्मात् लज्जितो भवति, तदपादानं स्यात्।
যাহার নিকটে লজ্জিত হয়, লজ্জার্থক ধাতুর প্রয়োগে, তাহা অপাদান হয়। যথা,—**गुरोर्लज्जते, पितुस्त्रपते, मातुर्जिह्रेति** (গ)।

৮৯। अधीत्यर्थानामध्यापयिता। (ঘ)

अध्ययनार्थ-धातु-प्रयोगे अध्यापयिता अपादानं स्यात्।
অধ্যয়নার্থক ধাতুর প্রয়োগে অধ্যাপয়িতা অপাদান হয়। যথা,—**उपाध्यायादधीते, गुरोः पठति।**

৯০। वारणार्थानामीप्सितः (पा १।४।२७)

(ক) "জুগুপ্সাবিরামপ্রমাদার্থানামুপসংখ্যানম্"—(বা ১০৭৯)

(খ) "ল্যব্‌লোপে কর্ম্মণ্যধিকরণে চ"—(বা ১৪৭৪-১৪৭৫)

(গ) সিদ্ধান্তকৌমুদীতে এই গুলি ল্যব্-লোপে ৫মী (২৯ সূত্র দেখ)। "শ্বশুরাৎ জিহ্রেতি—শ্বশুরং বীক্ষ্য ইত্যর্থঃ"—সি, কৌ।

(ঘ) "আখ্যাতোপযোগে"—(পা ১।৪।২৯)। "অশিক্ষতাস্ত্রং পিতুরেব মন্ত্রবৎ"—রঘু ৩,৩১; "গুরোরধীতী ন স কৌশলেন"—রাব ৩।১৩

"**প্রবৃত্তি-বিঘাতো বারণম্। বারণার্থানাং ধাতূনাং প্রয়োগে ঈপ্সিতোঽর্থঃ অপাদানং স্যাৎ।"—সিদ্ধান্তকৌমুদী।**

বারণার্থক ধাতুর প্রয়োগে নিবার্য্যমাণের ঈপ্সিত অপাদান হয়। যথা,—**অন্নেভ্যঃ কাকং বারয়তি, যবেভ্যস্ছাগং নিষেধতি, ব্যসনাৎ পুত্রং নিবারয়তি।** (ক)

৫১। **স্মৃত্যর্থানাং শ্রাবয়িতা।** (খ)

স্মৃত্যর্থ-ধাতু-প্রয়োগে শ্রাবয়িতা অপাদানং স্যাৎ।

(ক) বারণার্থক ধাতুর প্রয়োগে ঈপ্সিত অপাদান হয়। কাহার ঈপ্সিত? কর্ত্তার না কর্ম্মের? অর্থাৎ যে বারণ করে, সেই বারয়িতার ঈপ্সিত? অথবা যাহাকে বারণ করা হয়, সেই নিবার্য্যমাণের ঈপ্সিত? প্রসিদ্ধ টীকাকার মল্লিনাথের মতে কর্ত্তার ঈপ্সিত অপাদান হয়। এই জন্য "সুতাং নিবারয়ন্তী মহতো মুনিব্রতাৎ"—কুমার ৪।৩, এই শ্লোকের টীকায় মল্লিনাথ বলিয়াছেন—"মুনিব্রতস্য মেনকায়া অনীপ্সিতত্বাৎ বারণার্থানামীপ্সিত ইতি নাপাদানত্বম্"। "উমেতি মাত্রা তপসো নিষিদ্ধা"—কুমার ১।২৬, এই শ্লোকাংশও সর্ব্বাংশে পূর্ব্বোক্ত শ্লোকাংশের অনুরূপ। কিন্তু বিস্ময়ের বিষয় এই যে, মল্লিনাথ-মতে শেষোক্ত স্থলে "বারণার্থানামীপ্সিতঃ" এই সূত্রানুসারেই অপাদান হইল। মুনিব্রত যেমন মেনকার অনীপ্সিত, তপস্যাও সেইরূপ মাতার অনীপ্সিত। সুতরাং প্রথম স্থলে সূত্র খাটিল না, কিন্তু দ্বিতীয় স্থলে খাটিল, ইহার কারণ আমরা বুঝিতে পারিলাম না। বোধ হয়, মল্লিনাথ কর্ত্তার ঈপ্সিত অপাদান হয়, ইহা মনে করিয়া ভ্রমে পতিত হইয়াছেন। প্রকৃত কথা এই যে, কর্ম্মের অর্থাৎ যাহাকে নিবারণ করা যায়, তাহার ঈপ্সিতই অপাদান হয়। সুতরাং কুমারসম্ভবের দুইটী প্রয়োগেই এই সূত্রানুসারে পঞ্চমী হইয়াছে। ভাষ্যকারও তাহাই বলিয়াছেন। যথা—"তস্মাদ্বক্তব্যং কর্ম্মণো যদীপ্সিতমিতি। ঈপ্সিতেপ্সিতমিতি বা"—ভাষ্যকার। "বারয়িতুর্যদীপ্সিতং কর্ম্ম তস্য যদীপ্সিতমিত্যর্থঃ"—কৈয়ট। বারয়িতা অর্থাৎ কর্ত্তার যাহা ঈপ্সিত, তাহাই বারণার্থক ধাতুর কর্ম্ম, এবং ঐ কর্ম্মের যাহা ঈপ্সিত, তাহাই অপাদান। বারণার্থক-শব্দ—"বারণার্থে নিষেধশ্চ নিরোধনং নিবর্ত্তনম্।"

(খ) "আখ্যাতোপযোগে"—(বা ১।৪।২৯)

শ্রবণার্থক ধাতুর প্রয়োগে শ্রাবয়িতা অপাদান হয়। যথা,—**गुरोः शास्त्रं शृणोति, नटाद्गीतिमाकर्णयति** (ক), **कस्मात् श्रुतं भवता, श्रुतमिदं तातात्।**

६२। ग्रहणप्राप्त्यर्थाना तत्स्थानम्।

ग्रहणार्थानां प्राप्त्यर्थानाञ्च धातूनां प्रयोगे यथाक्रमं ग्रहण-स्थानं प्राप्तिस्थानञ्च अपादानं स्यात्।

গ্রহণার্থক ও প্রাপ্ত্যর্থক ধাতুর প্রয়োগে যথাক্রমে গ্রহণ-স্থান ও প্রাপ্তি-স্থান অপাদান হয়। যথা, গ্রহণার্থক—**आचार्य्यादुपदेशं गृह्णाति, प्रजाभ्यः करमादत्ते**; প্রাপ্ত্যর্থক—**उपाध्यायाद्विद्यां प्राप्नोति, गुरोर्ज्ञानं लभते।** (খ)

६३। प्रमादार्थानां यतः प्रमादः।

प्रमादार्थानां धातूनां प्रयोगे यस्मिन् विषये प्रमादस्तत् अपादानं स्यात्। प्रमादः अनवधानता।

যে বিষয়ে প্রমাদ হয়, প্রমাদার্থক ধাতুর প্রয়োগে, তাহা অপাদান

(ক) পাণিনি ও সংক্ষিপ্তসার-মতে নিয়ম-পূর্ব্বক বিদ্যা প্রভৃতির শ্রবণ না বুঝাইলে হয় না। যথা—নটস্য গীতং শৃণোতি। "আথ্যায়কেভ্যঃ শ্রুতসূনুবৃত্তিঃ"—ভট্টি ২।৪৪; "বৈখানসেভ্যঃ শ্রুতরামবার্ত্তাঃ"—ভট্টি ৩।৪৬; "ইতি তেভ্যঃ স্তুতীঃ শ্রুত্বা"—কুমা ২।১৬; "হিতান্ন যঃ সংশৃণুতে স কিম্প্রভুঃ"—ভারবি ১।৫; "ভবদ্ভ্যো ধর্ম্মং শ্রোতুমিহাগতঃ"—হিতো। "কস্মাৎ শ্রুতং ভবতা"—পঞ্চ, ইত্যাদি স্থলে ল্যব্-লোপে পঞ্চমী,—কং প্রাপ্য ইত্যর্থঃ।

(খ) "প্রজানামেব ভূত্যর্থং স তাভ্যো বলিমগ্রহীৎ"—রঘু ১।১৮।

হয়। যথা,—ধর্ম্মাৎ প্রমাদ্যতি, "ধর্ম্মং নানুতিষ্ঠতীত্যর্থঃ"। প্রয়োগ-রত্ন-মালা। অধ্যয়নাদনবধানম্। (ক)

সম্প্রদান।

৫৪। যস্মৈ দানং সম্প্রদানম্। (খ)

কিমপি যস্মৈ দীয়তে তৎ সম্প্রদানং স্যাৎ।

যাহাকে কোনও বস্তু দেওয়া যায়, তাহাকে সম্প্রদান কারক

খানং খাদয়তি। (৪৬) পিতা ভৃত্যং পুত্রমাহ্বায়য়তি। (৪৭) বালকঃ শিশুং ক্রন্দয়তি। (৪৮) বীণাং শব্দায়য়তি। (৪৯) পিতা পুত্রেণ ছাত্রং পাঠয়তি। (৫০) পান্থেন জলং পায়য়তি। (৫১) মার্জ্জারস্য রোচতে মৎস্যঃ। (৫২) ত্বং মাং সহস্রং ধারয়সি। (৫৩) গুরুঃ শিষ্যেণ ধর্ম্মং বোধয়তি। (৫৪) জলস্য পিপাসুঃ স নদ্যা অবতীর্ণঃ। (৫৫) বিনয়েন ঋতে বিদ্যা নিষ্ফলা। (৫৬) অকার্য্যকারিণে তুভ্যং ধিক্। (৫৭) প্রমাদস্তবেণ কার্য্যং ন ভবতি। (৫৮) অস্য ব্যাকরণমধীতম্। (৫৯) মম দুষ্করমেতৎ কর্ম্মম্। (৬০) অস্মাদ্ গ্রামাদ্ দক্ষিণতো গচ্ছ। (৬১) সাহিত্যেনাতিমাত্রং নিপুণোঽসৌ। (৬২) যথাহং রাঘবস্যান্যং মনস্যপি ন চিন্তয়ে। তথা মে মাধবী দেবী বিবরং দাতুমর্হতি। (৬৩) শোণিতাদ্র্মিমং বীরং প্রাণৈঃ প্রিয়তরং মম। পশ্যতো মম কা শক্তির্যোদ্ধুং পর্য্যাকুলাত্মনঃ॥ (৬৪) চর্ম্মণে দ্বীপিনং হন্তি দন্তাভ্যাং হন্তি কুঞ্জরম্। কেশেভ্যশ্চমরীং হন্তি সীম্নে পুষ্কলকো হতঃ। (৬৫) লক্ষ্মীং কামুকো হরিঃ। (৬৬) স্বর্ণং ভিদ্যতে রজতস্য। (৬৭) বৃক্ষম্ উপরিষ্টাৎ পক্ষিণ উড্ডয়ন্তে। (৬৮) গৃহস্য বহির্বৃক্ষং তিষ্ঠতি। (৬৯) শৈশবস্য প্রভৃতি পোষিতেয়ং ময়া। (৭০) দুগ্ধস্য পিপাসুস্তক্রান্ন তৃপ্যতি।

৭৭। একাধিক কারকের সম্ভাবনা থাকিলে কিরূপে যথার্থ কারক নির্ণয় করিতে হয়, তৎ-সম্বন্ধে দুই একটী কারিকা বল।

৭৮। নিম্ন-লিখিত প্রত্যেক বাক্যে একাধিক কারকের সম্ভাবনা থাকিলে বিহিত কারকের নামোল্লেখ ও কারণ নির্দ্দেশ কর:—

(১) পশ্য চৌরঃ পলায়তে। (২) গঙ্গাং গত্বা দ্বিজঃ স্নাতি। (৩) গৃহং প্রবিশ্য নিঃসরতি। (৪) নিঃসৃত্য গৃহং প্রবিশতি। (৫) বরমাহূয় কন্যাং দদাতি। (৬) কন্যাং দাতুং বরং আহ্বয়তি। (৭) বিপ্রায় বস্ত্রং দত্ত্বা গৃহ্লাতি। (৮) উপবিশ্য উত্তিষ্ঠতি পীঠে।

৭৯। নিম্ন-লিখিত বাক্যগুলির মধ্যে অর্থগত পার্থক্য ও তাহার কারণ দেখাও:—
(১) ক্রোশম্ উপাখ্যানং শ্রুতম্, ক্রোশেন উপাখ্যানং শ্রুতম্। (২) ভার্য্যাং ঈর্ষ্যতি পতিঃ, ভার্য্যায়ৈ ঈর্ষ্যতি পতিঃ। (৩) হা লোক ঈশ্বরাভক্ত, হা লোকং ঈশ্বরাভক্তম্। (৪) প্রদ্যুম্নঃ কেশবং প্রতি, প্রদ্যুম্নঃ কেশবাৎ প্রতি। (৫) নটাৎ গীতং শৃণোতি, নটস্য গীতং শৃণোতি। (৬) বৃক্ষাৎ পত্রং পততি, বৃক্ষস্য পত্রং পততি। (৭) ভক্তির্জ্ঞানং কল্পতে, ভক্তির্জ্ঞানায় কল্পতে। (৮) দাস্যৈ দদাতি প্রভুঃ, দাস্যা দদাতি প্রভুঃ। (৯) বিবাদেন অলম্, বিবাদায় অলম্। (১০) রজকায় বস্ত্রং দদাতি, রজকস্য বস্ত্রং

দদাতি। (১১) মূত্রায় যবাগূঃ সম্পদ্যতে, যবাগূঃ মূত্রং সম্পদ্যতে, মূত্রং যবাগ্বাঃ সম্পদ্যতে। (১২) মূর্খং পরাজয়তে পণ্ডিতঃ, মূর্খাৎ পরাজয়তে পণ্ডিতঃ। (১৩) তীর্থম্ উপবসতি সাধুঃ, তীর্থে উপবসতি সাধুঃ। (১৪) ধনং দাতা, ধনস্য দাতা। (১৫) ঘৃতং ভোজী, ঘৃতস্য ভোজী। (১৬) মাসং ব্যাকরণমধীতম্, মাসেন ব্যাকরণমধীতম্। (১৭) পুষ্পাণি স্পৃহয়তি বালকঃ, পুষ্পেভ্যঃ স্পৃহয়তি বালকঃ। (১৮) মূর্খো দ্বেষ্টি পণ্ডিতম্, মূর্খো দ্বেষ্টি পণ্ডিতায়। (১৯) গুরুঃ শিষ্যং ধর্ম্মং বক্তি, গুরুঃ শিষ্যং ধর্ম্মং শাস্তি। (২০) ধিক্ লোকমীশ্বরাভক্তম্, ধিক্ লোক ঈশ্বরাভক্ত।

৮০। "বিবক্ষাবশাৎ কারকাণি"—এই সূত্রটীর অর্থ কি? ৫টী উদাহরণ দ্বারা বুঝাইয়া দাও।

৮১। এমন একটী সংস্কৃত শ্লোক বল, যাহাতে ছয়টী কারকেরই প্রয়োগ আছে।

৮২। এমন দুইটী সংস্কৃত শ্লোক বল, যাহাতে সকল বিভক্তিই সন্নিবেশিত হইয়াছে। (ক)

৮৩। "পরাজেরসহ্যম্"—এই সূত্রটির অর্থ কি? ৫টী উদাহরণ দ্বারা বুঝাইয়া দাও।

৮৪। নিম্ন-লিখিত বাক্যগুলিতে ' ' চিহ্নিত পদে যে যে বিভক্তি হইয়াছে, তাহাদের নাম বল ও কারণ নির্দ্দেশ কর। যেখানে অন্য বিভক্তির সম্ভাবনা, তাহারও নামোল্লেখ কর। (১) গৃহীত ইব 'কেশেষু' 'মৃত্যুনা' ধর্ম্মমাচরেৎ। (২) রামাদর্শনজঃ শোকঃ 'প্রাণানা'রুজতীব মে। (৩) ইয়ং ন কথং 'পিষ্টং' পিনষ্টি। (৪) 'অপাং' হি 'তৃপ্তায়' ন বারিধারা স্বাদুঃ সুগন্ধিঃ স্বদতে তুষারা। (৫) তস্যালমেষ ক্ষুধিতস্য 'তৃপ্ত্যৈ'। (৬) দক্ষিণেন 'বৃক্ষবাটিকামা'লাপ ইব শ্রূয়তে। (৭) মনুষ্যাণাং 'সহস্রেষু' কশ্চিদ্ যততি 'সিদ্ধয়ে'। (৮) স্পৃহয়ামি খলু দুর্ললিতা'য়াস্মৈ'। (৯) পিতেব পুত্রং ধর্ম্মজ্ঞ ত্রাতুমর্হসি 'কিল্বিষাৎ'। (১০) বৃক্ষসেচনে দ্বে ধারয়সি 'মে'। (১১) ভুজঙ্গ-পিহিতদ্বারং 'পাতালম'ধিতিষ্ঠতি। (১২) 'সপ্তরাত্রা'দিতো নেতা যমস্য 'সদনং' প্রতি। (১৩) হা 'মাতাপিতরৌ যাভ্যাং ন 'বিদ্যাং' গ্রাহিতঃ সুতঃ। (১৪) হরতি 'নিমেষাৎ' কালঃ

(ক) "নস্যং ভূসুরসূরিসেবিতমলং নস্যং সুসেবে স্বয়ং
নস্যেনৈব বিকাশতে কবিকুলং নস্যায় তস্মৈ নমঃ।
নস্যাৎ শস্যতরং ন চাস্তি ভুবনে নস্যস্য বশ্যোঽস্ম্যহং
নস্যে মে নিয়তং বিরাজতু মনো হে নস্য মামুদ্ধর।"—উদ্ভটসাগরস্য

সর্ব্বম্। (১৫) জটাধরঃ সন্ জুহধীহ 'পাবকম্'—ভারবি। (১৬) মাত'র্মে' ভোজনং দেহি। 'রামেণ' 'বাণেন' হতো দশাস্যঃ—রামা। (১৭) 'বিষবৃক্ষো'ঽপি সংবর্দ্ধ্য স্বয়ং ছেত্তুমসাম্প্রতম্—রঘু। (১৮) বিচচার 'দাবম্'—রঘু। (১৯) 'অযোধ্যাম্' অধ্যাস্ত—ভট্টি। (২০) নিজং দর্শয়তে 'মূর্ত্তিং' চাভিবাদয়তে 'পরান্'। কাং গতিং স্বয়মাপ্তোঽসৌ মুক্তিং যোঽস্যস্ত দিৎসতি। (২১) স উবাস চিরং 'কালম্'—বিষ্ণু। (২২) ক্রহি 'তত্ত্বেন' লক্ষ্মণ—রামা। (২৩) 'শত্রুণা' নহি সন্দধ্যাৎ—হিতো। (২৪) 'প্রণয়েনা'গতং পুত্রং কস্ত্যজেদ্ জগতীতলে। (২৫) কৃতং 'সন্দেহেন'। (২৬) 'পশ্যতস্তে' মরিষ্যামি যদি 'রামো'ঽভিষিচ্যতে। (২৭) যো যত্র কুশলঃ 'কার্য্যে' তং তত্র বিনিবেশয়েৎ। (২৮) গুরুঃ 'শিষ্যায়' চপেটং দদাতি। (২৯) "যথা দুগ্ধযুতান্নং তুষ্টয়ে পুষ্টয়েঽপি চ। সাধুভিঃ সহ সংসর্গঃ ধর্ম্মায় চ সুখায় চ"। (৩০) "সাহিত্যং রোচতেঽত্যর্থং 'কস্মৈচিদ্' গণিতং পরম্। 'যস্মৈ' তু স্বদতে সর্ব্বং শাস্ত্রং ধন্যঃ স হি ক্ষিতৌ"। (৩১) "দ্রুহ্যতি 'প্রতিবেশিভ্যো' মুহুর্-'ভৃত্যায়' কুপ্যতি। ঈর্ষ্যতি 'ভূরিভাগ্যেভ্যো' ধনাঢ্যশ্চেদশিক্ষিতঃ। (৩২) "বারয়েদ্ গা যথা 'শস্যাদ্' মার্জ্জারঞ্চামিষাদ্' যথা। আন্তরং রিপুবর্গং ত্বং 'চেতসো' বারয়েৎ তথা॥ (৩৩) "গরীয়সী 'ধনাদ্' বিদ্যা বিদ্যায়া বুদ্ধিরুত্তমা। বুদ্ধেরপ্যুত্তমা ভক্তির্হরির্লভ্যো যয়ৈকয়া।"—মহাভারত। (৩৪) "পিতা পুত্রঃ সমাবত্র সমাহূতো যমেন তু। পিতা ন প্রতি 'পুত্রাদ্' বা ন পুত্রো বা 'পিতুঃ' প্রতি।" (৩৫) 'সম্পদাং' নহি তৃপ্যন্তি ভোগতৃষ্ণাতুরা জনাঃ"। (৩৬) "সুধায়াঃ' পরিতৃপ্তেন 'গুড়ং' কেনাভিনন্দ্যতে।" (৩৭) "প্রণমত্যুন্নতিহেতো-'র্জীবনহেতো' বিমুঞ্চতি প্রাণান্। দুঃখীয়তি 'সুখহেতোঃ' কো মূঢ়ঃ "সেবকাদন্যঃ"। (৩৮) "নরো যাতি যমাহূতঃ 'সুহৃদাং' রুদতামপি" (৩৯) "দিনস্য' পঞ্চকৃত্বো যঃ সুখং সহেত ভোজনম্। দ্বিরপি নৈব 'রাত্রেঃ' স শ্রমানুসারিণী ক্ষুধা॥" (৪০) "পিনষ্টি 'চৌরস্য' নিহন্তি 'হস্ত', রুন্নাটয়ত্যুদ্দমবঞ্চকস্য। 'দস্যো'শ্চ নিজাসয়তি প্রহন্তি, শাস্তিবিভাত্যাঙ্গল-রাজ্যকালে।"

৮৫। (ক) নারায়ণং নমস্কৃত্য গচ্ছতি, নারায়ণায় নমস্কৃত্য গচ্ছতি। (খ) "নদীম্ অবগাহ্য উত্তিষ্ঠতি", "নদ্যাঃ অবগাহ্য উত্তিষ্ঠতি",—এই দুইটী বিভিন্ন বাক্যের মধ্যে কোন্‌টী ব্যাকরণ-সঙ্গত, তাহা স্পষ্টরূপে বুঝাইয়া দাও।

তদ্ধিত।

१ । तद्धितः । (ক)

এই প্রকরণে যে সকল প্রত্যয় বিহিত হইতেছে, তাহাদের নাম তদ্ধিত।

२ । ञ्णिति वृद्धिराद्यस्य । (খ)

মূর্দ্ধন্য ণ ইৎ হয়, এরূপ তদ্ধিত-প্রত্যয় পরে থাকিলে প্রাতিপদিকের আদ্য স্বরের বৃদ্ধি হয়। যথা—বিষ্ণু+ষণ্=বৈষ্ণবঃ।

३ । सुभगादेरुभयोः । (গ)

মূর্দ্ধন্য ণ ইৎ হয়, এরূপ তদ্ধিত-প্রত্যয় পরে থাকিলে সুভগা, দুর্ভগা, অধিদেব, অধিভূত, ইহলোক, পরলোক, সর্ব্বলোক, সর্ব্বপুরুষ, সর্ব্বভূমি, অকুশল (ঘ), পরস্ত্রী প্রভৃতি প্রাতি-

---

(ক) "তদ্ধিতাঃ"-(পা ৪।১।৭৬)

(খ) "তদ্ধিতেষ্বচামাদেঃ" (পা ৭।২।১১৭)

(গ) "হৃদ্ভগসিন্ধ্বন্তে পূর্ব্বপদস্য চ"—(৭।৩।১৯); "অনুশতিকাদীনাঞ্চ"-(পা ৭।৩।২০।)

(ঘ) "ভগ-জঙ্গল-হৃৎ-সিন্ধু-ধেনু-বলজদোত্তরাঃ"—অর্থাৎ ভগান্ত, জঙ্গলান্ত, হৃদন্ত, সিন্ধ্বন্ত, ধেন্বন্ত ও বলজান্ত শব্দ সুভগাদির অন্তর্গত। "অনীশ্বরোঽশুচিশ্চৈবাক্ষেত্রজ্ঞাকুশলৌ মতৌ।" অকুশল, অনীশ্বর, অশুচি, অক্ষেত্রজ্ঞ, অনিপুণ প্রভৃতি শব্দ বিকল্পে সুভগাদি, অর্থাৎ একবার সুভগাদি, আর একবার সুপঞ্চালাদিগণের অন্তর্গত। অতএব ইহাদের বিকল্পে উভয় পদেরই বৃদ্ধি হয়। যথা—আকৌশলম্ অকৌশলম্; আনৈশ্বর্য্যম্ অনৈশ্বর্য্যম্, ইত্যাদি।

পদিকের অন্তর্গত উভয় পদেরই আদ্য স্বরের বৃদ্ধি হয়। যথা,—
সুভগা + ষণ্ = সৌভাগ্যম্।

৪। ণ্ পঞ্চালাদের্দ্বিতীয়স্য।

মূর্দ্ধন্য ণ ইৎ হয়, এরূপ তদ্ধিত-প্রত্যয় পরে থাকিলে সুপঞ্চাল, অর্দ্ধপঞ্চাল, গুরুলঘু, পিতৃপিতামহ, অগ্নিদেবতা, পিতৃদেবতা, দ্বিবর্ষ, ত্রিবর্ষ, চতুর্বর্ষ, পঞ্চবর্ষ (ক) প্রভৃতি প্রাতিপদিকের

(ক) সংখ্যা-পূর্ব্বক বর্ষ শব্দ সুপঞ্চালাদির অন্তর্গত। যথা—দ্বিবার্ষিকঃ, ত্রিবার্ষিকঃ, চতুর্বার্ষিকঃ ইত্যাদি ভবিষ্যৎ-অর্থ বুঝাইলে হয় না। যথা—ত্রীণি বর্ষাণি ব্যাপ্য ভাবী= ত্রৈবর্ষিকঃ (২ সূত্র)। সুভগাদির মধ্যে ইহাদের উল্লেখ না থাকায় 'ত্রৈবার্ষিক' হইতে পারে না। সংখ্যা-পূর্ব্বক 'সংবৎসর' শব্দও সুপঞ্চালাদির অন্তর্গত। যথা—দ্বিসাংবৎসরিকঃ।

"বর্ষস্যাভবিষ্যতি"—(পা ৭।৩।১৬); সংখ্যায়া উত্তরস্য বর্ষ-শব্দস্য অচামাদেরচো বৃদ্ধির্ভবতি। দ্বিবর্ষে অধীষ্টো ভৃতো ভূতো বা দ্বিবার্ষিকঃ, ত্রিবার্ষিকঃ। অভবিষ্যতীতি কিম্? "যস্য ত্রৈবর্ষিকং ধান্যং নিহিতং ভৃত্যবৃত্তয়ে। অধিকং বাপি বিদ্যেত স সোমং পাতুমর্হতি।" "ত্রীণি বর্ষাণি ভাবীতি ত্রৈবর্ষিকম্"—ইতি কাশিকা। অর্থাৎ সংখ্যাবাচক শব্দের পরস্থিত বর্ষ শব্দে যতগুলি স্বরবর্ণ আছে, তাহাদের মধ্যে আদ্য স্বরের বৃদ্ধি হয়। যথা—দ্বিবার্ষিকঃ, ত্রিবার্ষিকঃ। ভবিষ্যৎ-অর্থে হয় না। যথা—ত্রৈবর্ষিকং ধান্যম্।

সিদ্ধান্তকৌমুদীতেও ঐরূপ আছে। উক্ত সূত্রের বৃত্তি:—"উত্তরপদস্য বৃদ্ধিঃ স্যাৎ। দ্বিবার্ষিকঃ। ভবিষ্যতি তু দ্বৈবর্ষিকঃ।" এইরূপ উদাহরণ আছে।

সংক্ষিপ্তসারে সন্ধিপাদে (৪৩ সূত্র)—"বর্ষস্যাভবিষ্যতি"। "দ্বে বর্ষে অধীতো গ্রন্থঃ দ্বিবার্ষিকঃ। ভবিষ্যতি তু দ্বে বর্ষে ভাবি দ্বৈবর্ষিকম্"—বৃত্তিতে এইরূপ আছে। এই সূত্রের টীকায় গোয়ীচন্দ্র বলেন—"ণিৎ তদ্ধিত প্রত্যয় পরে থাকিলে সংখ্যাবাচক শব্দের পরস্থিত বর্ষ-শব্দের আদি-স্বরের বৃদ্ধি হয়, যদি তদ্ধিত প্রত্যয় ভবিষ্যৎ ভিন্ন অর্থে বিহিত হয়। দ্বিবার্ষিক—পূর্ব্ববৎ টিকণ্ * * * 'যস্য ত্রৈবর্ষিকং ধান্যং স সোমং পাতুমর্হতি'—এস্থলে ভবিষ্যৎ-অর্থে তদ্ধিত প্রত্যয় হইয়াছে"।

অন্তর্গত দ্বিতীয় পদের আদ্য স্বরের বৃদ্ধি হয়। যথা—সুপঞ্চাল + কণ্ = সুপাঞ্চালকঃ।

৫। ন ণিত্কার্য্যং সর্ব্বত্র।

মূর্দ্ধন্য ণ ইতের আদ্য-স্বর-বৃদ্ধি-রূপ যে কার্য্য বিহিত হইল, তাহা সর্ব্বত্র হয় না। যথা—পদ + কণ্ = পদকঃ।

৬। যয়োর্লোপো যস্বরয়োঃ।

তদ্ধিত-প্রত্যয়ের য ও স্বরবর্ণ পরে থাকিলে প্রাতিপদিকের

একখানি মুদ্রিত সুপদ্ম-ব্যাকরণের বৃদ্ধি-প্রকরণে "দিশঃ পরস্যামদ্রাণাম্"—১০ সূত্রের বৃত্তিতে "দ্বৈবার্ষিকং ভক্তম্, ত্রৈবার্ষিকং ধান্যম্"—এইরূপ উদাহরণ আছে। একখানি মুদ্রিত কলাপ-ব্যাকরণের চতুষ্টয়-বৃত্তিতেও "বৃদ্ধিরাদৌ সণে"—৪৩৩ সূত্রের টীকায় "ভাবিন্যর্থে তু দ্বে বর্ষে ভাবি দ্বৈবার্ষিকম্" এইরূপ উদাহরণ আছে। কিন্তু উভয় ব্যাকরণেই এই দুই স্থলে লিপিকর-প্রমাদ-বশতঃ এইরূপ হইয়াছে। নতুবা অভবিষ্যৎ-অর্থে সংখ্যা-পূর্ব্বক বর্ষ-শব্দের উত্তর-পদ-বৃদ্ধির বিধান করিয়া ভবিষ্যৎ-অর্থে প্রত্যুদাহরণ-কালে পুনরায় তাহারই উত্তর-পদে বৃদ্ধি নিতান্ত অসঙ্গত হয়। বিশেষতঃ সুভগাদির মধ্যে ইহার উল্লেখ নাই। আরও ইহাতে কাশিকা, সিদ্ধান্তকৌমুদী, সংক্ষিপ্তসার, মুগ্ধবোধ-টীকাকার শ্রীরামতর্কবাগীশ এবং কৃষ্ণনাথ ন্যায়পঞ্চানন-কৃত বৃহন্মুগ্ধবোধের মতের সহিত বিরোধ হয়।

"যস্য ত্রৈবর্ষিকম্" এই শ্লোকটী ব্রহ্মবৈবর্ত্ত-পুরাণে ষষ্টিতম অধ্যায়ে শ্রীকৃষ্ণজন্ম-খণ্ডে নারদের প্রতি নারায়ণের উক্তি। এই মূল পুস্তকে 'ত্রৈবার্ষিকং' এইরূপ পাঠ আছে। বিদ্যাসাগর মহাশয়ও "উত্তররাম-চরিতের" প্রথমাঙ্কে "সোমপীতী" পদের ব্যাখ্যায় এই শ্লোকটী উদ্ধৃত করিয়াছেন। তিনিও 'ত্রৈবার্ষিকং' এইরূপ পাঠই গ্রহণ করিয়াছেন। মনুসংহিতার ১১শ অধ্যায়ে ৭ম শ্লোকে "ত্রৈবার্ষিকং ভক্তং" এইরূপ পাঠ আছে। অতএব ইহার রহস্য সুধীগণের বিবেচ্য।

অন্তস্থিত অ-বর্ণ ও ই-বর্ণের লোপ হয়। যথা, শিব+ষণ্=শৈবঃ, অগ্নি+ষেয়ণ্=আগ্নেয়ঃ (ক)

৩। **গুণো উবর্ণস্য।** (খ)

তদ্ধিত-প্রত্যয়ের য ও স্বরবর্ণ পরে থাকিলে প্রাতিপদিকের অন্তস্থিত উ-বর্ণের গুণ হয়। যথা, বিষ্ণু+ষণ্=বৈষ্ণবঃ (গ)

৪। **ওদৌদৃতো যঃ স্বরবৎ।**

ও-কার, ঔ-কার ও ঋ-কারের পরস্থিত তদ্ধিত-প্রত্যয়ের য স্বর-কার্য্য নির্ব্বাহ করে। যথা, গো+য=গব্যম্, নৌ+য=নাব্যম্, পিতৃ+য=পিত্র্যম্ (ঘ)।

৫। **টের্লোপো ডিতি।** (ঙ)

ড-কারেৎ তদ্ধিত-প্রত্যয় পরে থাকিলে প্রাতিপদিকের টির (২১) লোপ হয় (চ)। যথা, কিম্+ডতম=কতমঃ।

(ক) প্রিয়+ইষ্ঠ=প্রেষ্ঠঃ, প্রশস্য+ইষ্ঠ=শ্রেষ্ঠঃ, ইত্যাদি স্থলে হয় না।

(খ) "ওর্গুণঃ"—(পা ৬।৪।১৪৬)

(গ) স্বয়ম্ভু+ষণ্=স্বায়ম্ভুবঃ—১৩ সূত্র দেখ। "তুরাসাহং পুরোধায় ধাম স্বায়ম্ভুবং যযুঃ"—কুমার ২।১

(ঘ) স্বরকার্য্য নির্ব্বাহ করায় যথাক্রমে ও-কারের স্থানে অব্, ঔ-কারের স্থানে আব্ এবং ঋ-কারের স্থানে র্ হইল।

(ঙ) "টেঃ"—(পা ৬।৪।১৪৩)

(২১) অন্ত্য স্বর ও তদবধি বর্ণকে টি বলে।

(চ) অন্ত্যস্বর এবং তাহার পরবর্ত্তী বর্ণ উভয়কেই 'টি' বলে। যথা—রাজন্ শব্দের 'অন্'—এই ভাগকে 'টি' বলে। যদি অন্ত্য স্বরের পরে আর কোন বর্ণ না থাকে, তাহা হইলে কেবল অন্ত্য স্বরকেই 'টি' বলা হয়। যথা—'হরি' শব্দের ই-কারই 'টি'।

১০। তীর্বিংশতেঃ। (ক)

ড-কারেৎ তদ্ধিত-প্রত্যয় পরে থাকিলে বিংশতি-শব্দের তি এই ভাগের লোপ হয়। যথা, বিংশতি + ডট্ = বিংশঃ।

১১। য্বাভ্যাং যবয়োরাদ্যচঃ পদান্তে ঞিতি। (খ)

ণ-কারেৎ তদ্ধিত-প্রত্যয় পরে থাকিলে পদের অন্তস্থিত আদ্য-স্বর-স্থান জাত য-স্থানে ইয়্, ব-স্থানে উব্ হয়। যথা, ব্যশ্ব + ষিণ্ = বৈয়শ্বিঃ ; স্বশ্ব + ষিণ্ = সৌবশ্বিঃ। (গ)

১২। দ্বারাদীনাঞ্চ (পা ৭।৩।৪)

ণ-কারেৎ তদ্ধিত-প্রত্যয় পরে থাকিলে দ্বার প্রভৃতি (২২) প্রাতিপদিকের আদ্য য ও ব স্থানে ইয়্ ও উব্ হয়। যথা,

---

(ক) "তি বিংশতের্ডিতি"—(পা ৬ ৪।১৪২)

(খ) "ন য্বাভ্যাং পদান্তাভ্যাং পূর্ব্বৌ তু তাভ্যামৈচ্"—(পা ৭।৩।৩)

(গ) ব্যশ্ব = বি + অশ্ব। ১১ সূত্রানুসারে য স্থানে ইয়্ হওয়ায় 'বিয়শ্ব' হইল। পরে ২ সূত্রানুসারে বৈয়শ্বিঃ হইল। এইরূপ সু + অশ্ব – স্বশ্ব। ব-স্থানে উব্ হওয়ায় 'সুবশ্ব' হইল। পরে ২ সূত্রানুসারে 'সৌবশ্বিঃ' হইল। আদি স্বরের স্থানে জাত না হইলে হয় না। যথা দধিপ্রিয়ঃ অশ্বঃ – দধ্যশ্বঃ, দধ্যশ্ব + ষিণ্ – দাধ্যশ্বিঃ ; মধুপ্রিয়ঃ অশ্বঃ – মধ্বশ্বঃ, মধ্বশ্ব + ষিণ্ – মাধ্বশ্বিঃ। য ও ব দ্বিতীয়-স্বর স্থানে জাত হওয়ায় ইয়্ ও উব্ হইল না। পদের অন্তস্থিত না হইলে হয় না। যথা—ই ধাতু + শতৃ – যৎ, যৎ + ষণ্ – যাতম্। পদের অন্তস্থিত না হওয়ায় ইয়্ হইল না।

(২২) দ্বার, স্বর, স্বাধ্যায়, ব্যল্কশ, স্বস্তি, স্বর, স্বকৃত, স্বাদুমৃদু, শ্বস্, শ্বন্, স্ব। বোপদেব-মতে 'স্বগ্রাম' শব্দও ইহার অন্তর্গত।

দ্বার + ষিকণ্ = দৌবারিকঃ, স্বর্ + ষণ্ = সৌবরম্, স্ব + ষণ্ = সৌবম্। (ক)

১৩। **ন স্বাগতাদীনাম্।** (খ)

স্বাগত প্রভৃতি (২৩) প্রাতিপদিকের আদ্য য ও ব স্থানে ইয়্ ও উব্ হয় না। **স্বাগত + ষিকণ্ = স্বাগতিকঃ, ব্যবহার + ষিকণ্ = ব্যাবহারিকঃ।**

১৪। **বা শ্বাপদন্যঙ্ক্বোঃ।** (গ)

ণ-কারেৎ তদ্ধিত-প্রত্যয় পরে থাকিলে শ্বাপদ, ন্যঙ্কু, এই দুই প্রাতিপদিকের য ও ব স্থানে বিকল্পে ইয়্ ও উব্ হয়।

১৫। **অব্যয়াশ্চিতঃ।**

যে সমস্ত তদ্ধিত প্রত্যয়ের চ ইৎ হয়, তদন্ত শব্দ সকল অব্যয় হইয়া থাকে। **দ্বি + স্থুচ্ = দ্বিঃ, বহু + চশস্ = বহুশঃ।**

১৬। **অপত্যে।**

বক্ষ্যমাণ প্রত্যয় সকল অপত্যার্থে বিহিত হয়।

(ক) শ্রীরামতর্কবাগীশের মতে ধনার্থক স্ব-শব্দ হইতে 'সৌবম্' এবং আত্মার্থক স্ব-শব্দ হইতে 'স্বকীয়ম্' ও 'স্বীয়ম্' পদ হয়। বামন ও ধর্ম্মদাসের মতে আত্মার্থক স্ব-শব্দ হইতেও 'সৌবম্' এই পদ হয়।

(খ) "স্বাগতাদীনাঞ্চ"—(পা ৭।৩।৭)

(২৩) স্বাগত, স্বধ্বর, স্বঙ্গ, ব্যঙ্গ, ব্যড়, ব্যবহার, স্বপতি। বোপদেব-মতে 'ব্যায়াম' শব্দও ইহার অন্তর্গত।

(গ) "পদান্তস্যান্যতরস্যাম্"—(পা ৭।৩,৯)

১৭। অদন্তাৎ ষিণ্ (ক)

অপত্যার্থে অ-কারান্ত প্রাতিপদিকের উত্তর ষিণ্ হয়, ষ্ ণ্ ইৎ, ই থাকে। যথা,—শূরস্যাপত্যং শৌরিঃ, দশরথস্যাপত্যং দাশরথিঃ (খ), দ্রোণস্যাপত্যং দ্রৌণিঃ, গবল্গণস্যাপত্যং গাবল্গণিঃ, যুধিষ্ঠিরস্যাপত্যং যৌধিষ্ঠিরিঃ, অর্জ্জুনস্যাপত্যম্ আর্জ্জুনিঃ, বিকর্ণস্যাপত্যং বৈকর্ণিঃ, কুষীতকস্যাপত্যং কৌষীতকিঃ, মণ্ডূকস্যাপত্যং মাণ্ডূকিঃ, কৃষ্ণস্যাপত্যং কার্ষ্ণিঃ, প্রদ্যুম্নস্যাপত্যং প্রাদ্যুম্নিঃ।

১৮। বাহ্বাদিভ্যশ্চ।

অপত্যার্থে বাহু প্রভৃতি প্রাতিপদিকের উত্তর ষিণ্ হয়।

(ক) ব্যাকরণ-কৌমুদীর—

প্রত্যয়	পাণিনি	মুগ্ধবোধ	সংক্ষিপ্তসার	কলাপ
ষিণ্	ইঞ্	ঞি	ইণ্	ইণ্
ষেয়ণ্	ঢক্, ঢঞ্	ঞেয়	এয়ণ্	এয়ণ্
ষ্যণ্	যঞ্	ঞ্য	ণ্য	ণ্য, যণ্
ষায়নণ্	ফক্, ফঞ্	ঞায়ন	ণায়ন	
ঈয়ণ্	ছণ্	ণীয়	ঈয়	ঈয়
ষিকণ্	ঠক্	ঞিক	ণিক	ইকণ্
ষণ্	অণ্	ঞ	ণট্	অণ্
চশস্	শস্	চশস্	শস্	শস্
কৃত্বসুচ্	কৃত্বসুচ্	চকৃত্বস্	কৃত্বস্	কৃত্বস্
সাতিচ্	সাতি	চসাৎ	সাৎ	সাতি

(খ) "প্রদীয়তাং দাশরথায় মৈথিলী"—মহানাটক।—এস্থলে 'দশরথস্য অয়ম্' এ

যথা,—বাহ্বোরপত্যং বাহবিঃ (ক), উপবাহ্বোরপত্যম্ ঔপবাহবিঃ, উপবিন্দোঃ অপত্যম্ ঔপবিন্দবিঃ, বৃষল্যা অপত্যং বার্ষলিঃ, বৃকলায়া অপত্যং বার্কলিঃ ; ছাগলায়া অপত্যং ছাগলিঃ, সুমিত্রায়া অপত্যং সৌমিত্রিঃ, দুর্ম্মিত্রায়া অপত্যং দৌর্ম্মিত্রিঃ উদঞ্চোরপত্যম্ ঔদঞ্চবিঃ।

১৯। ডকৌ ব্যাস-সুধাত্রোঃ ষিণি।

ষিণ্ প্রত্যয় হইলে ব্যাস, সুধাতৃ, এই দুই প্রাতিপদিকের উত্তর ডক হয়, ড্ ইৎ, অক থাকে। যথা,—ব্যাসস্যাপত্যং বৈয়াসকিঃ,, সুধাতুঃ অপত্যং সৌধাতকিঃ।

২০। নড়াদিভ্যঃ ষায়নণ্। (খ)

অপত্যার্থে নড় প্রভৃতি প্রাতিপদিকের উত্তর ষায়নণ্ হয়, ষ্ ণ্ ইৎ, আয়ন থাকে। যথা,—নড়স্যাপত্যং নাড়ায়নঃ, চরস্যাপত্যং চারায়ণঃ, মুঞ্জস্যাপত্যং মৌঞ্জায়নঃ, সপ্তলস্যাপত্যং সাপ্তলায়নঃ, নরস্যাপত্যং নারায়ণঃ, দাসস্যাপত্যং দাসায়নঃ, কাতলস্যাপত্যং কাতলায়নঃ, শকটস্যাপত্যং শাকটায়নঃ, জলন্ধরস্যাপত্যং জালন্ধরায়ণঃ, দ্রোণস্যাপত্যং দ্রৌণায়নঃ, পর্ব্বতস্যাপত্যং পার্ব্বতায়নঃ, যুগন্ধরস্যাপত্যং যৌগন্ধরায়ণঃ, অশ্বলস্যাপত্যং আশ্বলায়নঃ, বদরস্যাপত্যং বাদরায়ণঃ, উডুম্বরস্যাপত্যম্ ঔডুম্বরায়ণঃ, দত্তস্যাপত্যং দাত্তায়ণঃ।

(ক) "বাহনামকস্য কস্যচিদপত্যম্" ইত্যর্থে বাহু+ষিণ্—বাহবিঃ (৭ সূত্র)।

(খ) "নড়াদিভ্যঃ ফক্" (পা ৪।১।৯৯)

২১। গর্গাদিভ্যঃ ষ্যণ্‌। (ক)

অপত্যার্থে গর্গ প্রভৃতি প্রাতিপদিকের উত্তর ষ্যণ্‌ হয়, ষ ণ্‌ ইৎ, য থাকে। যথা,—**গর্গস্যাপত্যং গার্গ্যঃ, বৎসস্যাপত্যং বাৎস্যঃ, অগস্তেরপত্যম্ আগস্ত্যঃ, পুলস্তেরপত্যং পৌলস্ত্যঃ, বিশ্বাবসোরপত্যং বৈশ্বাবসব্যঃ, লোহিতস্যাপত্যং লৌহিত্যঃ, বভ্রোরপত্যং বাভ্রব্যঃ, মণ্ডোরপত্যং মাণ্ডব্যঃ, মধোরপত্যং মাধব্যঃ, জিগীষোরপত্যং জৈগীষব্যঃ, কুণ্ডিন্যা অপত্যং কৌণ্ডিন্যঃ, যজ্ঞবল্কস্যাপত্যং যাজ্ঞবল্ক্যঃ, শাণ্ডিলস্যাপত্যং শাণ্ডিল্যঃ, চণকস্যাপত্যং চাণক্যঃ, চুলুকস্যাপত্যং চৌলুক্যঃ, মুদ্গলস্যাপত্যং মৌদ্গল্যঃ, জমদগ্নেরপত্যং জামদগ্ন্যঃ, পরাশরস্যাপত্যং পারাশর্য্যঃ, জাতূকর্ণস্যাপত্যং জাতূকর্ণ্যঃ, অশ্বরথস্যাপত্যম্ আশ্বরথ্যঃ, পূতিমাষস্যাপত্যং পৌতিমাষ্যঃ, উলূকস্যাপত্যম্ ঔলূক্যঃ অগ্নিবেশস্যাপত্যম্ আগ্নিবেশ্যঃ, দিতেরপত্যং দৈত্যঃ, অদিতেরপত্যম্ আদিত্যঃ, প্রজাপতেরপত্যং প্রাজাপত্যঃ।**

২২। শিবাদিভ্যঃ ষণ্‌। (খ)

অপত্যার্থে শিব প্রভৃতি প্রাতিপদিকের উত্তর ষণ্‌ হয়, ষ্‌ ণ্‌ ইৎ, অ থাকে। যথা,—**শিবস্যাপত্যং শৈবঃ, ককুৎস্থস্যাপত্যং কাকুৎস্থঃ, কুপিঞ্জলস্যাপত্যং কৌপিঞ্জলঃ, বিশ্রবণস্য অপত্যং বৈশ্রবণঃ, রবণস্যাপত্যং রাবণঃ, ঊর্ণনাভস্যাপত্যম্ ঔর্ণনাভঃ,**

(ক) "গর্গাদিভ্যো যঞ্‌" (পা ৪।১।১০৫)

(খ) "শিবাদিভ্যোঽণ্‌" (পা ৪।১।১১২)

পৃথায়া অপত্যং পার্থঃ, যস্কস্যাপত্যং যাস্কঃ, দ্রুহ্যস্যাপত্যং দ্রৌহ্যঃ, লহ্যস্যাপত্যং লাহ্যঃ, অয়ঃস্থূণস্যাপত্যম্ আয়ঃস্থূণঃ, ইলায়া অপত্যম্ ঐলঃ, সপত্ন্যা অপত্যং সাপত্নঃ।

২৩। বিদাদেঃ। (ক)

অপত্যার্থে বিদ প্রভৃতি প্রাতিপদিকের উত্তর ষণ্ হয়। যথা,—বিদস্যাপত্যং বৈদঃ, উর্ব্বস্যাপত্যম্ ঔর্ব্বঃ, কশ্যপস্যাপত্যং কাশ্যপঃ, কুশিকস্যাপত্যং কৌশিকঃ, ভরদ্বাজস্যাপত্যং ভারদ্বাজঃ, উপমন্যোঃ অপত্যম্ ঔপমন্যবঃ, বিশ্বানরস্যাপত্যং বৈশ্বানরঃ, ঋষ্টিষেণস্য অপত্যম্ আর্ষ্টিষেণঃ, শরদ্বতোঽপত্যং শারদ্বতঃ, শুনকস্যাপত্যং শৌনকঃ, অর্কলূষস্যাপত্যম্ আর্কলূষঃ, পুনর্ভ্বা অপত্যং পৌনর্ভবঃ, পুত্রস্যাপত্যং পৌত্রঃ, দুহিতুরপত্যং দৌহিত্রঃ।

২৪। ভৃগ্বাদেশ্চ।

অপত্যার্থে ভৃগু প্রভৃতি প্রাতিপদিকের উত্তর ষণ্ হয়। যথা,—ভৃগোরপত্যং ভার্গবঃ, মরীচেরপত্যং মারীচঃ, বশিষ্ঠস্যাপত্যং বাশিষ্ঠঃ, কুৎসস্যাপত্যং কৌৎসঃ, গোতমস্যাপত্যং গৌতমঃ, অঙ্গিরসোঽপত্যম্ আঙ্গিরসঃ, বিশ্বামিত্রস্যাপত্যং বৈশ্বামিত্রঃ, ধৃতরাষ্ট্রস্যাপত্যং ধার্ত্তরাষ্ট্রঃ, পাণ্ডোরপত্যং পাণ্ডবঃ, বসুদেবস্যাপত্যং বাসুদেবঃ, যদোরপত্যং যাদবঃ, পূরোরপত্যং পৌরবঃ, রঘোরপত্যং রাঘবঃ, কুরোরপত্যং কৌরবঃ, মনোরপত্যং মানবঃ, দ্রুপদস্যাপত্যং দ্রৌপদঃ, পর্ব্বতস্যাপত্যং পার্ব্বতঃ।

(ক)…"বিদাদিভ্যোঽঞ্" (পা। ৪।১।১০৪)

২৫। ঐক্ষ্বাক-কৌরব্য-মনুষ্য-মানুষাঃ।

ঐক্ষ্বাক, কৌরব্য, মনুষ্য, মানুষ, এই চারি শব্দ নিপাতনে সিদ্ধ হয়। যথা,—**ইক্ষ্বাকোরপত্যম্ ঐক্ষ্বাকঃ, কুরোরপত্যং কৌরব্যঃ, মনোরপত্যং মনুষ্যঃ মানুষঃ।** (ক)

২৬। মাতুর্ডুর্ সংখ্যায়াঃ।

ষণ্ প্রত্যয় হইলে সংখ্যা-বাচক শব্দের পরবর্ত্তী মাতৃ-শব্দের উত্তর ডুর্ হয়; ড্ ইৎ, উর্ থাকে। যথা,—**দ্বয়োর্মাত্রোরপত্যং দ্বৈমাতুরঃ, ষণ্ণাং মাতৃণামপত্যং ষাণ্মাতুরঃ।** (২৪)

২৭। কন্যায়াঃ কনীন চ (পা ৪।১।১১৬

ষণ্ প্রত্যয় পরে থাকিলে কন্যা-শব্দ-স্থানে কনীন হয়। যথা,—**কন্যায়া অপত্যং কানীনঃ।** (খ)

২৮। স্ত্রীভ্যঃ ষেয়ণ্। (গ)

অপত্যার্থে স্ত্রী-প্রত্যয়ান্ত প্রাতিপদিকের উত্তর ষেয়ণ্ হয়, ষ্

(ক) জাতি বুঝাইলেই 'মনুষ্য' ও 'মানুষ' এই দুইটি শব্দ হয়। 'কেকয়' শব্দের উত্তর অপত্যার্থে ষণ্ প্রত্যয় করিলে য স্থানে ইয় হয়। যথা—কৈকেয়ী। গোয়ীচন্দ্রের মতে কেকয়-সম্মানার্থ কীকয় শব্দ হইতে কৈকয়ী, এবং কেকয় শব্দে তদ্দেশ-জাত স্ত্রীর উপচার করিয়া তাহার উত্তর নদাদিত্ব (বা গৌরাদিত্ব) প্রযুক্ত ঈপ্ প্রত্যয় করিলে কেকয়ী পদও হইয়া থাকে।

(২৪) সম্ ও ভদ্র শব্দের পরে থাকিলেও হয়। যথা—সাংমাতুরঃ, ভাদ্রমাতুরঃ।

(খ) "কানীনো ব্যাসঃ কর্ণশ্চ—অনূঢ়ায়া এবাপত্যমিত্যর্থঃ"—সি, কৌ।

(গ) "স্ত্রীভ্যো ঢক্" (পা ৪।১।১২০)

ণ্ ইৎ, এয় থাকে। যথা,—**गङ्गाया अपत्यं गाङ्गेयः, राधाया अपत्यं राधेयः, विनताया अपत्यं वैनतेयः, ताड़काया अपत्यं ताड़केयः, सरमाया अपत्यं सारमेयः, सुपर्णाया अपत्यं सौपर्णेयः, भगिन्या अपत्यं भागिनेयः, मह्या अपत्यं माहेयः, कुन्त्या अपत्यं कौन्तेयः, रोहिण्या अपत्यं रौहिणेयः, रुक्मिण्या अपत्यं रौक्मिणेयः, कुमारिकाया अपत्यं कौमारिकेयः, अम्बिकाया अपत्यम् आम्बिकेयः, गोधाया अपत्यं गौधेयः** (ক)।

২৯। गौधेर-गौधारौ। (ক)

'**गोधाया अपत्यम्**' এই অর্থে **गौधेर** ও **गौधार** এই দুই শব্দ নিপাতনে সিদ্ধ হয়।

৩০। शुभ्रादिभ्यश्च (पा ४।१।१२३)

অপত্যার্থে শুভ্র প্রভৃতি প্রাতিপদিকের উত্তর ঢক্ (এয়ণ্) হয়। যথা,—**शुभ्रस्यापत्यं शौभ्रेयः, अत्रेरपत्यम् आत्रेयः, पाण्डोरपत्यं पाण्डवेयः, विमातुरपत्यं वैमात्रेयः, शकुनेरपत्यं शाकुनेयः, शतलस्यापत्यं शातलेयः, इतरस्यापत्यम् ऐतरेयः।**

৩১। लोपः षेयण्युवर्णस्य। (খ)

ষেয়ণ্ প্রত্যয় হইলে প্রাতিপদিকের অন্তস্থিত উ-বর্ণের লোপ হয়। যথা,—**मृकण्डोरपत्यं मार्कण्डेयः, कमण्डल्वा अपत्यं कामण्डलेयः।**

(ক) "গোধায়া ঢ্রক্" (পা ৪।১।১২৯); "আরগুদীচাম্" (পা ৪।১।১৩০)

(খ) "ঢে লোপোঽকদ্র্বাঃ" (পা ৬।৪।১৪৭)

৩২। ন পাণ্ডুকদ্রোঃ।

পাণ্ডু ও কদ্রু শব্দের উ-বর্ণের লোপ হয় না। যথা,—**পাণ্ডোরপত্যং পাণ্ডবেয়ঃ, কদ্র্বা অপত্যং কাদ্রবেয়ঃ।**

৩৩। সুভগাদেরিন্ ষেয়ণি।

ষেয়ণ্ প্রত্যয় পরে থাকিলে সুভগা প্রভৃতি প্রাতিপদিকের উত্তর ইন্ হয়। যথা—**সুভগায়া অপত্যং সৌভাগিনেয়ঃ** (ক), **দুর্ভগায়া অপত্যং দৌর্ভাগিনেয়ঃ, বন্ধক্যা অপত্যং বান্ধকিনেয়ঃ, কনিষ্ঠায়া অপত্যং কানিষ্ঠিনেয়ঃ, মধ্যমায়া অপত্যং মাধ্যমিনেয়ঃ, পরস্ত্রিয়া অপত্যং পারস্ত্রৈণেয়ঃ।** (খ)

৩৪। কুলটায়া বা (পা ৪।১।১২৭)

ষেয়ণ্ প্রত্যয় পরে থাকিলে কুলটা-শব্দের (২৫) উত্তর

(ক) সুভগা+ষেয়ণ্=সুভগা+এয়=সৌভাগা+এয় (৩ সূত্র)=সৌভাগা+ইন্+এয় (৩৩ সূত্র)=সৌভাগা+ইনেয়=সৌভাগিনেয়ঃ (৬ সূত্র)।

(খ) "পরস্য স্ত্রীতি ষষ্ঠী-সমাসঃ। পারস্ত্রৈণেয়ঃ পরভার্য্যায়ামুৎপন্ন ইত্যর্থঃ"—তত্ত্ববোধিনী। 'পরস্ত্রী' শব্দ বিদাদি-মধ্যেও পঠিত হইয়াছে। ইহার উত্তর ষণ্ প্রত্যয় এবং পরস্ত্রী-শব্দের স্থানে 'পরশু' আদেশ হয়। "পরা চাসৌ স্ত্রী চেতি কর্ম্মধারয়ঃ। পরস্ত্রিয়া অপত্যং পারশবঃ। ব্রাহ্মণাৎ শূদ্রায়াং তেনৈবোঢ়ায়ামুৎপন্নঃ। সা চ জাত্যন্তরযোগাৎ পরস্ত্রী"—তত্ত্ববোধিনী। ব্রাহ্মণ যদি কোন শূদ্রাকে বিবাহ করেন, তাহা হইলে ঐ ব্রাহ্মণের ঔরসে এবং শূদ্রার গর্ভে যে সন্তান হইবে, তাহাকে 'পারশব' বলা হয়।

(২৫) এস্থলে কুলটা-শব্দের অর্থ, সতী ভিক্ষোপজীবিনী স্ত্রী; ব্যভিচারিণী স্ত্রী নহে। 'ব্যভিচারিণীর পুত্র' এই অর্থে কৌলটেরঃ, কৌলটেয়ঃ,—এই দুই পদ হয়।

বিকল্পে ইন্ হয়। যথা,—**कुलटाया . अपत्यं कौलटिनेयः कौलटेयः** (ক)।

৩৫। स्वस्रादिभ्य ढयण् । (খ)

অপত্যার্থে স্বসৃ প্রভৃতি প্রাতিপদিকের উত্তর ঈয়ণ্ হয়; ণ্ ইৎ, ঈয় থাকে। যথা,—**स्वसुरपत्यं स्वस्रीयः** । (গ)

৩৬। पितृमातृष्वस्रोः ढेयण् वा ऋलोपश्च । (ঘ)

পিতৃষ্বসৃ ও মাতৃষ্বসৃ শব্দের উত্তর বিকল্পে ষেয়ণ্ হয়, ষেয়ণ্ হইলে ঋ-কারের লোপ হয়। পক্ষে ঈয়ণ্। যথা,—**पितृष्वसुरपत्यं पैतृष्वसेयः, पैतृष्वस्रीयः ; मातृष्वसुरपत्यं मातृष्वसेयः, मातृष्वस्रीयः** ।

৩৭। रेवत्यादिभ्यः ष्ठिकण् । (ঙ)

অপত্যার্থে রেবতী প্রভৃতি প্রাতিপদিকের উত্তর ষিকণ্ হয়, ষ্ ণ্ ইৎ, ইক থাকে। যথা,—**रेवत्या अपत्यं रैवतिकः, अश्वपाल्या अपत्यम् आश्वपालिकः, कर्णग्राहस्यापत्यं कार्णग्राहिकः, दण्डग्राहस्यापत्यं दाण्डग्राहिकः** ।

(ক) "অথ বান্ধকিনেয়ঃ স্যাদ্বন্ধুলশ্চাসতীসুতঃ। কৌলটেরঃ কৌলটেয়ো ভিক্ষুকী তু সতী যদি। তদা কৌলটিনেয়ঃ স্যাৎ কৌলটেয়োঽপি চাত্মজঃ ॥—ইত্যমরঃ।

(খ) "স্বসুশ্চ" (পা ৪।১।১৪৩)

(গ) বৃদ্ধি হইল না (৫ সূত্র)।

(ঘ) "পিতৃষ্বসুশ্ছণ্" (পা ৪।১।১৩২); "ঢকি লোপঃ" (পা ৪।১।১৩৩); "মাতৃষ্বসুশ্চ" (পা ৪।১। ৩৪)

(ঙ) "রেবত্যাদিভ্যষ্ঠক্" (পা ৪।১।১৪৬)

৩৮। লোপো গর্গাদের্বহুবচনে।

বহুবচনে গর্গাদির উত্তর বিহিত অপত্য-প্রত্যয়ের লোপ হয়। যথা,—**গর্গস্যাপত্যানি গর্গাঃ, বৎসস্যাপত্যানি বৎসাঃ, অগস্ত্যে-রপত্যানি অগস্তয়ঃ, বিশ্বাবসোরপত্যানি বিশ্বাবসবঃ, বভ্রো-রপত্যানি বভ্রবঃ, মুদ্গলস্যাপত্যানি মুদ্গলাঃ, জমদগ্নেরপত্যানি জমদগ্নয়ঃ, জাতূকর্ণস্যাপত্যানি জাতূকর্ণাঃ, পূতিমাষস্যাপত্যানি পূতিমাষাঃ।**

৩৯। যস্কাদেঃ। (ক)

বহুবচনে যস্কাদির উত্তর বিহিত অপত্য-প্রত্যয়ের লোপ হয়। যথা,—**যস্কস্যাপত্যানি যস্কাঃ, লহ্যস্যাপত্যানি লহ্যাঃ, দ্রুহ্য-স্যাপত্যানি দ্রুহ্যাঃ, তৃণকর্ণস্যাপত্যানি তৃণকর্ণাঃ, জঙ্ঘারথস্যা-পত্যানি জঙ্ঘারথাঃ।**

৪০। বিদাদেঃ। (ক)

বহুবচনে বিদাদির উত্তর বিহিত অপত্য-প্রত্যয়ের লোপ হয়। যথা,—**বিদস্যাপত্যানি বিদাঃ, উর্ব্বস্যাপত্যানি উর্ব্বাঃ, কশ্যপস্য অপত্যানি কশ্যপাঃ, কুশিকস্যাপত্যানি কুশিকাঃ, ভরদ্বাজস্য অপত্যানি ভরদ্বাজাঃ, উপমন্যোরপত্যানি উপমন্যবঃ, বিশ্বানরস্য অপত্যানি বিশ্বানরাঃ, ঋতভাগস্যাপত্যানি ঋত-ভাগাঃ, হর্য্যশ্বস্যাপত্যানি হর্য্যশ্বাঃ, শরদ্বতোঽপত্যানি শরদ্বতঃ, শুনকস্য অপত্যানি শুনকাঃ।**

(ক) "যস্কাদিভ্যো গোত্রে" (পা ২।৪।৬৩); "যঞঞোশ্চ" (পা ২।৪।৬৪)

৪১। অত্র্যাদিভ্য। (ক)

বহুবচনে অত্র্যাদির উত্তর বিহিত অপত্য-প্রত্যয়ের লোপ হয়। যথা,—**অত্রেরপত্যানি অত্রয়:, ভৃগোরপত্যানি ভৃগব:, কুৎসস্য অপত্যানি কুৎসা:, বশিষ্ঠস্যাপত্যানি বশিষ্ঠা:, গৌতমস্যাপত্যানি গৌতমা:, অঙ্গিরসোঽপত্যানি অঙ্গিরস:।**

৪২। রাজসংজ্ঞাভ্যো বিভাষা। (খ)

বহুবচনে রাজসংজ্ঞা-বাচক প্রাতিপদিকের উত্তর বিহিত অপত্য-প্রত্যয়ের বিকল্পে লোপ হয়। যথা,—**রঘোরপত্যানি রঘব:, রাঘবা: ; কুরোরপত্যানি কুরব:, কৌরবা: ; যদোরপত্যানি যদব:, যাদবা: ; ইক্ষ্বাকোরপত্যানি ইক্ষ্বাকব:, ঐক্ষ্বাকা: ; বৃষ্ণেরপত্যানি বৃষ্ণয়:, বার্ষ্ণেয়া: ; নিমেরপত্যানি নিময়:, নৈমেয়া:।** (গ)

(ক) "অত্রিভৃগুকুৎসবশিষ্ঠগোতমাঙ্গিরোভ্যশ্চ" (পা ২।৪।৬৫)

(খ) "তদ্রাজস্য বহুষু তেনৈবাস্ত্রিয়াম্" (পা ২।৪।৬২)

(গ) "তদ্রাজস্য বহুষু তেনৈবাস্ত্রিয়াম্" (পা ২।৪।৬২) ; "তদ্রাজসংজ্ঞস্য প্রত্যয়স্য বহুষু বর্ত্তমানস্য অস্ত্রীলিঙ্গস্য লুগ্ ভবতি, তেনৈব চেদ্ গোত্রপ্রত্যয়েন কৃতং বহুত্বং ভবতি" —কাশিকা। বহুবচনে তদ্রাজ-সংজ্ঞক তদ্ধিত-প্রত্যয়ের লুক্ হয়, যদি বহুত্ব গোত্র-প্রত্যয় দ্বারা কৃত হয়। যে সকল জনপদ-বাচক শব্দ ক্ষত্রিয়বাচক হইয়া থাকে, তাহাদের উত্তর যথোক্ত নিয়মানুসারে অঞ্, অণ্, ঞ্যঙ্, ণ্য ও ইঞ্ প্রত্যয় হয়। এই প্রত্যয়গুলিকে তদ্রাজ সংজ্ঞক প্রত্যয় বলা হইয়াছে। অতএব যে সকল শব্দ জনপদ-বাচক হইয়াও ক্ষত্রিয়বাচক হয়, সেই সকল শব্দের উত্তর পূর্ব্বোক্ত প্রত্যয় করিলে, বহুবচনে তাহাদের নিত্য লুক্ হয়। একবচনে বা দ্বিবচনে হয় না এবং স্ত্রীলিঙ্গেও হয় না। ইহাই পাণিনি-সূত্রের মর্ম্ম।

৪৩। ন স্ত্রিয়াম্।

স্ত্রীলিঙ্গে অপত্য-প্রত্যয়ের লোপ হয় না। যথা,—**যস্কস্যাপত্যানি স্ত্রিয়: যাস্ক্যঃ, বিদস্যাপত্যানি স্ত্রিয়: বৈদ্যঃ, অত্রেরপত্যানি স্ত্রিয়: আত্রেয্যঃ, রঘোরপত্যানি স্ত্রিয়: রাঘব্যঃ।**

৪৪। অর্থবিশেষে চাপত্যানি।

অপত্যার্থে যে সকল প্রত্যয় বিহিত হইল, তাহারা অর্থ-বিশেষেও হইয়া থাকে। (ক)

৪৫। ইয়-কণ্-নীন-যীকণশ্চ।

অর্থ-বিশেষে ইয়, কণ্, নীন, যীকণ্ এই সকল প্রত্যয়ও যথাসম্ভব

সংক্ষিপ্তসার এবং মুগ্ধবোধেরও এই মত। "কৌরব্যাঃ পশবঃ"—বেণীসংহার; "তস্যামেব রঘোঃ পাণ্ড্যাঃ প্রতাপং ন বিষেহিরে"—রঘু ৪।৪৯। এই দুইটী প্রয়োগে বহুবচনেও তদ্ধিত প্রত্যয়ের লোপ হইল না কেন? কৌরব্যে সাধবঃ, পাণ্ড্যে সাধবঃ, এই বাক্যে 'তত্র সাধুঃ' এই অর্থে যৎ প্রত্যয় হইয়াছে। অতএব এই যৎ-প্রত্যয় তদ্রাজ-সংজ্ঞক নয় বলিয়া লোপ হইল না। "রঘূণামন্বয়ং বক্ষ্যে", "নিরুধ্যমানা যদুভিঃ কথঞ্চিৎ"—এই দুইটী প্রয়োগে রঘু ও যদু শব্দ জনপদ-বাচক ক্ষত্রিয় নহে, অতএব এখানে তদ্ধিত প্রত্যয়ের লোপ হইল কেন? এই দুই স্থলে রঘু ও যদু শব্দে লক্ষণা দ্বারা যথাক্রমে 'রঘুর অপত্য' ও 'যদুর অপত্য' বুঝাইতেছে। এই জন্য এস্থলে অপত্য-প্রত্যয়ের উৎপত্তিই হয় নাই—সি, কৌ। বিদ্যাসাগর মহাশয় যেরূপ সূত্র করিয়াছেন, তাহা পাণিনি, সংক্ষিপ্তসার ও মুগ্ধবোধ-বিরুদ্ধ।

(ক) প্রসিদ্ধ প্রয়োগানুসারে অর্থ-বিশেষে শব্দ-বিশেষের উত্তর ঐ সকল প্রত্যয় হয়, বুঝিতে হইবে। কিন্তু স্বেচ্ছানুসারে যে কোনও শব্দের উত্তর যে কোনও প্রত্যয় করিলে চলিবে না।

হইয়া থাকে। কণের ণ্ ইৎ, ক থাকে; ণীনের ণ্ ইৎ, ঈন থাকে, ষীকণের ষ্ ণ্ ইৎ, ঈক থাকে। (ক)

৪৬। तदधीते तद्वेद (পা ৪।২।৫৯)

'तद् वेत्ति, तद् अधीते' এই দুই অর্থে প্রাতিপদিকের উত্তর যথাসম্ভব উক্ত প্রত্যয় সকল হয়। যথা—तर्कं वेत्ति अधीते वा तार्किकः, न्यायं वेत्ति अधीते वा नैयायिकः, वेदान्तं वेत्ति अधीते वा वैदान्तिकः, पुराणं वेत्ति अधीते वा पौराणिकः, वेदं वेत्ति अधीते वा वैदिकः, अलङ्कारं वेत्ति अधीते वा आलङ्कारिकः, ज्योतिषं वेत्ति अधीते वा ज्यौतिषिकः, व्याकरणं वेत्ति अधीते वा वैयाकरणः, क्रमं वेत्ति अधीते वा क्रमकः, पदं वेत्ति अधीते वा पदकः। (খ)

৪৭। ह्रस्वोऽन्त्यः शिक्षादेः।

শিক্ষা প্রভৃতি প্রাতিপদিকের অন্ত্য স্বর হ্রস্ব হয়। যথা,—

(ক)

কৌমুদীর প্রত্যয়		পাণিনি		মুগ্ধবোধ
ঈয়	...	ঘ	...	ঈয়
কণ্	...	বুক্, বুন্, বুঞ্	...	কণ্
ণীন	...	খ, খঞ্	...	ণীন
ষীকণ্	...	ঈকক্	...	ষ্ণীক

(খ) 'তদ্ অধীতে' এই অর্থে ছন্দস্-শব্দের উত্তর বিকল্পে ইয় হয়, এবং সেই ইয় প্রত্যয় পরে থাকিলে ছন্দস্-শব্দ স্থানে 'শ্রোত্র' আদেশ হয়। যথা—ছন্দোঽধীতে শ্রোত্রিয়ঃ; পক্ষে ছান্দসঃ।

शिक्षां वेत्ति अधीते वा शिक्षकः, मीमांसां वेत्ति अधीते वा मीमांसकः। (ক)

৪৮। तेन प्रोक्तम् (पा ४।३।१०१)

'तेन प्रोक्तम्' এই অর্থে প্রাতিপদিকের উত্তর যথাসম্ভব উক্ত প্রত্যয় সকল হয়। যথা,—ऋषिणा प्रोक्तम् आर्षम्, मनुना प्रोक्तं मानवम्, मानवीयम्; विष्णुना प्रोक्तं वैष्णवम्, पतञ्जलिना प्रोक्तं पातञ्जलम्, कणादेन प्रोक्तं काणादम्, पाणिनिना प्रोक्तं पाणिनीयम्, जैमिनिना प्रोक्तं जैमिनीयम्, अत्रिणा प्रोक्तम् आत्रेयम्, उशनसा पोक्तम् औशनसम्, अङ्गिरसा प्रोक्तम् आङ्गिरसम्, पराशरेण प्रोक्तं पाराशरीयम्, बृहस्पतिना प्रोक्तं बार्हस्पत्यम्, नारदेन प्रोक्तं नारदीयम्, वाल्मीकिना प्रोक्तं वाल्मीकीयम्, बौधायनेन प्रोक्तं बौधायनीयम्।

৪৯। तेन कृतम्। (খ)

'तेन कृतम्' এই অর্থে প্রাতিপদিকের উত্তর যথাসম্ভব উক্ত প্রত্যয় সকল হয়। যথা,—कायेन कृतं कायिकम्, वाचा कृतं

(ক) ক প্রত্যয় পরে থাকিলে প্রাতিপদিকের অন্তস্থিত আ, ঈ ও ঊ হ্রস্ব হয়। (২৪০ ও ২৪১ সূত্র দেখ)। আ—কন্যা, কন্যকা। ঈ—কুমারী, কুমারিকা। ঊ—ব্রহ্মবন্ধূ, ব্রহ্মবন্ধুকা। "কেঽণঃ" (পা ৭।৪।১৩)। বহুব্রীহি-সমাসে কপ্ প্রত্যয় পরে থাকিলে হয় না। বহুকুমারীকঃ, বহুবধূকঃ। "ন কপি" (পা ৭।৪।১৪)। বহুব্রীহি-সমাসে কপ্ প্রত্যয় পরে থাকিলে স্ত্রীলিঙ্গ-বিহিত আপ্-প্রত্যয়ান্ত শব্দ বিকল্পে হ্রস্ব হয়। যথা—সুকন্যকঃ, সুকন্যাকঃ। "আপোঽন্যতরস্যাম্" (পা ৭।৪।১৫)

(খ) "সংজ্ঞায়াম্" (পা ৪।৩।১১৭); "ক্ষুদ্রাভ্রমরবটরপাদপাদঞ্" (পা ৪।৩।১১৯)

वाचिकम् (क), वचनेन कृतं वाचनिकम्, सहसा कृतं साहसम्, पुरुषेण कृतं पौरुषेयम्, मक्षिकाभिः कृतं माक्षिकम् (मधु), क्षुद्राभिः कृतं क्षौद्रम् (मधु)।

५०। तेन रक्तं रागात् (पा ४।२।१)

'तेन रक्तम्' এই অর্থে প্রাতিপদিকের উত্তর যথাসম্ভব উক্ত প্রত্যয় সকল হয়। যথা,—कषायेण रक्तं काषायम्, कुसुम्भेन रक्तं कौसुम्भम्, नील्या रक्तं नीलम्, हरिद्रया रक्तं हारिद्रम्, मञ्जिष्ठया रक्तं माञ्जिष्ठम्, लाक्षया रक्तं लाक्षिकम्, रोचनया रक्तं रौचनिकम्, पीतेन रक्तं पीतकम्।

५१। सास्य देवता (पा ४।२।२४)

'सा अस्य देवता' এই অর্থে প্রাতিপদিকের উত্তর যথা-সম্ভব উক্ত প্রত্যয় সকল হয়। যথা,—शिवोऽस्य देवता शैवः, विष्णुरस्य देवता वैष्णवः, शक्तिरस्य देवता शाक्तः, गणपतिरस्य देवता गाणपतयः, प्रजापतिरस्य देवता प्राजापतयः, वायुरस्य देवता वायव्यः, अग्निरस्य देवता आग्नेयः, सोमोऽस्य

(ক) পাণিনির মতে 'বাচা কৃতম্' এই অর্থে 'বাচিকম্' হয় না। তাঁহার মতে যদি এক জনের কথা আর এক জন বলে, তাহা হইলে সেই স্থলেই 'বাচিক' শব্দের প্রয়োগ হয়। যথা—বাচিকং কথয়তি। অন্য অর্থে হয় না। যথা—মধুরা বাক্ দেবদত্তস্য। এস্থলে 'বাচিক' শব্দের প্রয়োগ হয় না। কিন্তু বোপদেবের মতে 'বাচা কৃতম্' এই অর্থে 'বাচিকম্' হইতে পারে। "বায়িকং বাচিকং তৎ স্যাদ্ বাচা কায়েন যৎ কৃতম্"—হেমসূরি। কিন্তু "সন্দেশবাগ্ বাচিকং স্যাৎ"—অমর।

देवता सौम्यः, द्यावापृथिव्यौ अस्य देवते द्यावापृथिवीयं द्यावा-पृथिव्यम्, अग्नीषोमावस्य देवते अग्नीषोमीयम् अग्नीषोम्यम्।

৫২। तस्य समूहः (पा ৪।২।৩৭)

'**तस्य समूहः**' এই অর্থে প্রাতিপদিকের উত্তর যথাসম্ভব উক্ত প্রত্যয় সকল হয়। যথা,—**भिक्षाणां समूहः भैक्षम्, अङ्गाराणां समूहः आङ्गारम्, मयूराणां समूहः मायूरम्, धेनूनां समूहः धैनुकम्, कलापानां समूहः कालापकम्, राजन्यानां समूहः राजन्यकम्, राजपुत्राणां समूहः राजपुत्रकम्, मनुष्याणां समूहः मानुष्यकम्, अपूपानां समूहः आपूपिकम्, गणिकानां समूहः गाणिक्यम्, ब्राह्मणानां समूहः ब्राह्मण्यम्।**

৫৩। समूहे खण्ड-काण्ड-तलः। (ক)

সমূহার্থে প্রাতিপদিকের উত্তর যথাসম্ভব খণ্ড, কাণ্ড (ক) এবং তল্ প্রত্যয় হয়। তল্ প্রত্যয়ের ল্ ইৎ হয়, ত থাকে। যথা,— **कमलानां समूहः कमलखण्डम्, कुमुदानां समूहः कुमुद-खण्डम्; दूर्व्वाणां समूहः दूर्व्वाकाण्डम्, कर्म्मणां समूहः कर्म्म-काण्डम्।** তল্-প্রত্যয়ান্ত শব্দ স্ত্রীলিঙ্গ হয়। যথা, **जनानां समूहः जनता, बन्धूनां समूहः बन्धुता।** (খ)

(ক) "ইনিত্রকট্যচশ্চ" (পা ৪।২।৫১)। "কমলাদিভ্যঃ খণ্ডচ্ প্রত্যয়ো ভবতি" (বা)। "পূর্ব্বাদিভ্যঃ কাণ্ডঃ প্রত্যয়ো ভবতি" (বা)। "কুমুদবনমপশ্রি শ্রীমদম্ভোজখণ্ডম্"—মাঘ ৯।১১, ৬৪

(খ) "গ্রামজনবন্ধুভ্যস্তল্"—(পা ৪।২।৪৩); "গজসহায়াভ্যাং চেতি বক্তব্যম্"—(বা ২৭২২)। "জনবন্ধুগজগ্রামসহায়েভ্যস্তলং বিদুঃ"—প্রয়োগ-রত্ন-মালা।

५४। तत्र भवः (पा ४।३।५३)

‘तत्र भवः’ (২৬) এই অর্থে প্রাতিপদিকের উত্তর যথাসম্ভব উক্ত প্রত্যয় সকল হয়। যথা,—**मथुरायां भवः माथुरः, कलिङ्गे भवः कालिङ्गः, ग्रामे भवः ग्राम्यः ग्रामीणः, नगरे भवः नागरिकः, वर्षासु भवः वार्षिकः, शरदि भवः शारदः** (ক), **वसन्ते भवः वासन्तिकः, हेमन्ते भवः हैमन्तिकः हैमन्तः** (খ), **समुद्रे भवः सामुद्रिकः, द्वीपे भवः द्वैपायनः द्वैप्यः, अकाले भवः आकालिकः, शश्वद्भवः शाश्वतिकः, कुले भवः कुलीनः, दुष्कुले भवः दौष्कुलेयः दुष्कुलीनः, प्राचि भवं प्राच्यम्, दिशि भवं दिश्यम्, वर्गे भवं वर्ग्यम्, कण्ठे भवं कण्ठ्यम्, दन्ते भवं दन्त्यम्, तालौ भवं तालव्यम्, ओष्ठे भवम् ओष्ठ्यम्, जिह्वामूले भवं जिह्वामूलीयम्, अन्तरे भवम् आन्तरम्, अरण्ये भवः आरण्यको मनुष्यः आरण्यः पशुः** (গ), **कोशे भवं कौशेयम्, इह भवम् ऐहिकम्, लोके भवं लौकिकम्, भूमौ भवः भौमः,**

---

(২৬) এ স্থলে ‘ভব’-শব্দে জাত, স্থিত, সংক্রান্ত, আবির্ভূত প্রভৃতি অনেক অর্থ বুঝাইয়া থাকে।

(ক) ‘শরদ্’ শব্দের উত্তর ‘শ্রাদ্ধ’ এই অর্থে ষিকণ্ হয়। যথা—শারদিকং শ্রাদ্ধম্। রোগ ও আতপ বুঝাইলে ষিকণ্ ও ষণ্ উভয়ই হয়। শারদিকো রোগঃ আতপশ্চ, পক্ষে শারদঃ।

(খ) নিশা—নৈশিকম্, নৈশম্। প্রদোষ—প্রাদোষিকম্, প্রাদোষম্।

(গ) আরণ্যকো মনুষ্যঃ ন্যায়ঃ বিহারঃ অধ্যায়ঃ হস্তী চ। মনুষ্য প্রভৃতি অর্থে আরণ্যক, অন্যত্র আরণ্য। যথা—আরণ্যাঃ পশবঃ। গোময়-অর্থে দুই প্রকারই হয়। যথা—আরণ্যকো গোময়ঃ আরণ্যশ্চ।

दिवि भवः दिव्यः, अग्रे भवम् अग्र्यम् (क), आदौ भवम्, आद्यम्, अन्ते भवम् अन्त्यम्, वेश्ये भवा वेश्या, सर्व्वकाले भवं सार्व्वकालिकम् (ख), कदाचिद्भवं कादाचित्कम्, सम्प्रति भवं साम्प्रतिकम्, अध्यात्मं भवम् आध्यात्मिकम्, अधिभूतं भवम् आधिभौतिकम्, अधिदैवं भवम् आधिदैविकम्, मध्यन्दिने भवं माध्यन्दिनम्। (গ)

५५। टिलोपोऽकस्माद्बहिषोः।

অকস্মাৎ, বহিস্, এই দুই প্রাতিপদিকের টির লোপ হয়। যথা,— **अकस्माद्भवम् आकस्मिकम्, बहिर्भवम् बाह्यं बाहीकम्।**

५६। स्त्रीपुंसाभ्यां नञ्।

স্ত্রী ও পুম্স্ শব্দের উত্তর ভব প্রভৃতি অর্থে নঞ্ হয়, ঞ্ ইৎ, ন থাকে। যথা, **स्त्रीषु भवं स्त्रैणम्, पुंसु भवं पौंस्नम्।**

(ক) 'অগ্রিয়' এবং 'অগ্রীয়'ও হয়।

(খ) "শার্ব্বরস্থ তমসো নিষিদ্ধয়ে"—কালিদাস। "অনুদিতৌষসরাগা"—ভারবি। সমানকালীনম্, প্রাক্কালীনম্ ইত্যাদি শিষ্টপ্রয়োগ দেখা যায়। সিদ্ধান্তকৌমুদী-মতে এই গুলি অপপ্রয়োগ। "অপভ্রংশ এবৈত ইতি প্রামাণিকাঃ"—সি, কৌ।

(গ) "পর্ব্বতাচ্চ" (পা ৪।২।১৪৩)—'পর্ব্বত' শব্দের উত্তর ছ (ঈয়) প্রত্যয় হয় (মনুষ্য-অর্থে)। যথা—পর্ব্বতীয়ো রাজা, পর্ব্বতীয়ঃ পুরুষঃ। "বিভাষাঽমনুষ্যে" (পা ৪।২।১৪৪)—মনুষ্য-ভিন্ন-অর্থে 'পর্ব্বত' শব্দের উত্তর ছ এবং অণ্ উভয়ই হয়। যথা— পর্ব্বতীয়ানি পার্ব্বতানি বা ফলানি। তত্ত্ববোধিনী-মতে "তত্র জন্যং রঘোর্ঘোরং পার্ব্বতীয়ৈর্গণৈরভূৎ" এই রঘু-প্রয়োগে 'পর্ব্বতীয়স্য রাজ্ঞ ইমে' এই অর্থে প্রথমে ছ (ঈয়) প্রত্যয়, পরে ইদমর্থে অণ্। গ্রামে ভবঃ গ্রামেয়কঃ (ঢেয়ক প্রত্যয়), গ্রামীণঃ, গ্রাম্যঃ। গ্রীবা+ঢেয়ক=গ্রৈবেয়কং (কণ্ঠভূষা), কুক্ষি—কৌক্ষেয়কঃ (খড়্গঃ)।

৫৭। हैमन-शौवस्तिक-पौनःपुनिकाः।

হৈমন, শৌবস্তিক ও পৌনঃপুনিক, এই তিন শব্দ নিপাতনে সিদ্ধ হয়। যথা,—**हेमन्ते भवं हैमनम्, श्वो भवं शौवस्तिकम्, पुनःपुनर्भवं पौनःपुनिकम्।**

৫৮। प्रतीच्योदीच्य-तिरश्चीनाः।

প্রতীচ্য, উদীচ্য, তিরশ্চীন, এই তিন শব্দ নিপাতনে সিদ্ধ হয়। যথা,—**प्रतीचि भवं प्रतीच्यम्, उदीचि भवम् उदीच्यम्, तिरश्चि भवं तिरश्चीनम्।**

৫৯। तत्र साधुः।

'**तत्र साधुः**' এই অর্থে প্রাতিপদিকের উত্তর যথাসম্ভব উক্ত প্রত্যয় সকল হয়। যথা,—**सभायां साधुः सभ्यः, समाजे साधुः सामाजिकः, अतिथौ साधुः आतिथेयः, वेदे साधुः वैदिकः, संग्रामे साधुः सांग्रामिकः, संयुगे साधुः सांयुगीनः, वितण्डायां साधुः वैतण्डिकः, संकथायां साधुः सांकथिकः, संग्रहे साधुः सांग्रहिकः।**

৬০। देये कालादवश्यम्भावे।

অবশ্যম্ভাব বুঝাইলে দেয়-অর্থে কালবাচক প্রাতিপদিকের উত্তর যথাসম্ভব উক্ত প্রত্যয় সকল হয়। যথা,—**मासे देयं मासिकम्, वर्षे देयं वार्षिकम्, अब्दे देयम् आब्दिकम्,**

संवत्सरे देयं सांवत्सरिकम्, अग्रहायणी देयम् आग्रहायणिकम्, श्रावणी देयं श्रावणिकम्।

६१। निर्वृत्ते च। (ক)

নির্বৃত্ত (নিষ্পন্ন) অর্থেও হয়। যথা,—दिनेन निर्वृत्तं दैनिकम्, मासेन निर्वृत्तं मासिकम्, वर्षेण निर्वृत्तं वार्षिकम्।

६२। अह्नोऽह्नः। (ক)

অহন্-শব্দ-স্থানে অহ্ন হয়। যথা,—"अह्ना निर्वृत्तम् आह्निकम्।"—सिद्धान्तकौमुदी।

६३। व्याप्तौ च। (খ)

ব্যাপ্তি-অর্থেও হয়। যথা,—दिनं व्याप्य स्थितं दैनिकम्, मासं व्याप्य स्थितं मासिकम्, वर्षं व्याप्य स्थितं वार्षिकम्, चतुरो मासान् व्याप्य स्थितं चातुर्मास्यम्।

६४। वयसि च। (গ)

বয়স্-অর্থেও হয়। যথা,—द्वे वर्षे अस्य वयः द्विवर्षीणः, द्विवर्षीयः; द्विवार्षिकः, द्विवर्षः; पञ्च वर्षाण्यस्य वयः पञ्चवर्षीणः, पञ्चवर्षीयः, पञ्चवार्षिकः, पञ्चवर्षः; षोड़श वर्षाण्यस्य वयः षोड़शवर्षीणः, षोड़शवर्षीयः, षोड़शवार्षिकः, षोड़शवर्षः। (ঘ)

(ক) "তেন নির্বৃত্তম্" (পা ৫।১।৭৯)।

(খ) "তমধীষ্টো ভৃতো ভূতো ভাবী (পা ৫।১।৮০); "দ্বিগোর্যপ্" (পা ৫।১।৮২)

(গ) "বর্ষাল্লুক্ চ" (পা ৫।১।৮৮); "চিত্তবতি নিত্যম্" (পা ৫।১।৮৯)

(ঘ) দ্বিবর্ষ প্রভৃতি স্থলে তদ্ধিত প্রত্যয়ের লোপ হইয়াছে। 'চেতন' অর্থে নিত্য লোপ হয়। যথা—দ্বিবর্ষো বালকঃ। "চিত্তবতি নিত্যম্" (পা ৫।১।৮৯)

६५ । तत आगतः (पा॰ ४।३।७४)

'तत आगतः' এই অর্থে প্রাতিপদিকের উত্তর যথাসম্ভব উক্ত প্রত্যয় সকল হয়। যথা,—**मथुराया आगतः माथुरः, नगरादागतः नागरिकः, आपणादागतः आपणिकः, उपाध्यायादागतम् औपाध्यायकम्, पितामहादागतं पैतामहकम्, मातुरागतम् मातृकम्, सवितुरागतं सावित्रम्, भ्रातुरागतं भ्रातृकम्, पितुरागतं पैतृकं पित्र्यम्, स्त्रिया आगतं स्त्रैणम्, पुंस आगतं पौंस्नम्।**

६६ । तदर्हति । (क)

'तद् अर्हति' এই অর্থে প্রাতিপদিকের উত্তর যথাসম্ভব উক্ত প্রত্যয় সকল হয়। যথা,—**छेदमर्हति छेद्यः, भेदमर्हति भेद्यः, दण्डमर्हति दण्ड्यः, अर्घमर्हति अर्घ्यः, वधमर्हति वध्यः, यज्ञमर्हति यज्ञियः** (খ), **दक्षिणामर्हति दक्षिणीयः दक्षिण्यः।**

६७ । तस्मादनपेतम् । (গ)

'तस्माद् अनपेतम्' এই অর্থে প্রাতিপদিকের উত্তর যথাসম্ভব উক্ত প্রত্যয় সকল হয়। যথা,—**धर्म्मादनपेतं धर्म्म्यम्, न्यायादनपेतं न्याय्यम्, अर्थादनपेतं अर्थ्यम्, पथोऽनपेतं पथ्यम्, शास्त्रादनपेतं शास्त्रीयम्, विधेरनपेतं वैधम्।**

(ক) "তদর্হম্" (পা ৫।১।১১৭)

(খ) "যজ্ঞমর্হতি যজ্ঞকর্ম্মার্হতি বা যজ্ঞিয়ো ব্রাহ্মণঃ দেশশ্চ"—শ্রীরামতর্কবাগীশ।
"ঋত্বিজমর্হতি ঋত্বিক্‌কর্ম্মার্হতি বা আর্ত্বিজীনঃ যজমানঃ ঋত্বিক্ চ"—শ্রীরামতর্কবাগীশ।

(গ) "ধর্ম্মপথ্যর্থন্যায়াদনপেতে" (পা ৪।৪।৯২)

৬৮। तस्येदम् (पा ৪।৩।১২০)

'तस्य इदम्' এই অর্থে প্রাতিপদিকের উত্তর যথাসম্ভব উক্ত প্রত্যয় সকল হয়। যথা,—विष्णोरिदं वैष्णवम्, शिवस्येदं शैवम्, जनपदस्येदं जानपदम्, तस्येदं तदीयम्, एतस्येदम् एतदीयम्, देवस्येदं दैवम्, असुरस्येदम् आसुरम्, सम्राज इदम् साम्राज्यम्, इन्द्रस्येदम् ऐन्द्रम्, महेन्द्रस्येदं माहेन्द्रम्, मनस इदं मानसम्, शरीरस्येदं शारीरम्, पितुरिदं पित्र्यम्, गोरिदं गव्यम्, महिषस्येदं माहिषम्, वेणोरिदं वैणवम्, पलाशस्येदं पालाशम्, खदिरस्येदं खादिरम्, विल्वस्येदं वैल्वम्, मुञ्जानामिदं मौञ्जम्, स्त्रिया इदं स्त्रैणम्, पुंस इदं पौंस्नम्, गङ्गाया इदं गाङ्गम्, हिमवत इदं हैमवतम्, पशुपतेरिदं पाशुपतम्, शङ्करस्येदं शाङ्करम्, चन्द्रस्येदं चान्द्रम्, वेदस्येदं वैदिकम्, उपनिषद इदम् औपनिषदम्, पृथिव्या इदं पार्थिवम्, जलस्येदं जलीयम्, तेजस इदं तैजसम्, वायोरिदं वायवीयम्, शत्रोरिदं शात्रवम्, रुरोरिदं रौरवम्, न्यङ्कोरिदं नैयङ्कवं न्याङ्कवम्, श्वापदस्येदं शौवापदं श्वापदम्, भरतस्येदं भारतम्, भारतवर्षस्येदं भारतवर्षीयम्, युष्माकमिदं युष्मदीयम्, अस्माकमिदम् अस्मदीयम्।

৬৯। त्वन्मदावेकवचने। (क)

তদ্ধিত-প্রত্যয় পরে থাকিলে একবচনে যুষ্মদ্-শব্দ-স্থানে ত্বদ্ ও

(ক) "প্রত্যয়োত্তরপদয়োশ্চ" (পা ৭।২।৯৮)

অস্মদ্-শব্দ-স্থানে মদ্ হয়। যথা,—**তব ইদং ত্বদীয়ম্, মম ইদং মদীয়ম্।**

৩০। যুষ্মাকাস্মাকৌ খীন-খণোঃ। (ক)

খীন ও খণ্ প্রত্যয় পরে থাকিলে যুষ্মদ্-শব্দ-স্থানে যুষ্মাক ও অস্মদ্-শব্দ-স্থানে অস্মাক হয়। যথা,—**যুষ্মাকমিদং যৌষ্মাকীণং যৌষ্মাকম্, অস্মাকমিদম্ আস্মাকীনম্ আস্মাকম্।**

৩১। তবক-মমকাবেকবচনে (পা ৪।৩।৩)

খীন ও খণ্ প্রত্যয় পরে থাকিলে একবচনে যুষ্মদ্-শব্দ-স্থানে 'তবক' ও অস্মদ্-শব্দ-স্থানে 'মমক' হয়। যথা,—**তব ইদং তাবকীনং তাবকম্, মম ইদং মামকীনং মামকম্।**

৩২। কন্ পরাদেরীয়ণি। (খ)

ঈয়ণ্ প্রত্যয় হইলে পর, স্ব, রাজন্ প্রভৃতি প্রাতিপদিকের উত্তর কন্ হয়, ন্ ইৎ, ক থাকে। যথা,—**পরস্যেদং পরকীয়ম্।** স্ব শব্দের উত্তর বিকল্পে হয়। যথা,—**স্বস্যেদং স্বকীয়ং, স্বীয়ম্।** (গ)

৩৩। সৌর-সারব-স্বায়ম্ভুবাঃ।

সৌর, সারব ও স্বায়ম্ভুব শব্দ নিপাতনে সিদ্ধ হয়। যথা,—

(ক) "যুষ্মদস্মদোরন্যতরস্যাং খঞ্চ" (পা ৪।৩।১)

(খ) "কুগ্ জনস্য পরস্য চ" (গ সূ ৮৯); "দেবস্য চ ইতি বক্তব্যম্" (গ সূ ৯০); "রাজ্ঞঃ ক চ" (পা ৪।৩।১৪০)

(গ) এইরূপ, দেব—দেবকীয়ঃ, রাজন্—রাজকীয়ঃ, জন—জনকীয়ঃ। বামন ও ধর্ম্মদাসের মতে 'স্বস্যেদং' এই বাক্যে 'সৌবম্'।

सूर्य्यस्येदं सौरं दिनम्, सरय्वा इदं सारवं जलम्, स्वयम्भुव इदं स्वायम्भुवं धाम।

৭৪। भवदीयान्यदीयौ। (ক)

ভবদীয় ও অন্যদীয় শব্দ নিপাতনে সিদ্ধ হয়। যথা,—भवत इदं भवदीयम्, अन्यस्येदं अन्यदीयम्।

৭৫। तस्य विकारः (पा ४।३।१३४)

'तस्य विकारः' এই অর্থে প্রাতিপদিকের উত্তর যথাসম্ভব উক্ত প্রত্যয় সকল হয়। যথা,—सुवर्णस्य विकारः सौवर्णः, रजतस्य विकारः राजतः, सीसस्य विकारः सैसः, दारोर्विकारः दारवः, देवदारोर्विकारः दैवदारवः, पयसां विकारः पायसः, अग्नेः विकारः आग्नेयः, मुद्गस्य विकारः मौद्गः, इक्षोर्विकारः ऐक्षवः, गुड़स्य विकारः गौड़ः, पिष्टस्य विकारः पैष्टः, तिलस्य विकारः तैलम्।

৭৬। तदस्य पण्यम् (पा ४।४।५१)

'तद् अस्य पण्यम्' এই অর্থে প্রাতিপদিকের উত্তর যথাসম্ভব উক্ত প্রত্যয় সকল হয়। যথা,—लवणमस्य पण्यं लावणिकः, तैलमस्य पण्यं तैलिकः, अपूपा अस्य पण्यम् आपूपिकः, तण्डुलोऽस्य पण्यं ताण्डुलिकः, मोदका अस्य पण्यं मौदकिकः, उशीरमस्य पण्यम् औशीरिकः, ताम्बूलमस्य पण्यं ताम्बूलिकः।

৭৭। तदस्य प्रहरणम्। (খ)

(ক) "ভবতষ্ঠক্‌ছসৌ" (পা ৪।২।১১৫); "গহাদিভ্যশ্চ" (পা ৪।২।১৩৮)

(খ) "প্রহরণম্" (পা ৪।৪।৫৭); "শক্তিযষ্ট্যোরীকক্" (পা ৪।৪।৫৯)

'তদ্ অস্য প্রহরণম্' এই অর্থে প্রাতিপদিকের উত্তর যথাসম্ভব উক্ত প্রত্যয় সকল হয়। যথা,—**ধনুরস্য প্রহরণং ধানুষ্কঃ, অসিঃ অস্য প্রহরণম্ আসিকঃ, প্রাসোঽস্য প্রহরণং প্রাসিকঃ, পরশ্বধম্ অস্য প্রহরণং পারশ্বধিকঃ, পরশুরস্য প্রহরণং পারশবিকঃ, তরবারিরস্য প্রহরণং তারবারিকঃ, শক্তিরস্য প্রহরণং শাক্তীকঃ, যষ্টিরস্য প্রহরণং যাষ্টীকঃ।**

৭৮। তদস্য প্রয়োজনম্। (ক)

'তদ্ অস্য প্রয়োজনম্' এই অর্থে প্রাতিপদিকের উত্তর যথাসম্ভব উক্ত প্রত্যয় সকল হয়। যথা,—**স্বর্গঃ প্রয়োজনমস্য স্বর্গ্যম্, যশঃ প্রয়োজনমস্য যশস্যম্, আয়ুঃ প্রয়োজনমস্য আয়ুষ্যম্, কামঃ প্রয়োজনমস্য কাম্যম্, গৃহপ্রবেশনং প্রয়োজনমস্য গৃহপ্রবেশনীয়ম্, অনুপ্রবচনং প্রয়োজনমস্য অনুপ্রবচনীয়ম্, সংবেশনং প্রয়োজনমস্য সংবেশনীয়ম্।**

৭৯। তদস্য শীলম্। (খ)

'তদ্ অস্য শীলম্' এই অর্থে প্রাতিপদিকের উত্তর যথাসম্ভব উক্ত প্রত্যয় সকল হয়। যথা,—**তপোঽস্য শীলং তাপসঃ, গুরোঃ দোষাণামাবরণং ছত্রম্ ছত্রমস্য শীলং ছাত্রঃ, শিক্ষাস্য শীলং শৈক্ষঃ, প্ররোহোঽস্য শীলং প্রারোহঃ, চুরা অস্য শীলং চৌরঃ।**

(ক) "প্রয়োজনম্" (পা ৫।১।১০৯)।

(খ) "শীলম্" (পা ৪।৪।৬১); "ছত্রাদিভ্যো ণঃ" (পা ৪।৪।৬২)

৮০। তদস্য প্রাপ্তং কালাৎ। (ক)

'তদ্ অস্য প্রাপ্তম্' এই অর্থে কালবাচক প্রাতিপদিকের উত্তর যথাসম্ভব উক্ত প্রত্যয় সকল হয়। যথা,—**সময়োঽস্য প্রাপ্তঃ সাময়িকঃ, কালোঽস্য প্রাপ্তঃ কালিকঃ, ঋতুরস্য প্রাপ্তঃ আর্ত্তবঃ।**

৮১। অধিকৃত্য কৃতং গ্রন্থে।

গ্রন্থ বুঝাইলে '**অধিকৃত্য কৃতম্**' এই অর্থে প্রাতিপদিকের উত্তর যথাসম্ভব উক্ত প্রত্যয় সকল হয়। যথা,—**রামমধিকৃত্য কৃতম্ রামায়ণম্, ভগবন্তমধিকৃত্য কৃতং ভাগবতম্, ভরতানধিকৃত্য কৃতং ভারতম্, বাক্যং পদঞ্চাধিকৃত্য কৃতং বাক্যপদীয়ম্, রাঘবান্ পাণ্ডবাংশ্চাধিকৃত্য কৃতং রাঘবপাণ্ডবীয়ম্, কিরাতমর্জ্জুনঞ্চাধিকৃত্য কৃতং কিরাতার্জ্জুনীয়ম্, অনুশাসনমধিকৃত্য কৃতম্ আনুশাসনিকম্, অশ্বমেধমধিকৃত্য কৃতম্ আশ্বমেধিকম্, আশ্রমবাসমধিকৃত্য কৃতম্ আশ্রমবাসিকম্, মুষলমধিকৃত্য কৃতং মৌষলম্।** (খ)

(ক) "সময়স্তদস্য প্রাপ্তম্" (পা ৫।১।১০৪)

(খ) "অধিকৃত্য আরভ্য অভিপ্রেত্য ইত্যর্থঃ"—শ্রীরামতর্কবাগীশ। "লুবাখ্যায়িকাভ্যো বহুলম্"—বার্ত্তিক। আখ্যায়িকা-অর্থ বুঝাইবার জন্য যে তদ্ধিত প্রত্যয় হয়, তাহার প্রায়ই লোপ হয়। "আখ্যায়িকা নাম গদ্যরূপো গ্রন্থবিশেষঃ"—তত্ত্ববোধিনী। যথা—বাসবদত্তামধিকৃত্য কৃতা আখ্যায়িকা বাসবদত্তা। সুমনোহরা। কোন কোন স্থলে হয় না। যথা—ভৈমরথী।

৮২। তস্মৈ প্রভবতি সন্তাপাদিভ্যঃ (পা ৫।১।১০১)

'**তস্মৈ প্রভবতি**' এই অর্থে 'সন্তাপাদি' প্রাতিপদিকের উত্তর যথাসম্ভব উক্ত প্রত্যয় সকল হয়। যথা,—**সন্তাপায় প্রভবতি সান্তাপিকঃ, সন্নাহায় প্রভবতি সান্নাহিকঃ, সংগ্রামায় প্রভবতি সাংগ্রামিকঃ, সংঘাতায় প্রভবতি সাংঘাতিকঃ, উৎপাতায় প্রভবতি ঔৎপাতিকঃ**।

৮৩। কার্ম্মুকং ধনুষি। (ক)

'ধনুঃ-অর্থে' কার্ম্মুক-শব্দ নিপাতনে সিদ্ধ হয়। যথা,—**কর্ম্মণে প্রভবতি কার্ম্মুকং ধনুঃ**।

৮৪। তস্মৈ হিতম্ (পা ৫।১।৫)

'**তস্মৈ হিতম্**' এই অর্থে প্রাতিপদিকের উত্তর যথাসম্ভব উক্ত প্রত্যয় সকল হয়। যথা,—**যজ্ঞায় হিতং যজ্ঞিয়ম্, ব্রহ্মণে হিতং ব্রহ্মণ্যম্** (খ), **বিশ্বজনেভ্যো হিতম্ বিশ্বজনীনম্,**

(ক) "কর্ম্মণ উকঞ্" (পা ৫।১।১০৩)

(খ) বিদ্যাসাগর মহাশয় 'ব্রহ্মণে হিতং ব্রাহ্মণ্যম্' এই উদাহরণ দিয়াছিলেন। কিন্তু "খল-যব-মাষ-তিল-বৃষ-ব্রহ্মণশ্চ" (পা ৫।১।৭) এই পাণিনির সূত্রানুসারে 'ব্রহ্মন্' শব্দের উত্তর 'তস্মৈ হিতম্' এই অর্থে যৎ প্রত্যয় হয়। যৎ প্রত্যয় পরে থাকিলে বৃদ্ধির সম্ভাবনা নাই। অতএব 'ব্রহ্মণ্যম্' এইরূপ হওয়াই উচিত। পাণিনীয় ব্যাকরণেও 'ব্রহ্মণ্য' এইরূপ উদাহরণই আছে। তত্ত্ববোধিনী ও কাশিকার মতে 'ব্রাহ্মণেভ্যো হিতম্' এইরূপ বাক্য। খল প্রভৃতি শব্দের উত্তরও এই অর্থে যৎ প্রত্যয় হয়। যথা—খল্যম্, যব্যম্, মাষ্যম্, তিল্যম্, বৃষ্যম্।

সর্ব্বজনেভ্যো হিতং সর্ব্বজনীনম্ (ক), আত্মনে হিতম্ আত্মনীনম্ (খ)।

৮৫। কালে নক্ষত্রযোগে। (গ)

কাল ও নক্ষত্র-যোগ বুঝাইলে নক্ষত্র-বাচক প্রাতিপদিকের উত্তর যথাসম্ভব উক্ত প্রত্যয় সকল হয়। যথা,—বিশাখয়া নক্ষত্রেণ যুক্তো মাসঃ বৈশাখঃ, রাধয়া নক্ষত্রেণ যুক্তো মাসঃ রাধঃ, জ্যেষ্ঠয়া নক্ষত্রেণ যুক্তো মাসঃ জ্যৈষ্ঠঃ, আষাঢ়য়া নক্ষত্রেণ যুক্তো মাসঃ আষাঢ়ঃ, শ্রবণয়া নক্ষত্রেণ যুক্তো মাসঃ শ্রাবণঃ শ্রাবণিকঃ, ভদ্রয়া নক্ষত্রেণ যুক্তো মাসঃ ভাদ্রঃ, ভদ্রপদয়া নক্ষত্রেণ যুক্তো মাসঃ ভাদ্রপদঃ, অশ্বিন্যা নক্ষত্রেণ যুক্তো মাসঃ আশ্বিনঃ, অশ্বযুজা নক্ষত্রেণ যুক্তো মাসঃ আশ্বযুজঃ, কৃত্তিকয়া নক্ষত্রেণ যুক্তো মাসঃ কার্ত্তিকঃ কার্ত্তিকিকঃ, অগ্রহায়ণ্যা নক্ষত্রেণ যুক্তো মাসঃ আগ্রহায়ণঃ আগ্রহায়ণিকঃ, মৃগ্যা নক্ষত্রেণ যুক্তো মাসঃ মার্গঃ, মৃগশীর্ষেণ নক্ষত্রেণ যুক্তো মাসঃ মার্গশীর্ষঃ, মঘয়া নক্ষত্রেণ যুক্তো

(ক) 'তত্র সাধু' এই অর্থে খঞ্ (ঈন) প্রত্যয় দ্বারা 'বৈশ্বজনীন' 'সার্ব্বজনীন' এইরূপ পদও হয়। "প্রতিজনাদিভ্যঃ খঞ্" (পা ৪।৪।৯৯)। 'তস্মৈ হিতম্' এই অর্থে 'সার্ব্বজনিক'—এইরূপ পদও হয়। সর্ব্বজন ও বিশ্বজন শব্দ কর্ম্মধারয়-সমাস-নিষ্পন্ন হইলে 'তস্মৈ হিতম্' এই অর্থে "সর্ব্বজনীনং, সার্ব্বজনিকং, বিশ্বজনীনম্" এইরূপ পদ হয়। বহুব্রীহি অথবা তৎপুরুষ সমাসে "বিশ্বজনীয়ম্, সর্ব্বজনীয়ম্" এইরূপ পদও নিষ্পন্ন হইয়া থাকে।—তত্ত্ববোধিনী

(খ) যে সকল শব্দের শেষে 'ভোগ' শব্দ থাকে, তাহাদেরও এইরূপ হয়। যথা—মাতৃভোগীণঃ, পিতৃভোগীণঃ; আচার্য্যভোগীনঃ (এস্থলে ণত্ব হয় না)।

(গ) "নক্ষত্রেণ যুক্তঃ কালঃ" (পা ৪।২।৩)

मास: माघ:, फल्गुन्या नक्षत्रेण युक्तो मास: फाल्गुनिक:, चित्रया नक्षत्रेण युक्तो मास: चैत्र: चैत्रिक:। (ক)

৮৬। **यलोपस्तिष्य-पुष्ययो:।** (খ)

'নক্ষত্র-যুক্ত-কাল' এই অর্থে বিহিত ষণ্ প্রত্যয় পরে থাকিলে তিষ্য ও পুষ্য শব্দের য-কারের লোপ হ। যথা,—**तिष्येण नक्षत्रेण युक्तो मास: तैष:, पुष्येण नक्षत्रेण युक्तो मास: पौष:।**

৮৭। **तद्वहति।**

'**तद् वहति**' এই অর্থে প্রাতিপদিকের উত্তর যথাসম্ভব উক্ত প্রত্যয় সকল হয়। যথা—**धुरं वहति धुर्य्य: धौरेय:** (গ), **सर्व्वधुरां वहति सर्व्वधुरीण:** (ঘ), **चतुर्धुरां वहति चतुर्धुरीण:, हलं वहति हालिक:, सीरं वहति सैरिक:, रथं वहति रथ्य:, युगं वहति युग्य:, शकटं वहति शाकट:।**

৮৮। **तेन जीवति।** (ঙ)

(ক) এই সূত্রানুসারে বিহিত তদ্ধিত প্রত্যয়ের লোপ হয়। যথা—অদ্য পুষ্য:, অদ্য মঘা। কিন্তু কাল-বিশেষ বুঝাইলে হয় না। যথা—পৌষী রাত্রি:, পৌষমহ:। দিন অথবা রাত্রি এইরূপ কাল-বিশেষ বুঝাইতেছে, এই জন্য হইল না। "লুববিশেষে" (পা ৪।২।৪)

(খ) "সূর্য্যতিষ্যাগস্ত্যমৎস্যানাম্ য উপধায়া:" (পা ৬।৪।১৪৯), "তিষ্যপুষ্যয়োর্নক্ষত্রাণি যলোপ ইতি বাচ্যম্" (বা ৪২০০)

(গ) শ্রীরামতর্কবাগীশের মতে ঈন প্রত্যয় দ্বারা 'ধুরীণ:' পদও নিষ্পন্ন হয়।

(ঘ) 'একধুরা' শব্দের উত্তর ঈন প্রত্যয়ের লোপও হয়। যথা—একধুরীণ:, একধুর:।

(ঙ) "বেতনাদিভ্যো জীবতি" (পা ৪।৪।১২)

'तेन जीवति' এই অর্থে প্রাতিপদিকের উত্তর যথাসম্ভব উক্ত প্রত্যয় সকল হয়। যথা,—वेतनेन जीवति वैतनिकः, वाहनेन जीवति वाहनिकः, जालेन जीवति जालिकः, उपदेशेन जीवति औपदेशिकः, धनुषा जीवति धानुष्कः (ক), क्रयविक्रयाभ्यां जीवति क्रयविक्रयिकः, आयुधेन जीवति आयुधिकः आयुधीयः।

৮৯। तदस्मिन् दीयते। (খ)

'तद् अस्मिन् दीयते' এই অর্থে প্রাতিপদিকের উত্তর যথাসম্ভব উক্ত প্রত্যয় সকল হয়। যথা,—पञ्चास्मिन् वृद्धिः आयः लाभः शुल्कः उपदा वा दीयते पञ्चकः। शत्यः, शतिकः, साहस्रः—বৃদ্ধি প্রভৃতির দান-স্থলেই হইয়া থাকে। (গ)

৯০। तादर्थ्ये। (ঘ)

'তাদর্থ্য' বুঝাইলে প্রাতিপদিকের উত্তর যথাসম্ভব উক্ত প্রত্যয় সকল হয়। যথা,—पादार्थमुदकं पाद्यम्, अर्घार्थमुदकम् अर्घ्यम्,

---

(ক) বিদ্যাসাগর মহাশয় এস্থলে 'ধানুষিকঃ' এইরূপ পদ উদাহরণ দিয়াছেন। কিন্তু সিদ্ধান্তকৌমুদী ও কাশিকায় 'ধানুষ্কঃ' এইরূপ পদ আছে।

(খ) "তদস্মিন্ বৃদ্ধ্যায়লাভশুল্কোপদা দীয়তে" (পা ৫।১।৪৭)

(গ) "উত্তমর্ণেন মূলাতিরিক্তং গ্রাহ্যং বৃদ্ধিঃ (সুদ)। গ্রামাদিষু স্বামিগ্রাহ্যো ভাগ আয়ঃ (খাজনা)। বিক্রেত্রা মূল্যাদধিকং গ্রাহ্যং লাভঃ। রক্ষানির্বেশো রাজভাগঃ শুল্কঃ (রক্ষা করিবার জন্য রাজা যাহা গ্রহণ করেন, অর্থাৎ ট্যাক্স)। উৎকোচ উপদা"—সি, কৌ

(ঘ) "পাদার্ঘাভ্যাঞ্চ" (পা ৫।৪।২৫); "অনুক্তসমুচ্চয়ার্থশ্চকার, যথাদর্শনমন্যত্রাপি প্রত্যয়ো ভবতি"—(কাশিকা)

অতিথয়ে ইদম্ আতিথ্যম্, অগ্নিদেবতায়ৈ ইদম্ আগ্নিদৈবত্যম্, পিতৃদেবতায়ৈ ইদং পিতৃদৈবত্যম্।

৫১। স্বার্থে। (ক)

স্বার্থে প্রাতিপদিকের উত্তর যথাসম্ভব উক্ত প্রত্যয় সকল হয়। প্রত্যয় হইলে প্রাতিপদিকের অর্থের বৈলক্ষণ্য ঘটে না, পূর্ব্ব অর্থই অবিকৃত থাকে। যথা,—বন্ধুরেব বান্ধবঃ, চোর এব চৌরঃ, চণ্ডাল এব চাণ্ডালঃ, মন এব মানসম্, দেবতৈব দৈবতম্, প্রজ্ঞ এব প্রাজ্ঞঃ, কুতুকমেব কৌতুকম্, কুতূহলমেব কৌতূহলম্, মরুদেব মারুতঃ, রক্ষ এব রাক্ষসঃ, ভেষজমেব ভৈষজ্যম্, ইতিহৈব ঐতিহ্যম্, ত্রিলোকী এব ত্রৈলোক্যম্, করুণা এব কারুণ্যম্, দ্বিগুণাবেব দ্বৈগুণ্যম্, ত্রিগুণা এব ত্রৈগুণ্যম্, ষড়্‌গুণা এব ষাড়্‌গুণ্যম্, চত্বারো বর্ণা এব চাতুর্বর্ণ্যম্, সেনা এব সৈন্যম্, সন্নিধিরেব সান্নিধ্যম্, সমীপমেব সামীপ্যম্, উপমা এব ঔপম্যম্; সুখমেব সৌখ্যম্, সোদর এব সোদর্য্যঃ, এক এব এককঃ, অত্যয় এব আত্যয়িকঃ, সূর এব সূর্য্যঃ, মর্ত্ত এব মর্ত্ত্যঃ, সমানমেব সামান্যম্, যাব এব যাবকঃ, বাল এব বালকঃ, নৌরেব নৌকা, নবমেব নব্যম্। (খ)

(ক) "প্রজ্ঞাদিভ্যশ্চ" (পা ৫।৪।৩৮) ইত্যাদি।

(খ) "নশ্চ পুরাণে প্রাৎ" (বা ৩৩২৮)। "পুরাণার্থে বর্ত্তমানাৎ প্রশব্দাৎ নো বক্তব্যঃ। চাৎ পূর্ব্বোক্তাঃ।"—ভট্টোজিদীক্ষিতঃ

'পুরাণ' অর্থে প্র-শব্দের উত্তর ন, তুপ্, তনপ্ ও ঈন প্রত্যয় হয়। যথা—প্রণম্, প্রত্নম্, প্রতনম্, প্রীণম্।

৬২। दैवात्तल् (पा ५।४।२७)

স্বার্থে দেব-শব্দের উত্তর তল্-প্রত্যয় হয়। যথা,—**देव एव देवता।** (ক)

৬৩। भाग-रूप-नामभ्यो धेयः (वा ३३३०)

স্বার্থে ভাগ, রূপ, নামন্, এই তিন প্রাতিপদিকের উত্তর ধেয় প্রত্যয় হয়। যথা,—**भाग एव भागधेयः भागधेयम्, रूपमेव रूपधेयम्, नामैव नामधेयम्।**

৬৪। मृदस्तिकन् (पा ५।४।३९)

'স্বার্থে' মৃদ্-শব্দের উত্তর তিকন্ প্রত্যয় হয়। যথা,—**मृदेव मृत्तिका।** (খ)

৬৫। स-स्नौ प्रशंसायाम् (पा ५।४।४०)

'প্রশংসা' বুঝাইলে স্বার্থে মৃদ্-শব্দের উত্তর স ও স্ন প্রত্যয় হয়। যথা,—**प्रशस्ता मृत् मृत्सा, मृत्स्ना।**

৬৬। नूल-नूतनौ। (গ)

(ক) ল্ ইৎ, ত থাকে। তল্-প্রত্যয়ান্ত শব্দ স্ত্রীলিঙ্গ হয়।

(খ) স্বার্থিক প্রত্যয়ান্ত শব্দ গুলি মূল শব্দেরই লিঙ্গ প্রাপ্ত হয়। মৃদ্ শব্দ স্ত্রীলিঙ্গ, এই জন্য তিকন্-প্রত্যয়ান্ত মৃত্তিকা শব্দও স্ত্রীলিঙ্গ হইল। কখন কখন এই নিয়মের ব্যতিক্রমও দেখা যায়। যথা—ত্রিলোকী এব ত্রৈলোক্যম্।

(গ) 'নব' শব্দের উত্তর স্বার্থে ত্নপ্, তনপ্ ও খ প্রত্যয়, এবং নিপাতনে নূ আদেশ হয়। "নবস্য নূ (আদেশঃ) ত্নপ্-তনপ্-খাশ্চ (প্রত্যয়া বক্তব্যাঃ)" (বা ৩৩২৭)। যথা, নূত্নম্, নূতনম্, নবীনম্।

নূত্ন ও নূতন শব্দ নিপাতনে সিদ্ধ হয়। যথা—**নবমেব নূত্নং, নূতনম্।**

৫৭। ঔপয়িকঞ্চ। (ক)

ঔপয়িক শব্দ নিপাতনে সিদ্ধ হয়। যথা, **উপায় এব ঔপয়িকঃ।**

৫৮। সোঽস্য নিবাসোঽভিজনো বা। (খ)

'সঃ অস্য নিবাসঃ' (২৮), **'সঃ অস্যাভিজনঃ'** (২৯), এই দুই অর্থে প্রাতিপদিকের উত্তর যথাসম্ভব উক্ত প্রত্যয় সকল হয়। যথা,—**মথুরা অস্য নিবাসঃ মাথুরঃ, মিথিলা অস্য নিবাসঃ মৈথিলঃ, কম্বোজোঽস্য নিবাসঃ কাম্বোজঃ, কশ্মীরোঽস্য নিবাসঃ কাশ্মীরঃ, গন্ধারোঽস্য নিবাসঃ গান্ধারঃ, কলিঙ্গোঽস্য নিবাসঃ কালিঙ্গঃ, উৎকলোঽস্য নিবাসঃ ঔৎকলঃ, সিন্ধুরস্য নিবাসঃ সৈন্ধবঃ, তক্ষশিলাস্য নিবাসঃ তাক্ষশিলঃ, বিদেহোঽস্য নিবাসঃ বৈদেহঃ, পঞ্চালোঽস্য নিবাসঃ পাঞ্চালঃ, মগধোঽস্য নিবাসঃ মাগধঃ, অযোধ্যা অস্য নিবাসঃ আযোধ্যিকঃ, মদ্রোঽস্য নিবাসঃ মাদ্রঃ, অঙ্গোঽস্য নিবাসঃ আঙ্গঃ, বঙ্গোঽস্য নিবাসঃ বাঙ্গঃ।** অভিজন-অর্থেও এইরূপ। যথা,—**গন্ধারোঽস্যাভিজনঃ গান্ধারঃ** ইত্যাদি।

(ক) "বিনয়াদিভ্যষ্ঠক্" (পা ৫।৪।৩৪); "উপায়াদ্ হ্রস্বত্বঞ্চ" (বা)

(খ) "সোঽস্য নিবাসঃ" (পা ৪।৩।৮৯); "অভিজনশ্চ" (পা ৪।৩।৯০)

(২৮) নিবাসো নাম যত্র সম্প্রত্যুষ্যতে। "যত্র স্বয়ং বসতি স নিবাসঃ"—বিবেকঃ।

'তেন তুল্যঃ' এই অর্থে প্রাতিপদিকের উত্তর স্থান ও স্থানীয় প্রত্যয় হয়। যথা,—পিত্রা তুল্যঃ পিতৃস্থানঃ, পিতৃস্থানীয়ঃ। এইরূপ ভ্রাতৃস্থানঃ, ভ্রাতৃস্থানীয়ঃ। মাতৃস্থানা, মাতৃস্থানীয়া মাতৃষ্বসা।

২১৭। প্রকারে জাতীয়ঃ।

•"বিলোক্য শলাং বহুবজ্রমাগতং, দধানমিষ্টং মৃতকল্পমঙ্গনা। মুমোচ দুরাত্মতুরূপ-মানসা, ক নাম নারীজনতা ক ধীরতা॥" কিন্তু শকটের মতে "বাচ্যস্যাপি লিঙ্গং তেনৈব বহুগুড়া দ্রাক্ষা, বাচ্যভূতায়া দ্রাক্ষায়া লিঙ্গম্।" দুই শ্রেণীর বৈয়াকরণের দুই মত দেখিয়া "প্রয়োগ-রত্ন-মালা"-গ্রন্থকার কহেন, "বহুচ্ প্রকৃতিলিঙ্গো বা কল্পাদ্যা বাচ্যলিঙ্গকাঃ। সুবন্তাৎ প্রাক্ বহুচ্ বা স্যাৎ লঘুর্বহুতৃণং নরঃ। বহুগুড়া দ্রাক্ষা।"

"মূর্খো বহুবিষং পুত্রোঽমূর্খো বহুসুধা স্মৃতঃ।
বহুবজ্রং খরা ভার্য্যা বহুতূলো লঘুঃ সুতা।"—উদ্ভটসাগরস্য

(ক) "স্থানান্তাদ্ বিভাষা সস্থানেনেতি চেৎ" (পা ৫।৪।১০)। স্থান ও স্থানীয় প্রত্যয়ের উল্লেখ, বোধ হয়, কোন ব্যাকরণেই নাই। "স্থানান্তাৎ তত্তুল্যাদ্বা।" স্থানান্তাৎ শব্দাৎ তত্তুল্যবচনাৎ ঈয়ো বা ভবতি। পিতৃস্থানমিব স্থানমস্যেতি বহুব্রীহিণা পিতৃস্থান-শব্দঃ পিতৃতুল্যবচনঃ। তত ঈয়ঃ। পিতৃস্থানীয়ঃ, রাজস্থানীয়ঃ। পক্ষে পিতৃস্থানঃ, রাজস্থানঃ। তত্তুল্যাদিতি কিম্? গোস্থানম্"—সংক্ষিপ্তসার। পাণিনিতেও এইরূপ সূত্র আছে। যথা—"স্থানান্তাদ্ বিভাষা সস্থানেনেতি চেৎ"—(পা ৫।৪।১০)। যদি কোন সমাস-নিষ্পন্ন শব্দের অন্তে 'স্থান' শব্দ থাকে এবং সেই সমাস-নিষ্পন্ন শব্দ 'তত্তুল্য' অর্থ বুঝায়, তাহা হইলে তাহার উত্তর বিকল্পে ঈয় প্রত্যয় হয়। 'পিতৃস্থানমিব স্থানমস্য' এই বাক্যে বহুব্রীহি-সমাস দ্বারা 'পিতৃস্থান' শব্দ হইল। ইহার অর্থ 'পিতৃতুল্য'। এই 'পিতৃস্থান' শব্দের উত্তর বিকল্পে ঈয় প্রত্যয় হওয়ায় 'পিতৃস্থানীয়ঃ' ও 'পিতৃস্থানঃ' দুই পদ হইল। বিদ্যাসাগর মহাশয়, বোধ হয়, বিষয়টী সহজ করিবার জন্য স্থান ও স্থানীয় এই দুইটীকে প্রত্যয়-রূপে গ্রহণ করিয়াছেন।

'প্রকার' অর্থাৎ 'সাদৃশ্য' অর্থে প্রাতিপদিকের উত্তর জাতীয় প্রত্যয় হয়। যথা,—**ব্রাহ্মণজাতীয়ঃ, ক্ষত্রিয়জাতীয়ঃ, পুরুষজাতীয়ঃ, স্ত্রীজাতীয়ঃ, পটুজাতীয়ঃ, বণিগ্‌জাতীয়ঃ, রজকজাতীয়ঃ, তার্কিকজাতীয়ঃ, বৈয়াকরণজাতীয়ঃ**। (ক)

২১৮। সংখ্যায়াঃ ক্রিয়াভ্যাবৃত্তিগণনে কৃত্বসুচ্ (পা ৫।৪।১৭)

ক্রিয়ার অভ্যাবৃত্তি-গণন, অর্থাৎ কতবার সেই ক্রিয়া অনুষ্ঠিত হইল, তাহার গণনা বুঝাইলে সংখ্যা-বাচক প্রাতিপদিকের উত্তর কৃত্বসুচ্ হয় ; উ চ্ ইৎ, কৃত্বস্ থাকে। যথা,—**পঞ্চবারান্ ভুঙ্‌ক্তে, পঞ্চকৃত্বো ভুঙ্‌ক্তে ; সপ্ত বারান্ স্বপিতি, সপ্তকৃত্বঃ স্বপিতি, ; শতং বারান্ পঠতি, শতকৃত্বঃ পঠতি।**

২১৯। দ্বি-ত্রি-চতুর্ভ্যঃ সুচ্ (পা ৫।৪।১৮)

ক্রিয়ার অভ্যাবৃত্তি-গণন বুঝাইলে দ্বি, ত্রি, চতুর্, এই তিন প্রাতি-

---

(ক) "জাত্যন্তাচ্ছ বন্ধুনি" (পা ৫।৪।৯)। ব্রাহ্মণজাতীয় প্রভৃতি শব্দগুলি পাণিনি ও সংক্ষিপ্তসারের মতে জাতীয় প্রত্যয় নিষ্পন্ন নহে। 'ব্রাহ্মণো জাতিরস্য' এই বাক্যে বহুব্রীহি-সমাস দ্বারা 'ব্রাহ্মণজাতি' শব্দ হইল। তাহার পর 'ব্রাহ্মণজাতি' শব্দের উত্তর স্বার্থে ঈয় প্রত্যয়। পটুজাতীয়, তার্কিকজাতীয় প্রভৃতি পদগুলি জাতীয় প্রত্যয় নিষ্পন্ন বটে। এরূপ স্বতন্ত্র ব্যবস্থার কারণ এই যে, কেবল বহুব্রীহি-সমাস করিয়া ব্রাহ্মণজাতিঃ ইত্যাদি প্রয়োগ হইবে না, তখন ঈয় প্রত্যয় দ্বারা ব্রাহ্মণজাতীয়ঃ এইরূপ প্রয়োগ করিতে হইবে। ব্রাহ্মণশ্চাসৌ জাতিশ্চেতি ব্রাহ্মণজাতিঃ—এস্থলে কর্ম্মধারয়-সমাসে ঈয় প্রত্যয় হইবে না।

পদিকের উত্তর সুচ্ হয়; 'উ চ্ ইৎ, স্ থাকে। যথা,—**দ্বৌ বারৌ ভুঙ্‌ক্তে দ্বির্ভুঙ্‌ক্তে, ত্রীন্ বারান্ ভুঙ্‌ক্তে ত্রির্ভুঙ্‌ক্তে।**

২২০। লোপোঽন্ত্যস্য চতুরঃ। (ক)

সুচ্ হইলে চতুর্ এই প্রাতিপদিকের অন্ত্য বর্ণের লোপ হয়। যথা,—**চতুরো বারান্ ভুঙ্‌ক্তে চতুর্ভুঙ্‌ক্তে।**

২২১। একস্য সকৃচ্চ (পা ৫।৪।১৯)

'এক' এই প্রাতিপদিকের উত্তর সুচ্ হয়, এবং তৎ-সহিত এক-শব্দ স্থানে সকৃৎ হয়। যথা,—**একং বারং ভুঙ্‌ক্তে সকৃদ্ভুঙ্‌ক্তে; একং বারম্ অধীতে সকৃদধীতে,**—এস্থলে অভ্যাবৃত্তি সম্ভবপর নহে,—গণনামাত্র বুঝাইতেছে।

২২২। বিভাষা বহোরবিপ্রকৃষ্টকালে ধাচ্। (খ)

ক্রিয়ার অভ্যাবৃত্তি-গণন এবং ক্রিয়ানুষ্ঠান কালে পরস্পর নৈকট্য বুঝাইলে বহু এই প্রাতিপদিকের উত্তর বিকল্পে ধাচ্ হয়; চ্ ইৎ, ধা থাকে; পক্ষে কৃত্বসুচ্। যথা,—**বহুধা দিবসস্য ভুঙ্‌ক্তে, বহুকৃত্বো দিবসস্য ভুঙ্‌ক্তে।** নৈকট্য না বুঝাইলে হয় না। যথা,—**বহুকৃত্বো মাসস্যাগচ্ছতি।**

২২৩। বহ্বল্পার্থাদ্বা চশস্। (গ)

বহ্বর্থ ও অল্পার্থ প্রাতিপদিকের উত্তর বিকল্পে চশস্ হয়; চ্ ইৎ,

(ক) "রাৎ সস্য" (পা ৮।২।২৪)

(খ) "বিভাষা বহোর্ধাঽবিপ্রকৃষ্টকালে" (পা ৫।৪।২০)

(গ) "বহ্বল্পার্থাচ্ছস্ কারকাদন্যতরস্যাম্" (পা ৫।৪।৪২)

শস্ থাকে। যথা,—**বহু দদাতি, বহুশো দদাতি ; ভূরি দদাতি, ভূরিশো দদাতি ; অল্পং দদাতি, অল্পশো দদাতি ; স্তোকং দদাতি, স্তোকশো দদাতি।** কারকের উত্তর হয়, অন্যত্র হয় না। যথা,—**বহূনাং স্বামী,**—এ স্থলে, **বহুশঃ স্বামী,** এরূপ হইবে না।

২২৪। সংখ্যৈকদেশবচনাচ্চ বীপ্সায়াম্। (ক)

'বীপ্সা' বুঝাইলে সংখ্যা-বাচক ও একদেশ-বাচক প্রাতিপদিকের উত্তর বিকল্পে চশস্ হয়। যথা, সংখ্যা-বাচক—**দ্বৌ দ্বৌ দদাতি, দ্বিশো দদাতি, পঞ্চ পঞ্চ দদাতি পঞ্চশো দদাতি।** একদেশ-বাচক—**পাদং পাদং দদাতি পাদশো দদাতি, অর্দ্ধমর্দ্ধং দদাতি অর্দ্ধশো দদাতি।**

২২৫। বিকারে ময়ট্। (খ)

'বিকার' অর্থ বুঝাইলে প্রাতিপদিকের উত্তর ময়ট্ হয় ; ট্ ইৎ, ময় থাকে। যথা,—**স্বর্ণস্য বিকারঃ স্বর্ণময়ো ঘটঃ, স্বর্ণময়ী প্রতিমা ; মৃদো বিকারঃ মৃন্ময়ো ঘটঃ, মৃন্ময়ী প্রতিমা।** (গ)

(ক) "সংখ্যৈকবচনাচ্চ বীপ্সায়াম্" (পা ৫।৪।৪৩)

(খ) "ময়ড়্বৈতয়োর্ভাষায়ামভক্ষ্যাচ্ছাদনয়োঃ" (পা ৪।৩।১৪৩)

'ময়ট্' প্রত্যয়ের বিভিন্ন অর্থ-সূচক কারিকা:—"ময়ড্ বিকারে প্রাচুর্য্যে স্বরূপে প্রস্তুতেঽপি চ। ভাগাধিকমূল্যমস্যেত্যর্থে সংখ্যার্থকান্ময়ট্।" যথা—সুবর্ণময়ং পাত্রম্, মণিময়ম্ আভরণম্, সর্ব্বতীর্থময়ী গঙ্গা, অন্নং প্রস্তুতং অন্নময়ম্, চকারাৎ গোঃ পুরীষং গোময়ম্, সুবর্ণস্য শতময়ং হীরকম্।—প্রয়োগ-রত্ন-মালা

(গ) "নিত্যং বৃদ্ধশরাদিভ্যঃ" (পা ৪।৩।১৪৪)

२२६। हिरण्मयः। (क)

'হিরণ্ময়' শব্দ নিপাতনে সিদ্ধ হয়। যথা,—**हिरण्यस्य विकारः हिरण्मयः।**

२२७। अवयवे।

'অবয়ব' বুঝাইলে প্রাতিপদিকের উত্তর ময়ট্ হয়। যথা,—**दारूण्यस्यावयवाः दारुमयमासनम्, दर्भा अस्यावयवाः दर्भमयो ब्राह्मणः, काष्ठान्यस्यावयवाः काष्ठमयो हस्ती, ऊर्णा अस्यावयवाः ऊर्णामयं वासः, अन्नान्यस्यावयवाः अन्नमयो यज्ञः, अपूपा अस्य अवयवाः अपूपमयं श्राद्धम्।**

२२८। व्याप्तौ। (ख)

'ব্যাপ্তি' অর্থ বুঝাইলে প্রাতিপদিকের উত্তর ময়ট্ হয়। যথা,—**जलेन व्याप्तं जलमयं जगत् प्रलये, रोगेण व्याप्तं रोगमयं शरीरम्, धूमेन व्याप्तं धूममयं गृहम्।**

२२९। संसर्गे। (ख)

'সংসর্গ' বুঝাইলে প্রাতিপদিকের উত্তর ময়ট্ হয়। যথা,—**तिलेन संसृष्टं तिलमयं तर्पणम्, घृतेन संसृष्टं घृतमयं व्यञ्जनम्, पापेन संसृष्टं पापमयं शरीरम्।**

(ক) "দাণ্ডিনায়নহাস্তিনায়নাথর্বণিকজৈহ্মাশিনেয়বাশিনায়নিভ্রৌণহত্যধৈবত্যসারবৈক্ষ্বাকমৈত্রেয়হিরণ্ময়ানি" (পা ৬।৪।১৭৪)

(খ) "তৎপ্রকৃতবচনে ময়ট্" (পা ৫।৪।২১); "সমূহবচ্চ বহুষু" (পা ৫।৪।২২)

২৩০ । अपृथग्भावे च ।

'অপৃথগ্-ভাব' বুঝাইলে প্রাতিপদিকের উত্তর ময়ট্ হয়। যথা,—**विष्णोरपृथग्भूतं विष्णुमयं जगत्, वाग्भ्योऽपृथग्भूतं वाङ्मयं शास्त्रम्, चितोऽपृथग्भूतः चिन्मयः पुरुषः ।**

২৩১ । गोश्च पुरीषे (पा ४।३।१४५)

'পুরীষ' বুঝাইলে গো এই প্রাতিপদিকের উত্তর ময়ট্ হয়। যথা,—**गोः पुरीषं गोमयम् ।**

২৩২ । स्नेहे तैलन् । (ক)

'স্নেহ' অর্থে প্রাতিপদিকের উত্তর তৈলন্ হয়; ন্ ইৎ, তৈল থাকে। যথা,—**तिलस्य स्नेहः तिलतैलम्, सर्षपस्य स्नेहः सर्षपतैलम्, एरण्डस्य स्नेहः एरण्डतैलम् ।**

২৩৩ । धाच् संख्याया विधार्थे । (খ)

'বিধা' (প্রকার) অর্থে সংখ্যা-বাচক প্রাতিপদিকের উত্তর ধাচ্ হয়; চ্ ইৎ, ধা থাকে। যথা,—**एका विधा एकधा, द्वे विधे द्विधा, तिस्रो विधाः त्रिधा, चतस्रो विधाः चतुर्धा, पञ्च विधाः पञ्चधा । एकधा द्विधा त्रिधा वा भुङ्क्ते ।**

২৩৪ । द्रव्यसंख्यान्तरापादने च । (গ)

দ্রব্যের সংখ্যান্তরাপাদন, অর্থাৎ 'একের অনেকীকরণ' কিংবা

(ক) "স্নেহে তৈলচ্" (বা ৩১১৮)

(খ) "সংখ্যায়া বিধার্থে ধা" (পা ৫।৩।৪২)

(গ) "অধিকরণবিচালে চ"—(পা ৫।৩।৪৩)

'অনেকের একীকরণ' বুঝাইলেও ধাচ্ প্রত্যয় হয়। যথা,—**पञ्च राशीन् एकधा कुरु, एकं राशिं पञ्चधा कुरु।**

২৩৫। ऐकध्यादयो वा। (ক)

'ঐকধ্য' প্রভৃতি শব্দ বিকল্পে নিপাতনে সিদ্ধ হয়। যথা,—**एका विधा ऐकध्यम्, द्वे विधे द्वैधं द्वेधा, तिस्रो विधाः त्रैधं त्रेधा, षड् विधाः षोढ़ा।** পক্ষে **एकधा, द्विधा, त्रिधा, षड्धा** ইত্যাদি।

২৩৬। पाशः कुत्सिते। (খ)

'কুৎসিত' বুঝাইলে প্রাতিপদিকের উত্তর পাশ প্রত্যয় হয়। যথা,—**कुत्सितो वैयाकरणः वैयाकरणपाशः।** এইরূপ **मीमांसकपाशः, भिषक्पाशः, वैदिकपाशः, लेखकपाशः, पाचकपाशः।**

২৩৭। भूतपूर्व्वे चरट् (पा ५।३।५३)

'ভূতপূর্ব্ব' অর্থে প্রাতিপদিকের উত্তর চরট্ হয়; ট্ ইৎ, চর থাকে। যথা,—**आढ्यो भूतपूर्व्वः आढ्यचरः, दृष्टो भूतपूर्व्वः दृष्टचरः, अर्पितो भूतपूर्व्वः अर্पितचरः, अधीतो भूतपूर्व्वः अधीतचरः।** (গ)

(ক) "একাদ্ধো ধ্যমুঞন্যতরস্যাম্" (পা ৫।৩,৪৪); "দ্বিত্র্যোশ্চ ধমুঞ্" (পা ৫।৩।৪৫); "ধমুঞন্তাৎ স্বার্থে ডদর্শনম্" (বা ৩২৬০); "এধাচ্চ" (পা ৫।৩।৪৬)

(খ) "যাপ্যে পাশপ্" (পা ৫।৩।৪৭)

(গ) "অনর্পিতচরীং চিরাৎ করুণয়াবতীর্ণঃ কলৌ, সমর্পয়িতুমুজ্জ্বলোজ্জ্বলরসাং স্বভক্তিশ্রিয়ম্।"—চৈতন্যচরিতামৃত

২৩৮। **सम्बन्धे रूप्यश्च।** (ক)

'সম্বন্ধ' বুঝাইলে ভূতপূর্ব্ব অর্থে চরট্ ও রূপ্য প্রত্যয় হয়। যথা, —**देवदत्तस्य भूतपूर्व्वं देवदत्तरूप्यम् देवदत्तचरं वा भवनम्।**

২৩৯। **एकादाकिनिरसहाये।** (খ)

'সহায়-শূন্য' বুঝাইলে এক শব্দের উত্তর আকিনি প্রত্যয় হয়; ই ইৎ, আকিন্ থাকে। যথা,—**एक एव एकाकी।**

২৪০। **प्राक् टेरक् स्वार्थे।** (গ)

'স্বার্থ' বুঝাইলে প্রাতিপদিকের টির পূর্ব্বে অক্ হয়। যথা,—**कन्या एव कन्यका, तारा एव तारका।**

২৪১। **बालादेरिक्।** (ঘ)

'স্বার্থ' বুঝাইলে বালা প্রভৃত প্রাতিপদিকের টির পূর্ব্বে ইক্ হয়। যথা,—**बाला एव बालिका, तरला एव तरलिका, निपुणा एव निपुणिका, चतुरा एव चतुरिका, चपला एव चपलिका, लता एव लतिका, गोधा एव गोधिका।**

২৪২। **अज्ञाते कन्।** (ঙ)

(ক) "ষষ্ঠ্যা রূপ্য চ" (পা ৫।৩।৫৪)

(খ) "একাদাকিনিচ্চাসহায়ে" (পা ৫।৩।৫২)

(গ) "অব্যয়সর্ব্বনাম্নামকচ্ প্রাক্ টেঃ" (পা ৫।৩।৭১)। "কৃপায়াং নিন্দনে জ্ঞানে নীতৌ দানেন মানিতে। প্রায়োঽগন্ত্যস্বরাৎ পূর্ব্বং সর্ব্বনামতিঙব্যয়াৎ" ॥

(ঘ) "প্রত্যয়স্থাৎ কাৎ পূর্ব্বস্যাত ইদাপ্যসুপঃ" (পা ৭।৩,৪৪)

(ঙ) "অজ্ঞাতে" (পা ৫,৩,৭৩)

'অজ্ঞাত' অর্থে প্রাতিপদিকের উত্তর স্বার্থে কন্ হয় ; ন্ ইৎ, ক থাকে। যথা,—**কস্যায়মশ্বঃ অশ্বকঃ**। এইরূপ **উষ্ট্রকঃ, মহিষকঃ, গর্দ্দভকঃ**।

২৪৩। কুৎসিতে (পা ৫।৩।৭৪)

'কুৎসিত' অর্থে প্রাতিপদিকের উত্তর স্বার্থে কন্ হয়। যথা,—**কুৎসিতোঽশ্বঃ অশ্বকঃ, কুৎসিতো মহিষঃ মহিষকঃ**।

২৪৪। অল্পে (পা ৫।৩।৮৫)

'অল্প' অর্থে প্রাতিপদিকের উত্তর স্বার্থে কন্ হয়। যথা,—**অল্পং তৈলং তৈলকম্**। এইরূপ **ক্ষীরকম্, সলিলকম্**।

২৪৫। হ্রস্বে (পা ৫।৩।৮৬)

'হ্রস্ব অর্থে' প্রাতিপদিকের উত্তর স্বার্থে কন্ হয়। যথা,—**হ্রস্বো বৃক্ষঃ বৃক্ষকঃ, হ্রস্বঃ পটঃ পটকঃ, হ্রস্বঃ স্তম্ভঃ স্তম্ভকঃ, হ্রস্বো দণ্ডঃ দণ্ডকঃ**।

২৪৬। অনুকম্পায়াম্ (পা ৫।৩।৭৬)

'অনুকম্পা' অর্থে প্রাতিপদিকের উত্তর স্বার্থে কন্ হয়। যথা,—**অনুকম্পিতঃ পুত্রঃ পুত্রকঃ**। এইরূপ **বৎসকঃ, দুর্ব্বলকঃ**।

২৪৭। সংজ্ঞায়াম্। (ক)

(ক) "সংজ্ঞায়াং কন্" (পা ৫।৩।৭৫); "জাতিনাম্নঃ কন্" (পা ৫।৩।৮১)।

'সংজ্ঞা' অর্থে প্রাতিপদিকের উত্তর স্বার্থে কন্ হয়। যথা,—
করভকঃ, রোহিতকঃ, শর্ব্বিলকঃ। (ক)

২৪৮। **স্ত্রিয়ামন্ত্যো হ্রস্বঃ।** (খ)

স্ত্রীলিঙ্গ প্রাতিপদিকের উত্তর কন্ হইলে অন্ত্য স্বর হ্রস্ব হয়।
যথা,—**মালবী মালবিকা, সাগরী সাগরিকা, লবঙ্গী লবঙ্গিকা, মাধবী মাধবিকা, চণ্ডী চণ্ডিকা, কুশণ্ডী কুশণ্ডিকা, শেফালী শেফালিকা, মৃণালী মৃণালিকা, যূথী যূথিকা, বদরী বদরিকা, দূতী দূতিকা, কালী কালিকা, শারী শারিকা, সূচী সূচিকা।**

২৪৯। **হ্রস্বে কুটী-শমী-শুণ্ডাভ্যো রঃ।** (গ)

'হ্রস্ব' অর্থে কুটী, শমী, শুণ্ডা এই তিন প্রাতিপদিকের উত্তর র হয়। যথা,—**হ্রস্বা কুটী কুটীরঃ, হ্রস্বা শমী শমীরঃ, হ্রস্বা শুণ্ডা শুণ্ডারঃ।**

২৫০। **অশ্বোক্ষবৎসর্ষভেভ্যস্তরট্।** (ঘ)

'হ্রস্ব' অর্থে অশ্ব, উক্ষন্, বৎস, ঋষভ, এই চারি প্রাতিপদিকের উত্তর তরট্ হয়; ট্ ইৎ, তর থাকে। যথা,—**হ্রস্বোঽশ্বঃ অশ্বতরঃ।** এইরূপ **উক্ষতরঃ, বৎসতরঃ, ঋষভতরঃ।**

(ক) "অজ্ঞানে কুৎসিতে চৈব সংজ্ঞায়ামনুকম্পনে। তদ্‌যুক্তনীতাবপ্যল্পে বাচ্যে হ্রস্বে চ কঃ স্মৃতঃ।"

(খ) "কেঽণঃ" (পা ৭।৪।১৩)

(গ) 'কুটীশমীশুণ্ডাভ্যো রঃ" (পা ৫।৩।৮৮)

(ঘ) "বৎসোক্ষাশ্বর্ষভেভ্যশ্চ তনুত্বে" (পা ৫।৩।৯১)

২৫১। পঞ্চম্যাস্তসিল্ বা। (ক)

পঞ্চমী-বিভক্তি-স্থানে বিকল্পে তসিল্ হয় ; ই ল্ ইৎ, তস্ থাকে। যথা,—गृहात् गृहतः, ग्रामात् ग्रामतः, नगरात् नगरतः, सर्व्वस्मात् सर्व्वतः, विश्वस्मात् विश्वतः, उभयस्मात् उभयतः, भवतः भवत्तः, एकस्मात् एकतः, अन्यस्मात् अन्यतः, पूर्व्वस्मात् पूर्व्वतः, परस्मात् परतः, दक्षिणस्मात् दक्षिणतः, उत्तरस्मात् उत्तरतः, हस्तात् हस्ततः, वृक्षात् वृक्षतः, मेघात् मेघतः, जलात् जलतः।

२५२। सप्तम्याश्च।

সপ্তমী-স্থানে বিকল্পে তসিল্ হয়। যথা,—पूर्व्वस्मिन् पूर्व्वतः, दक्षिणस्मिन् दक्षिणतः, उत्तरस्मिन् उत्तरतः, प्रथमे प्रथमतः, परस्मिन् परतः, अग्रे अग्रतः, आदौ आदितः, मध्ये मध्यतः, अन्ते अन्ततः, पृष्ठे पृष्ठतः, पार्श्वयोः पार्श्वतः, सर्व्वस्मिन् सर्व्वतः। (খ)

१५३। नित्यं पर्य्यभिभ्याम्। (গ)

পরি ও অভি উপসর্গের উত্তর নিত্য তসিল্ হয়। যথা,—परितः, अभितः।

(ক) "পঞ্চম্যাস্তসিল্" (পা ৫।৩।৭)

(খ) বোপদেব-মতে সমস্ত বিভক্তির স্থানেই তস্ হইতে পারে। ভাষ্যকারও বলিয়াছেন—"সার্ব্ববিভক্তিকস্তসিঃ"।

(গ) "পর্য্যভিভ্যাং চ" (পা ৫।৩।৯)

২৫৪। **ন হাকরুহোঃ।** (ক)

হাক ও রুহ্ ধাতুর প্রয়োগে তসিল্ হয় না। যথা—**স্বর্গাৎ হীয়তে, পর্ব্বতাদবরোহতি।**

২৫৫। **সপ্তম্যাস্ত্রল্ বা সর্ব্বনাম্নঃ।** (খ)

সর্ব্বনাম (৩৪) শব্দের সপ্তমী-স্থানে বিকল্পে ত্রল্ হয়; ল্ ইৎ, ত্র থাকে। যথা,—**সর্ব্বস্মিন্ সর্ব্বত্র, উভয়স্মিন্ উভয়ত্র, একস্মিন্ একত্র, অন্যস্মিন্ অন্যত্র, ইতরস্মিন্ ইতরত্র, পূর্ব্বস্মিন্ পূর্ব্বত্র, অপরস্মিন্ অপরত্র।** (গ)

২৫৬। **অ-য-তা এতদ্-যদ্-তদাম্।** (ঘ)

তসিল্ ও ত্রল্ হইলে এতদ্-শব্দ-স্থানে অ, যদ্-শব্দ-স্থানে য এবং তদ্-শব্দ-স্থানে ত হয়। যথা,—**এতস্মাৎ অতঃ, এতস্মিন্ অত্র; যস্মাৎ যতঃ, যস্মিন্ যত্র; তস্মাৎ ততঃ, তস্মিন্ তত্র।**

২৫৭। **কিমঃ কুঃ।** (ঙ)

কিম্-শব্দ-স্থানে কু হয়। যথা,—**কস্মাৎ কুতঃ, কস্মিন্ কুত্র।**

২৫৮। **ক্ব-কুহৌ।** (ঙ)

ক্ব ও কুহ শব্দ নিপাতনে সিদ্ধ হয়। যথা—**কস্মিন্ ক্ব, কুহ।**

(ক) "অপাদানে চাহীয়রুহোঃ" (পা ৫।৪।৪৫)

(খ) "সপ্তম্যাস্ত্রল্" (পা ৫।৩।১০)

(৩৪) দ্বি, অস্মদ্, যুষ্মদ্ ভিন্ন।

(গ) বোপদেব-মতে 'বহু' শব্দের উত্তরও হয়। যথা—বহৌ বহুত্র।

(ঘ) "এতদোহন্" (পা ৫।৩।৫); "ত্যদাদীনামঃ" (পা ৭।২।১০২)

(ঙ) "কু তিহোঃ (পা ৭।২।১০৪); "কিমোহৎ" (পা ৫।৩।১২); "ক্বাতি" (পা ৭।২।১০৫)

২৫৯। **इरिदम:।** (ক)

ইদম্-শব্দ-স্থানে ই হয় (৩৫)। যথা,—**अस्मात् इतः।**

২৬০। **सप्तम्या ह:।** (খ)

সপ্তমী-বিভক্তি-স্থানে হ হয়। যথা,—**अस्मिन् इह।**

২৬১। **इतराभ्योऽपि दृश्यन्ते** (পা ৫।৩।১৪)

পঞ্চমী, সপ্তমী ভিন্ন অন্যান্য বিভক্তি-স্থানেও তসিল্ ও ত্রল্ প্রত্যয় দেখিতে পাওয়া যায়। যথা,—**स भवान्, ततोभवान्, तत्रभवान्; तं भवन्तम्, ततोभवन्तम्, तत्रभवन्तम्; तेन भवता, ततोभवता, तत्रभवता; तस्मै भवते, ततोभवते, तत्रभवते; तस्य भवत:, ततोभवत:, तत्रभवत:।**

২৬২। **एक-सर्व्वयो: काले दा।** (গ)

'কাল' বুঝাইলে এক, সর্ব্ব, এই দুই সর্ব্বনাম-শব্দের সপ্তমী-স্থানে দা হয়। যথা,—**एकस्मिन् काले एकदा।**

২৬৩। **सो वा सर्व्वस्य।** (ঘ)

'দা' হইলে সর্ব্ব-শব্দ-স্থানে বিকল্পে স হয়। যথা,—**सर्व्वस्मिन् काले सदा, सर्व्वदा।**

(ক) "ইদম ইশ্" (পা ৫।৩।৩)

(৩৫) দানীম্ হইলেও হয়।

(খ) "ইদমো হঃ" (পা ৫।৩।১১)

(গ) "সর্ব্বৈকান্যকিংযত্তদঃ কালে দা" (পা ৫।৩।১৫)

(ঘ) "সর্ব্বস্য সোঽন্যতরস্যাং দি" (পা ৫।৩।৬)

২৬৪। अन्य-किं-यदां र्हिल् च। (ক)

অন্য, কিম্, যদ্, এই তিন সর্ব্বনাম শব্দের সপ্তমী-স্থানে দা ও র্হিল্ হয়; ল্ ইৎ, র্হি থাকে। যথা,—**अन्यस्मिन् काले अन्यर्हि, अन्यदा।**

২৬৫। किं-यदोः क-यौ। (খ)

দা ও র্হিল্ হইলে কিম্-শব্দ-স্থানে ক, এবং যদ্-শব্দ-স্থানে য হয়। যথা,—**कस्मिन् काले कर्हि कदा, यस्मिन् काले यर्हि यदा।**

২৬৬। तदो दानीं च। (গ)

তদ্-শব্দের সপ্তমী-স্থানে দা, র্হিল্ ও দানীম্ হয়।

২৬৭। तस्तदः। (ঘ)

দা, র্হিল্ ও দানীম্ হইলে তদ্-শব্দ-স্থানে ত হয়। যথা—, **तस्मिन् काले तदा, तर्हि, तदानीम्।**

২৬৮। इदमो दानीम्। (ঙ)

ইদম্-শব্দের সপ্তমী-স্থানে দানীম্ হয়। যথা,—**अस्मिन् काले इदानीम्।**

(ক) "অনদ্যতনে র্হিলন্যতরস্যাম্" (পা ৫।৩।২১)

(খ) "ত্যদাদীনামঃ" (পা ৭।২।১০২)

(গ) "তদো দা চ" (পা ৫।৩।১৯)

(ঘ) "ত্যদাদীনামঃ" (পা ৭।২।১০২)

(ঙ) "দানীং চ" (পা ৫.৩।১৮)

২৬৯। অধুনৈতর্হী। (ক)

অধুনা, এতর্হি, এই দুই পদ নিপাতনে সিদ্ধ হয়। যথা,—**অস্মিন্ কালে অধুনা, অস্মিন্ এতস্মিন্ বা কালে এতর্হি।**

২৭০। এদ্যুস্ পূর্ব্বাদেরহনি। (খ)

'দিন' বুঝাইলে পূর্ব্ব প্রভৃতি প্রাতিপদিকের উত্তর এদ্যুস্ হয়। যথা,—**পূর্ব্বস্মিন্নহনি পূর্ব্বেদ্যুঃ, অন্যস্মিন্নহনি অন্যেদ্যুঃ, অপরস্মিন্নহনি অপরেদ্যুঃ।** এইরূপ **ইতরেদ্যুঃ, অন্যতরেদ্যুঃ, অধরেদ্যুঃ, উত্তরেদ্যুঃ, উভয়েদ্যুঃ** (৩৬) (গ)।

২৭১। হ্যঃ-সদ্যোঽদ্য-শ্বঃ-পরেদ্যবয়ঃ।

'দিন' বুঝাইলে বিভক্তি-যুক্ত পূর্ব্ব-শব্দ-স্থানে হ্যস্, সমান-শব্দ-স্থানে সদ্যস্, ইদম্-শব্দ-স্থানে অদ্য, এবং পর-শব্দ-স্থানে শ্বস্ ও পরেদ্যবি হয়। যথা,—**পূর্ব্বস্মিন্নহনি হ্যঃ, সমানেঽহনি সদ্যঃ, অস্মিন্নহনি অদ্য, পরস্মিন্নহনি শ্বঃ, পরেদ্যবি।**

২৭২। ঐষমঃ-পরুত্-পরারয়ো বর্ষে। (ঘ)

'বৎসর' বুঝাইলে বিভক্তি-যুক্ত ইদম্-শব্দ-স্থানে ঐষমস্, পূর্ব্ব-

---

(ক) "অধুনা" (পা ৫।৩।১৭); "এতেতৌ রথোঃ" (পা ৫।৩।৪)

(খ) "সদ্যঃপরুৎপরার্য্যৈষমঃপরেদ্যব্যদ্যপূর্ব্বেদ্যুরন্যেদ্যুরন্যতরেদ্যুরিতরেদ্যুরপরেদ্যুরধরেদ্যুরুভয়েদ্যুরুত্তরেদ্যুঃ" (পা ৫।৩।২২)

(৩৬) উভয়-শব্দের উত্তর দ্যুস্ও হয়। যথা,—উভয়স্মিন্ অহনি উভয়দ্যুঃ। "দ্যুশ্চোভয়াৎ" (বা ৩২৫১)

(গ) "পরেদ্যব্যদ্য পূর্ব্বেদ্যুরন্যেদ্যুশ্চাপি চিন্তয়ন্"—ভট্টি ৪।১৩

(ঘ) "সদ্যঃপরুৎপরার্য্যৈষমঃ" ইত্যাদি (পা ৫।৩।২২)

শব্দ-স্থানে পরুৎ এবং পূর্ব্বতর-শব্দ-স্থানে পরারি হয়। যথা,—
অস্মিন্ বর্ষে ঐষমঃ, পূর্ব্বস্মিন্ বর্ষে পরুত্, পূর্ব্বতরে বর্ষে পরারি।

২৩৩। থাল্ প্রকারে তৃতীয়াঃ। (ক)

'প্রকার' অর্থে তৃতীয়া-স্থানে থাল্ হয়; ল্ ইৎ, র্থা থাকে। যথা—**সর্ব্বৈঃ প্রকারৈঃ সর্ব্বথা, অন্যেন প্রকারেণ অন্যথা, ইতরেণ প্রকারেণ ইতরথা, উভয়েন প্রকারেণ উভয়থা, অপরেণ প্রকারেণ অপরথা।** (খ)

২৩৪। য-তৌ যত্তদোঃ। (গ)

থাল্ প্রত্যয় হইলে যদ্-শব্দ-স্থানে য এবং তদ্-শব্দ-স্থানে ত হয়। যথা,—**যেন প্রকারেণ যথা, তেন প্রকারেণ তথা।**

২৩৫। কথমিত্থমৌ। (ঘ)

কথম্ ও ইত্থম্, এই দুই পদ নিপাতনে সিদ্ধ হয়। যথা,—
কেন প্রকারেণ কথম্, অনেন এতেন বা প্রকারেণ ইত্থম্।

২৩৬। পরাদেরস্তাত্ সপ্তমী-পঞ্চমী-প্রথমা-নাম্। (ঙ)

(ক) "প্রকারবচনে থাল্" (পা ৫।৩।২৩)

(খ) বোপদেব-মতে দ্বি, অস্মদ্, যুষ্মদ্ ভিন্ন সর্ব্বনাম শব্দ এবং বহু শব্দের পরস্থিত দ্বিতীয়াদি বিভক্তির স্থানে 'প্রকার' অর্থে থাচ্ প্রত্যয় হয়।

(গ) "ত্যদাদীনামঃ" (পা ৭।২।১০২)

(ঘ) "ইদমস্থমুঃ" (পা ৫।৩।২৪); "কিমশ্চ" (পা ৫।৩।২৫)

(ঙ) "দিক্শব্দেভ্যঃ সপ্তমীপঞ্চমীপ্রথমাভ্যো দিগ্দেশকালেষস্তাতিঃ" (পা ৫।৩।২৭)

'পর' প্রভৃতি প্রাতিপদিকের সপ্তমী, পঞ্চমী ও প্রথমার স্থানে অস্তাৎ হয়। যথা,—**পরস্মিন্ পরস্মাৎ পরো বা পরস্তাৎ।** (ক)

২৭৭। পশ্চাৎ (পা ৫।৩।৩২)

অস্তাৎ-যুক্ত অপর-শব্দ-স্থানে পশ্চাৎ নিপাতনে সিদ্ধ হয়। যথা,—**অপরস্মিন্ অপরস্মাৎ অপরো বা পশ্চাৎ।**

২৭৮। উপর্য্যুপরিষ্টাৎ (পা ৫।৩।৩১)

অস্তাৎ-যুক্ত ঊর্দ্ধ-শব্দ-স্থানে উপরি ও উপরিষ্টাৎ নিপাতনে সিদ্ধ হয়। যথা,—**ঊর্দ্ধে ঊর্দ্ধাৎ ঊর্দ্ধো বা উপরি, উপরিষ্টাৎ।**

২৭৯। পূর্ব্বাধরাবরাণামসিস্ব। (খ)

পূর্ব্ব, অধর, অবর, এই তিন প্রাতিপদিকের সপ্তমী, পঞ্চমী ও প্রথমার স্থানে অস্তাৎ ও অসি হয়; ই ইৎ, অস্ থাকে।

২৮০। পুরাধৌ পূর্ব্বাধরয়োঃ। (খ)

অস্তাৎ ও অসি হইলে পূর্ব্ব-শব্দ-স্থানে পুর ও অধর-শব্দ-স্থানে অধ হয়। যথা,—**পূর্ব্বস্মিন্ পূর্ব্বস্মাৎ পূর্ব্বো বা পুরস্তাৎ, পুরঃ; অধরস্মিন্, অধরস্মাৎ অধরো বা অধস্তাৎ, অধঃ।**

(ক) পাণিনি, কলাপ ও সুপদ্মের মতে অস্তাতি, এবং সংক্ষিপ্তসার ও মুগ্ধবোধের মতে স্তাৎ। বিদ্যাসাগর মহাশয় এই সূত্রের দ্বিতীয় উদাহরণ "পশ্চিমে পশ্চিমাৎ পশ্চিমো বা পশ্চিমস্তাৎ" লিখিয়াছেন; কিন্তু সকল বৈয়াকরণের মতেই দিগ্দেশকালবাচক পূর্ব্বাদিগণীয় শব্দের উত্তরই অস্তাৎ বা স্তাৎ হয়। 'পশ্চিম' শব্দ পূর্ব্বাদিগণীয় নহে বলিয়া ঐরূপ পদ হইতে পারে না।

(খ) "পূর্ব্বাধরাবরাণামসি পুরধবশ্চৈষাম্" (পা ৫।৩.৩৯)

২৮১। অবো বিভাষাবরস্য। (ক)

অস্তাৎ ও অসি হইলে অবর-শব্দ-স্থানে বিকল্পে অব হয়। যথা,—**অবরস্মিন্ অবরস্মাৎ অবরো বা অবস্তাৎ, অবরস্তাৎ, অবঃ, অবরঃ।**

২৮২। দিগ্দেশয়োর্দক্ষিণোত্তরয়োরতসু:। (খ)

দিগ্-বাচক ও দেশ-বাচক দক্ষিণ ও উত্তর শব্দের সপ্তমী, পঞ্চমী ও প্রথমার স্থানে অতসু হয়; উ ইৎ, অতস্ থাকে। যথা,—**দক্ষিণস্মিন্ দক্ষিণস্মাৎ দক্ষিণো বা দক্ষিণতঃ, উত্তরস্মিন্ উত্তরস্মাৎ উত্তরো বা উত্তরতঃ।**

২৮৩। উত্তরাধর-দক্ষিণানামাতিঃ। (গ)

উত্তর, অধর, দক্ষিণ, এই তিন শব্দের সপ্তমী, পঞ্চমী ও প্রথমার স্থানে আতি হয়; ই ইৎ, আৎ থাকে। যথা—**উত্তরস্মিন্ উত্তরস্মাৎ উত্তরো বা উত্তরাৎ।** এইরূপ **অধরাৎ, দক্ষিণাৎ।**

২৮৪। এনপ্ চাদূরেঽপঞ্চম্যাঃ। (ঘ)

'অদূর' অর্থে এনপ্ হয়; প্ ইৎ, এন থাকে। যথা,—**উত্তরস্মিন্ উত্তরো বা উত্তরেণ;** এইরূপ **অধরেণ, দক্ষিণেন।** পঞ্চমীর স্থানে হয় না।

(ক) "পূর্ব্বাধরাবরাণামাস পুরধবশ্চৈষাম্" (পা ৫।৩।৩৯)

(খ) "দক্ষিণোত্তরাভ্যামতসুচ্" (পা ৫।৩।২৮)

(গ) "উত্তরাধরদক্ষিণাদাতিঃ" (পা ৫।৩।৩৪)

(ঘ) "এনবন্যতরস্যামদূরেঽপঞ্চম্যাঃ" (পা ৫।৩।৩৫)

२८५। दक्षिणोत्तरयोरादाही च। (क)

দক্ষিণ ও উত্তর শব্দের সপ্তমী ও প্রথমার স্থানে আৎ ও আহি হয়; ৎ ইৎ, আ থাকে। যথা,—दक्षिणा, दक्षिणाहि ; उत्तरा, उत्तराहि। (খ)

२८६। भवे कालाव्ययेभ्यस्तनष्। (গ)

'ভব' অর্থে কাল-বাচক অব্যয় শব্দের উত্তর তনষ্ হয়, ষ্ ইৎ, তন থাকে। যথা,—अद्य भवम् अद्यतनम्, प्रातर्भवं प्रातस्तनम्, सायं भवं सायन्तनम्। এইরূপ दोषातनम्, दिवातनम्; पुरातनम्, चिरन्तनम्, सदातनम्, अधुनातनम्, इदानीन्तनम्, तदानीन्तनम्।

२८७। प्राह्णे-प्रगेभ्याञ्च। (গ)

প্রাহ্ণে, প্রগে, এই দুই সপ্তম্যন্ত অব্যয় শব্দের উত্তরও হয়। যথা,—प्राह्णेतनम्, प्रगेतनम्।

२८८। विभाषा पूर्व्वाह्णापराह्णाभ्यां सप्तम्याम्। (ঘ)

সপ্তমী বিভক্তিতে পূর্ব্বাহ্ণ ও অপরাহ্ণ শব্দের উত্তর বিকল্পে

(ক) "দক্ষিণাচ্" (পা ৫।৩।৩৬); "আহি চ দূরে" (পা ৫।৩।৩৭); "উত্তরাচ্চ" (পা ৫।৩।৩৮)

(খ) "আহি চ দূরে" (পা ৫।৩।৩৭)। আহি প্রত্যয় দূর-অর্থেই হইয়া থাকে।

(গ) "সায়ংচিরংপ্রাহ্ণেপ্রগেঽব্যয়েভ্যষ্টুট্যুলৌ তুট্ চ" (পা ৪।৩।২৩)

(ঘ) "বিভাষা পূর্ব্বাহ্ণাপরাহ্ণাভ্যাম্" (পা ৪।৩।২৪)

তনষ্ হয়। যথা—**পূর্ব্বাহ্ণে ভবং পূর্ব্বাহ্ণেতনম্, পৌর্ব্বাহ্ণিকম্ ; অপরাহ্ণে ভবম্ অপরাহ্ণেতনম্, আপরাহ্ণিকম্।**

২৮৯। নিত্যমুপর্য্যাদেঃ। (ক)

'উপরি' প্রভৃতি প্রাতিপদিকের উত্তর নিত্য তনষ্ হয়। যথা,—**উপরি ভবঃ উপরিতনঃ, অধঃ ভবঃ অধস্তনঃ, প্রাক্ ভবঃ প্রাক্তনঃ।**

২৯০। আদি-মধ্যাভ্যাং মন্। (খ)

সপ্তমী-বিভক্তিতে আদি, মধ্য, এই দুই প্রাতিপদিকের উত্তর মন্ হয় ; ন্ ইৎ, ম থাকে। যথা,—**আদৌ ভবঃ আদিমঃ, মধ্যে ভবঃ মধ্যমঃ।**

২৯১। অগ্রান্তপশ্চাদ্ভ্যো ডিমঃ। (খ)

অগ্র, অন্ত, পশ্চাৎ, এই তিন প্রাতিপদিকের উত্তর ডিম হয় ; ড্ ইৎ, ইম থাকে। যথা,—**অগ্রে ভবঃ অগ্রিমঃ, পশ্চাৎ ভবঃ পশ্চিমঃ।**

(ক) বিদ্যাসাগর মহাশয় "নিত্যমূর্দ্ধাদেঃ" এই সূত্র করিয়া "উর্দ্ধতনঃ" ও "পূর্ব্বতনঃ" এই উদাহরণ দিয়াছেন। কিন্তু "উর্দ্ধতন" ও "পূর্ব্বতন" শব্দ কোনও ব্যাকরণের মতেই নিষ্পন্ন হয় না। উপরি প্রভৃতি শব্দ কাল-বাচকও হয় বলিয়া ২৮৬ সূত্র দ্বারাই উপরিতন প্রভৃতি পদ সিদ্ধ হইতে পারে। তথাপি আমরা বিদ্যাসাগর মহাশয়ের সূত্র-সংখ্যা স্থির রাখিবার জন্য উক্ত সূত্রটি পরিবর্ত্তিত করিয়া রাখিলাম, এবং উক্ত দুইটী উদাহরণ তুলিয়া দিলাম।

"কালার্থকাব্যয়াৎ প্রাহ্ণেচিরস্যাঞ্চ তনট্ স্মৃতঃ। দিবা দোষা-নক্তং-যদা-তদা-সদা-সর্ব্বদাধুনেদানীং-প্রভৃতেরেবম্। চকারাৎ উপরিতনো গ্রন্থঃ।"—প্রয়োগ-রত্ন-মালা

(খ) "মধ্যান্মঃ" (পা ৪।৩।৮), "আদ্যাদিভ্য উপসংখ্যানম্" (বা ৩৩৩৯) ; "অগ্রাদি-পশ্চাড্ডিমচ্" (বা ২৮৪৪) "অন্তাচ্চেতি বক্তব্যম্" (বা ২৮৪৫)।

२६२। चिर-परुत्-परारिभ्यस् त्नः। (ক)

চির, পরুৎ, পরারি, এই তিন প্রাতিপদিকের উত্তর ত্ন হয়। যথা,—**चिरत्नः, परुत्नः, परारित्नः।**

२६३। दक्षिणा-पश्चात्-पुरोभ्यस् त्यण्। (খ)

দক্ষিণা, পশ্চাৎ, পুরস্, এই তিন প্রাতিপদিকের উত্তর ত্যণ্ হয়; ণ্ ইৎ, ত্য থাকে। যথা,—**दाक्षिणात्यः, पाश्चात्त्यः, पौरस्त्यः।**

२६४। अमेह-क्व-तसिल्-त्रल्भ्यस् त्यः। (গ)

অমা, ইহ, ক্ব এবং তসিল্ ও ত্রল্ প্রত্যয়ান্ত প্রাতিপদিকের উত্তর ত্য হয়। যথা,—**अमात्यः, इहत्यः, क्वत्यः**। তসিল্-প্রত্যয়ান্ত—**ततस्त्यः, अतस्त्यः, कुतस्त्यः**। ত্রল্-প্রত্যয়ান্ত—**तत्रत्यः, अत्रत्यः, कुत्रत्यः।**

२६५। किमश्चिच्चनौ विभक्त्यन्तात्।

বিভক্ত্যন্ত কিম্ শব্দের উত্তর চিৎ ও চন হয়। যথা,—**कश्चित्, कश्चित्, केनचित्, कस्मैचित्, कस्माच्चित्, कस्यचित्, कस्मिंश्चित्, कुतश्चित्, क्वचित्, कुत्रचित्; कश्चन, किञ्चन, कञ्चन, कुतश्चन, क्वचन, कुत्रचन।** (ঘ)

(ক) "চিরপরুৎপরারিভ্যস্ত্নো বক্তব্যঃ" (বা ২৮৪২)

(খ) "দক্ষিণাপশ্চাৎপুরসস্ত্যক্" (পা ৪।২।৯৮)। "স বাজিনাগেন্দ্ররথাধিরূঢ়ৈঃ, পাশ্চাত্ত্যপৌরস্ত্যসদাক্ষিণাত্ত্যৈঃ। রাজানুযাতো নৃবরৈরগচ্ছন্নাদেয়শীতানিলবীজিতাঙ্গঃ" —রাবণার্জ্জুনীয় (৪।২।৫৯ শ্লোক)

(গ) "অব্যয়াত্ত্যপ্" (পা ৪।২।১০৪); "অমেহক্বতসিত্রেভ্য এব" (বা ২৭৭৯)

(ঘ) পাণিনীয় ব্যাকরণে এরূপ কোন সূত্র নাই। তন্মতে চিৎ ও চন্ পৃথক্ শব্দ, প্রত্যয় নহে। অতএব 'কশ্চিৎ' শব্দ পাণিনীয়-মতে দুইটী পৃথক্ পদ। কিন্তু বোপদেবের

২৫৬। কৃভ্বস্তিযোগেঽভূততদ্ভাবে চ্বিঃ। (ক)

কৃ, ভূ ও অস্ ধাতুর যোগে অভূত-তদ্ভাব (৩৭) অর্থে প্রাতিপদিকের উত্তর চ্বি হয়; চ্বির সমস্তই ইৎ, কিছুই থাকে না।

মতে ইহা একপদ। এই জন্যই বোপদেবও ঐরূপ সূত্র করিয়াছেন। কেহ কেহ বলেন, বোপদেবের মতে একপদ করিবার সার্থকতা আছে। যথা—'কদাচিৎ' এইটীকে একটী পদ বলিয়া স্বীকার না করিলে 'কাদাচিৎক' এ স্থলে পূর্ব্ব পদের বৃদ্ধি হইতে পারে না, অতএব এইরূপ পদই হয় না। পাণিনির মতে 'কাদাচিৎক' প্রভৃতি পদ নিপাতনে সাধ্য। অমরকোষেও চিৎ এবং চন শব্দের 'অসাকল্য' অর্থ উক্ত হইয়াছে। অন্য কোন ব্যাকরণেও এরূপ কোন সূত্র নাই। এই জন্য কেহ কেহ বলেন, মুগ্ধবোধের ঐ সূত্রটী প্রক্ষিপ্ত। তাঁহারা বলেন, ২।১ খানি প্রাচীন হস্ত-লিখিত পুস্তকে ঐ সূত্র নাই। তাঁহারা আরও বলেন, যদি ঐ দুইটী তদ্ধিত প্রত্যয় হইত এবং ঐ সূত্রটীও যদি বোপদেব-কৃত হইত, তাহা হইলে চিৎ ও চন প্রত্যয়ান্ত শব্দ অব্যয় হইত না। কারণ বোপদেবের মতে চ-ইৎ প্রত্যয়েরই অব্যয়-সংজ্ঞা হয়। চিৎ ও চন প্রত্যয়ের চ ইৎ হয় না। অতএব ইহারা অব্যয় হইতে পারে না। সুতরাং ইহাদের উত্তর বিভক্তি-যোগ করিয়া কশ্চিৎ কশ্চিতৌ কশ্চিতঃ ইত্যাদি অনিষ্ট পদ হইত। ইহারা তদ্ধিত-প্রত্যয়ান্ত এক শব্দ হইলে, কস্যচিৎ ইদং কাস্যচিতং ইত্যাদি অপপ্রয়োগও দুর্নিবার হইয়া উঠিত। চিৎ ও চন 'প্রত্যয়' হইলে 'কশ্চিৎ জনঃ' এই বাক্যে কর্ম্মধারয়-সমাসে কশ্চিজ্জনঃ কশ্চিজ্জনম্ ইত্যাদি প্রয়োগও হইতে পারিত। এই জন্যই অকিঞ্চিৎকর, অকিঞ্চন প্রভৃতি পদগুলিকে ময়ূরব্যংসকাদির অন্তর্গত করিতে হইয়াছে। ইতিহ, অথবা ইত্যাদির ন্যায় কদাচিৎ প্রভৃতি শব্দ সমুদিত অব্যয়; সুতরাং ঐতিহ্য প্রভৃতির ন্যায় পাণিন্যাদির মতে কাদাচিৎক প্রভৃতি পদ সুসাধ্য। অমরকোষে 'কদাচিৎ' পৃথক্ শব্দ বলিয়া ধৃত হইয়াছে। কিন্তু প্রয়োগ-রত্নমালার তদ্ধিত-প্রকরণে ১৪৬৩ সূত্রে চিৎ ও চন প্রত্যয়ের উল্লেখ আছে। যথা "কিমশ্চিচ্চন চ স্যাতাং-বিশেষানবধারণে।" এক্ষণে ইহার রহস্য সুধীগণের চিন্তনীয়।

(ক) "কৃভ্বস্তিযোগে সম্পদ্যকর্ত্তরি চ্বিঃ" (পা ৫।৪।৫০)

(৩৭) অভূতের তদ্ভাব, অর্থাৎ যে যেরূপ না থাকে, তাহার সেরূপ হওয়া: যেমন. যে বস্তু শুক্ল না থাকে, তাহার শুক্ল হওয়া।

২৯৭। দীর্ঘোঽন্ত্যঃ। (ক)

'অভূত-তদ্ভাব' অর্থে প্রত্যয় হইলে প্রাতিপদিকের অন্তস্থিত হ্রস্ব স্বর দীর্ঘ হয়। যথা,—**অলঘুং লঘুং করোতি লঘূকরোতি, অলঘুর্লঘুঃ ভবতি লঘূভবতি, অলঘুর্লঘুঃ স্যাৎ লঘূস্যাৎ।** (খ)

২৯৮। ঈরবর্ণস্য। (গ)

'অভূত-তদ্ভাব' অর্থে প্রত্যয় হইলে প্রাতিপদিকের অন্তস্থিত অ-বর্ণ-স্থানে ঈ হয়। যথা,—**অশুক্লং শুক্লং করোতি শুক্লীকরোতি, অশুক্লঃ শুক্লো ভবতি শুক্লীভবতি, অশুক্লঃ শুক্লঃ স্যাৎ শুক্লীস্যাৎ।**

২৯৯। ঋতো রীঃ। (ঘ)

'অভূত-তদ্ভাব' অর্থে প্রত্যয় হইলে প্রাতিপদিকের অন্তস্থিত ঋ-কার-স্থানে রী হয়। যথা—**অশ্রোতারং শ্রোতারং করোতি, শ্রোত্রীকরোতি, শ্রোত্রীভবতি, শ্রোত্রীস্যাৎ।**

(ক) "চ্বৌ চ" (পা ৭।৪।২৬)

(খ) "অস্তেলিঙস্তস্যৈব প্রয়োগেঽভূততদ্ভাবস্য প্রতীতিঃ শব্দশক্তিস্বভাবাৎ"—ইতি তদ্ধিত-পরিশিষ্টে গোয়ীচন্দ্রঃ। শব্দ-শক্তির যেরূপ স্বভাব, তদনুসারে অস্-ধাতুর উত্তর কেবল লিঙ্ প্রয়োগ করিলেই অভূত-তদ্ভাব অর্থের প্রতীতি হয়। এই জন্য 'স্যাৎ' এর পরিবর্ত্তে 'অস্তি' এইরূপ প্রয়োগ করিলে অভূত-তদ্ভাব অর্থের প্রতীতি হইবে না, অতএব চ্বি প্রত্যয়ও হইবে না।

(গ) "অস্য চ্বৌ" (পা ৭।৪।৩২)

(ঘ) "রীঙৃতঃ" (পা ৭।৪।২৭)

৩০০। लोपोऽरुमनादेरन्त्यस्य। (ক)

'অভূত-তদ্ভাব' অর্থে প্রত্যয় হইলে অরুস্, মনস্, চক্ষুস্, চেতস্, রহস্, রজস্, ইহাদের অন্ত্য বর্ণের লোপ হয়। যথা,—**अरू-करोति, अरूभवति, अरूस्यात्; विमनीकरोति, विमनीभवति, विमनीस्यात्; उच्चक्षूकरोति, उच्चक्षूभवति, उच्चक्षूस्यात्; सुचे-तीकरोति, सुचेतीभवति, सुचेतीस्यात्; विरहीकरोति, विरही-भवति, विरहीस्यात्; विरजीकरोति, विरजीभवति, विरजी-स्यात्।**

৩০১। विभाषा सातिच् कार्त्स्न्ये। (খ)

'কাৎস্ন্য' (৩৮) বুঝাইলে অভূত-তদ্ভাব অর্থে কৃ, ভূ, অস্ ধাতুর যোগে বিকল্পে সাতিচ্ হয়; ই চ্ ইৎ, সাৎ থাকে। যথা— **कृत्स्नं लवणं जलं करोति जलसात् करोति, कृत्स्नं लवणं जलं भवति जलसाद्भवति, कृत्स्नं लवणं जलं स्यात् जलसात् स्यात्; भस्मसात् करोति, भस्मसाद्भवति, भस्मसात् स्यात्।** পক্ষে চ্বি। যথা—**जलीकरोति, जलीभवति, जलीस्यात्; भस्मीकरोति, भस्मीभवति, भस्मीस्यात्।** (ক)

(ক) "অরুর্মনশ্চক্ষুশ্চেতোরহোরজসাং লোপশ্চ" (পা ৫।৪।৫১)

(খ) "বিভাষা সাতিঃ কাৎর্স্ন্যে" (পা ৫।৪।৫২)

কাৎর্স্ন্য না বুঝাইলে হয় না। যথা—একদেশেন পটঃ শুক্লীভবতি।

(৩৮) एकस्या व्यक्तेः सर्व्वावयवावच्छेदेनान्यथाभावः कार्त्स्न्यम्। कृत्स्नं सकलं तस्य भावः कार्त्स्न्यम्।

३०२। अभिविधौ सम्पदा च (पा ५।४।५३)

'অভিবিধি' (৩৯) বুঝাইলে অভূত-তদ্ভাব অর্থে কৃ, ভূ, অস্ ও সম্-পূর্ব্বক পদ্-ধাতুর যোগে বিকল্পে সাতিচ্ হয়। যথা,—**अग्निसात् करोति, अग्निसाद्भवति, अग्निसात् स्यात्, अग्निसात् सम्पद्यते।** পক্ষে চ্বি। যথা—**अग्नीकरोति, अग्नीभवति, अग्नीस्यात्, अग्नीसम्पद्यते।**

३०३। अधीनतायाञ्च। (ক)

'অধীনতা' অর্থেও হয়। যথা,—**राज्ञोऽधीनं करोति राजसात् करोति, राज्ञोऽधीनं भवति राजसाद्भवति, राज्ञोऽधीनं स्यात् राजसात् स्यात्, राज्ञोऽधीनं सम्पद्यते राजसात् सम्पद्यते।** পক্ষে চ্বি। যথা—**राजीकरोति, राजीभवति, राजीस्यात्, राजीसम्पद्यते।**

३०४। देये त्राच् च। (খ)

'দেয়' বুঝাইলে কৃ, ভূ, অস্ ও সম্-পূর্ব্বক পদ্-ধাতুর যোগে সাতিচ্ ও ত্রাচ্ হয়; চ্ ইৎ, ত্রা থাকে। যথা,—**ब्राह्मणाय देयं करोति, ब्राह्मणसात् करोति, ब्राह्मणत्रा करोति; ब्राह्मणसाद्भवति, ब्राह्मणत्रा भवति; ब्राह्मणसात् स्यात्, ब्राह्मणत्रा स्यात्; ब्राह्मणसात् सम्पद्यते, ब्राह्मणत्रा सम्पद्यते।**

---

(३९) बहूनां व्यक्तीनां किञ्चिदवयवावच्छेदेनान्यथाभावः अभिविधिः व्याप्तिरिति यावत्।

(ক) "তদধীনবচনে" (পা ৫।৪।৫৪)

(খ) "দেয়ে ত্রা চ" (৫।৪।৫৫)

৩০৫। कृञो द्वितीयादेः कृषौ डाच्। (ক)

কৃ-ধাতুর যোগে দ্বিতীয়, তৃতীয়, শম্ব, বীজ, এই সকল প্রাতিপদিকের উত্তর 'কর্ষণ' অর্থে ডাচ্ হয়; ড্ চ্ ইৎ, আ থাকে। যথা,—**द्वितीयाकरोति, तृतीयाकरोति, द्वितीयं तृतीयं कर्षणं करोति इत्यर्थः; शम्बाकरोति, अनुलोमकृष्टं क्षेत्रं प्रतिलोमं कर्षतीत्यर्थः; बीजाकरोति, बीजेन सह कर्षतीत्यर्थः।** (খ)

৩০৬। संख्यायाश्च गुणान्तायाः (पा ५।४।५৯)

গুণ-শব্দ অন্তে থাকিলে সংখ্যা-বাচক শব্দের উত্তর কৃ-ধাতুর যোগে 'কর্ষণ' অর্থে ডাচ্ হয়। যথা,—**द्विगुणाकरोति त्रिगुणाकरोति क्षेत्रम्, द्विगुणं त्रिगुणं कर्षतीत्यर्थः।**

৩০৭। समयाच्च यापनायाम् (पा ५।४।६०)

'যাপন' বুঝাইলে সময়-শব্দের উত্তর ডাচ্ হয়। যথা,—**समयाकरोति, समयं यापयतीत्यर्थः।**

৩০৮। सपत्र-निष्पत्रादतिव्यथने (पा ५।४।६१)

'ব্যথন' অর্থে সপত্র, নিষ্পত্র, এই দুই প্রাতিপদিকের উত্তর ডাচ্ হয়। যথা,—**सपत्राकरोति मृगं व्याधः, सपत्रं शरम् अस्य शरीरे प्रवेशयन् व्यथयतीत्यर्थः; निष्पत्राकरोति, शरीरात् शरम् अपरपार्श्वे निष्क्रामयन् व्यथयतीत्यर्थः।**

(ক) "কৃঞো দ্বিতীয়তৃতীয়শম্ববীজাৎ কৃষৌ" (পা ৫।৪।৫৮)

(খ) "বীজাবাপসহিতং বিলেখনং করোতীত্যর্থঃ"—তত্ত্ববোধিনী

৩০৯। निष्कुलान्निष्कोषणे (पा ५।४।६२)

'নিষ্কোষণ' (৪০) অর্থে নিষ্কুল, এই প্রাতিপদিকের উত্তর ডাচ্ হয়। যথা,—**निष्कुलाकरोति दाड़िमम्, दाड़िमस्य अन्तरवयवान् बहिर्निःसारयतीत्यर्थः।** (ক)

৩১০। सुखप्रियादानुलोम्ये (पा ५।४।६३)

'আনুলোম্য' অর্থাৎ 'আনুকূল্য' অর্থে সুখ, প্রিয়, এই দুই প্রাতিপদিকের উত্তর ডাচ্ হয়। যথা,—**सुखाकरोति प्रियाकरोति मित्रम्, अनुकूलाचरणेन आनन्दयतीत्यर्थः।**

৩১১। दुःखात् प्रातिलोम्ये (पा ५।४।६४)

'প্রাতিলোম্য' অর্থাৎ 'প্রাতিকূল্য' বুঝাইলে দুঃখ এই প্রাতিপদিকের উত্তর ডাচ্ হয়। যথা—**दुःखाकरोति भृत्यः, स्वामिनं पीड़यतीत्यर्थः।** (খ)

৩১২। शूलात् पाके (पा ५।४।६५)

'পাক' অর্থে শূল এই প্রাতিপদিকের উত্তর ডাচ্ হয়। যথা,—**शूलाकरोति मांसम्, शूलेन पचतीत्यर्थः।**

---

(৪০) কোষ হইতে বহিষ্করণ।

(ক) "নির্গতং কুলমন্তরবয়বানাং সমূহো যস্মাদিতি বহুব্রীহের্ডাচ্"—সি, কৌ। "নিষ্কোষণম্ অন্তরবয়বানাং বহির্নিষ্কাসনম্। নিষ্কোষণে কিম্? নিষ্কুলং করোতি শত্রুম্।"—তত্ত্ববোধিনী

(খ) "যত্ত্ দন্দহ্যতে লোকমদো দুঃখাকরোতি মাম্"—মাঘ

৩১৩। सत्यादशपथे (পা ৫।৪।৬৬)

'শপথ' ভিন্ন অর্থে সত্য এই প্রাতিপদিকের উত্তর ডাচ্ হয়। যথা,—**सत्याकरोति भाण्डं वणिक्, क्रेतव्यमिति तथ्यं करोतीत्यर्थः** (ক); **सत्याकरोति मुनिः, सत्यं कथयतीत्यर्थः।**

৩১৪। मद्रात् परिवापणे (পা ৫।৪।৬৭)

'মুণ্ডন' অর্থে মদ্র-শব্দের উত্তর ডাচ্ হয়। যথা,—**मद्राकरोति माङ्गल्यं, मुण्डनेन संस्करोतीत्यर्थः।** (খ)

(ক) "সৎসু সাধু সত্যম্ (সৎ+য)। ভাণ্ডং রত্নাদিদ্রব্যজাতম্। ক্রেতব্যমিতি—ময়ৈবৈতৎ গ্রাহ্যমিতি বুদ্ধ্যা পরীক্ষাদিনা সত্যঙ্কারদ্রব্যপ্রদানেন চ দৃঢ়ং করোতীত্যর্থঃ। তথ্যমিতি—তথৈব তথ্যম্, তথা+স্বার্থে যৎ"—তত্ত্ববোধিনী। "শপথে তু সত্যং করোতি বিপ্রঃ"—সি, কৌ।

(খ) "মদ্রশব্দো মঙ্গলার্থঃ। পরিবাপণং মুণ্ডনম্। মদ্রাকরোতি মাঙ্গল্যমুণ্ডনেন সংস্করোতীত্যর্থঃ"—সি, কৌ। 'ভদ্রা'-শব্দের উত্তরও এইরূপ হয়। ভদ্রাকরোতি বালং নাপিতঃ, মঙ্গলপূর্ব্বং বপতীত্যর্থঃ।

তদ্ধিত-পরিশিষ্ট।

১। পুংবত্তসিলাদিষু ভাষিতপুংস্কস্য।(ক)

তসিল্, ত্রল্, চরট্, জাতীয়, দেশীয় ও পাশ প্রত্যয় পরে থাকিলে ভাষিতপুংস্ক স্ত্রীলিঙ্গ শব্দের পুংবদ্ভাব হয়। যথা, উত্তরস্যা দিশঃ উত্তরতঃ, উত্তরস্যাং দিশি উত্তরতঃ, সর্ব্বস্যাং দিশি সর্ব্বত্র (খ), অর্পিতা ভূতপূর্ব্বা অর্পিতচরী, ব্রাহ্মণীপ্রকারঃ ব্রাহ্মণজাতীয়া, ঈষদূনা পণ্ডিতা পণ্ডিতদেশীয়া, কুৎসিতা পাচিকা পাচকপাশা।

২। কল্যাদিষু চ। (গ)

(ক) "তসিলাদিষ্বাকৃত্বসুচঃ" (পা ৬।৩।৩৫)

(খ) বিভক্তি ভিন্ন যে কোন প্রত্যয় পরে থাকিলে স্ত্রীলিঙ্গ সর্ব্বনাম শব্দের পুংবদ্ভাব হয়। 'উত্তরতঃ' ও 'সর্ব্বত্র' ইহারই উদাহরণ। অন্য উদাহরণ—একস্যা ভাব একত্বম্, সর্ব্বামিচ্ছতি সর্ব্বকাম্যতি, পূর্ব্বা পুরস্তাৎ, ভবতীমিবাচরতি ভবত্যতি ইত্যাদি।

(গ) "তরস্তমশ্চ রূপশ্চ চতরাং চতমাং তথা। ইষ্ঠেয়স্ ইমন্-কল্পৌ দেশ্যো দেশীয় ইত্যপি। বহুঃ পাশশ্চরট্ রূপ্যশ্চশস্ চৈতে তরাদয়ঃ॥"—দুর্গাদাস। এই সকল প্রত্যয় পরে থাকিলে ভাষিতপুংস্ক স্ত্রীলিঙ্গ শব্দের পুংবদ্ভাব হয়, কিন্তু রূপ্য প্রত্যয় পরে থাকিলে হয় না। ইহাদের মধ্যে চরট্, দেশীয়, পাশ, কল্প, রূপ, তর, তম ও চশস্ প্রত্যয়ের উদাহরণ মূলে প্রদত্ত হইয়াছে। অন্যগুলির উদাহরণ এই স্থলে দেওয়া হইতেছে। চতরাং, চতমাং প্রত্যয়ে প্রাপ্তি নাই। ইষ্ঠ, ঈয়সু—অতিশয়েন লঘ্বী, লঘিষ্ঠা লঘীয়সী। ইমন্—লঘ্ব্যা ভাবো লঘিমা। 'বহু' প্রত্যয় পূর্ব্বে থায় বলিয়া পুংবদ্ভাবের সম্ভাবনা নাই। যথা—ঈষদূনা শুভ্রা বহুশুভ্রা। রূপ্য প্রত্যয় পরে থাকিলে হয় না। যথা—শুভ্রায়া আগতপূর্ব্বো গৌঃ শুভ্রারূপ্যঃ।

কল্প, রূপ, তর ও তম প্রত্যয় পরে থাকিলে ভাষিতপুংস্ক স্ত্রীলিঙ্গ শব্দের পুংবদ্ভাব হয়। যথা,—**ঈষদূনা পণ্ডিতা পণ্ডিতকল্পা, প্রশস্তা গায়িকা গায়করূপা, ইয়মনয়োরতিশয়েন নিপুণা নিপুণতরা, ইয়মাসামতিশয়েন চপলা চপলতমা।**

২। ইবুপোর্বিভাষা। (ক)

কল্প প্রভৃতি প্রত্যয় পরে থাকিলে ভাষিতপুংস্ক ঈবন্ত ও **উবন্ত** স্ত্রীলিঙ্গ শব্দের বিকল্পে **পুংবদ্ভাব** হয় (খ)। যথা,—**ঈষদূনা বিদুষী বিদুষিকল্পা, বিদ্বৎকল্পা; প্রশস্তা মেধাবিনী মেধাবিনীরূপা, মেধাবিরূপা; ইয়মনয়োরতিশয়েন মায়াবিনী মায়াবিনীতরা, মায়াবিতরা; ইয়মাসামতিশয়েন মনোহারিণী মনোহারিণীতমা, মনোহারিতমা।** এইরূপ **বামোরূকল্পা, বামোরু-**

(ক) "ঘরূপকল্পচেলড্‌ব্রুবগোত্রমতহতেষু ঙ্যোঽনেকাচো হ্রস্বঃ" (পা ৬।৩।৪৩); "নদ্যাঃ শেষস্যান্যতরস্যাম্" (পা ৬।৩।৪৪); "উগিতশ্চ" (পা ৬।৩।৪৫); "কৃন্নদ্যা ন" (বা ৩৯৩৮)

(খ) বোপদেব-মতে তর, তম, রূপ ও কল্প প্রত্যয় পরে থাকিলে ঈবন্ত ও উবন্ত শব্দ বিকল্পে হ্রস্ব হয়, এবং উ-কারেৎ ও ঋ-কারেৎ শব্দের পুংবদ্ভাবও হয়। যথা—ইয়মনয়োরতিশয়েন স্ত্রী—স্ত্রিতরা, স্ত্রীতমা। পাণিনি-মতে অনেকাচ্ ঈবন্ত হইলে নিত্য হ্রস্ব হয়। যথা—ব্রাহ্মণিতরা। উবন্ত—বামোরুতরা, বামোরূতরা। উ-কারেৎ—বিদুষিতরা, বিদুষীতরা, বিদ্বত্তরা। ঋ-কারেৎ—সতিতরা, সতীতরা, সত্তরা। সিদ্ধান্তকৌমুদী-মতে 'বিদুষীতরা' হয় না, কিন্তু বৃত্তিকারের মতে হয়। নিত্য স্ত্রীলিঙ্গ অনেকাচ্ ঈবন্ত শব্দের হ্রস্ব এবং পুংবদ্ভাব হয় না। যথা—স্বরীতরা।

বিদ্যাসাগর মহাশয় এই সূত্রে হ্রস্ববিধানের স্থলে যে পুংবদ্ভাবের বিধান করিয়াছেন এবং 'মেধাবিনী' প্রভৃতি স্ত্রীলিঙ্গ শব্দের যে সকল উদাহরণ দিয়াছেন, সেগুলি কিরূপে সঙ্গত হইল, তাহা আমরা বুঝিতে পারিলাম না।

কল্পা; বামোরুরূপা, বামোরূরূপা; বামোরুতরা, বামোরূতরা; বামোরুতমা, বামোরূতমা (৪০)।

৪। শসি বহ্বল্পার্থস্য। (ক)

শস্ প্রত্যয় পরে থাকিলে বহ্বর্থ ও অল্পার্থ ভাবিতপুংস্ক শব্দের স্ত্রীলিঙ্গে পুংবদ্ভাব হয়। যথা,—**বহ্বীভ্যো দেহি, বহুশো দেহি; অল্পাভ্যো দেহি, অল্পশো দেহি।**

৫। ত্বতলোর্গুণবচনস্য (বা ৩৯২৭)

ত্ব ও তল্ প্রত্যয় পরে থাকিলে গুণ-বাচক ভাবিতপুংস্ক শব্দের স্ত্রীলিঙ্গে পুংবদ্ভাব হয়। যথা,—**নিপুণায়া ভাবঃ নিপুণত্বম্, নিপুণতা; চপলায়া ভাবঃ চপলত্বম্, চপলতা; মেধাবিন্যা ভাবঃ মেধাবিত্বম্, মেধাবিতা; প্রিয়বাদিন্যা ভাবঃ প্রিয়বাদিত্বম্, প্রিয়বাদিতা।** (খ)

---

(৪০) বৈয়াকরণেরা উবন্তের পুংবদ্ভাব নিষেধ করিয়া বিকল্পে উপের হ্রস্ব-বিধান করেন; এবং পুংবদ্ভাবের অভাব-পক্ষে ঈপের, স্থল-বিশেষে বিকল্পে ও স্থলবিশেষে নিত্য হ্রস্ব-বিধান করিয়া থাকেন; তদনুসারে বিদুষিকল্পা, বিদুষীকল্পা, বিদ্বৎকল্পা, এবং ব্রাহ্মণি-কল্পা, ব্রাহ্মণকল্পা এইরূপ হইতে পারে।

(ক) "শসি বহ্বল্পার্থস্য পুংবদ্ভাবো বক্তব্যঃ" (বা ৩৯২৬)

(খ) গুণবাচক না হইলে হয় না। যথা—ব্রাহ্মণীত্বম্।

প্রশ্ন (তদ্ধিত)

১। (১) প্রত্যয় কাহাকে কহে? (২) তদ্ধিত প্রত্যয় বলিলে কি বুঝায়? (৩) তদ্ধিত-প্রত্যয় ও কৃৎ-প্রত্যয়ে প্রভেদ কি?

২। তদ্ধিত-প্রত্যয়ের মূর্দ্ধন্য ণ্ ইতের ফল কি?

৩। এরূপ ৫টী শব্দের নাম কর, যাহাদের কেবল প্রথম পদের আদ্য স্বরের বৃদ্ধি হয়।

৪। এরূপ ৫টী শব্দের নাম কর, যাহাদের কেবল শেষ পদের আদ্য স্বরের বৃদ্ধি হয়।

৫। এরূপ ৫টী শব্দের নাম কর, যাহাদের উভয় পদেরই আদ্য স্বরের বৃদ্ধি হয়।

৬। ণ-ইৎ-কার্য্য সর্ব্বত্র হয় না,—ইহার উদাহরণ দাও।

৭। তদ্ধিত-প্রত্যয়ের য ও স্বরবর্ণ পরে থাকিলে কি কি কার্য্য হয়?

৮। কোন্ কোন্ স্থলে তদ্ধিত-প্রত্যয়ের য স্বরকার্য্য নির্ব্বাহ করে? উদাহরণ দিয়া বুঝাইয়া দাও।

৯। 'টি' কাহাকে বলে? কোন্ স্থলে টির লোপ হয়? কোন্ স্থলেই বা ইহার লোপ হয় না? উদাহরণ দিয়া বুঝাইয়া দাও।

১০। কিরূপ স্থলে য্ স্থানে ইয়্ এবং ব্ স্থানে উব্ হয়? কোন্ কোন্ শব্দের হয় না? কোন্ কোন্ শব্দের বিকল্পে হয়?

১১। তদ্ধিত-প্রত্যয়ে চ-ইতের ফল কি?

১২। কি কি বিশেষ বিশেষ অর্থে কি কি বিশেষ বিশেষ তদ্ধিত প্রত্যয় হয়? প্রত্যেকের একটী করিয়া উদাহরণ দাও।

১৩। অপত্যার্থে কি কি তদ্ধিত প্রত্যয় হয়? প্রত্যেকের দুইটী করিয়া উদাহরণ দাও।

১৪। নিম্ন-লিখিত শব্দগুলির উত্তর অপত্যার্থে যথাসম্ভব তদ্ধিত প্রত্যয় সংযোগ করিয়া শব্দ নিষ্পন্ন কর:—

দশরথ, দ্রোণ, সুমিত্রা, ব্যাস, দক্ষ, দিতি, সপত্নী, কশ্যপ, মনু, কন্যা, গঙ্গা, গোধা, পাণ্ডু, সুভগা, কুলটা, স্বসৃ, পিতৃষ্বসৃ।

১৫। নিম্ন-লিখিত বাক্যে যথাসম্ভব তদ্ধিত প্রত্যয় করিলে কিরূপ পদ হইবে ?

কণ্বপস্য, বশিষ্ঠস্য, কুরোঃ—অপত্যানি পুমাংসঃ ; অত্রেঃ অপত্যানি স্ত্রিয়ঃ।

১৬। নিম্ন-লিখিত শব্দ গুলির প্রকৃতি, প্রত্যয় ও প্রত্যয়ার্থ নিরূপণ কর :—

কাকুৎস্থ, পার্থ, মনুষ্য, ঐক্ষ্বাক, মানুষ, ত্রৈমাতুর, কানীন, রাধেয়, বৈমাত্রেয়, নৈয়ায়িক, আর্ষ, পৌরুষেয়, কাষায়, বৈষ্ণব, রাজন্যক, আরণ্যক, আকস্মিক, স্ত্রৈণ, হৈমন, শৌবস্তিক, তিরশ্চীন, আতিথেয়, আহ্নিক, চাতুর্মাস্য, পৈতৃক, পিত্র্য, পথ্য, শাত্রব, তাবক, সৌর, সারব, যাষ্টীক, আয়ুষ্য, ছাত্র, কিরাতার্জ্জুনীয়, ঔৎপাতিক, কার্ম্মুক, বিশ্বজনীন, ধুর্য্য, নাবিক, পান্থ, অর্ঘ্য, সান্নিধ্য, দেবতা, ভাগধেয়, মৃত্তিকা, নূতন, মাগধ, রামণীয়ক, বৈদুর্য্য, সাহসিক, সাহস, সর্ব্বাঙ্গীণ, কাকতালীয়, ইন্দ্রিয়, সৌম্নাতিক, নাস্তিক, বয়স্য, সাপ্তপদীন, হৈয়ঙ্গবীন, রাবণার্জ্জুনীয়।

১৭। তদ্ধিত প্রত্যয় পরে থাকিলে কোন্ কোন্ স্থলে প্রাতিপদিকের অন্তস্থিত ন্-কারের লোপ হয় না ? উদাহরণ দিয়া বুঝাইয়া দাও।

১৮। রাজন্য, রাজ্য, রাজত্ব—এই প্রকার রূপ-ভেদ হইবার কারণ কি?

১৯। কিরূপ স্থলে ব্রহ্মন্-শব্দের ন্-কারের লোপ হয় ? উদাহরণ দাও।

২০। 'মৈধাবিন' ও 'মৈধাব'—এই প্রকার রূপ-ভেদ হইবার কারণ কি ?

২১। 'তস্য ভাবঃ' এই অর্থে কি কি তদ্ধিত প্রত্যয় হয় ? উদাহরণ দাও।

২২। বতিচ্, চুঞ্চু ও মাত্র প্রত্যয় কি কি অর্থে হয় ? উদাহরণ দাও।

২৩। 'মাত্র' প্রত্যয়ের অর্থে আর কি কি প্রত্যয় হয় ? উদাহরণ দাও।

২৪। পরিমাণার্থে কি কি প্রত্যয় হয় ? উদাহরণ দাও।

২৫। নিম্ন-লিখিত শব্দ গুলির প্রকৃতি, প্রত্যয় ও প্রত্যয়ার্থ নিরূপণ কর :—

যাবৎ, কিয়ৎ, ইয়ৎ, কতি, চতুষ্টয়, দ্বয়, উভয়, তুর্য্য, বিংশ, বহুতিথ।

২৬। নিম্ন-লিখিত বাক্য-সমূহ দ্বারা কি কি তদ্ধিত-প্রত্যয়ান্ত পদ নিষ্পন্ন হইবে ?

শতম্ অবয়বা অস্য, ত্রয়ঃ অবয়বা অস্য, একাদশানাং পূরণঃ, দশানাং পূরণঃ, চতুর্ণাং পূরণঃ, বিংশতেঃ পূরণঃ, ষষ্টেঃ পূরণঃ, একষষ্টেঃ পূরণঃ, শতস্য পূরণঃ, বহূনাং পূরণঃ।

২৭। পূরণার্থে কি কি তদ্ধিত প্রত্যয় হয় ? উদাহরণ দাও।

২৮। তদ্ধিত-প্রত্যয়ানুসারে নিম্ন-লিখিত শব্দগুলির অর্থগত পার্থক্য দেখাও :—

চার্ম্ম, চার্ম্মণ। আরণ্যক, আরণ্য। উদন্বান্, উদকবান্। রাজন্বান্, রাজবান্।

পর্ব্বতীয়, পার্ব্বত। বর্ণী, বর্ণবান্। অর্থী, অর্থবান। ধনী, ধনবান্। রাধ, রাধেয়। পার্থব, পার্থিব।

২৯। 'প্রশংসা' ও 'নিন্দা' বাচক তদ্ধিত প্রত্যয়গুলির নাম কর এবং উদাহরণ দাও।

৩০। 'মূল' অর্থে কি কি প্রত্যয় হয়? উদাহরণ দাও।

৩১। কোন্ কোন্ তদ্ধিত প্রত্যয় তিঙন্ত-পদের উত্তর হয়? উদাহরণ দাও।

৩২। স্থচ্, ধাচ্ ও চশস্ প্রত্যয় কিরূপ স্থলে হয়, তাহা উদাহরণ দিয়া বিশদ-রূপে বুঝাইয়া দাও।

৩৩। পাশ, চরট্ ও রূপ্য প্রত্যয় কি কি অর্থে হয়? উদাহরণ দাও।

৩৪। 'চ্বি' প্রত্যয় হইলে কি কি বিশেষ কার্য্য হয়?

৩৫। 'ডাচ্' প্রত্যয়ের সূত্রগুলির উল্লেখ কর এবং উদাহরণ দাও।

৩৬। সংশোধন কর এবং কারণ দেখাও :—

সৌমিত্রঃ, ব্যাসিঃ, দ্রৌণঃ, জামদগ্নঃ, সাপত্নেয়ঃ, ধার্ত্তরাষ্ট্রেয়ঃ, ত্রৈমাত্রঃ, বৈমাত্রঃ, পাণ্ডেয়ঃ, গার্গ্যাঃ, ন্যায়িকঃ, পাণিনিয়ঃ, সৌর্য্যঃ মাসঃ, স্বায়ম্ভবং ধাম, সারযবং জলম্, অন্যীয়, পরীয়, বাঙ্গাঃ, পাঞ্চালাঃ, পাঞ্চাল্যঃ, পার্ব্বতো মনুষ্যঃ, আরণ্যকো জন্তুঃ, একাদশমঃ, লক্ষ্মীমান্, ধনুষ্মান্, অংশুবান, বিদ্যুত্মান্, যববান্, ভূমিবান্, তপস্বান্।

৩৭। 'সপত্রাকরোতি', 'নিষ্কুলাকরোতি', 'সুখাকরোতি'—ইহাদের অর্থ কি?

৩৮। নিম্ন-লিখিত অর্থ-সমূহ তদ্ধিতান্ত পদ দ্বারা প্রকাশ কর :—

বপুর্যস্য অস্তি সঃ, লক্ষ্মীর্যস্য অস্তি তস্য, দয়া যস্যা অস্তি তস্যাম্, ধনুর্যস্য অস্তি তেন তড়িৎ যস্মিন্নস্তি তত্র, আস্থ অস্মিন্ অস্তি, বিদ্যা অস্যাস্তি।

৩৯। নেদীয়স্, জ্যেষ্ঠ, সাধীয়স্, বংহিষ্ঠ ও কনিষ্ঠ শব্দের প্রকৃতি ও প্রত্যয় নিরূপণ কর।

৪০। পুরস্তাৎ, অধস্তাৎ, অধঃ, উপরিষ্টাৎ, উত্তরাহি, দক্ষিণা এবং পুরতঃ শব্দের প্রকৃতি ও প্রত্যয় নির্দ্দেশ কর। 'পুরতঃ' শব্দ তদ্ধিত-প্রত্যয়ান্ত কি না, কারণ-নির্দ্দেশ-পূর্ব্বক তাহার বিচার কর।

৪১। এরূপ একটী তদ্ধিত প্রত্যয়ের নাম কর, যাহা প্রাতিপদিকের পূর্ব্বে গিয়া বসে। কি অর্থে এই প্রত্যয় হয়, এবং কিরূপেই বা ইহার প্রয়োগ করিতে হয়, তাহা স্পষ্টরূপে বুঝাইয়া দাও। এই প্রত্যয়ের প্রয়োগ-সম্বন্ধে কোনও মতান্তর থাকিলে

তাহারও উল্লেখ কর। এরূপ একটী তদ্ধিত প্রত্যয়ের নাম বল, যাহা প্রাতিপদিকের "টি" এর পূর্ব্বে গিয়া বসে? এই প্রত্যয় কি অর্থে হয়? উদাহরণ দাও।

৪২। 'পশ্চাৎ" শব্দের উত্তর ত্যণ্ (ত্যক্) প্রত্যয় করিলে কি পদ সিদ্ধ হয়, এবং তাহার বানান্ কি?

৪৩। "ত্রৈবার্ষিক" শব্দ ব্যাকরণ-দুষ্ট কেন, তাহা স্পষ্টরূপে বুঝাইয়া দাও। "ত্রিবার্ষিক গ্রন্থ" ও "ত্রৈবর্ষিক গ্রন্থ" বলিলে অর্থের কিরূপ পার্থক্য হয়, তাহাও বিশদ-রূপে বুঝাইয়া দাও।

৪৪। কি অর্থে শব্দের উত্তর ইমানি (ইমন্) প্রত্যয় হয়? এই প্রত্যয় পরে থাকিলে কি কি বিশেষ কার্য্য হয়? এই কার্য্য আর কোন্ কোন্ প্রত্যয় পরে থাকিলে হয়? ইমনি প্রত্যয় করিলে শব্দটী বিশেষ্য বা বিশেষণ হয়? ইমনি-প্রত্যয়ান্ত পদ কোন্ লিঙ্গ? পৃথ্বাদি, বর্ণাদি ও দৃঢ়াদি শব্দ কি কি?

নিম্ন-লিখিত শব্দের উত্তর ইমনি প্রত্যয় করিলে কি কি পদ নিষ্পন্ন হয়,—(১) পৃথু, মৃদু, মহৎ, পটু, তনু, লঘু, সাধু, আশু, উরু, বর, গুরু, বহু, বহুল, খণ্ড, দণ্ড, চণ্ড, আকিঞ্চন, বাল, হোড়, পাক, বৎস, মন্দ, স্বাদু, হ্রস্ব, দীর্ঘ, প্রিয়, বৃষ, ঋজু, ক্ষিপ্র, ক্ষুদ্র, অণু;—(২) কৃষ্ণ, কাল, নীল, পীত, শ্বেত, শুভ্র, শুক্ল, লোহিত;—(৩) দৃঢ়, বৃঢ়, পরিবৃঢ় ভৃশ, কৃশ, বক্র, শুক্র, চুক্র, আম্র, কৃষ্ট, লবণ, তাম্র, শীত, উষ্ণ, বিদগ্ধ, চতুর, জড়, বধির, পণ্ডিত, মধুর, মূর্খ, মূক, স্থির, বিয়াত? এই সকল শব্দের উত্তর ইমন্ প্রত্যয়, ভিন্ন অন্য কি কি প্রত্যয় হইতে পারে? এবং সেই সকল প্রত্যয় করিলে কি কি পদ নিষ্পন্ন হয়, তাহা বল।

৪৫। "স্থূল" ও "মলিন" শব্দের উত্তর ইমনি (ইমন্) প্রত্যয় হয় কি না? এ বিষয়ে শিষ্ট প্রয়োগ দেখাইয়া বিচার কর।

৪৬। কি অর্থে শব্দের উত্তর ইষ্ঠন্ (ইষ্ঠ) ও ঈয়স্‌্ (ঈয়স্) প্রত্যয় হয়? এ বিষয়ে কি মতভেদ আছে, তাহা বল। বিশেষ্য বা বিশেষণ শব্দের উত্তর এই দুইটী প্রত্যয় হয়? নিম্ন-লিখিত শব্দের উত্তর এই দুইটী প্রত্যয় করিলে কি কি পদ নিষ্পন্ন হয়—(১) প্রিয়, স্থির, স্ফির, উরু, বৃদ্ধ, দীর্ঘ, তৃপ্র, গুরু, বহুল, বৃন্দারক, বাঢ়, অন্তিক, স্থূল, দূর, যুব, অল্প, ক্ষিপ্র, ক্ষুদ্র, হ্রস্ব, বহু, প্রশস্য;—(২) পৃথু, মৃদু, কৃশ, ভৃশ, দৃঢ়, বৃঢ়, পরিবৃঢ়? এই সকল শব্দের উত্তর ইমন্ প্রত্যয় ভিন্ন আর কোনও প্রত্যয়

হইতে পারে কি না? যদি হয়, তবে সেই সকল প্রত্যয় করিলে কি কি পদ নিষ্পন্ন হইতে পারে?

৪৭। 'তারকাদি' (ফলাদি) শব্দ কি কি? ইহাদের উত্তর কি অর্থে কি প্রত্যয় হয়? এই প্রত্যয় করিলে যে পদ নিষ্পন্ন হয়, তাহা বিশেষ্য বা বিশেষণ? 'পিপাসিতঃ' ও 'বুভুক্ষিতঃ' পদ কিরূপে নিষ্পন্ন হয়? 'বুভুক্ষিতঃ বালকঃ', 'পিপাসিতা নারী', 'সুভুক্ষিতম্ অন্নম্', 'পিপাসিতং জলম্',—এই ৪টী প্রয়োগ ব্যাকরণ-সম্মত কি না, তাহা কারণ সহ নির্দ্দেশ কর।

৪৮। কোন্ কোন্ শব্দের উত্তর কি কি অর্থে তল্ প্রত্যয় হয়? সমূহার্থক তদ্ধিত প্রত্যয় গুলির নাম কর ও উদাহরণ দাও।

৪৯। শব্দের উত্তর কি কি অর্থে মতুপ্ ও বতুপ্ প্রত্যয় হয়? প্রত্যেকের একটী করিয়া উদাহরণ দাও। এই অর্থে আর কি কি প্রত্যয় হয়? কোন্ কোন্ শব্দের উত্তর মতুপ্ বা বতুপ্ এবং বিন্ প্রত্যয় হয়? উদাহরণ দিয়া বুঝাইয়া দাও। কোন্ কোন্ শব্দের উত্তর বতুপ্ প্রত্যয়ের সম্ভাবনা থাকিলেও বতুপ্ প্রত্যয় না হইয়া মতুপ্ প্রত্যয় হয়?

৫০। 'পূর্ব্বে ছিল না, কিন্তু এক্ষণে হইয়াছে', এবং 'পূর্ব্বে ছিল, কিন্তু এক্ষণে নাই', এই দুই বিভিন্ন অর্থে যে যে তদ্ধিত প্রত্যয় হয়, তাহাদের নাম উল্লেখ কর এবং উদাহরণ দাও।

৫১। 'ঈষদূন' অর্থে কি কি প্রত্যয় হয়? উদাহরণ দাও। নিষ্পন্ন পদ গুলি কোন্ লিঙ্গে ব্যবহৃত হয়, তাহা নিরূপণ কর।

৫২। 'পার্ব্বত্য' শব্দ ব্যাকরণ-সঙ্গত কি না, তাহা বিশদ-রূপে বুঝাইয়া দাও। 'পর্ব্বতীয়ো বৃক্ষঃ', 'পার্ব্বতো রাজা', 'পার্ব্বতীয়া নারী'—এই তিন স্থলে কোনও ব্যাকরণ-দোষ হইয়াছে কি না, তাহা বল।

৫৩। কোন্ কোন্ শব্দের উত্তর কি কি অর্থে ইনি (ইন্) প্রত্যয় হয়? এই প্রত্যয়ের সাধারণ ও বিশেষ নিয়ম কি? "বর্জ্জয়েদ্ দ্বিদলং শূলী কুষ্ঠী মাংসং ক্ষয়ী স্ত্রিয়ম্। দ্রবমন্নমতীসারী সর্ব্বঞ্চ তরুণজ্বরী।" "ন বিরেচ্যো নবজ্বরী।" "বাসায়াং বিদ্যমানায়া-মাশায়াং জীবিতস্য চ। রক্তপিত্তী ক্ষয়ী কাসী কিমর্থমবসীদতি।"—এই কবিতা গুলিতে 'শূলী', 'কুষ্ঠী', 'ক্ষয়ী', 'অতীসারী', 'রক্তপিত্তী', 'কাসী' এই পদগুলি কিরূপে সিদ্ধ হইল,

তাহা বল। 'তরুণজ্বরী' ও 'নবজ্বরী', এই দুইটী পদ ব্যাকরণ-সঙ্গত কি না, তাহাও স্পষ্ট-রূপে বুঝাইয়া দাও।

৫৪। কি কি বিভিন্ন অর্থে ময়ট্ প্রত্যয় হয়? প্রত্যেকটীর একটী করিয়া উদাহরণ দাও।

৫৫। নিম্ন-লিখিত পদ-যুগ্মের মধ্যে প্রত্যেকটী কোন্ কোন্ তদ্ধিত প্রত্যয় দ্বারা নিষ্পন্ন হইয়াছে, এবং তাহাদের মধ্যে অর্থগত প্রভেদ থাকিলে তাহাও স্পষ্টরূপে বুঝাইয়া দাও :—ব্রহ্মণ্যম্—ব্রাহ্মণ্যম্, পৌরুষম্—পৌরুষেয়ম্, মাহারাজিকঃ—মহারাজিকঃ, সৌভদ্রঃ—সৌভদ্রেয়ঃ, মাণ্ডূকায়নী—মাণ্ডূষী, পারস্ত্রৈণেয়ঃ—পারশবঃ, পাঞ্চালঃ—পাঞ্চালিঃ, দাশরথঃ—দাশরথিঃ, শ্বাশুরিঃ—শ্বশুর্য্যঃ, সাম্রাজ্যঃ—সাম্রাজঃ, সৌভাগিনেয়ঃ—সৌভাগ্যম্, কৌলটিনেয়ঃ—কৌলটেয়ঃ, ভ্রাতৃব্যঃ—ভ্রাত্রীয়ঃ, রাজন্যঃ—রাজন্যকঃ—রাজনঃ, ক্ষত্রিয়ঃ—ক্ষাত্রঃ,—ক্ষাত্রিঃ, মানুষী—মনুষী—মানবী, গার্গঃ—গার্গ্যঃ—গার্গেয়ঃ—গার্গ্যায়ণঃ, মাধব্যঃ—মাধবঃ, পার্ব্বতিঃ—পার্ব্বতী, অশ্মরঃ—অশ্মরী, সাংবৎসরম্—সাংবৎসরিকম্, আরণ্যঃ—আরণ্যকঃ, শারদিকম্—শারদম্—শারদীয়ম্, শারদকম্, দ্বৈপঃ—দ্বৈপ্যঃ—দ্বৈপকঃ, সামুদ্রঃ—সামুদ্রিকঃ, সৈন্ধবঃ—সৈন্ধবকঃ, সাল্বঃ—সাল্বকঃ, পৌর্ব্বাহ্নিকঃ—পূর্ব্বাহ্নকঃ, পান্থঃ—পথিকঃ—পন্থকঃ, পৌরোডাশিকঃ—পুরোডাশিকঃ, বাসুদেবঃ—বাসুদেবকঃ, অর্জ্জুনঃ—অর্জ্জুনকঃ, অঙ্গিঃ—অঙ্গিকঃ, তৈত্তিরঃ—তৈত্তিরীয়ঃ, শৌনকী—শৌনকীয়া, কাশ্যপঃ—কাশ্যপীয়ঃ, পারাশর্য্যঃ—পারাশরী, কালাপঃ—কালাপকঃ, পারশবম্—পারশবময়ম্, ঐণেয়ম্—ঐণেয়ময়ম্, যাবকম্—যবময়ম্, বাচিকম্—বাচনিকম্, দ্রব্যম্,—দ্রব্যকঃ, শতকম্—শত্যম্—শতিকম্, দণ্ডী—দাণ্ডিকঃ, মাসিকঃ—মাস্যঃ—মাসীনঃ, দ্বৈবর্ষিকঃ—দ্বিবর্ষীণঃ, দ্বিবার্ষিকঃ, ষাণ্মাস্যঃ—ষাণ্মাসিকঃ, কাল্যঃ—কালিকঃ—কালীনঃ, পাথেয়ম্—পথ্যম্, শাব্দঃ—শাব্দিকঃ, দ্বারী—দ্বারিকঃ—দৌবারিকঃ, লাবণ্যম্—লাবণিকঃ, পৌরুষম্—পৌরুষিকঃ, দিব্যম্—দৈবম্, পদ্যম্—পাদ্যম্, নাব্যঃ—নাবিকঃ, সামন্তঃ—সামান্তঃ, সতীর্থঃ—সতীর্থ্যঃ, আত্মীয়ঃ—আত্মনীনঃ, নভ্যম্—নাভ্যম্, কম্বল্যম্—কম্বলীয়ম্, তৈলম্—তিল্যম্, গোষ্ঠম্—গোষ্ঠীনম্, মদীয়ঃ—অস্মদীয়ঃ, গর্ভিণী—গর্ভিতা, হাস্তম্—হাস্তিনম্, হস্তী—হস্তবান্, রাজন্বান্—রাজবান্, বৈয়াকরণরূপঃ—বৈয়াকরণপাশঃ। মর্ত্তঃ—মর্ত্ত্যঃ, ঋত্বিক্—আর্ত্বিজীনঃ, সর্ব্বজনীয়ম্—সর্ব্বজনীনম্—সার্ব্বজনিকম্, বিশ্বজনীয়ম্—বিশ্বজনীনম্। জ্যোৎস্না—জ্যোতিষ্মতী, দন্তুরঃ—দন্তবান্, খরঃ—খবান্, নগরঃ—নগবৎ, সিন্ধুরঃ—সিন্ধুমান্,

কুঞ্জরঃ—কুঞ্জবান্, তমিস্রা—তমস্বিনী, কচ্ছুরঃ—কচ্ছুমান্, কেশবঃ—কেশবান্, রজস্বলা—রজস্বতী, কৃষীবলঃ—কৃষিমান্, দন্তাবলঃ—দন্তবান্, মলিনঃ—মলবান্, মঙ্গল্যম্—মাঙ্গলিকম্, গোমী—গোমান্, স্বামী—স্ববান্, মালী—মালাবান্, পক্ষ্মী—পক্ষ্মবান্, পুষ্করী—পুষ্করবান্, হিরণ্যকঃ—হিরণ্ময়ঃ, উষ্ণত্বম্—উষ্ণকঃ, শৈত্যম্—শীতকঃ, তৈলম্—তৈলকম্, স্নাতঃ—স্নাতকঃ, বৃহতিকা—বৃহতী, যব্যম্—যবমান্, কুটী—কুটীরঃ,পয়স্যম্—পায়সঃ, বাগ্মী—বাচাটঃ—বাচালঃ, মশকাবতী—মশকবতী, জ্ঞানী—জ্ঞানিমান্, চক্রীবান্—চক্রবান্, কক্ষীবান্—কক্ষবান্—কক্ষ্যাবান্, শিখী—শিখাবান্, বৎসলা—বৎসবতী, অংসলঃ—অংসবান্, জটিলঃ—জটাবান্, অঙ্গনা—অঙ্গবতী, লক্ষ্মণঃ—লক্ষ্মীবান্, নাবিকঃ—নৌমান্।

৫৬। তদ্ধিত প্রত্যয়ের যোগে নিম্ন-লিখিত বাক্যগুলিকে একপদ করিয়া রাখঃ—

শ্রীধরস্য, পুরন্দরস্য, ব্যাসস্য, চণ্ডালস্য, মহ্যাঃ, মাতৃস্বস্রুঃ, অগস্ত্যস্য—অপত্যং পুমান্। ধুরং বহতি অসৌ। গ্রামে ভবঃ। সমীচি, তিরশ্চি, উদীচি—ভবঃ। পুষ্যেণ যুক্তা। পৌষ্যাং ভবঃ। সূর্য্যস্য অপত্যং পুমান্। সূর্য্যস্যেয়ং দিক্। ধনুষা জয়তি অসৌ। সনা (নিরন্তরং) ভবত্যসৌ। ধেনূনাং, যুবতীনাং, গণিকানাং, বাতানাং, রথানাং, খলানাং, গবাং, জনানাং—সমূহঃ। কৃষ্ণস্য, ঋজোঃ, বহোঃ—ভাবঃ। তড়িৎ, মরুৎ,—বিদ্যতে যস্যাসৌ। প্রশস্তা বাক্ বিদ্যতে যস্য সঃ। উন্নতা দন্তা যস্য সঃ। ঈষদূনঃ কবিঃ। প্রশস্তো বৈয়াকরণঃ। কুৎসিতো বৈয়াকরণঃ। গোঃ পুরীষম্। অন্নং প্রচুরং যত্র যজ্ঞে সঃ। অল্পা কুটী। পুংসি ভবঃ, পুংসোঽপত্যং; পুংসাং সমূহঃ।

৫৭। নিম্ন-লিখিত অর্থে কি কি তদ্ধিত প্রত্যয় হয়? প্রত্যেকের উদাহরণ দাও :—

(১) অপত্যার্থে, (২) সমূহার্থে, (৩) জাতার্থে, (৪) অতিশয়ার্থে, (৫) অস্ত্যর্থে, (৬) অসহনার্থে, (৭) তুল্যার্থে, (৮) প্রশংসার্থে, (৯) নিন্দার্থে, (১০) ভাবার্থে, (১১) অভূত-তদ্ভাবার্থে, (১২) ভূতাতদ্ভাবার্থে, (১৩) রাগার্থে, (১৪) দেবতার্থে, (১৫) অধীতার্থে, (১৬) স্বার্থে, (১৭) দীব্যত্যর্থে, (১৮) চরত্যর্থে, (১৯) পণ্যার্থে, (২০) শিল্পার্থে, (২১) নিযুক্তার্থে, (২২) সাধ্বর্থে, (২৩) ক্রীতার্থে, (২৪) বসত্যর্থে, (২৫) অর্হার্থে, (২৬) হিতার্থে, (২৭) বারার্থে, (২৮) প্রকারার্থে, (২৯) শীলার্থে।

৫৮। তদ্ধিতান্ত পদের সাহায্যে নিম্ন-লিখিত '' এই চিহ্নিত বাক্যগুলিকে সংস্কৃত ভাষায় অনুবাদ কর :—

(ক) এই 'সুবর্ণ-নির্ম্মিতা' নগরী কাহার না মনোহরণ করিতে সমর্থ হয়?

(খ) 'আজ কালকার' কবিগণ 'পূর্ব্বকালের' কবিগণ অপেক্ষা কোন অংশে নিকৃষ্ট নহেন, ইহাই অনেকের মত। কিন্তু এই মত 'যুক্তি-যুক্ত' বলিয়া বোধ হয় না। (গ) 'গঙ্গার' জল অন্যান্য নদীর জল অপেক্ষা 'অধিক পবিত্র'। (ঘ) সে 'এরূপ রোগে ভুগিতেছে, যাহা এ জন্মে কোন মতেই সারিবে না'। (ঙ) 'সহস্র সহস্র' অন্য নৃপতি আছেন বটে (কামম্), কিন্তু এই রাজা আছেন বলিয়াই পৃথিবী 'সুনৃপতি-যুক্ত' এই নামে অভিহিত হয়। (চ) সে দিনে 'চারি বার' ভোজন করে, কিন্তু আমি 'পাঁচ বার' ভোজন করি এবং আমার মাতা বিধবা বলিয়া তিনি 'একবার' মাত্র ভোজন করেন। (ছ) 'শরীরের' সন্তাপদায়ক পীড়া আছে বটে, কিন্তু 'মনের' তাপ তদপেক্ষা ভীষণ। (জ) মহাশয় আপনি আমার 'পিতার তুল্য',—আমি কখনও আপনার 'অবাধ্য' হইব না। (ঝ) 'দক্ষিণ-দেশ বাসিগণ' তদ্ধিত প্রত্যয় অত্যন্ত ভালবাসেন। (ঞ) 'পশ্চিম-দেশ-বাসিগণ' অনুপ্রাসের প্রয়োগ করেন না। (ট) 'বসন্ত কালের' উৎকৃষ্ট শোভা (সুষমা), যাঁহারা তপোঽর্জ্জন করিয়াছেন, তাঁহাদিগেরও চিত্ত বিকৃত করে। (ঠ) তিনি 'একলা' 'রাজন্যবৃন্দকে পরাজিত করিলেন। (ড) 'শরৎ কালের' সুধাকর সমস্ত সন্তাপ 'দূর করে'। (ঢ) তুমি 'কোথা হইতে' আসিতেছ এবং 'কেন এইরূপ' রোদন করিতেছ? (ণ) এই 'কুৎসিত অশ্ব' ক্রয় করিবে? (ত) সে 'একটী একটী করিয়া' বৃক্ষগুলি কাটিতে লাগিল। (থ) আমার 'ছোট' ভাই আমাকে বলিল, 'বড়' দাদার বড়ই অসুখ, শীঘ্র আসুন। (দ) তাহার 'অর্থ আছে' বটে, কিন্তু 'সুখ' নাই। (ধ) এই লোকটীর 'হাত আছে', কিন্তু ইনি 'হাতী' নহেন। (ন) 'যশঃ আছে যাহার' ও 'কীর্ত্তি আছে যাহার' তাহাদিগকে সংস্কৃত ভাষায় কি বলে? (প) সে 'লাঠিয়ালের' লাঠির আঘাতে 'মরমর' হইয়াছিল, কিন্তু এক্ষণে কর্ম্মক্ষম' হইয়াছে। (ফ) আপনি যে ব্রাহ্মণগুলিকে দেখিতেছেন, তাঁহাদের মধ্যে তিন জন 'ব্যাকরণবিদ্', 'আট জন 'পুরাণজ্ঞ', পাঁচ জন 'ন্যায়শাস্ত্রাভিজ্ঞ' ও তিন জন 'মীমাংসাশাস্ত্রবিদ্' আছেন। (ব) বৎস 'ঋষিপ্রোক্ত' শাস্ত্রে বিশ্বাস রাখিও। (ভ) 'শিব যাঁহাদের দেবতা' ও 'বিষ্ণু যাঁহাদের দেবতা' তাঁহাদিগের মধ্যে বিবাদ বাধাইয়া দিবার চেষ্টা অনেক বিদেশবাসী করিয়া থাকেন। (ম) তুমি 'হরিদ্রারঞ্জিত' বস্ত্র পরিধান করিয়াছ কেন? (যঁ) এই 'দ্বাদশ-বর্ষ-বয়স্ক' বালক সুন্দররূপে পড়িতে পারে, তাহাতে আর বিস্ময়ের বিষয় কি আছে? (র) যিনি 'ধর্ম্মের অনুষ্ঠান করেন', তিনি 'ইহলোকের' সম্পৎকে তৃণ জ্ঞান করেন। (ল) 'দ্বারে নিযুক্ত ব্যক্তি' রাজার নিকট গমন

করিয়া আমার আগমন-বার্ত্তা তাঁহাকে নিবেদন করিল। (ব) যিনি, সমস্ত শাস্ত্র-সমুদ্রের 'পারে গমন করিয়াছেন,' তিনি যে পরলোক আছে, তাহা বুঝিবেন, তাহাতে আর বৈচিত্র্য কি? (শ) 'পেটুক' ব্যক্তিগণ প্রায় অত্যন্ত রুগ্ণ হয়। (ষ) 'গোসম্বন্ধি' সমস্ত বস্তুই হিতকর। (স) এই নদী 'নৌকায় করিয়া পার হওয়া যায়'। (হ) 'অত্যধিকলোম-বিশিষ্ট' ব্যক্তি 'ক্বচিৎ সুখ পায়'। (ক্ষ) এই পুস্তক খানি পাঠ করিতে 'তিন বৎসর লাগিয়াছে', কিন্তু ঐ পুস্তক খানি পাঠ করিতে 'তিন বৎসর লাগিবে'।

প্রশ্ন (তদ্ধিত-পরিশিষ্ট)

১। কোন্ কোন্ তদ্ধিত প্রত্যয় পরে থাকিলে স্ত্রীলিঙ্গ শব্দের পুংবদ্ভাব হয়? উদাহরণ দাও।

২। ঐ সকল তদ্ধিত প্রত্যয় পরে থাকিলেও কিরূপ শব্দের পুংবদ্ভাব হয় না? উদাহরণ দাও।

৩। ত্ব ও তল্ প্রত্যয় পরে থাকিলে কিরূপ শব্দের পুংবদ্ভাব হয়? উদাহরণ দাও।

৪। নিম্ন-লিখিত বাক্যে কিরূপ তদ্ধিতান্ত পদ হইবে? সর্ব্বস্যাং দিশি, উত্তরস্যাং দিশি, ঈষদূনা পণ্ডিতা, কুৎসিতা পাচিকা, ইয়মনয়োরতিশয়েন চপলা, ঈষদূনা বিদুষী, বহ্বীভ্যো দেহি।

৫। সংশোধন কর এবং কারণ দেখাও :—

উত্তরাতঃ, ব্রাহ্মণীজাতীয়া, চপলাতমা, গায়িকারূপা, সুন্দরীত্বম্, কৃশাত্বম্।

স্ত্রী-প্রত্যয়।

১। স্ত্রিয়াম্ (পা ৪।১।৩)

এই প্রকরণে বিহিত প্রত্যয় সকল স্ত্রী-প্রত্যয়, এবং ইহ দিগের কার্য্য স্ত্রীলিঙ্গেই হইতেছে, এইরূপ বুঝিতে হইবে।

২। অদন্তাদাপ্। (ক)

অ-কারান্ত প্রাতিপদিকের উত্তর আপ্ হয়; প্ ইৎ, আ থাকে। যথা,—**কৃশ কৃশা, দীন দীনা, মলিন মলিনা, কৃপণ কৃপণা, ক্রূর ক্রূরা, সরল সরলা, প্রবল প্রবলা, অচল অচলা, নিপুণ নিপুণা, চতুর চতুরা, তরল তরলা, চপল চপলা, দক্ষিণ দক্ষিণা, উত্তর উত্তরা, পূর্ব্ব পূর্ব্বা, পশ্চিম পশ্চিমা, প্রথম প্রথমা, দ্বিতীয় দ্বিতীয়া, তৃতীয় তৃতীয়া, অনুকূল অনুকূলা, প্রতিকূল প্রতিকূলা, মনোহর মনোহরা।** (খ)

৩। আপি প্রত্যয়কাৎ পূর্ব্বস্যাত ইৎ। (গ)

আপ্ হইলে প্রত্যয়ের যে ক-কার, তাহার পূর্ব্ববর্ত্তী অ-কার-স্থানে

(ক) "অজাদ্যতষ্টাপ্" (পা ৪।১।৪)

(খ) কতকগুলি ব্যঞ্জনান্ত শব্দের উত্তর স্ত্রীলিঙ্গে বিকল্পে আপ্ হয়। যথা—"ক্ষুধা বাচা দিশা ক্রুধা বিপাশা চ স্রজা রুজা। গিরোষ্ণিহা দেববিশা পক্ষে ক্ষুদ্ বাগ্ দিগাদয়ঃ।"—শ্রীরামতর্কবাগীশ।

(গ) "প্রত্যয়স্থাৎ কাৎ পূর্ব্বস্যাত ইদাপ্যসুপঃ" (পা ৭।৩।৪৪)

ই-কার হয়। যথা,—নায়ক নায়িকা, পাচক পাচিকা, নাটক নাটিকা, পালক পালিকা, কারক কারিকা, বোধক বোধিকা, সাধক সাধিকা, বালক বালিকা।

৪। ন ক্ষিপকাদেঃ। (ক)

'ক্ষিপকা' প্রভৃতির ক-কারের পূর্ব্ববর্ত্তী অ-কার-স্থানে ই-কার হয় না। যথা,—ক্ষিপকা, অষ্টকা, ধ্রুবকা, কন্যকা, করকা, চটকা, তারকা, অধিত্যকা, উপত্যকা। (খ)

(ক) "ত্যকনশ্চ নিষেধঃ" (বা ৪৫২৬), "ক্ষিপাবাদীনাং চ ন" (বা ৪৫৩০); "তারকা জ্যোতিষি" (বা ৪৫৩১); "অষ্টকা পিতৃদৈবত্যে" (বা ৪৫৩৪)

(খ) ক্ষিপকাদির্যথা—"ক্ষিপকা ধ্রুবকা চৈব চটকা ধারকেষ্টকা। করকাধিত্যকা প্রোক্তা চরকোপত্যকৈড়কা। অলকা যক্ষপুর্য্যান্তু পিটকা বাসকেত্যপি। অষ্টকা তু পিতর্য্যর্থে তারকা ভ-দৃগংশয়োঃ। বর্ত্তকা শকুনৌ প্রোক্তা বর্ণভেদে চ বর্ণকা। অ-ত্য-প্রকৃতিকাঃ সর্ব্বে নরিকা-মামিকে বিনা।"—শ্রীরাম। অ-ত্য-প্রকৃতিকাঃ—যেষাং ককারা ন প্রত্যয়স্থা ইত্যর্থঃ, প্রকৃতিককারযুক্তা ইতি যাবৎ। যদি ক-কার প্রত্যয়স্থিত না হয় অর্থাৎ প্রকৃতি-স্থিত হয়, তাহা হইলে সেই সকল শব্দ ক্ষিপকাদির অন্তর্গত। যথা—শক্নোতীতি শকা। প্রকৃতি ককার-যুক্ত হইলেও নরক ও মামক শব্দ ক্ষিপকাদির অন্তর্গত নহে। নরান্ কায়তীতি নরিকা। মম ইয়ং মামিকা। কিন্তু তব ইয়ং তাবকী। "ইমামহং বেদ ন তাবকীং ধিয়ম্"—ভারবি। অষ্টকা—অন্যত্র অষ্টিকা; খারী পরিমাণবিশেষঃ। তারকা—ভং নক্ষত্রং, দৃগংশঃ কনীনিকা; অন্যত্র তারিকা দাসীতি ভাষ্যং কাশিকা চ। বর্ত্তকা—শকুনিঃ পক্ষী, অন্যত্র বর্ত্তিকা দীপাশ্রয়ঃ। "প্রাচাং মতে বর্ত্তকা শকুনিঃ উদীচান্তু বর্ত্তিকা"—ইতি কাশিকা (৭।৩।৪৫)। এই জন্য দুর্গাদাস বলিয়াছেন—"শকুনৌ বা তু বর্ত্তকা"। অর্থাৎ শকুনি-অর্থে বর্ত্তকা শব্দ বিকল্পে ক্ষিপকাদি। বর্ণকা—প্রাবরণভেদ ইতি কাশিকা; অন্যত্র বর্ণিকা=নটাদীনাং বর্ণবিশেষকারিকা রচনা, "গ্রন্থবিশেষস্য ব্যাখ্যা স্তোত্রকর্ত্রী চ"—ইতি তত্ত্ববোধিনী।

৫। ঙীপ্ গৌরাদিভ্যঃ। (ক)

'গৌর' প্রভৃতি অ-কারান্ত প্রাতিপদিকের উত্তর ঈপ্ হয়; প ইৎ, ঈ থাকে।

৬। ঙীপি লোপোঽবর্ণস্য। (খ)

ঈপ্ হইলে প্রাতিপদিকের অন্তস্থিত অ-বর্ণের লোপ হয়। যথা—**গৌর গৌরী, কুমার কুমারী, কিশোর কিশোরী, সুন্দর সুন্দরী, তরুণ তরুণী, পিতামহ পিতামহী, মাতামহ মাতামহী, নদ নদী, তট তটী, নট নটী, পট পটী।**

৭। জাতেরদন্তাদীপ্। (গ)

জাতি-বাচক অ-কারান্ত প্রাতিপদিকের উত্তর ঈপ্ হয়। যথা,—**সিংহ সিংহী, ব্যাঘ্র ব্যাঘ্রী, ভল্লুক ভল্লুকী, মৃগ মৃগী, হরিণ হরিণী, কুরঙ্গ কুরঙ্গী, গর্দ্দভ গর্দ্দভী, শূকর শূকরী, কুক্কুর কুক্কুরী, জম্বুক জম্বুকী, সৃগাল সৃগালী, বিড়াল বিড়ালী, ঘোটক ঘোটকী, মহিষ মহিষী, হংস হংসী, সারস সারসী, চক্রবাক চক্রবাকী, মানুষ মানুষী, ব্রাহ্মণ ব্রাহ্মণী, গোপ গোপী, চণ্ডাল চণ্ডালী, পিশাচ পিশাচী, রাক্ষস রাক্ষসী, নিশাচর নিশাচরী।**

৮। নাজাদেঃ।

(ক) "ষিদ্গৌরাদিভ্যশ্চ" (পা ৪।১।৪১)

(খ) 'যস্যেতি চ" (পা ৬।৪।১৪৮)

(গ) "জাতেরস্ত্রীবিষয়াদযোপধাৎ" (পা ৪।১।৬৩)। "আকৃতিগ্রহণা জাতির্লিঙ্গানাঞ্চ ন সর্ব্বভাক্। সকৃদাখ্যাতনির্গ্রাহ্যা গোত্রঞ্চ চরণৈঃ সহ।"

জাতি-বাচক শব্দের মধ্যে 'অজ' প্রভৃতি প্রাতিপদিকের উত্তর ঈপ্ হয় না। যথা,—**অজ অজা, কোকিল কোকিলা, চটক চটকা, অশ্ব অশ্বা, মূষিক মূষিকা, পুত্রক পুত্রকা, বাল বালা, বৎস বৎসা, জ্যেষ্ঠ জ্যেষ্ঠা, কনিষ্ঠ কনিষ্ঠা, শূদ্র শূদ্রা।** মহৎ-শব্দ পূর্ব্বে থাকিলে শূদ্র-শব্দের হয়। যথা,—**মহাশূদ্রী।** (ক)

৯। ন যোপধাদ্বয়াদিবর্জ্জাৎ। (খ)

যে সকল জাতি-বাচক প্রাতিপদিকের উপধা-স্থলে য থাকে, তাহাদের উত্তর ঈপ্ হয় না। যথা,—**বৈশ্য বৈশ্যা** (গ)। গবয়, হয়, মুকয়, মৎস্য, মনুষ্য ইহাদের উত্তর হয়। যথা,—**গবয়ী, হয়ী, মুকয়ী।** (ঘ)

১০ লোপো মৎস্যমনুষ্যয়োর্যস্য। (ঙ)

(ক) অজাদির্যথা—"অজাশ্বা মূষকা বপ্রা কোকিলা বডবৈড়কা। পরপুষ্টা পরভৃতা চটকা বর্ত্তকা তথা। শূদ্রা জাতৌ টকারেৎসু বহু-যত্তৎ-কিমঃ করঃ। পত্ন্যাঃ বালোত্তমা জ্যেষ্ঠা কনিষ্ঠা মধ্যমাপি চ॥ * * *"—শ্রীরাম। বহুকর, যৎকর, তৎকর ও কিঙ্কর শব্দ শ্রীরামতর্কবাগীশের মতে অজাদির অন্তর্গত। অতএব 'কিঙ্করী' এই পদ অশুদ্ধ, কিঙ্করা হওয়াই উচিত। কিন্তু ভট্টোজিদীক্ষিতের মতে "পুংযোগে কিঙ্করী"।

(খ) "জাতেরস্ত্রীবিষয়াদযোপধাৎ" (পা ৪।১।৬৩)। "যোপধপ্রতিষেধে হয়, গবয়-মুকয়-মৎস্য-মনুষ্যাদীনামপ্রতিষেধঃ" (বা ?)

(গ) পত্নী অর্থে ঈপ্ হয়। যথা—বৈশ্যস্য পত্নী বৈশ্যী। ৩০ সূত্র দেখ।

(ঘ) এই হেতু বৈয়াকরণেরা গবয়াদি শব্দগুলিকে গৌরাদির অন্তর্ভুক্ত করেন। ৫ সূত্র দেখ।

(ঙ) "সূর্য্যতিষ্যাগস্ত্যমৎস্যানাং য উপধায়াঃ" (পা ৬।৪।১৪৯); "হলস্তদ্ধিতস্য" (পা ৬।৪.১৫০); "সুপদ্মমতে তু যৎপ্রত্যয়স্য ন লোপঃ। মনুষ্যী।" "মৎস্যমনুষ্যয়োঃ স্ত্রীত্বে যস্যৈবেহগস্ত্যসূর্য্যয়োঃ। তিষ্যপুষ্যয়োর্নক্ষত্রে অণি যস্য বিভঞ্জনম্।"

ঈপ্ হইলে মৎস্য ও মনুষ্য শব্দের য এর লোপ হয়। যথা,—**মৎসী, মনুষী।**

১১। ঋদন্তাদীপ্। (ক)

ঋ-কারান্ত প্রাতিপদিকের উত্তর ঈপ্ হয়। যথা,—**দাতৃ দাত্রী, ধাতৃ ধাত্রী, কর্তৃ কর্ত্রী, জনয়িতৃ জনয়িত্রী, প্রসবিতৃ প্রসবিত্রী।**

১২। ন স্বস্রাদেঃ। (খ)

ঋ-কারান্ত শব্দের মধ্যে স্বসৃ প্রভৃতি প্রাতিপদিকের উত্তর ঈপ্ হয় না। যথা,—**স্বসা, মাতা, দুহিতা, যাতা, ননান্দা, তিস্রঃ, চতস্রঃ।** (গ)

১৩। নান্তাদীপ্। (ক)

ন-কারান্ত প্রাতিপদিকের উত্তর ঈপ্ হয়। যথা,—**কামিন্ কামিনী।** এইরূপ **মালিনী, মায়াবিনী, মেধাবিনী, তপস্বিনী, বিলাসিনী, অধিকারিণী, অনুরাগিণী, প্রিয়বাদিনী।**

১৪। উপধায়া লোপোঽনঃ। (ঘ)

ঈপ্ হইলে অন্-ভাগান্ত প্রাতিপদিকের উপধার লোপ হয়। যথা,—**রাজন্ রাজ্ঞী।** উপধা ম-সংযুক্ত অথবা ব-সংযুক্ত বর্ণে মিলিত থাকিলে হয় না।

(ক) "ঋন্নেভ্যো ঙীপ্" (পা ৪।১।৫)

(খ) "ন ষট্স্বস্রাদিভ্যঃ" (পা ৪।১।১০)

(গ) স্বস্রাদির্যথা—"স্বসা তিস্রশ্চতস্রশ্চ ননান্দা দুহিতা তথা। যাতা মাতেতি সপ্তৈতে স্বস্রাদয় উদাহৃতাঃ"।—সি, কৌ

(ঘ) "অল্লোপোঽনঃ" (পা ৬।৪।১৩৪); "ন সংযোগাদ্বমন্তাৎ" (পা ৬।৪।১৩৭)

১৫। ন সংখ্যায়াঃ। (ক)

ন-কারান্ত শব্দের মধ্যে সংখ্যা-বাচক প্রাতিপদিকের উত্তর ঈপ্ হয় না। যথা,—**পঞ্চ, সপ্ত, অষ্ট, নব, দশ।** (খ)

১৬। ন মনন্তাৎ।

ন-কারান্ত শব্দের মধ্যে মন্-ভাগান্ত প্রাতিপদিকের উত্তর ঈপ্ হয় না। যথা,—**সীমা, পামা, সুদামা, অতিমহিমা।** (গ)

১৭। নানন্তাদ্ বহুব্রীহৌ। (ঘ)

বহুব্রীহি সমাস হইলে অন্-ভাগান্ত প্রাতিপদিকের উত্তর ঈপ্ হয় না। যথা,—**বহূনি সন্ত্যস্যাং পর্ব্বাণি বহুপর্ব্বা বেণু-যষ্টিঃ।** (ঙ)

১৮। বিভাষা ডাপ। (চ)

(ক) "ন ষট্ স্বস্রাদিভ্যঃ" (পা ৪।১।১০) ; "মনঃ" (পা ৪।১।১১।

(খ) গৌণত্ব অর্থাৎ বহুব্রীহি সমাসেও এই নিয়ম। যথা—প্রিয়পঞ্চা দ্রৌপদী।

(গ) কিন্তু ইহা দ্বারা ১৯ সূত্রোক্ত কার্য্যের কোন বাধা হইবে না। যথা—লক্ষ্মীমন্—লক্ষ্মীম্ন্যো ইত্যাদি।

(ঘ) "অনো বহুব্রীহেঃ" (পা ৪।১।১২)

(ঙ) যাহাদের উপধা ম-সংযুক্ত অথবা ব-সংযুক্ত বর্ণে মিলিত থাকে, বহুব্রীহি-সমাস-স্থলে কেবল তাহাদের উত্তরই এই নিয়মানুসারে কার্য্য হইবে। সীমে সীমানৌ, পামে পামানৌ ইত্যাদি স্থলে সমাসই হয় নাই, সুতরাং বিকল্পে ডাপ্ হইল। ডাপ্ পক্ষে সীমা শব্দ, বিকল্প-পক্ষে সীমন্ শব্দ। "সীমসীমে স্ত্রিয়ামুভে" "পাম পামা বিচর্চ্চিকা"—ইত্যমরঃ।

(চ) "ডাবুভাভ্যামন্যতরস্যাম্" (পা ৪।১।১৩)

বহুব্রীহি সমাস হইলে অন্-ভাগান্ত প্রাতিপদিকের উত্তর বিকল্পে ডাপ্ হয়; ড্ প্ ইৎ, আ থাকে। যথা,—**বহুপর্ব্বা, বহুপর্ব্বে, বহুপর্ব্বাঃ**; পক্ষে, **বহুপর্ব্বা, বহুপর্ব্বাণৌ, বহুপর্ব্বাণঃ**।

১৯। ঙীপ্ চোপধালোপিনো বা (ক)

যে সকল অনন্ত প্রাতিপদিকের উপধার লোপ হইতে পারে (খ), বহুব্রীহি সমাস হইলে তাহাদের উত্তর বিকল্পে ডাপ্ ও ঈপ্ হয়। যথা,—**বহবঃ সন্ত্যস্য রাজানঃ বহুরাজা, বহুরাজে, বহুরাজাঃ, বহুরাজ্ঞী, বহুরাজ্ঞ্যৌ, বহুরাজ্ঞ্যঃ**; পক্ষে, **বহুরাজা, বহুরাজানৌ, বহুরাজানঃ**। (গ)

২০। যুবত্যাদয়ঃ। (ঘ)

যুবতি প্রভৃতি শব্দ নিপাতনে সিদ্ধ হয়। যথা,—**যুবন্ যুবতিঃ, যুবতী, যূনী; শ্বন্ শুনী; মঘবন্ মঘোনী, মঘবতী**।

২১। উদৃদ্ভ্যামীপ্।

উ-কারেৎ ও ঋ-কারেৎ প্রত্যয়ের যোগে নিষ্পন্ন প্রাতিপদিকের উত্তর ঈপ্ হয়। যথা, উ-কারেৎ—**ভবৎ ভবতী**। এইরূপ **যাবতী,**

(ক) "অন উপধালোপিনোঽন্যতরস্যাম্" (৪।১।২৮)

(খ) অর্থাৎ যে সকল অন্-ভাগান্ত শব্দের উপধা ম-সংযুক্ত অথবা ব-সংযুক্ত, তাহাদের হয় না। যুবন্ ও মঘবন্ শব্দেরও হয় না।

(গ) এইরূপ দৃষ্টপূষন্ সুদামন্, বহুসীমন্, বহুতক্ষন্ ইত্যাদি। "ভস্মমবজিত-লোকপালধাম্নীম্"। বহুযুবা পুঃ, সুমঘবা দ্যৌঃ ইত্যাদি স্থলে হয় না।

(ঘ) "যূনস্তিঃ" (পা ৪।১।৭৭)

তাবতী, দ্বয়তী, কিয়তী, শ্রীমতী, বুদ্ধিমতী, পুত্রবতী, লজ্জাবতী, বলবতী, প্রভাবতী, ক্লান্তবতী, লব্ধবতী, হৃষ্টবতী, প্রেয়সী, শ্রেয়সী, গরীয়সী লঘীয়সী, কনীয়সী, সাধীয়সী। ঋ-কারেৎ— সৎ সতী। এইরূপ রুদতী, স্বসতী, শ্বাসতী, শৃণ্বতী, চিন্বতী, দ্বিষতী, বিভ্রতী, ব্রুবতী, দদতী, কুর্ব্বতী, গৃহ্নতী, জানতী।

২২। ভূ-দিবাদ্যোঃ শতুর্নুন্।

ঈপ্ হইলে ভ্বাদি ও দিবাদি-গণীয় ধাতুর উত্তর বিহিত শতৃ-প্রত্যয়-স্থানে নুন্ হয়; উ ন্ ইৎ, ন্ থাকে, এবং ন্ পূর্ব্ববর্ত্তী হইয়া ত-কারে মিলিত হয়। যথা, ভ্বাদি-গণীয়— ভবৎ—ভবন্তী। এইরূপ—ধাবন্তী, গচ্ছন্তী, পতন্তী, তিষ্ঠন্তী, চলন্তী, পশ্যন্তী, কারয়ন্তী, স্মারয়ন্তী, স্থাপয়ন্তী, পালয়ন্তী, চিকীর্ষন্তী। দিবাদি-গণীয়—দীব্যৎ—দীব্যন্তী। এইরূপ— নশ্যন্তী, নৃত্যন্তী, জীর্য্যন্তী, মুহ্যন্তী। *

২৩। বা তুদাদেঃ। (ক)

ঈপ্ হইলে তুদাদি-গণীয় ধাতুর উত্তর বিহিত শতৃ-প্রত্যয়-স্থানে বিকল্পে নুন্ হয়। যথা,—তুদৎ তুদন্তী, তুদতী। এইরূপ— ইচ্ছন্তী, ইচ্ছতী; পৃচ্ছন্তী, পৃচ্ছতী; স্পৃশন্তী, স্পৃশতী; সিঞ্চন্তী, সিঞ্চতী।

২৪। অদাদেস্ত্বাদন্তাৎ। (ক)

---

* ণিচ্ প্রভৃতি প্রত্যয়ান্ত-ধাতুও ভ্বাদি বলিয়া গণ্য।

(ক) "আচ্ছীনদ্যোর্নুম্" (পা ৭।১।৮০)

ঈপ্ হইলে আ-কারান্ত অদাদি-গণীয় * ধাতুর উত্তর বিহিত শতৃ-প্রত্যয়-স্থানে বিকল্পে নুন্ হয়। যথা,—**যাত্ যান্তী, যাতী।** এইরূপ—**মান্তী, মাতী ; ভান্তী, ভাতী ; স্নান্তী, স্নাতী।**

२५। विभाषा स्यतुः।

ঈপ্ হইলে স্যতৃ-প্রত্যয়-স্থানে বিকল্পে নুন্ হয়। যথা,—**ভবিষ্যত্ ভবিষ্যন্তী ভবিষ্যতী।** এইরূপ—**করিষ্যন্তী, করিষ্যতী ; দাস্যন্তী, দাস্যতী ; যাস্যন্তী, যাস্যতী।** (ক)

२६। टित्-षिद्भ्यामीप्। (খ)

ট-কারেৎ ও ষ-কারেৎ প্রত্যয়ের যোগে নিষ্পন্ন প্রাতিপদিকের উত্তর ঈপ্ হয়। যথা, ট-কারেৎ-প্রত্যয়-নিষ্পন্ন—**গায়ন গায়নী।** এইরূপ—**কর্ম্মকরী, অর্থকরী, যশস্করী, নিশাচরী, চতুর্থী, পঞ্চমী, ষষ্ঠী, সপ্তমী, অষ্টমী, নবমী, দশমী, একাদশী, দ্বাদশী, ত্রয়োদশী, চতুর্দশী, পঞ্চদশী, ষোড়শী, দ্বয়ী, ত্রয়ী, চতুষ্টয়ী, দয়াময়ী, স্বর্ণময়ী, মৃন্ময়ী, হিরণ্ময়ী।** ষ-কারেৎ-প্রত্যয়-নিষ্পন্ন—**নর্ত্তক নর্ত্তকী।** এইরূপ—**রজকী, খনকী, মানবী, বৈষ্ণবী, তাবকী, দ্রৌপদী, পাঞ্চালী, মাগধী, মৈথিলী, পার্ব্বতী, চাতুরী, মাধুরী, ভাগিনেয়ী, পৌত্রী, দৌহিত্রী,**

---

* দরিদ্রা ভিন্ন।

(ক) "স চিন্তয়ত্যেব ভিয়স্ত্বমেষ্যতীঃ"—ভারবি। "অবাক্ষেপো ভবিষ্যন্ত্যাঃ কার্য্যসিদ্ধেহি লক্ষণম্"—রঘু

(খ) "ষিদ্‌গৌরাদিভ্যশ্চ" (পা ৪।১।৪১)। "টিড্‌ঢাণঞ্‌দ্বয়সজ্‌দঘ্নঞ্‌মাত্রচ্‌তয়প্‌ঠক্‌ঠঞ্‌কঞ্‌ক্বরপঃ" (পা ৪।১।১৫)

দৌবারিকী, ঈদৃশী, তাদৃশী, যাদৃশী, কীদৃশী, সদৃশী, এতাদৃশী, অন্যাদৃশী। (ক)

২৭। ঈপি লোপঃ ষ্যণো হলঃ। (খ)

ঈপ্ হইলে ব্যঞ্জন-বর্ণের পরবর্ত্তী ষ্যণ্ প্রত্যয়ের লোপ হয়। যথা,—**গার্গ্য গার্গী, বাৎস্য বাৎসী, আগস্ত্য আগস্তী, বাভ্রব্য বাভ্রবী, মাণ্ডব্য মাণ্ডবী, মৌদ্গল্য মৌদ্গলী, কৌণ্ডিন্য কৌণ্ডিনী।** এইরূপ—**চাতুরী, মাধুরী, ঔচিতী, মৈত্রী** ইত্যাদি।

২৮। প্রাগাদেরীপ্। (গ)

'প্রাচ্' প্রভৃতি প্রাতিপদিকের উত্তর ঈপ্ হয়। যথা,—**প্রাচ্ প্রাচী, অবাচ্ অবাচী, প্রত্যঞ্চ্ প্রত্যঞ্চী, উদঞ্চ্ উদঞ্চী, তির্য্যঞ্চ্ তির্য্যঞ্চী।**

২৯। প্রতীচ্যাদয়ঃ। (গ)

'প্রতীচী' প্রভৃতি শব্দ নিপাতনে সিদ্ধ হয়। যথা,—**প্রত্যচ্ প্রতীচী, উদচ্ উদীচী, তির্য্যচ্ তিরশ্চী।**

(ক) "টকারেৎসু কিংযত্তদ্বহুভ্যঃ পরতঃ করঃ"। টকারেতের মধ্যে কিঙ্কর, যৎকর, তৎকর ও বহুকর, ইহাদের উত্তর ঈপ্ হয় না। যথা কিঙ্করা, যৎকরা, তৎকরা, বহুকরা। গৌণত্ব অর্থাৎ প্রাদি ও বহুব্রীহি-সমাস-স্থলে ষ-কারেৎ ও ট-কারেৎ—ইহাদের উত্তর ঈপ্ হয় না। যথা—বহুবৈষ্ণবা, বহুভূষণা। গণপাঠে ধেট্ এইরূপ ট্ অনুবন্ধ থাকায় স্তনন্ধয় শব্দেরই স্ত্রীলিঙ্গে স্তনন্ধয়ী হয়; অন্যত্র হয় না। যথা—ধয়া কন্যা।

(খ) "হলস্তদ্ধিতস্য" (পা ৪।১.১৫০)

(গ) "অঞ্চতেশ্চোপসংখ্যানম্" (বা ?)

৩০। অদন্তাজ্জায়ায়াম্। (ক)

'জায়া' অর্থে অ-কারান্ত প্রাতিপদিকের উত্তর ঈপ্ হয়। যথা,—**ব্রাহ্মণস্য জায়া ব্রাহ্মণী, বৈদ্যস্য জায়া বৈদ্যী, ক্ষত্রিয়স্য জায়া ক্ষত্রিয়ী, বৈশ্যস্য জায়া বৈশ্যী, শূদ্রস্য জায়া শূদ্রী, গোপস্য জায়া গোপী, গণকস্য জায়া গণকী, নাপিতস্য জায়া নাপিতী, নিষাদস্য জায়া নিষাদী।**

৩১। ন পালকান্তাৎ। (খ)

'পালক' শব্দ অন্তে থাকে, এরূপ প্রাতিপদিকের উত্তর ঈপ্ হয় না। যথা,—**গোপালকস্য জায়া গোপালিকা, পশুপালকস্য জায়া পশুপালিকা, অশ্বপালকস্য জায়া অশ্বপালিকা।**

৩২। ভবাদেরানীপৌ। (গ)

'জায়া' অর্থে ভব প্রভৃতি (৪১) প্রাতিপদিকের উত্তর আন্ ও ঈপ্ হয়। যথা,—**ভবস্য জায়া ভবানী, সর্ব্বস্য জায়া সর্ব্বাণী** (ঘ), **রুদ্রস্য জায়া রুদ্রাণী, মৃড়স্য জায়া মৃড়ানী, ইন্দ্রস্য জায়া ইন্দ্রাণী, বরুণস্য জায়া বরুণানী।**

(ক) "পুংযোগাদাখ্যায়াম্" (পা ৪।১।৪৮)

(খ) "পালকান্তান্ন" (বা ২৪৬১)

(গ) "ইন্দ্রবরুণভবসর্ব্বরুদ্রমৃড়হিমারণ্যযবযবনমাতুলাচার্য্যাণামানুক্" (পা ৪।১।৪৯)

(৪১) ভব, সর্ব্ব, রুদ্র, মৃড়, ইন্দ্র, বরুণ, ব্রহ্মন্, মাতুল, ক্ষত্রিয়, আর্য্য, উপাধ্যায়, আচার্য্য।

(ঘ) সিদ্ধান্তকৌমুদী ও সংক্ষিপ্তসারের মতে এই 'শর্ব্ব' শব্দ তালব্যাদি। মুগ্ধবোধের মতে দন্ত্যাদি।

৩৩। নলোপো ব্রহ্মণঃ।

আন্ হইলে ব্রহ্মন্-শব্দের ন্-কারের লোপ হয়। যথা,—**ব্রহ্মণো জায়া ব্রহ্মাণী।** (ক)

৩৪। মাতুলাদান্ বিভাষা।

মাতুল-শব্দের উত্তর বিকল্পে আন্ হয়। যথা,—**মাতুলস্য জায়া মাতুলানী মাতুলী।** (খ)

৩৫। বানীপৌ ক্ষত্রিয়াদেঃ।

ক্ষত্রিয় প্রভৃতি প্রাতিপদিকের উত্তর বিকল্পে আন্ ও ঈপ্ হয়। যথা,—**ক্ষত্রিয়াণী, ক্ষত্রিয়া (ক্ষত্রিয়জাতীয়া); ক্ষত্রিয়ী (ক্ষত্রিয়পত্নী)। অর্য্যাণী অর্য্যা (স্বামিনী বৈশ্যা বা, জাতি অর্থে); অর্য্যী (অর্য্যপত্নী)। উপাধ্যায়ানী, উপাধ্যায়ী (উপাধ্যায়পত্নী); উপাধ্যায়ী, উপাধ্যায়া (স্বয়ং অধ্যাপিকা)। আচার্য্যানী** (৪২) **(আচার্য্যপত্নী); আচার্য্যা (স্বয়ং অধ্যাপিকা)।** (গ)

(ক) পাণিনি ও সংক্ষিপ্তসারের মতে ব্রহ্মন্ শব্দের উত্তর আন্ হয় না। তবে 'ব্রহ্মাণী' পদ কিরূপে হয়? 'ব্রহ্মাণমানয়তি জীবয়তীতি কর্ম্মণ্যন্"—সি, কৌ। ব্রহ্মন্ + অন ধাতু + ণিচ্ + অণ্ = ব্রহ্মাণ ; ব্রহ্মাণ + ঈপ্ = ব্রহ্মাণী। এইরূপ শক্রাণী, শিবানী, ঈশ্বরাণী ইত্যাদি। "চারুধামা মহেন্দ্রাণী শক্রাণী গজবাহিনী"। মহেন্দ্রাণী = মহতী চাসৌ ইন্দ্রাণী চেতি।

(খ) মতান্তরে 'মাতুলা' পদও হয়।

(৪২) দন্ত্য ন মূর্দ্ধন্য ণ হয় না।

(গ) "অর্য্যাণী স্বয়মর্য্যা স্যাৎ ক্ষত্রিয়া ক্ষত্রিয়াণ্যপি। উপাধ্যায়াহপ্যুপাধ্যায়ী স্যাদাচার্য্যাপি চ স্বতঃ। আচার্য্যানী তু পুংযোগে স্যাদর্য্যী ক্ষত্রিয়ী তথা। উপাধ্যায়ান্যুপাধ্যায়ী

৩৬। অর্থবিশেষে হিমাদেঃ। (ক)

অর্থ-বিশেষে হিম, অরণ্য, যব, যবন, এই চারি প্রাতিপদিকের উত্তর নিত্য আন্ ও ঈপ্ হয়। যথা,—**মহৎ হিমম্ হিমানী, মহৎ অরণ্যম্ অরণ্যানী, দুষ্টো যবঃ যবানী, যবনানাং লিপিঃ যবনানী।** (খ)

৩৭। বা শোণাদেরীপ্। (গ)

'শোণ' প্রভৃতি প্রাতিপদিকের উত্তর বিকল্পে ঈপ্ হয়। যথা,—

* ১ *"—ইত্যমরঃ। "অর্য্যঃ স্বামিবৈশ্যয়োঃ"। স্বামী এবং বৈশ্য অর্থে 'অর্য্য' শব্দের এই বিধান। সূর্য্য শব্দ—সূর্য্যস্য স্ত্রী (দেবতা) সূর্য্যা (সংজ্ঞা বা ছায়া), সূর্য্যস্য স্ত্রী (মানুষী) সূরী (কুন্তী)।

বিদ্যাসাগর মহাশয় ৩৫ সূত্রের উদাহরণে এইরূপ লিখিয়াছিলেন ঃ—"ক্ষত্রিয়স্য জায়া ক্ষত্রিয়াণী, ক্ষত্রিয়া, অর্য্যস্য জায়া অর্য্যাণী অর্য্যা; উপাধ্যায়স্য জায়া উপাধ্যায়ানী উপাধ্যায়া; আচার্য্যস্য জায়া আচার্য্যানী আচার্য্যা"। কিন্তু ইহা নিতান্ত ব্যাকরণ-বিরুদ্ধ। এজন্য যাহা ব্যাকরণ-সঙ্গত, তাহাই ইহার পরিবর্ত্তে এস্থানে সন্নিবেশিত হইল।

(ক) "হিমারণ্যয়োর্মহত্ত্বে" (বা ২৪৭২)।

(খ) অর্থবিশেষে কতকগুলি স্ত্রী-প্রত্যয়ান্ত শব্দ নিপাতনে সিদ্ধ হয়। তাহাদের কারিকা—"নরজাতিস্ত্রিয়াং নারী, বয়স্যায়াং সখী মতা। যবনানী লিপের্ভেদে যবানী গর্হিতে যবে। হিমানী হিমসংহত্যাম্, অরণ্যানী মহাবনে। মনাবী চ মনোঃ পত্নী, পতিবত্নী সভর্তৃকা। অন্তর্বত্নী চ গর্ভিণ্যাং, পত্নী পাণিগৃহীতিকা। ভাজী কস্মিন্ ব্যঞ্জনে চ, গোণী ধান্যাদিপাত্রকে। নাগী স্ত্রিয়াং স্যাৎ স্থূলায়াং কাম্বায়াকাহিদন্তিনোঃ। স্থলী অকৃত্রিমা ভূমিঃ, কুণ্ডী পাত্রবিশেষকে। কালী চ কৃষ্ণবর্ণায়াং, কুশী লৌহবিকারকে। কামুকী মদনায়ত্তা, ঘটী ক্ষুদ্রঘটী মতা। কবরী কেশবিন্যাসে, নীলী প্রাণিনি চৌষধৌ। অশিখী শিশুরিক্তায়াং স্ত্রিয়ামেব নিপাতনম্।"

(গ) "শোণাৎ প্রাচাম্" (পা ৪।১।৪৩); "বহ্বাদিভ্যশ্চ" (পা ৪।১।৪৫)

শোণী শোণা, চণ্ডী চণ্ডা, অরালী অরালা, কৃপণী কৃপণা, কল্যাণী কল্যাণা, পুরাণী পুরাণা, উদারী উদারা, বিকটী বিকটা, বিশালী বিশালা, বিশঙ্কটী বিশঙ্কটা। (ক)

৩৮। স্বাঙ্গাচ্চোপসর্জ্জনাদসংযোগোপধাৎ বহুব্রীহৌ।

বহুব্রীহি সমাস হইলে অবয়ব-বাচক প্রাতিপদিকের উত্তর বিকল্পে ঈপ্ হয়। যথা,—**চন্দ্রমুখী চন্দ্রমুখা, সুকেশী সুকেশা, তাম্রনখী তাম্রনখা।** (খ)

৩৯। ন সংজ্ঞায়াং নখ-মুখাভ্যাম্।

সংজ্ঞা বুঝাইলে নখ, মুখ, এই দুই অবয়ব-বাচক প্রাতিপদিকের উত্তর ঈপ্ হয় না। যথা,—**শূর্পণখা, গৌরমুখা।** সংজ্ঞা না বুঝাইলে ঈপ্ হয়। যথা,—**তাম্রমুখী কন্যা।**

(ক) শোণাদির্যথা—"শোণঃ কৃপণ-কল্যাণৌ পুরাণঃ কমলস্তথা। বিকটোদার-চণ্ডাশ্চ সাধারণ-বিশঙ্কটৌ। সহায়ারাল-ভরুজা বিশালাদ্যাস্তথা পরে।"—দুর্গাদাস। শ্রীরামতর্কবাগীশ মতে 'হয়' শব্দ শোণাদির অন্তর্গত। অতএব 'হয়ী' 'হয়া' দুই পদই হয়। কিন্তু পাণিনীয়-মতে ইহা গৌরাদির অন্তর্গত। সুতরাং পাণিনীয়-মতে কেবল 'হয়ী'—এই একটী মাত্র পদ হয়। কিন্তু "হরিবংশে" আবন্ত 'হয়' শব্দ দৃষ্ট হয়। যথা—"হয়য়া শতযোজনগামিন্যা"।

(খ) অবয়ব-বাচক শব্দ দ্রব-পদার্থ হইলে ঈপ্ হয় না। যথা—বহুস্বেদা। মূর্ত্তি-বিশিষ্ট না হইলে হয় না। যথা—সুজ্ঞানা। প্রাণিস্থিত না হইলে হয় না। যথা—সুমুখা শালা। ধাতু-বৈষম্যাদিরূপ-বিকার-জাত হইলে হয় না। যথা—সুশোফা। প্রাণিস্থিত নহে, কিন্তু প্রাণীতে দৃষ্ট হইলেও হয়। যথা—সুকেশী সুকেশা রথ্যা। প্রাণিস্থিত নহে, কিন্তু প্রাণিতুল্য প্রতিমাদিতে স্থিত হইলেও হয়। যথা—সুস্তনী সুস্তনা প্রতিমা। "স্বাঙ্গং স্যাদদ্রবং মূর্ত্তং প্রাণিস্থমবিকারজম্। দৃষ্টং চত্রাতৎস্থমপি তদ্বৎ তাদৃশি চ স্থিতম্"।

৪০। ন ক্রোড়াদেঃ। (ক)

'ক্রোড়' প্রভৃতি অবয়ব-বাচক প্রাতিপদিকের উত্তর ঈপ্ হয় না। যথা,—**সুক্রোড়া, তীক্ষ্ণখুরা, চারুশিখা, দীর্ঘশফা।**

৪১। ন সংযুক্তোপধাদঙ্গাদিবর্জ্জাৎ। (খ)

যে সকল অবয়ব-বাচক প্রাতিপদিকের উপধা-স্থলে সংযুক্ত বর্ণ থাকে, তাহাদের উত্তর ঈপ্ হয় না। যথা,—**মৃগনেত্রা** (গ), **চারুগুল্ফা, লোলজিহ্বা।** অঙ্গ প্রভৃতির উত্তর হয়। যথা,—**কৃশাঙ্গী কৃশাঙ্গা, মৃদুগাত্রী মৃদুগাত্রা, বিম্বোষ্ঠী বিম্বোষ্ঠা, কোকিলকণ্ঠী কোকিলকণ্ঠা, কুন্দদন্তী কুন্দদন্তা, চারুকর্ণী চারুকর্ণা, দীর্ঘজঙ্ঘী দীর্ঘজঙ্ঘা, সৎপুচ্ছী সৎপুচ্ছা, তীক্ষ্ণশৃঙ্গী তীক্ষ্ণশৃঙ্গা।**

৪২। ন দ্ব্যধিকস্বরান্নাসিকোদরবর্জ্জাৎ। (খ)

যে সকল অবয়ব-বাচক প্রাতিপদিকে দুই এর অধিক স্বরবর্ণ থাকে, তাহাদের উত্তর ঈপ্ হয় না। যথা,—**মৃগনয়না,**

(ক) "ন ক্রোড়াদিবহ্বচঃ" (পা ৪।১।৫৬)

(খ) "স্বাঙ্গাচ্চোপসর্জ্জনাদসংযোগোপধাৎ" (পা ৪।১।৫৪); "নাসিকোদরৌষ্ঠজঙ্ঘা-দন্তকর্ণশৃঙ্গাচ্চ" (পা ৪।১।৫৫); "অঙ্গগাত্রকণ্ঠেভ্যো বক্তব্যম্" (বা ?)

(গ) শ্রীরামতর্কবাগীশ ও প্রয়োগ-রত্ন-মালার মতে 'নেত্র' শব্দের উত্তর বিকল্পে ঈপ্ হয়। যথা—সুনেত্রী, সুনেত্রা। কিন্তু কাশিকা, সংক্ষিপ্তসার, সিদ্ধান্তকৌমুদী ও কাতন্ত্র-টীকার মতে 'সুনেত্রী' হয় না। অঙ্গাদির্যথা—"অঙ্গাত্র-দন্ত-কণ্ঠঞ্চ শৃঙ্গ-কর্ণৌ-ষ্ঠমিত্যপি। পুচ্ছ-নেত্রং তথা গাত্র-জঙ্ঘমঙ্গাদিরীরিতঃ।"—শ্রীরামতর্কবাগীশ।

চন্দ্রবদনা, চারুদশনা, পৃথুজঘনা, লোলরসনা। নাসিকা ও উদর শব্দের উত্তর হয়। যথা,—**তুঙ্গনাসিকী তুঙ্গনাসিকা, কৃশোদরী কৃশোদরা।**

৪৩। ন সহ-নঞ্-বিদ্যমানপূর্ব্বাৎ। (ক)

সহ, নঞ্ ও বিদ্যমান শব্দ পূর্ব্বে থাকিলে অবয়ব-বাচক প্রাতিপদিকের উত্তর ঈপ্ হয় না। যথা,—**সকেশা, অকেশা, বিদ্যমানকেশা।**

৪৪। নিত্যমূধসষ্টেশ্চ নঃ। (খ)

বহুব্রীহি সমাস হইলে ঊধস্-শব্দের উত্তর নিত্য ঈপ্ ও টি-স্থানে ন হয়। যথা,—**পীনমস্যা ভধঃ পীনোধ্নী, ঘটবদস্যা ভধঃ ঘটোধ্নী** (গ), **দ্বিবিধমস্যা ভধঃ দ্বিবিধোধ্নী, অতি অস্যা ভধঃ অত্যূধ্নী।**

৪৫। দাম-হায়নাভ্যাং সংখ্যায়াঃ। (ঘ)

বহুব্রীহি সমাস হইলে সংখ্যা-বাচক শব্দের পরবর্ত্তী দামন্, হায়ন, এই দুই প্রাতিপদিকের উত্তর ঈপ্ হয়। যথা,—**দ্বে অস্যা দাম্নী দ্বিদাম্নী, ত্রীণ্যস্যা দামানি ত্রিদাম্নী, দ্বাবস্যা**

(ক) "সহনঞ্‌বিদ্যমানপূর্ব্বাচ্চ" (পা ৪।১।৫৭)

(খ) "ঊধসোঽনঙ্" (পা ৫।৪।১৩১); "বহুব্রীহেরূধসো ঙীষ্ (পা ৪।১।২৫); "সংখ্যাব্যয়াদের্ঙীপ্" (পা ৪।১।২৬)

(গ) "শক্যোঽস্য মন্যুর্ভবতা বিনেতুং, গাঃ কোটিশঃ স্পর্শয়তা ঘটোধ্নীঃ"—রঘু

(ঘ) "দামহায়নান্তাচ্চ" (পা ৪।১।২৭); "হায়নো বয়সি স্মৃতঃ" (বা ২৪৪১)

হায়নী দ্বিহায়নী, ত্রিহায়ণী, চতুর্হায়ণী গৌঃ। হায়ন-শব্দ বয়োবাচক না হইলে ঈপ্ ও ণত্ব হয় না। যথা,—**দ্বিহায়না, ত্রিহায়না, চতুর্হায়না শালা।** (ক)

৪৬। **ইতন্তাদ্বিভাষা।** (খ)

ই-কারান্ত প্রাতিপদিকের উত্তর বিকল্পে ঈপ্ হয়। যথা,—**শ্রেণী শ্রেণিঃ, রাজী রাজিঃ, আলী আলিঃ, কটী কটিঃ, রাত্রী রাত্রিঃ, রজনী রজনিঃ, শারী শারিঃ, যষ্টী যষ্টিঃ।** (গ)

৪৭। **নিত্যং সখ্যুঃ।** (ঘ)

সখি-শব্দের নিত্য। যথা,—**সখী।**

৪৮। **ন ক্তেঃ।**

ক্তি-প্রত্যয়-নিষ্পন্ন ই-কারান্ত প্রাতিপদিকের উত্তর ঈপ্ হয় না।

(ক) প্রাণিগণের গত পরমায়ুকে 'বয়ঃ' বলে। "বয়স্তু প্রাণিনো গতপরমায়ুঃ"—দুর্গাদাস।

(খ) "কৃদিকারাদক্তিনঃ"।

(গ) "শ্রোণী মসী সূচী শারী বীচী বেণী মণী কটী। শ্রেণী চ রজনী পক্ষে শ্রোণিরিত্যাদয়ঃ ক্রমাৎ"।—শ্রীরাম। সংক্ষিপ্তসার-মতে ঈ-কারান্ত শব্দের উত্তরও বিকল্পে ঈপ্ হয়। যথা—শ্রী—শ্রী, শ্রীঃ; লক্ষ্মী—লক্ষ্মী, লক্ষ্মীঃ। ঈপ্ হইলে ১মার একবচনে বিসর্গ হয় না, ঈপ্ না হইলে বিসর্গ হয়। এইজন্য দুই প্রকার পদ হইল। "তাং শ্রীমিব সমায়াস্তীম্" ইত্যাদি প্রয়োগও দেখিতে পাওয়া যায়। শ্রীরামতর্কবাগীশ বলেন—পাণিনীয়মতও এইরূপ। কৃৎ-প্রত্যয়ের ই-কার না হইলে হয় না। যথা—সুগন্ধিঃ ইত্যাদি।

(ঘ) সখ্যশিশ্বীতি ভাষায়াম্" (পা ৪।১।৬২)। ৩৬ সূত্রের ফুট্‌নোট্ দেখ।

যথা,—**गतिः, स्थितिः, कृतिः, मतिः, भक्तिः, मुक्तिः, युक्तिः, बुद्धिः।** (ক)

৪৯। वा शक्ति-पद्धतिभ्याम् । (খ)

শক্তি ও পদ্ধতি শব্দের উত্তর বিকল্পে। যথা—**शक्ती शक्तिः** (৪৩), **पद्धती पद्धतिः।**

৫০। पत्युर्नो यज्ञसंयोगे (पा ४।१।३३)

যজ্ঞ-সংযোগ অর্থাৎ যজ্ঞের ফল-ভাগিত্ব বুঝাইলে 'পতি' এই প্রাতিপদিকের উত্তর ঈপ্‌ ও ই-কার-স্থানে ন হয়। যথা,—**वसिष्ठस्य पत्नी वसिष्ठानुष्ठितयज्ञफलभोक्त्रीत्यर्थः। ग्रामस्य पतिरियम्,** এ স্থলে পতি-শব্দের অর্থ অধিকারিণী, যজ্ঞ-ফল-ভোক্ত্রী নহে, এ জন্য ঈপ্‌ ও ন হইল না।

৫১। सपत्नीप्रभृतयः। (গ)

'সপত্নী' প্রভৃতি শব্দ নিপাতনে সিদ্ধ হয়। যথা,—**समानः पतिरस्याः सपत्नी, एकः पतिरस्याः एकपत्नी साध्वी** (ঘ), **वीरः**

(ক) যে সকল প্রত্যয়ের অর্থ 'ক্তি' প্রত্যয়ের মত, সেই সকল প্রত্যয়ান্ত শব্দের উত্তরও ঈপ্‌ হয় না। যথা—অকরণিঃ, অজীবনিঃ, অজননিঃ ইত্যাদি। "মা গান্‌ ম্লানীং মৃণালী" (সূর্য্যশতক),—এস্থলে 'ম্লানীং' এই পদে দীর্ঘ ঈ-কার হইল কেন ? ম্লানস্য ভাবঃ এই বাক্যে ষণ্‌ প্রত্যয়, পরে স্ত্রীলিঙ্গে ঈপ্‌—ম্লানী।

(খ) "শক্তিঃ শস্ত্রে" (বা ২৪৮০); "বহ্বাদিভ্যশ্চ" (পা ৪।১।৪৫)

(৪৩) অস্ত্র অর্থে।

(গ) "নিত্যং সপত্ন্যাদিষু" (পা ৪।১।৩৫)

(ঘ) "কামেকপত্নীব্রতদুঃখশীলাম্"—কুমার ৩।৭

পতিরস্যাঃ বীরপত্নী (ক), বৃদ্ধঃ পতিরস্যাঃ বৃদ্ধপত্নী, ভদ্রঃ পতিরস্যাঃ ভদ্রপত্নী, পঞ্চ পতয়োঽস্যাঃ পঞ্চপত্নী দ্রৌপদী (খ), পতিরস্ত্যস্যাঃ পতিবত্নী জীবদ্ভর্তৃকা, অন্তরস্ত্যস্যাঃ অন্তর্বত্নী গর্ভিণী। (গ)

৫২। পদো বহুব্রীহৌ।

বহুব্রীহি সমাস হইলে 'পদ্' এই প্রাতিপদিকের উত্তর ঈপ্ হয়। যথা,—দ্বাবস্যাঃ পদৌ দ্বিপদী, ত্রয়োঽস্যাঃ পদঃ ত্রিপদী। এইরূপ চতুষ্পদী, বহুপদী, শতপদী। (ঘ)

৫৩। দতশ্চ।

বহুব্রীহি সমাস হইলে 'দৎ' এই প্রাতিপদিকের উত্তর ঈপ্ হয়। যথা,—সুদতী, চারুদতী, শুভ্রদতী, কুন্দদতী। (ঙ)

৫৪। পাণিগৃহীতাৎ পত্ন্যাম্। (চ)

(ক) "ধৃষ্টদ্যুম্নস্য ভগিনীং বীরপত্নীমনুব্রতাম্"—মহাভারত

(খ) সংক্ষিপ্তসার ও শ্রীরামতর্কবাগীশের মতে সমান, এক, পিণ্ড (সপিণ্ড), বীর ও ভ্রাতৃ শব্দের পরে নিত্য, তদ্ভিন্ন শব্দের পরে বিকল্প। অতএব বৃদ্ধপত্নী, বৃদ্ধপতি—দুই পদই হয়।

(গ) ৩৬ সূত্রের ফুট্‌নোট্ দেখ।

(ঘ) 'দ্বৌ পাদৌ যস্যাঃ' এই বাক্যে বহুব্রীহি-সমাসে 'পাদ' শব্দ স্থানে পদ্ আদেশ, তাহার পরে বিকল্পে ঈপ্। অতএব দ্বিপদী দ্বিপাৎ ইত্যাদি দুইটী দুইটী করিয়া পদ হয়। ইহাই বৈয়াকরণদিগের মত।

(ঙ) বয়স্ অর্থ বুঝাইলে বহুব্রীহি সমাসে দন্ত স্থানে দৎ আদেশ হয়, পরে ঈপ্।

(চ) "পাণিগৃহীতী ভার্য্যায়াম্" (বা ২৪৮০)

'পত্নী অর্থ' বুঝাইলে 'পাণিগৃহীত' শব্দের উত্তর ঈপ্ হয়। যথা,—পাণির্গৃহীতোঽস্যাঃ পাণিগৃহীতী পত্নী ; অন্যত্র, পাণিগৃহীতা নারী। (ক)

৫৫। বা গুণবাচকাদুদন্তাৎ। (খ)

গুণ-বাচক উ-কারান্ত প্রাতিপদিকের উত্তর বিকল্পে ঈপ্ হয়। যথা—মৃদ্বী মৃদুঃ, সাধ্বী সাধুঃ, পট্বী পটুঃ, গুর্ব্বী গুরুঃ, লঘ্বী লঘুঃ, স্বাদ্বী স্বাদুঃ, বহ্বী বহুঃ, অণ্বী অণুঃ। খরু-শব্দের হয় না। (গ)

৫৬। ন সংযুক্তোপধাৎ।

যে সকল গুণ-বাচক উ-কারান্ত প্রাতিপদিকের উপধা-স্থলে সংযুক্ত বর্ণ থাকে, তাহাদের উত্তর ঈপ্ হয় না। যথা,—পাণ্ডুঃ।

৫৭। নিত্যমশিশ্বনডুদ্ভ্যাম্।

অশিশু ও অনডুহ্ শব্দের উত্তর নিত্য ঈপ্ হয়। যথা,—অশিশ্বী, নাস্ত্যস্যাঃ শিশুরিত্যর্থঃ (ঘ) ; অনডুহী। (ঙ)

(ক) ৩৬ সূত্রের ফুট্‌নোট্ দেখ। "যস্যাঃ যথাকথঞ্চিৎ পাণিগৃহীতঃ সা পাণিগৃহীতা"—গোয়ীচন্দ্র। যস্যাঃ পাণিরগ্নিসাক্ষিকং গৃহ্যতে, তস্যাং বাচ্যায়াং পাণিগৃহীত-শব্দাৎ ঙীষ্ বক্তব্যঃ ইত্যর্থঃ। কৌতুকাদিনা পাণিগৃহীতো যস্যা দাস্যাদেঃ সা পাণিগৃহীতা" —তত্ত্ববোধিনী।

(খ) "বোতো গুণবচনাৎ" (পা ৪।১।৪৪)

(গ) খরুঃ—"পতিংবরা কন্যা"—সি, কৌ ; 'তীক্ষ্ণঃ'—গোয়ীচন্দ্রঃ ; "শ্বেতার্থঃ"—শ্রীরামতর্কবাগীশ।

(ঘ) ৩৬ সূত্রের ফুট্‌নোট্ দেখ।

(ঙ) বাহন্ত প্রাতিপদিকের উত্তর ঈপ্ হয়। "বাহঃ"—(পা ৪।১।৬১) ; ভারবাহ্—ভারৌহী। শ্বেতবাহ্—শ্বেতৌহী, শ্বেতবাহী। শালিবাহ্—শাল্যূহী ইত্যাদি।

৫৮। অনড্বাহী।

ইহা নিপাতনে সিদ্ধ।

৫৯। উদন্তাদূপ্।

উ-কারান্ত প্রাতিপদিকের উত্তর উপ্ হয়; প্ ইৎ, উ থাকে। যথা,—**কুরূঃ**, **কদ্রূঃ**, **অলাবূঃ**, **কর্কন্ধূঃ**, **ব্রহ্মবন্ধূঃ**। (ক)

৬০। ন রজ্জ্বাদেঃ।

'রজ্জু' প্রভৃতি উ-কারান্ত প্রাতিপদিকের উত্তর উপ্ হয় না। যথা,—**রজ্জুঃ**, **ধেনুঃ**, **হনুঃ**, **অধ্বর্য্যুঃ**।

৬১। বিভাষা তন্বাদেঃ।

'তনু' প্রভৃতি উ-কারান্ত প্রাতিপদিকের উত্তর বিকল্পে উপ্ হয়। যথা,—**তনূঃ তনুঃ**, **চঞ্চূঃ চঞ্চুঃ**। (খ)

৬২। শ্বশ্রূঃ শ্বশুরস্য। (গ)

শ্বশুর-শব্দ-স্থানে নিপাতনে শ্বশ্রূ হয়। যথা,—**শ্বশুরস্য জায়া শ্বশ্রূঃ**।

(ক) প্রাণি-জাতি হইলে হয় না। যথা—ধেনুঃ। কিন্তু মনুষ্য-জাতি হইলে হয়। যথা—কুরূঃ (কুরুদেশস্থ মনুষ্যবাচক)। উপধায় য-কার থাকিলে হয় না। যথা—অধ্বর্য্যুঃ (যজুর্ব্বেদবিদ্ ঋত্বিক্)। রজ্জ্বাদির হয় না। যথা—রজ্জুঃ, হনুঃ তর্কুঃ (যন্ত্রবিশেষ, টেকো), ৎসরুঃ, স্নায়ুঃ ইত্যাদি।

(খ) তন্বাদির্যথা—"তনুশ্চঞ্চুরুরুর্ভীরুঃ কঙ্গু-পঙ্গু-প্রিয়ঙ্গবঃ। গণ্ডুঃ কুহুরিতি প্রোক্তা তন্বাদৌ সরযূস্তথা"।—শ্রীরামতর্কবাগীশ

(গ) "শ্বশুরস্যোকারাকারলোপশ্চ" (বা ৫০৩৯)

৫২। ঊরোরৌপম্যে। (ক)

'উপমা' বুঝাইলে ঊরু এই প্রাতিপদিকের উত্তর ঊপ্ হয়। যথা—**রম্ভে ইবাস্যা জরু রম্ভোরুঃ, করভাবিবাস্যা জরু করভোরুঃ, করিকরাবিবাস্যা জরু করিকরোরুঃ।**

৫৪। বামাদিপূর্ব্বাচ্চ। (খ)

'বাম' প্রভৃতি শব্দের পরবর্ত্তী ঊরু এই প্রাতিপদিকের উত্তর ঊপ্ হয়। যথা—**বামোরুঃ, সহিতোরুঃ, সহোরুঃ, সংহিতোরুঃ, লক্ষণোরুঃ, শফোরুঃ।** (গ)

(ক) ঊরূত্তরপদাদৌপম্যে" (পা ৪।১।৬৯)

(খ) "সংহিতশফলক্ষণবামাদেশ্চ" (পা ৪।১।৭০); "সহিতসহাভ্যাং চেতি বক্তব্যম্" (বা ২৫০৩)

(গ) বামৌ মনোহরৌ ঊরূ যস্যাঃ সা বামোরূঃ ইত্যাদি বাক্য। বাম, লক্ষণ, শফ, সহ, সহিত, সংহিত ও উপমান-বাচক শব্দ ভিন্ন অন্য শব্দের সহিত ঊরু শব্দের বহুব্রীহি সমাস করিলে উকারান্তই থাকিবে। যথা—বৃত্তোরুঃ, পীনোরুঃ।

৬৫। **শ্যেন্যেনী-হরিণী-ভরিণী-লোহিন্যসিক্নী-পলিক্ন্যো বা।** শ্যেনী প্রভৃতি শব্দগুলি বিকল্পে নিপাতন-সিদ্ধ। যথা—**শ্যেত—শ্যেনী, শ্যেতা; এত—এনী এতা; হরিত—হরিণী, হরিতা; ভরিত—ভরিণী, ভরিতা; রোহিত—রোহিণী, রোহিতা; লোহিত—লোহিনী, লোহিতা; অসিত—অসিক্নী (অবৃদ্ধা), অসিতা; পলিত—পলিক্নী (বৃদ্ধা), পলিতা।** (খ)

৬৬। **বৃষাকপ্যগ্নি-মনু-পূতক্রতু-কুসিত-কুসীদাদৈঙ্ চ।** বৃষাকপি প্রভৃতি শব্দের উত্তর 'জায়া' অর্থে ঈপ্ হয় এবং ঐ সকল শব্দের অন্ত্য স্বরের স্থানে ঐ-কার হয়। যথা—**বৃষাকপি + ঈ = বৃষাকপৈ, বৃষাকপৈ + ঈ = বৃষাকপায়ী।** এইরূপ **অগ্নি — অগ্নায়ী, মনু — মনায়ী*, পূতক্রতু—পূতক্রতায়ী, কুসিত কুসিতায়ী, কুসীদ—কুসীদায়ী।**

৬৭। **ক্রীতাৎ করণপূর্ব্বাৎ।** (পা ৪।১।৫০) যদি সমাসের পূর্ব্ব-পদ করণ-কারক হয় এবং পর-পদ 'ক্রীত' শব্দ থাকে, তাহা হইলে সেই সমাস-নিষ্পন্ন শব্দের উত্তর স্ত্রীলিঙ্গে ঈপ্ হয়। যথা—**ধনেন ক্রীয়তে স্ম—ধনক্রীতী।** এইরূপ **অশ্বক্রীতী, মনসাক্রীতী, বস্ত্রক্রীতী** ইত্যাদি। আপ্-

---

(ক) ৬৫ হইতে ৭০ পর্য্যন্ত এই ৬টী সূত্র বিদ্যাসাগর মহাশয়ের মূল গ্রন্থে ছিল না। কিন্তু এই সূত্রগুলি বিশেষ প্রয়োজনীয় বলিয়া ইহাদিগকে এইস্থানে সন্নিবেশিত করা হইল।

* পাণিনি-মতে বিকল্পে—মনাবী।

(খ) পশ্যেদসনাবীমপি পাপচেতা যশ্চেৎ মশ্চেহপহরেদ্ দশাস্যঃ।
পত্যা যদীয়েন দিশো গুণৌঘৈঃ শ্যেনীকৃতাস্তৎপরিপালনেন॥
(রাবণার্জ্জুনীয় পা ৪।১।৩৯ ; ১৫ শ্লোক)

প্রত্যয়ান্ত ক্রীতাশব্দের সহিত সমাস করিলে ঈপ্ হয় না। যথা—**ধনেন ক্রীতা ধনক্রীতা।** পূর্ব্ব-পদ করণ-কারক না হইলে ঈপ্ হয় না।—**রাজ্ঞা ক্রীয়তে স্ম রাজক্রীতা।**

৬৮। **ক্তাদল্পাখ্যায়াম্** (পা ৪।১।৫১)
যদি পূর্ব্ব-পদ করণ-কারক হয় ও করণের অল্পত্ব বুঝায়, এবং ক্ত-প্রত্যয়ান্ত পদ পরে থাকে, তাহা হইলে সেই সমাস-নিষ্পন্ন শব্দের উত্তর স্ত্রীলিঙ্গে ঈপ্ হয়। যথা—**অল্পেন অভ্রেণ লিপ্যতে স্ম অভ্রলিপ্তী দ্যৌঃ।** এইরূপ **সূপলিপ্তী পাত্রী** ইত্যাদি। করণের অল্পত্ব না বুঝাইলে হয় না। যথা—**চন্দনানুলিপ্তা অঙ্গনা, সুখপূর্ণা মতিঃ।**

৬৯। **স্বাঙ্গাচ্চ বহুব্রীহৌ।**
বহুব্রীহি সমাস হইলে স্বাঙ্গ-বাচক শব্দের পরস্থিত ক্ত-প্রত্যয়ান্ত শব্দের উত্তর ঈপ্ হয়। যথা—**শঙ্খৌ ললাটাস্থি, শঙ্খৌ ভিন্নৌ যয়া সা শঙ্খভিন্নী।** এইরূপ **জঙ্ঘভিন্নী, গলোৎকৃত্তী, কেশবিলূনী** ইত্যাদি। কৃত, মিত, জাত প্রতিপন্ন শব্দের উত্তর হয় না। যথা—**কেশজাতা, স্তনজাতা** ইত্যাদি।

৭০। **বাঽচ্ছন্নাজ্জাতেঃ।**
বহুব্রীহি সমাস হইলে জাতি-বাচক শব্দের পরস্থিত ক্ত-প্রত্যয়ান্ত শব্দের বিকল্পে ঈপ্ হয়। যথা—**হুন্দুভক্ষিতা যয়া সা হুন্দুভক্ষিতী, হুন্দুভক্ষিতা।** এইরূপ **বৃকদষ্টী, বৃকদষ্টা ; শুকজগ্ধী, শুকজগ্ধা ; সুরাপীতী, সুরাপীতা ;** ইত্যাদি। পর-পদ ছন্ন-শব্দ হইলে হয় না। যথা—**বস্ত্রচ্ছন্না।**

প্রশ্ন (স্ত্রী-প্রত্যয়)

১। আপ্ প্রত্যয় হইলে কোন্ কোন্ শব্দের ক-কারের পূর্ব্ববর্ত্তী অ-কার-স্থানে ই-কার হয় না।

২। কোন্ কোন্ জাতি-বাচক অ-কারান্ত শব্দের উত্তর স্ত্রীলিঙ্গে ঈপ্ হয় না?

৩। কোন্ কোন্ ঋ-কারান্ত শব্দের উত্তর স্ত্রীলিঙ্গে ঈপ্ হয় না?

৪। দন্ত্য ন্-কারান্ত শব্দকে স্ত্রীলিঙ্গ করিতে হইলে কি বিশেষ নিয়ম আছে?

৫। কোন্ কোন্ দন্ত্য ন্-কারান্ত শব্দের উত্তর স্ত্রীলিঙ্গে ঈপ্ হয় না?

৬। বহুব্রীহি-সমাস-নিষ্পন্ন অন্-ভাগান্ত শব্দকে স্ত্রীলিঙ্গ করিবার বিশেষ নিয়ম কি?

৭। কি কি ইৎ হইলে স্ত্রীলিঙ্গে ঈপ্ হয়?

৮। শতৃ-প্রত্যয়ান্ত শব্দের স্ত্রীলিঙ্গে কোন্ কোন্ স্থলে নিত্য ন-কারাগম হয়? কোন্ কোন্ স্থলে হয় না? কোন্ কোন্ স্থলে বিকল্পে হয়?

৯। কোন্ কোন্ শব্দের উত্তর স্ত্রীলিঙ্গে বিকল্পে ঈপ্ হয়?

১০। বহুব্রীহি-সমাসে কোন্ কোন্ অবয়ব-বাচক শব্দের উত্তর ঈপ্ হয় না?

১১। যে সকল হ্রস্ব-ই-কারান্ত স্ত্রীলিঙ্গ শব্দ দীর্ঘ-ঈ-কারান্তও হইতে পারে, তাহাদের ৩টীর নাম কর।

১২। মতি, বুদ্ধি, গতি প্রভৃতি শব্দগুলি ঈ-কারান্ত হয় কি না? কারণ দেখাইয়া উত্তর দাও।

১৩। পাণিগৃহীতী, পাণিগৃহীতা ও পাণিগ্রহীত্রী এই ৩টী শব্দের মধ্যে অর্থগত প্রভেদ আছে কি না, তাহা বুঝাইয়া দাও।

১৪। গুণ-বাচক উ-কারান্ত শব্দের স্ত্রীলিঙ্গে কি হয়? কোন্ কোন্ গুণবাচক শব্দের ঐ নিয়মানুসারে কার্য্য হয় না?

১৫। কোন্ কোন্ হ্রস্ব-উ-কারান্ত স্ত্রীলিঙ্গ শব্দ ঊ-কারান্তও হয়?

১৬। নিম্ন-লিখিত শব্দগুলিকে স্ত্রীলিঙ্গে পরিবর্ত্তিত কর :—

তৃতীয়, চতুর্থ, মৎস্য, মনুষ্য, হস্তু, বহুপর্ব্বন্, বহুরাজন্, ভবৎ, বলবৎ, প্রেয়স্, পৃষৎ,

গুরুৎ, জানৎ, ধাবৎ, কারয়ৎ, জিগীষৎ, মুমূর্ষৎ, সিক্ষৎ, স্নাৎ, দাস্তৎ, ষষ্ঠ, ত্রয়, দৌবারিক, ভাগিনেয়, সদৃশ, নিশাচর, গার্গ্য, প্রাচ্, তির্য্যচ্, প্রত্যচ্, গোপ, গোপাল, গোপালক, অশ্বপালক, চন্দ্রমুখ, তীক্ষ্ণখুর, কোকিলকণ্ঠ, মৃগনেত্র, কৃশোদর, অকেশ, সুকেশ, অণু, বহু, অনডুহ্, শ্বন, ভট্টারক, পৈতৃক, পৈত্রিক, বৈমাত্রেয়, রাজন্বৎ, ভগবান্, অগ্রসর।

১৭। নিম্ন-লিখিত বাক্যগুলিকে স্ত্রীলিঙ্গে একপদ করিয়া রাখ :—বহবো রাজানো যয়োঃ তে। বহবো যজ্বানো যয়োঃ তে। বহবো যুবানো যাসু তাঃ। মহৎ অরণ্যম্। মহৎ হিমম্। শুভ্রাঃ কেশা যস্যাঃ সা। নাস্তি কেশো যস্যাঃ সা। স্থূলং অঙ্গং যস্যাঃ সা। লোলা জিহ্বা যস্যাঃ সা। দীর্ঘে জঙ্ঘে যস্যাঃ সা। লোলা রসনা যস্যাঃ সা। চারু বদনং যস্যাঃ সা। পীনম্ উধঃ যস্যাঃ সা। দ্বে দাম্নী যস্যাঃ সা। বীরঃ পতির্যস্যাঃ সা। শুভ্রা দন্তা যস্যাঃ সা। রম্ভে ইব উরূ যস্যাঃ সা। বৃত্তৌ উরূ যস্যাঃ সা।

১৮। সংশোধন কর :—

মনোহরী, পাচকী, বোধকী, তরুণা, অশ্বী, ঘোটকা, মূষিকী, কোকিলী, মৎস্যা, মনুষ্যা, বহুযজ্বী, গচ্ছতী, ব্রুবন্তী, কুর্ব্বন্তী, জানন্তী, নৃত্যতী, ধনক্রীতা, যশস্করা, ঈদৃশা, গোপালিকী, শূর্পনখী, সুক্রোড়ী, মৃগনেত্রী, মৃগনয়নী, বিদ্যমানকেশী, চতুর্হায়নী শালা, গতী, ধেনূঃ, রজ্জূঃ, ভয়ঙ্করী, হিতকরা, বামোরুঃ নারী, বৃত্তোরুঃ রমণী।

১৯। কারণ-নির্দ্দেশ-পূর্ব্বক সংশোধন কর—

ভুজঙ্গিনী, মাতঙ্গিনী, ভয়ঙ্করী, শশিবদনী, পাণ্ড্বী, পীতবাসসী, সম্রাজ্ঞী, সুগুল্ফী, পঞ্চমা, রুদন্তী, নায়কী, রজকা, নর্ত্তিকা, গচ্ছতী।

২০। 'শূদ্রী' ও 'শূদ্রা' এই দুই শব্দের অর্থগত পার্থক্য কি? প্রত্যেকটী লইয়া এক একটী বাক্য রচনা কর। 'শূদ্রাণী' এরূপ স্ত্রীলিঙ্গ পদ সিদ্ধ হইতে পারে কি না? 'মহাশূদ্র' শব্দের স্ত্রীলিঙ্গে কি হয়? এবং তাহার অর্থই বা কি?

২১। এরূপ দশটী স্ত্রীলিঙ্গ হ্রস্ব-ই-কারান্ত শব্দের নাম কর, যাহারা ই-কারান্ত ও ঈ-কারান্ত উভয় প্রকারই হইতে পারে।

২২। নিম্ন-লিখিত পদগুলিকে স্ত্রীলিঙ্গে পরিবর্ত্তিত কর :—অজঃ, ছাগঃ, ছাগলঃ, সর্পঃ, বিপ্রঃ, ব্রাহ্মণঃ, বালঃ, এড়কঃ, ঘোটকঃ, হয়ঃ, ভল্লুকঃ, অশ্বঃ, এণঃ, বড়বঃ, চটকঃ, প্লবকঃ, কোকিলঃ, পরভৃতঃ, পরপুষ্টঃ, অন্যপুষ্টঃ, করটঃ, মূষিকঃ, পিপীলিকঃ, শঙ্করঃ, শ্যেনঃ, ময়ূরঃ, শূকরঃ, শ্বাপদঃ, পুত্রঃ, পৌত্রঃ, দৌহিত্রঃ, নপ্তা, শ্বশুরঃ, শ্যালঃ, শ্যালকঃ,

মাতুলঃ, ভ্রাতৃজঃ, জনকঃ, পিতামহঃ, মাতামহঃ, সখা, কিন্নরঃ, না, নরঃ, কৃষ্ণঃ, কপিলঃ, ধবলঃ, শুভ্রঃ, শবল, গৌর, অসিতঃ, পলিতঃ, এতঃ, শ্বেতঃ, শ্যেতঃ, হরিতঃ, ভরিতঃ, কিঙ্করঃ, রোহিতঃ, লোহিতঃ, যুবা, ভিক্ষুকঃ, মনুঃ, অনড্বান্, ঈশ্বরঃ, শূর্পনখঃ, বিধুমুখঃ, কিশোরঃ, তরুণঃ, ধার্ম্মিকঃ, অধার্ম্মিকঃ, নাবিকঃ, বৈবাহিকঃ, গায়কঃ, পাচকঃ, মনোহরঃ, ভয়ঙ্করঃ, জিত্বরঃ, চণ্ডালঃ, কর্ম্মকরঃ, কর্ম্মকারঃ, কুম্ভকারঃ, গণকঃ, শিক্ষকঃ, রজকঃ, নাপিতঃ, শোণঃ, কল্যাণঃ, কৃপণঃ, পুরাণঃ, বিশালঃ, বিকটঃ, উদারঃ, চণ্ডঃ, পটুঃ, বহুঃ, খঞ্জঃ, পাণ্ডুঃ, পান্থঃ, চৌরঃ, পতিঃ, পঙ্গুঃ, ভীরুঃ, তনুঃ, অধ্যাপকঃ, ছাত্রঃ, পথিকঃ।

২৩। নিম্ন-লিখিত স্ত্রীলিঙ্গ-বিহিত পদগুলির অর্থগত পার্থক্য থাকিলে তাহা দেখাও :—তারকা তারিকা, বর্ণকা বর্ণিকা, বর্ত্তকা বর্ত্তিকা, অষ্টকা অষ্টিকা, সূতিকা সূতকা, সূর্য্যা সূরী, কামুকা কামুকী, ত্রিপদী ত্রিপদা, সূত্যা সূতা, ভোজ্যা ভোজ্যা, নাগা নাগী, ভাজা ভাজী, নীলী নীলা, দ্বিকাণ্ডা দ্বিকাণ্ডী, দ্বিপুরুষা দ্বিপুরুষী, ঘটা ঘটী, অশিশ্বী অশিশুঃ, কুণ্ডা কুণ্ডী, পতিবত্নী পতিমতী, কবরী কবরা, অন্তর্বত্নী অন্তর্বতী, কুশা কুশী, যবনী যবনানী যবানী, গোণী গোণা, স্থলী স্থলা, ঈশ্বরী ঈশ্বরা ঈশ্বরাণী, চান্দ্রভাগী চান্দ্রভাগা, শূর্পণখা শূর্পনখা, ত্রিহায়ণী ত্রিহায়না, চন্দনবিলিপ্তী চন্দনবিলিপ্তা, চণ্ডী চণ্ডা, একপত্নী একপতিঃ, ভদ্রবাহুঃ ভদ্রবাহুঃ, রামোরূঃ রামোরূঃ, গোপা গোপী।

২৪। নিম্ন-লিখিত শব্দগুলিকে স্ত্রীলিঙ্গে পরিবর্ত্তিত করিয়া রাখ :—ক্ষত্রিয়ঃ, বৈশ্যঃ, আর্য্যঃ, বৈদ্যঃ, উপাধ্যায়ঃ, আচার্য্যঃ।

২৫। নিম্ন-লিখিত দেবতা-বাচক শব্দের স্ত্রীলিঙ্গে কিরূপ আকার হইবে, তাহা বল :—ঈশ্বরঃ, সূর্য্যঃ, অগ্নিঃ, বৃষাকপিঃ, পূতক্রতুঃ, ইন্দ্রঃ, বরুণঃ, ভবঃ, শর্ব্বঃ, রুদ্রঃ, মৃড়ঃ, মহেন্দ্রঃ, শক্রঃ, নারায়ণঃ, ব্রহ্মা, মঘবা।

২৬। নিম্ন-লিখিত বাক্যগুলিকে স্ত্রীলিঙ্গে এক-পদ (সমস্ত-পদ) করিয়া রাখ :— কুম্ভৌ ইব পাদৌ যস্যাঃ সা। ধনেন ক্রীতা ইয়ম্। অল্পেন সূপেন বিলিপ্তা পাত্রী। চন্দ্রসমানং মুখং যস্যাঃ সা। বহু কক্ষং যস্যাঃ সা। কিন্নরকণ্ঠ ইব কণ্ঠো যস্যাঃ সা। সুষ্ঠু গাত্রং যস্যাঃ সা। কৃশম্ অঙ্গং যস্যাঃ সা। মুক্তাবৎ দন্তা যস্যাঃ সা। পৃথু জঘনং যস্যাঃ সা। নিম্না নাসিকা যস্যাঃ সা। ক্ষীণম্ উদরং যস্যাঃ সা। কেশেন সহ বর্ত্ততে যা সা। নাস্তি নাসিকা যস্যাঃ সা। শূর্পবৎ নখং যস্যাঃ সা (রাবণভগিনী ও অন্য নারী)। কালং মুখং যস্যাঃ সা। একঃ পতির্যস্যাঃ সা। সমানঃ পতির্যস্যাঃ সা।

সমানং উদরং যস্যাঃ সা। বৃদ্ধঃ পতির্যস্যাঃ সা। বৃদ্ধস্য পত্নী। অন্তর্বত্নী অস্তি সা। ব্রহ্মা বন্ধুর্যস্যাঃ সা। কদলীস্তম্ভাবিব উরূ যস্যাঃ সা। বামৌ উরূ যস্যাঃ সা। সুষ্ঠু গ্রীবা যস্যাঃ সা। কল্যাণং বিদ্যমানং মুখং যস্যাঃ সা। সরলা নাম যস্যাঃ সা।

২৭। 'সেবক' শব্দের অর্থ কি? ইহা স্ত্রীলিঙ্গে কিরূপ হইবে? 'কিঙ্কর' শব্দেরই বা অর্থ কি? স্ত্রীলিঙ্গে ইহাঁর কিরূপ আকার হইবে? 'পাত্র' শব্দের স্ত্রীলিঙ্গে রূপান্তর হয় কি না?

২৮। বিশেষ বিবেচনা করিয়া নিম্ন-লিখিত শব্দগুলিকে স্ত্রীলিঙ্গে পরিবর্ত্তিত কর:—ছাত্র, চোর, চৌর, ধার্ম্মিক, অধার্ম্মিক, বৈবাহিক, ভয়ঙ্কর, সামন্, পাপঘ্ন, সুরাপ, পুরঃসর, ব্রহ্মহা, পূজার্হ, মাংসভক্ষক, পুত্রকাম, নর্ত্তক, রজক, খনক, গায়ন, সাধক, কিতব।

২৯। (১) "নমো বৈদেহিবন্ধবে", (২) "প্রযাহি বধুকে দ্রুতম্", (৩) "নানাগুণ-সুসম্পন্না কন্যেয়ং মালভারিণী",—এই তিন স্থলে 'বৈদেহী' শব্দ হ্রস্ব ই-কারান্ত, 'বধূ' শব্দ হ্রস্ব উ-কারান্ত এবং 'মালভারিণী' শব্দ অকারান্ত হইল কেন?

সমাস। (ক)

সাধারণ নিয়ম।

১। একপদীভাবঃ সমাসঃ। (খ)

দুই বা বহু পদের যে একপদী-ভাব, অর্থাৎ একপদ হইয়া যাওয়া, তাহাকে সমাস বলে।

২। লুক্ বিভক্তেঃ। (গ)

সমাসের অন্তর্গত সমস্ত পদেরই বিভক্তির লোপ হয় (ঘ)। যথা,—রাজ্ঞঃ পুত্রঃ রাজপুত্রঃ।

৩। নস্য লোপঃ পূর্ব্বস্য।

(ক) দ্বন্দ্বো দ্বিগুরপি চাহং মদ্গেহে নিত্যমব্যয়ীভাবঃ। তৎপুরুষ কর্ম্মধারয় যেনাহং স্যাং বহুব্রীহিঃ॥"—ভট্ট-মুক্তি-কলসস্য। "কর্ম্মধারয় আদ্যঃ স্যাদ্ দ্বিগুস্তৎপুরুষোঽপরঃ। বহুব্রীহিরথ দ্বন্দ্বোঽব্যয়ীভাবঃ ষড়ীরিতাঃ"॥——প্রয়োগ-রত্ন-মালা।

(খ) সমাসশ্চানেকপদস্যৈকলিঙ্গত্বমুচ্যতে—প্র-র-মা

(গ) "সমাসে সুব্বিভক্তের্লুক্ তদ্ধিতাখ্যাতয়োরপি"। প্র-র-মা

(ঘ) অনেকের বিশ্বাস যে, সমাস করিলে কেবল পূর্ব্ব-পদেরই বিভক্তির লোপ হয়, পর-পদের বিভক্তির লোপ হয় না। কিন্তু এই বিশ্বাস নিতান্ত ভ্রান্তিমূলক। কারণ প্রথমতঃ সমাসে যদি পর-পদের বিভক্তির লোপ না হইত, তাহা হইলে 'ত্রীণি লোচনানি যস্য স ত্রিলোচনঃ ;—এরূপ পদ হইত না। দ্বিতীয়তঃ, পর-পদের বিভক্তির লোপ না হইলে সমস্ত পদটী প্রাতিপদিক হইত না। সমস্ত পদটী প্রাতিপদিক না হইলে তাহার উত্তর ইচ্ছামত যে কোন বিভক্তি-যোগ করা যাইত না। অতএব ত্রিলোচনম্, ত্রিলোচনেন ইত্যাদি পদ সিদ্ধ হইত না। ১২ সূত্র দেখ।

সমাস হইলে পূর্ব্ব-পদের অন্তস্থিত ন্-কারের লোপ হয় (ক)। যথা,—**राजन्+पुत्रः राजपुत्रः।**

৪। **अचि परस्य।**

স্বরবর্ণ পরে থাকিলে পর-পদের অন্তস্থিত ন্-কারের লোপ হয় (৪৪)। যথা—**महाराजन्+अ महाराजः।**

৫। **लोपो ययोरचि।**

স্বরবর্ণ পরে থাকিলে ই-বর্ণ ও অ-বর্ণের লোপ হয়। যথা—**प्रियसखि+अ=प्रियसखः। महाराजन्+अ=महाराजः।**

৬। **नञोऽकारो हलि।**

ব্যঞ্জন-বর্ণ পরে থাকিলে নঞের স্থানে অ হয়। যথা—**न भीतः अभीतः।**

৭। **अनचि।**

স্বরবর্ণ পরে থাকিলে নঞের স্থানে অন্ হয়। যথা—**न इच्छा अनिच्छा।** (খ)

(ক) এই হেতু ইন্-ভাগান্ত শব্দ সমাসের পূর্ব্বপদ হইলে কেবল হ্রস্ব ই-কারান্ত হইয়া যায় এবং নকারের লোপ হয়। যথা—হস্তিন্+গণ—হস্তিগণঃ।

(৪৪) কপ্ প্রত্যয় পরে থাকিলেও পর-পদের অন্তস্থিত ন-কারের লোপ হইয়া থাকে।

(খ) ৬ ও ৭ সূত্রের কার্য্য বোপদেব-মতে বিকল্পে হয়। যথা—অনন্তো নান্তঃ, অচ্যুতো নচ্যুতঃ। নাক প্রভৃতি স্থলে আদেশ হয় না। নাকাদি যথা—"নাকো নবেদা নকুলশ্চ নক্রো, নাসত্য-নক্ষত্র-নপাচ্চ নভ্রাট্। নপুংসকং বৈ নমুচির্নখঞ্চ, নাদেশ-মেতেষু বদন্তি ধীরাঃ"।

८। टेर्लोपो डिति।

ড-কারেৎ প্রত্যয় পরে থাকিলে টি এর লোপ হয়। (ক)

९। तेर्विंशतेः। (খ)

বিংশতি-শব্দের তি এই ভাগের লোপ হয়। (ক)

१०। ह्रस्वोऽन्ते गोस्त्रियोरन्यार्थे।

যে স্থলে অন্য পদার্থের প্রতীতি হয়, সে স্থলে অন্তস্থিত গো-শব্দ ও স্ত্রী-প্রত্যয় হ্রস্ব হয় (গ)। যথা—**पीता गौर्यस्य स पीतगुः, ध्वस्ता माया यस्य स ध्वस्तमायः, काली तनूर्यस्य स कालतनुः।**

११। नेयसुनः।

ঈয়স্থনের পরবর্ত্তী স্ত্রী-প্রত্যয় হ্রস্ব হয় না। যথা—**बह्व्यः प्रेयस्यो यस्य स बहुप्रेयसी।**

१२। समासाः प्रातिपदिकानि। (ঘ)

সমাস হইলে সমস্ত ভাগ প্রাতিপদিক হয়, অর্থাৎ পুনরায় তাহাদের উত্তর নূতন বিভক্তি হয়। যথা—**त्रीणि लोचनानि यस्य स त्रिलोचनः, तं त्रिलोचनम्** ইত্যাদি।

(ক) তদ্ধিত প্রকরণের ৯ ও ১০ সূত্র এবং ফুট্‌নোট্ দেখ।

(খ) "তি বিংশতের্ডিতি" (পা ৬।৪।১৪২)

(গ) ও-কারের হ্রস্ব উ-কার।

(ঘ) "কৃত্তদ্ধিতসমাসাশ্চ" (পা ১।২।৪৬)

১৩। विशेष्यलिङ्गमन्यार्थे ।

যে স্থলে অন্য পদার্থের প্রতীতি হয়, সে স্থলে সমস্ত ভাগ বিশেষ্য-লিঙ্গ হয়। যথা—**दृढ़प्रतिज्ञो नरः, दृढ़प्रतिज्ञा नारी, दृढ़प्रतिज्ञं कलत्रम् ।**

১৪। नपुंसकैकवचने समाहारे ।

সমাহার সমাস হইলে সমস্ত ভাগ নপুংসক-লিঙ্গ ও একবচনান্ত হয়। যথা—**पाणी च पादौ च तत् पाणिपादम् ।**

১৫। पुंवद्भावः सर्व्वनाम्नः । (ক)

সমাসে স্ত্রীলিঙ্গ সর্ব্বনাম-শব্দের পুংবদ্ভাব অর্থাৎ পুংলিঙ্গের মত আকার হয়। যথা—**पूर्व्वा च पश्चिमा च ते पूर्व्वपश्चिमे । सर्व्वासां पतिः सर्व्वपतिः ।**

১৬। महा महतो विशेष्ये । (খ)

বিশেষ্য শব্দ পরে থাকিলে মহৎ-শব্দ-স্থানে মহা হয়। যথা—**महत् धनं महाधनः, महान् जनः महाजनः, महती नदी महानदी ।**

(ক) "সর্ব্বনাম্নো বৃত্তিমাত্রে পুংবদ্ভাবঃ" (বা ১৩৭৬)

(খ) "আন্মহতঃ সমানাধিকরণজাতীয়য়োঃ" (পাঃ ৬।৩।৪৬)

প্রশ্ন (সমাস—সাধারণ নিয়ম)

১। সমাস কাহাকে কহে ?

২। সমাস হইলে কি কি বিশেষ কার্য্য হয় ? দুই বা ততোধিক পদে সমাস হইলে কোন্ কোন্ বিভক্তির লোপ হয় ? শেষ পদের বিভক্তির লোপ হয় কি না ?

৩। 'শশীভূষণঃ'—এই পদে কি ব্যাকরণ-গত দোষ আছে, তাহা বল এবং শুদ্ধ কর।

৪। সমাস হইলে নঞের স্থানে কি কি হয় ? উদাহরণ দাও।

৫। সমাসে কিরূপ স্থলে দীর্ঘ স্বর হ্রস্ব হয় ? কোথায় হয় না ? উদাহরণ দাও।

৬। সমস্ত পদের লিঙ্গ কিরূপ হয় ?

৭। কিরূপ শব্দের সকল সমাসেই পুংবদ্ভাব হয় ? উদাহরণ দাও।

৮। 'মহৎ' শব্দের বিশেষ নিয়ম কি ?

অব্যয়ীভাব-সমাস।

১। अव्ययीभावः (पा २।१।५)

এই প্রকরণে যে সমাস বিহিত হইতেছে, তাহার নাম অব্যয়ীভাব।

२। नपुंसकमव्ययीभावे। (ক)

অব্যয়ীভাব সমাস হইলে সমস্ত ভাগ নপুংসক-লিঙ্গ হয়। যথা—अधिहरि।

३। अदन्ताद् विभक्तेरपञ्चम्या मः। (খ)

(ক) "অনব্যয়স্য অব্যয়ীভবনং যস্মাৎ সোঽব্যয়ীভাবঃ"—প্র-র-মা। "অব্যয়ীভাবশ্চ" (পা ২।৪।১৮)

(খ) "নাব্যয়ীভাবাদতোঽং ত্বপঞ্চম্যাঃ" (পা ২।৪।৮৩)

অ-কারান্ত অব্যয়ীভাবের পরবর্ত্তী বিভক্তির স্থানে ম্ হয়। যথা—**কৃষ্ণমধিকৃত্য প্রবৃত্তা কথা, অধিকৃষ্ণম্।** পঞ্চমীর স্থানে হয় না। যথা,—**কৃষ্ণস্য সমীপাৎ গতঃ, উপকৃষ্ণাৎ গতঃ।**

৪। বিভাষা তৃতীয়াসপ্তম্যোঃ। (ক)

অ-কারান্ত অব্যয়ীভাবের পরবর্ত্তী তৃতীয়া ও সপ্তমী বিভক্তির স্থানে বিকল্পে ম্ হয়। যথা,—**উপকৃষ্ণং উপকৃষ্ণেন কার্য্যং, উপকৃষ্ণং উপকৃষ্ণে স্থিতঃ।**

৫। লুক্ পরাৎ। (খ)

অ-কারান্ত ভিন্ন অব্যয়ীভাবের পরবর্ত্তী বিভক্তির লোপ হয়। যথা.—**শক্তিমনতিক্রম্য, যথাশক্তি।**

৬। সুপাব্যয়ং সমীপাদৌ। (গ)

সমীপ প্রভৃতি (৪৫) অর্থে সুবন্ত পদের সহিত অব্যয়ের সমাস

(ক) "তৃতীয়াসপ্তম্যোর্বহুলম্" (পা। ২।৪ ৮৪)

(খ) অব্যয়ীভাবশ্চ" (পা। ১।১।৪১); "অব্যয়াদাপ্ সুপঃ" (পা। ২।৪।৮২)

(গ) "অব্যয়ং বিভক্তিসমীপসমৃদ্ধিবৃদ্ধ্যর্থাভাবাত্যয়াসম্প্রতিশব্দপ্রাদুর্ভাবপশ্চাদ্যথানুপূর্ব্ব্যযৌগপদ্যসাদৃশ্যসম্পত্তিসাকল্যান্তবচনেষু" (পা। ২।১।৬)

(৪৫) **সমীপ, অভাব, অত্যয়, অসম্প্রতি, পশ্চাৎ, যোগ্য, বীপ্সা, অনতিবৃত্তি, আনুপূর্ব্ব্য, বিভক্তি, সাদৃশ্য, যাদৃশ্য, যৌগপদ্য, সাকল্য, সমৃদ্ধি, পর্য্যন্ত ,ইত্যাদি।** "**বঃ ক-সামীপ্য-সাদৃশ্য-সাকল্যানুক্রমর্দ্ধিষু। বীপ্সা-পর্য্যন্ত-যোগ্যত্ব-পশ্চাদর্থানতিক্রমে। শব্দপ্রাদুর্ভাবাভাব-যৌগপদ্যেষ্বনেকধা॥**"—**মুগ্ধবোধ। ব = অব্যয়ীভাব। ক = কারক।**

হয়। যথা, সমীপ—**गृहस्य समीपम् उपगृहम्, गङ्गायाः समीपम् उपगङ्गम्।** অভাব—**विघ्नस्याभावः निर्विघ्नम्, मक्षिकाणाम् अभावः निर्मक्षिकम्।** অত্যয়—**हिमस्यात्ययः अतिहिमम्, बाधाया अत्ययः अतिबाधम्।** অসম্প্রতি—**निद्रा सम्प्रति न युज्यते अतिनिद्रम्, शोकः सम्प्रति न युज्यते अतिशोकम्।** পশ্চাৎ—**रथस्य पश्चात् अनुरथम्, गृहस्य पश्चात् अनुगृहम्।** যোগ্যতা—**रूपस्य योग्यम् अनुरूपम्, कुलस्य योग्यम् अनुकुलम्।** বীপ্সা—**दिनं दिनं प्रतिदिनम्, गृहं गृहं प्रतिगृहम्।** অনতিবৃত্তি—**शक्तिमनतिक्रम्य यथाशक्ति, स्थानमनतिक्रम्य यथास्थानम्।** আনুপূর্ব্ব্য—**ज्येष्ठस्यानुपूर्व्व्येण अनुज्येष्ठम्, वर्णानाम् आनुपूर्व्व्येण अनुवर्णम्।** বিভক্ত্যর্থ—**हरौ अधिहरि, गृहे अधिगृहम्।**

৩। **सहः सोऽकाले।** (ক)

অব্যয়ীভাব সমাসে সহ-শব্দ-স্থানে স হয়। যথা, সাদৃশ্য—**हरेः सदृशं सहरि।** যৌগপদ্য—**चक्रेण युगपत् सचक्रम्।** সাকল্য—**तृणमप्यपरित्यज्य सतृणम्।** সমৃদ্ধি—**मद्राणां समृद्धिः सुमद्रम्; भिक्षाणां समृद्धिः सुभिक्षम्** (খ)। পর্য্যন্ত—**अग्नि-**

(ক) "অব্যয়ীভাবে চাকালে" (পা। ৬।৩।৮১)

(খ) "মদ্রাণাং ভিক্ষাণাং বাধিক্যেন বৃদ্ধিঃ প্রবর্ত্ততে ইত্যর্থঃ"—শ্রীরামতর্কবাগীশ। সমৃদ্ধির প্রাধান্য না বুঝাইলে কর্ম্মধারয় সমাস হয়। যথা—সমৃদ্ধা মদ্রাঃ সুমদ্রাঃ। "দেশভেদে জনপদে পুমান্ মদ্রঃ প্রকীর্ত্তিতঃ। যদা মদ্রা নদীভেদে স্ত্রিয়াং তদ্রেতি শাসনম্।"

অন্যপর্য্যন্তমধীতে সাগ্নি (ক)। কাল বুঝাইলে হয় না। যথা,—**সহপূর্ব্বাহ্লম্, সহাপরাহ্লম্।**

৮। যাবদবধারণে (পা ২।১।৮)

'অবধারণ' বুঝাইলে সুবন্তের সহিত যাবৎ এই শব্দের সমাস হয়। যথা,—**যাবন্তঃ শ্লোকাস্তাবন্তঃ অচ্যুতপ্রণামাঃ যাবচ্ছ্লোকম্** (খ)। **যাবদ্ভোজনপাত্রং ব্রাহ্মণান্ আমন্ত্রয়স্ব, যাবন্তি ভোজনপাত্রাণি বর্ত্তন্তে তাবতো ব্রাহ্মণান্ আমন্ত্রয়স্বেত্যর্থঃ।**

৯। বিভাষা বহিরাদিঃ পঞ্চম্যা। (গ)

পঞ্চম্যন্ত পদের সহিত বহিস্ প্রভৃতি (৪৬) শব্দের বিকল্পে সমাস হয়। যথা,—**বহির্গ্রামং গ্রামাদ্ বহিঃ, প্রাগুপবনং উপবনাৎ প্রাক।**

১০। আঙ্ মর্য্যাদাভিবিধ্যোঃ (পা ২।১।১৩)

মর্য্যাদা ও অভিবিধি (৪৭) বুঝাইলে সুবন্ত পদের সহিত

(ক) "যদ্যপ্যত্র সাকল্যমস্তি, তথাপি অগ্নিগ্রন্থপর্য্যন্তমধীতে, ততোঽন্যৎ নাধীতে ইতি অস্য অসাকল্যার্থং বচনম্। এবং সালোকমধীতে, অসকলেঽপ্যধ্যয়নে আলোকপর্য্যন্তং পঠতীত্যর্থঃ"—শ্রীরামতর্কবাগীশ।

(খ) "শ্লোকানামিয়ত্তয়া প্রণামানামিয়ত্তা বিবক্ষিতা ইত্যর্থঃ"।—দুর্গাদাস

(গ) "অপপরিবহিরঞ্চবঃ পঞ্চম্যা" (পা ২।১।১২)

(৪৬) বহিস্, প্রাচ্, অবাচ্, প্রত্যচ্, পরি ইত্যাদি।

(৪৭) তেন বিনা মর্য্যাদা, তৎসহিতোঽভিবিধিঃ। "মর্য্যাদাঽভিবিধিস্তেন বিনা তেন সহ ক্রমাৎ।"—শব্দসাগরস্থ

আঙ্ এই অব্যয়ের বিকল্পে সমাস হয়। যথা,—**আমুক্তি, আ মুক্তেঃ সংসারঃ; আ সকলাৎ, আসকলং ব্রহ্ম।**

১১। লক্ষণেনাভি-প্রতী আভিমুখ্যে (পা ২।১।১৪)

'আভিমুখ্য' বুঝাইলে চিহ্ন-বাচক সুবন্ত পদের সহিত অভি, প্রতি, এই দুই অব্যয়ের বিকল্পে সমাস হয়। যথা,—**অভ্যগ্নি, অগ্নিম্ অভি শলভাঃ পতন্তি** (ক); **প্রত্যগ্নি, অগ্নিং প্রতি।**

১২। যস্য চায়ামস্তেনানুঃ। (খ)

যাহার দৈর্ঘ্য বুঝায়, তাহার সহিত অনু এই অব্যয়ের বিকল্পে সমাস হয়। যথা,—**অনুগঙ্গম্, গঙ্গায়া অনু বারাণসী; গঙ্গা-দৈর্ঘ্যসদৃশদৈর্ঘ্যোপলক্ষিতা ইত্যর্থঃ।**

১৩। পারমধ্যে ষষ্ঠ্যা। (গ)

ষষ্ঠ্যন্ত পদের সহিত পার ও মধ্য শব্দের বিকল্পে অব্যয়ীভাব সমাস হয়। যথা,—**সমুদ্রস্য পারং পারেসমুদ্রম্; গঙ্গায়া মধ্যং মধ্যেগঙ্গম্; মহাভারতস্য মধ্যং মধ্যেমহাভারতম্।** নিপাতনে এ-কারাগম হয়। পক্ষে ষষ্ঠী সমাস। (ঘ)

(ক) অগ্নিং লক্ষীকৃত্য শলভাঃ পতন্তীত্যর্থঃ। অগ্নেরভিমুখমেব পতঙ্গাঃ পতন্তি, ন পার্শ্বে ন পৃষ্ঠত ইত্যভিপ্রায়ঃ। আভিমুখ্য না বুঝাইলে হয় না। যথা—গঙ্গামভি বসতি।

(খ) "যস্য চায়ামঃ" (পা ২।১।১৬)

(গ) "পারে মধ্যে ষষ্ঠ্যা বা" (পা ২।১।১৮)। "ষষ্ঠ্যন্তৈর্বা পারমধ্যাবেদন্তমত্তু চৈতয়োঃ"।—প্র—র—মা।

(ঘ) পারে গঙ্গাৎ, গঙ্গাপারাৎ, গঙ্গায়াঃ পারাৎ। মধ্যে গঙ্গাৎ, গঙ্গামধ্যাৎ, গঙ্গায়া

১৪। সংখ্যা নদীভিঃ সমাহারে। (ক)

সমাহার হইলে নদী-বাচক সুবন্ত পদের সহিত সংখ্যা-বাচক শব্দের অব্যয়ীভাব সমাস হয়। যথা,—**তিসৃণাং গঙ্গানাং সমাহারঃ ত্রিগঙ্গম্।** এইরূপ **পঞ্চনদম্, সপ্তগোদাবরম্।** (ক)

১৫। অন্যপদার্থে চ সংজ্ঞায়াম্ (পা ২।১।২১)

সংজ্ঞা বুঝাইলে ও অন্য পদার্থ প্রতীয়মান হইলে নদী-বাচক শব্দের সহিত সুবন্ত পদের নিত্য অব্যয়ীভাব সমাস হয়। যথা, —**উন্মত্তা গঙ্গা যস্মিন্ উন্মত্তগঙ্গম্** (খ)। এইরূপ **লোহিত-গঙ্গম্, তূষ্ণীংগঙ্গম্, মন্দগঙ্গম্। ইমানি দেশবিশেষনামানি।**

১৬। তিষ্ঠদ্গুপ্রভৃতীনি। (পা ২।১।১৭)

অব্যয়ীভাব সমাসে 'তিষ্ঠদ্গু' প্রভৃতি (৪৮) শব্দ নিপাতনে

মধ্যাৎ। তিন প্রকার প্রয়োগই হইতে পারে। "পারেসমুদ্রং লঙ্কায়াং বসন্তং রাবণং পতিম্।" ভট্টি ৫।৪। "মধ্যেসুধাব্ধি মণিমণ্ডপরত্নবেদী"—বগলামুখী-স্তব।

(ক) "নদীভিশ্চ" (পা ২।১।২০) "সমাহারে চায়মিষ্যতে" (বা ১২৪৬)। এই সকল স্থলে দ্বিগু-সমাসের পরিবর্ত্তে অব্যয়ীভাব-সমাস হইবে। সপ্তগোদাবরম্—গোদাবরী যদিও একটীমাত্র, তথাপি এ স্থলে গঙ্গা, যমুনা, গোদাবরী, সরস্বতী, নর্ম্মদা, সিন্ধু, কাবেরী এই সপ্ত নদী বুঝিতে হইবে। ইহাই প্রয়োগ-রত্নমালা-টীকাকারের মত।

(খ) "অতিবেগবত্তয়া অনবরতং তীরভূমিভঙ্গকারিণীতি উন্মত্তা ইব গঙ্গা যস্মিন্; মৃত্তিকাদিলোহিতযোগাৎ লোহিনী গঙ্গা যস্মিন্নিতি বিগ্রহঃ"—প্রয়োগ-রত্নমালা-টীকা। কিন্তু ইহা প্রকৃত-পক্ষে সমাস-বাক্য নহে, অর্থ-কথন-মাত্র। কারণ এই সকল স্থলে সমাস নিত্য হওয়ায় 'বাক্য' হইতে পারে না। "নিত্যসমাসত্বাদ্ বাক্যমেবাং ন বিদ্যতে"—গোয়ীচন্দ্র।

(৪৮) তিষ্ঠদ্গু, বহদ্গু, আয়তীগবম্, খলেযবম্, খলেবুসম্, লূনযবম্,

সিদ্ধ হয়। যথা,—তিষ্ঠন্তি গাবো যস্মিন্ কালে দোহায় তিষ্ঠদ্গু (ক), আয়ন্তি যস্মিন্ কালে গাবো গোষ্ঠম্ আয়তীগবম্। (খ)

১৭। শরদাদিভ্যঃ। (গ)

অব্যয়ীভাব সমাস হইলে 'শরদ্' প্রভৃতি (৪৯) শব্দের উত্তর অন্ হয়; ন্ ইৎ, অ থাকে। যথা,—শরদঃ সমীপম্, উপশরদম্। এইরূপ প্রতিদিশম্, আহিমবতম্, অনুদৃশম্।

১৮। জরায়া জরসন্যতরস্যাম্ (পা ৫।৪।১০৭)

অন্ হইলে জরা-শব্দ-স্থানে জরস্ হয়। যথা,—জরায়াঃ সমীপম্ উপজরসম্।

লূয়মানযবম্, পূতযবম্, পূয়মানযবম্, সংহৃতযবম্, সংহ্রিয়মাণযবম্, সংহৃতবুসম্, সংহ্রিয়মাণবুসম্, সমভূমি, সমপদাতি, সুষমম্, বিষমম্, দুঃষমম্, নিঃষমম্, অপসমম্, প্রৌঢ়ম্, পাপসমম্, পুণ্যসমম্, প্রাহ্নম্, প্ররথম্, প্রমৃগম্, প্রদক্ষিণম্, অপদক্ষিণম্, সম্প্রতি, অসম্প্রতি।

(ক) "তিষ্ঠদ্গু দোহনকালঃ"—সি. কৌ; "কালবিশেষঃ"—সংক্ষিপ্তসার; "প্রদোষো রাত্রির্বা"—প্র. র. মা।

(খ) আয়তীগবম্—"ইহ শত্রাদেশঃ পুংবদ্ভাববিরহঃ সমাসান্তশ্চ নিপাত্যতে"—সি. কৌ। আয়তীগবম্ "প্রদোষঃ"—প্র. র. মা। 'তিষ্ঠদ্গু' প্রভৃতি শব্দের সহিত অন্য সমাস হয় না। "এষাং বৃত্ত্যন্তরং ন ভবতি, পরমতিষ্ঠদ্গু ইত্যাদি ন ভবতীত্যর্থঃ"—তত্ত্ববোধিনী। "আতিষ্ঠদ্গু জপন্ সন্ধ্যাং প্রক্রান্তামায়তীগবম্"—ভট্টি ৪।১৪

(গ) "অব্যয়ীভাবে শরৎপ্রভৃতিভ্যঃ" (পা ৫।৪।১০৭)

(৪৯) শরদ্, বিপাশ্, অনস্, মনস্, উপানহ্, অনডুহ্, দিব্, হিমবত্, হিরুক্, বিদ্, সদ্, দিশ্, দৃশ্, বিশ্, চতুর্, ত্যদ্, যদ্, কিয়ত্, জরা।

১৯। **সরজসোপশুনে।** (ক)

সরজস ও উপশুন শব্দ নিপাতনে সিদ্ধ হয়। যথা,—**রজোঽপ্য-পরিত্যজ্য সরজসম্, শুনঃ সমীপম্ উপশুনম্।**

২০। **প্রতি-পরঃ-সমনুভ্যোঽক্ষ্ণঃ।** (খ)

প্রতি, পরস্, সম্, অনু, ইহাদের পরবর্ত্তী অক্ষি-শব্দের উত্তর অন্ হয়। যথা,—**প্রত্যক্ষম্, পরোক্ষম্, সমক্ষম্, অন্বক্ষম্।** (গ)

২১। **অনন্তাৎ।** (ঘ)

অন্-ভাগান্ত শব্দের উত্তর অন্ হয়। যথা,—**উপরাজম্, অধ্যাত্মম্** (ঘ), **প্রত্যধ্বম্।**

(ক) "অচতুরবিচতুরসুচতুরস্ত্রীপুংসধেন্বনডুহর্ক্সামবাঙ্মনসাক্ষিভ্রুবদারগবোর্ব্বষ্ঠীবপদষ্ঠীবনক্তন্দিবরাত্রিন্দিবাহর্দিবসরজসনিঃশ্রেয়সপুরুষায়ুষদ্ব্যায়ুষত্র্যায়ুষর্গ্যজুষজাতোক্ষমহোক্ষবৃদ্ধোক্ষোপশুনগোষ্ঠশ্বাঃ (পা ৫।৪।৭৭)

(খ) "অনশ্চ" (পা ৫।৪।১০৮)

(গ) প্রত্যক্ষম্—"বীপ্সায়াং যথার্থত্বেন সমাসঃ। অক্ষোরাভিমুখ্যমিত্যর্থে লক্ষণেনাভিপ্রতী (১১ সূত্র) ইতি বা সমাসঃ"—তত্ত্ববোধিনী। "প্রত্যক্ষো ঘট ইতি তু ইন্দ্রিয়ার্থেন অক্ষশব্দেন প্রাদিসমাসাৎ"—শ্রীরামতর্কবাগীশ, গোয়ীচন্দ্র। পরোক্ষম্—অক্ষ্ণঃ পরি (৯ সূত্র), নিপাতনে পরি-শব্দ-স্থানে পরস্ আদেশঃ—শ্রীরামতর্কবাগীশ। "অক্ষি অক্ষি পরি পরোক্ষমিতি বীপ্সায়ামব্যয়ীভাবঃ"—সংক্ষিপ্তসার। "অক্ষ্ণোঃ পরঃ পরোক্ষং, পারস্করাদিত্বাৎ সুম্"—বিদ্যানিবাস। "অক্ষ্ণঃ পরমিতি বিগ্রহে * * * নিপাতনাৎ পরস্তোকারাদেশঃ। পরোক্ষা ক্রিয়া ইত্যাদি তু অর্শ আদ্যচি"—সি. কৌ। "অক্ষ্ণঃ পরম্ অবিষয় ইত্যর্থঃ, বৃত্তিবিষয়ে অক্ষিশব্দ ইন্দ্রিয়মাত্রগোচরঃ"—তত্ত্ববোধিনী। "অক্ষ্ণোঃ সমীপম্ ইতি বাক্যে সমক্ষম্ অন্বক্ষম্, সামীপ্যে অব্যয়ীভাবঃ"—শ্রীরামতর্কবাগীশ। "সমক্ষমিতি অক্ষ্ণো যোগ্যাৎ, অন্বক্ষমিতি অক্ষ্ণঃ পশ্চাদিত্যর্থে অব্যয়ীভাবঃ"—তত্ত্ববোধিনী।

(ঘ) আত্মানম্ আত্মনি বা অধিকৃত্য অধ্যাত্মম্, বিভক্ত্যর্থে অব্যয়ীভাবঃ"—শ্রীরামতর্কবাগীশ।

২২। বা নপুংসকাত্।

নপুংসক অন্-ভাগান্ত শব্দের উত্তর বিকল্পে অন্ হয়। যথা—**উপচর্ম্মম্, উপচর্ম্ম। প্রত্যহম্, প্রত্যহ:।** (ক)

২৩। গিরি-নদী-পৌর্ণমাস্যাগ্রহায়ণীভ্য:।

গিরি, নদী, পৌর্ণমাসী ও আগ্রহায়ণী শব্দের উত্তর বিকল্পে অন্ হয়। যথা,—**উপগিরম্, উপগিরি** (খ); **উপনদম্, উপনদি; উপপৌর্ণমাসম্, উপপৌর্ণমাসি; উপাগ্রহায়ণম্, উপাগ্রহায়ণি।**

২৪। স্পর্শান্তাচ্চাপঞ্চমাত্।

পঞ্চম ভিন্ন স্পর্শ-বর্ণান্ত শব্দের উত্তর বিকল্পে অন্ হয়। যথা,—**উপদৃষদম্, উপদৃষত্; অনুসমিধম্, অনুসমিত্** (গ)

২৫। প্রতেরুরস: সপ্তমীস্থাত্ (পা ৫।৪।৮২)

প্রতি শব্দের পরবর্ত্তী সপ্তম্যর্থে বর্ত্তমান উরস্ শব্দের উত্তর অন্ হয়। যথা,—**উরসি প্রত্যুরসম্।** (ঘ)

২৬। অনুগবমায়ামে (পা ৫।৪।৮৩)

'দৈর্ঘ্য' বুঝাইলে **অনুগবম্** এই পদ নিপাতনে সিদ্ধ হয়। যথা,—**গো: পশ্চাত্ অনুগবম্।** (ঙ)

(ক) উপচর্ম্মমিতি সামীপ্যার্থে, প্রত্যহমিতি বীপ্সার্থে অব্যয়ীভাব:—শ্রীরামতর্কবাগীশ

(খ) "অনৌ গুঞ্জাতোঽনুগিরং তমাল:"—রঘু ১৩।৪৯; "অনুগিরমৃতুভির্বিতায়মানাম্"—মাঘ ৭।১। "উপনদমপি নিশ্চলং ভবন্তং"—রাব ১৩।৭২

(গ) "প্রতিককুভমসৌ বিলোকয়ন্তী"—রাব ১৩।৭২

(ঘ) "প্রত্যুরসং লোম"—কাতন্ত্র (৩৯০ সূত্র)। বিভক্ত্যর্থে অব্যয়ীভাব:।

(ঙ) অনুগবং শকটম্। "গৌরিব শকটমপি দীর্ঘমিত্যর্থ:"—গোয়ীচন্দ্র।

প্রশ্ন (অব্যয়ীভাব-সমাস)

১। অব্যয়ীভাব-সমাস-নিষ্পন্ন পদ কোন্ লিঙ্গবিশিষ্ট হয় ?

২। অব্যয়ীভাব-সমাস-নিষ্পন্ন পদের কিপ্রকার রূপ হয় ? তাহার বিশেষ নিয়ম কি, তাহা উদাহরণ দিয়া বুঝাইয়া দাও।

৩। কি কি বিশেষ বিশেষ অর্থে অব্যয়ীভাব সমাস হয় ? প্রত্যেকের উদাহরণ দাও।

৪। অব্যয়ীভাব সমাসে কোন্ কোন্ শব্দের উত্তর কি কি প্রত্যয় হয় ? উদাহরণ দাও।

৫। অন্য-পদার্থ-প্রধান অব্যয়ীভাবের উদাহরণ দাও।

৬। নিম্ন-লিখিত পদগুলির সমাস ও সমাস-বাক্য লিখ—এবং সমাসের কোনও বিশেষ নিয়ম থাকিলে তাহারও উল্লেখ কর :—উপগিরম্, প্রত্যুরসম্, উপচর্ম্মম্, অধ্যাত্মম্, প্রত্যক্ষম্, উপগুনম্, প্রতিদিশম্, তিষ্ঠদ্গু, অভ্যগ্নি, অনুগঙ্গম্, পারেসমুদ্রম্, বহির্গ্রামম্, সতৃণম্, অধিহরি।

৭। সংশোধন কর এবং কারণ দেখাও :—যথাশক্তিম্, আসমুদ্রস্য, প্রতিদিবসান্, প্রতিদিশঃ, পরমতিষ্ঠদ্গু, উপশরদি, সমক্ষা, উপচর্ম্মঃ।

৮। অব্যয়ীভাব সমাসের উদাহরণ দিয়া ৫টী বাক্য রচনা কর।

৯। ৬ষ্ঠ প্রশ্নে পদগুলির মধ্যে যদি কোনটীর বিকল্প-পক্ষে অন্য কোনও পদ হয়, তাহা হইলে তাহাও দেখাও।

১০। সমাস কর :—আয়ন্তি যস্মিন্ কালে গাবো গোষ্ঠম্। গঙ্গায়া মধ্যম্। চক্রেণ যুগপৎ। হরেঃ সদৃশম্। মক্ষিকাণাম্ অভাবঃ। গৃহস্য পশ্চাৎ। রূপস্য যোগ্যম্। গঙ্গায়াঃ সমীপম্। হরৌ। বর্ণানামানুপূর্ব্যেণ।

১। तत्पुरुषः (पा २।१।२२)

এই প্রকরণে যে সমাস বিহিত হইতেছে, তাহার নাম তৎ-পুরুষ। (ক)

२। परलिङ्गं तत्पुरुषे। (খ)

তৎপুরুষ সমাস হইলে সমস্ত ভাগ পর-পদের লিঙ্গ প্রাপ্ত হয়।

३। रात्राह्नाहाः पुमांसः। (গ)

তৎপুরুষ সমাস হইলে সমস্ত ভাগের অন্তস্থিত রাত্র, অহ্ন ও অহ পুংলিঙ্গ হয়।

४। नपुंसकं रात्रं संख्यापूर्व्वम्। (ঘ)

সংখ্যা-বাচক শব্দ পূর্ব্বে থাকিলে রাত্র নপুংসক হয়।

५। पुण्यादह्नः। (ঙ)

পুণ্য শব্দের পরবর্ত্তী অহ নপুংসক হয়।

(ক) পাণিনি-মতে কর্ম্মধারয় ও দ্বিগু তৎপুরুষেরই অন্তর্গত। এ স্থলেও সেই মতেরই অনুসরণ করা হইয়াছে।

(খ) "পরবল্লিঙ্গং দ্বন্দ্বতৎপুরুষয়োঃ" (পা ২।৪।২৬)

(গ) "রাত্রাহ্নাহাঃ পুংসি" (পা ২।৪।২৯)

(ঘ) "সংখ্যাপূর্ব্বং রাত্রং ক্লীবম্" (পাণিনীয়ং লিঙ্গানুশাসনম্ ১৩১)

(ঙ) "পুণ্যসুদিনাভ্যামহ্নো নপুংসকত্বং বক্তব্যম্" (বা ১৫৫৩)

৬। দ্বিতীয়া শ্রিতাদিভিঃ। (ক)

'শ্রিত' প্রভৃতি সুবন্ত পদের সহিত দ্বিতীয়ান্ত পদের সমাস হয়। যথা,—কষ্টং শ্রিতঃ কষ্টশ্রিতঃ দুঃখমতীতঃ দুঃখাতীতঃ, কূপং পতিতঃ কূপপতিতঃ, গৃহং গতঃ গৃহগতঃ, তুহিনমত্যস্তঃ তুহিনাত্যস্তঃ, সুখং প্রাপ্তঃ সুখপ্রাপ্তঃ, সুখমাপন্নঃ, সুখাপন্নঃ, গ্রামং গামী গ্রামগামী, অন্নং বুভুক্ষুঃ অন্নবুভুক্ষুঃ, বেদং বিদ্বান্ বেদবিদ্বান্। (খ)

৭। খট্বা ক্তেন কুৎসায়াম্। (গ)

'নিন্দা' বুঝাইলে ক্ত-প্রত্যয়-নিষ্পন্ন সুবন্ত পদের সহিত দ্বিতীয়ান্ত খট্বা-শব্দের সমাস হয়। যথা,—খট্বারূঢ়ঃ, ভৎপথপ্রস্থিত ইত্যর্থঃ। নিত্য সমাস। (ঘ)

(ক) "দ্বিতীয়া শ্রিতাতীতপতিতগতাত্যস্তপ্রাপ্তাপন্নৈঃ" (পা ২।১।২৪); "শ্রিতাদিষু গমিগম্যাদীনামুপসংখ্যানম্" (বা ১২৪৭)

(খ) "শোভাশ্রিতাস্তাঃ পরিতঃ প্রজেশং রত্নাকরাতীতযশঃপ্রবাহম্। কৃতাখিলাপৎপতিতারিলোকং বিপদ্গতানামনুকম্পিতারম্" ।—রাব ৪।১৪। শ্রিতাদি যথা—"আশ্রিত-শ্রিত-বিদ্বাংসোঽতীতাত্যস্ত-বুভুৎসবঃ। আপন্ন-পতিত-প্রাপ্ত-গামি-গামি-বুভুক্ষবঃ" ।—শ্রীরামতর্কবাগীশ। "দ্বিতীয়ান্তাশ্চ ক্তান্তেন কালবাচিদিশাদয়ঃ। খট্বাক্ষেপেঽত্যন্তযোগে কালাঃ শ্রিতাদিভিস্তথা ॥"—প্র-র-মা

(গ) "খট্বা ক্ষেপে" (পা ২।১।২৬)

(ঘ) বিদ্যাসাগর মহাশয় নিত্য-সমাসের উদাহরণ দিতে গিয়া লিখিয়াছেন "খট্বাম্ আরূঢ়ঃ খট্বারূঢ়ঃ"। কিন্তু নিত্য সমাসে বাক্য বলা অসঙ্গত।

"সবাক্যো যঃ সমাসঃ স্যাৎ স বিকল্পঃ সুসম্মতঃ। বাক্যাভাবে তু নিত্যং স্যাদিতি শব্দবিদো বিদুঃ" ।—শ্রীরাম। যে সমাসের 'বাক্য' থাকে সেই সমাস বিকল্পে হয়। যে সমাসে বাক্য হয় না, তাহাকেই নিত্য সমাস বলে। এস্থলে 'খট্বারূঢ়ঃ' এই সমস্ত পদে

৮। কালা অত্যন্তসংযোগে। (ক)

'অত্যন্ত-সংযোগ' বুঝাইলে সুবন্ত পদের সহিত দ্বিতীয়ান্ত কাল-বাচক সুবন্ত পদের সমাস হয়। যথা,—**মুহূর্ত্তং সুখম্ মুহূর্ত্ত-সুখম্, মাসং গম্য: মাসগম্য:, বর্ষং ভোগ্য: বর্ষভোগ্য: ; মুহূর্ত্তং মাসং বর্ষং ব্যাপ্য ইত্যর্থ:।**

৯। তৃতীয়া পূর্ব্বাদিভি:। (খ)

পূর্ব্ব প্রভৃতি সুবন্ত পদের সহিত তৃতীয়ান্ত পদের সমাস হ যথা,—**মাসেন পূর্ব্ব: মাসপূর্ব্ব:, বর্ষেণ অবর: বর্ষাবর:, কলহ: বাক্কলহ:, গুড়েন মিশ্র: গুড়মিশ্র:, আচারেণ**

নিন্দা বুঝাইতেছে, কিন্তু 'খট্বাম্ আরূঢ়:' এই অসমস্ত বাক্যে নিন্দা বুঝায় না 'খট্বায় আরোহণ' নিন্দিত কার্য্য নহে। এইজন্য এস্থলে নিত্য সমাস; অ হইবে, কিন্তু সমাসের ব্যাস-বাক্য হইবে না। 'খট্বারূঢ়' শব্দে নিন্দা ব মুগ্ধবোধ-টীকাকার কার্ত্তিক সিদ্ধান্ত বলেন—যে শিষ্য গুরুর আদেশ না আরোহণ' করে, আচার-লঙ্ঘন করায় সেই দুর্বিনীত শিষ্যকে 'খট্বা বোধিনী-মতে—বেদপাঠ ও ব্রত সমাপ্ত করিয়া যে শিষ্য গৃহে প্রত্যাবর্ত্তন শিষ্যই 'খট্বায় আরোহণ' করিতে পারে। ব্রহ্মচর্য্য-কালে ভূমি-শয় উপযুক্ত কার্য্য। কিন্তু যে শিষ্য তাহা না করিয়া 'খট্বায় শয়ন' করে, ত বলে। ইহা রূঢ় শব্দ। অতএব কোনও ব্যক্তি খট্বায় আরোহণ কর যদি সে ব্যক্তি নিষিদ্ধ কার্য্যের অনুষ্ঠান করে, তবে তাহাকেই 'খট্বা বুঝাইলে হয় না। যথা—"খট্বামারূঢ়োঽধ্যাপক: শিষ্যান্ অধ্য শ্রিতে খট্বামবিনীতে চ বাচ্যবৎ।"—প্র-র-মালা।

(ক) "অত্যন্তসংযোগে চ" (পা ২।১।২৯)

(খ) "তৃতীয়া তৎকৃতার্থেন গুণবচনেন" (পা ২।১।৩০) "পূর্ব্বসদৃশসমোনার্থকলহ-নিপুণমিশ্রশ্লক্ষ্ণৈ:" (পা ২।১।৩১)

আচারশ্লক্ষ্ণঃ, ধনেন অর্থঃ ধনার্থঃ, মাত্রা সদৃশী মাতৃসদৃশী, পিত্রা সমঃ পিতৃসমঃ।

১০। **ঊনার্থৈশ্চ।**

'ঊনার্থ' সুবন্ত পদের সহিত তৃতীয়ান্ত পদের সমাস হয়। যথা,—**একেন ঊনঃ একোনঃ, বিদ্যয়া হীনঃ বিদ্যাহীনঃ, শ্রমেণ রহিতঃ শ্রমরহিতঃ, গর্ব্বেণ শূন্যঃ গর্ব্বশূন্যঃ, অঙ্গেন বিকলঃ অঙ্গবিকলঃ।**

১১। **ক্তেন কর্তৃকরণয়োঃ।** (ক)

ত্যয়-নিষ্পন্ন সুবন্ত পদের সহিত কর্ত্তায় ও করণে বিহিত বিভক্ত্যন্ত পদের সমাস হয়। যথা, কর্ত্তায়—**ব্যাঘ্রেণ ব্যাঘ্রহতঃ, অহিনা দষ্টঃ অহিদষ্টঃ, ব্যাসেন রচিতঃ ব্যাস-পাণিনিনা প্রণীতং পাণিনিপ্রণীতম্, নারদেন প্রোক্তং ...ম্, দ্বিজেন ভক্ষ্যং দ্বিজভক্ষ্যম্, পুত্রেণ দেয়ং পুত্রদেয়ম্। ...নখৈর্ভিন্নঃ নখভিন্নঃ, অসিনা ছিন্নম্ অসিচ্ছিন্নম্, ...ঃ অগ্নিদগ্ধঃ, জলেন সিক্তঃ জলসিক্তঃ, অঞ্জলিনা ...পেয়ম্, শিরসা ধার্য্যং শিরোধার্য্যম্।**

চতুর্থী বলি-হিত-সুখৈঃ। (খ)

...ত ও সুখ শব্দের সহিত চতুর্থ্যন্ত পদের সমাস

...তা বহুলম্" (২।১।৩২)

...র্থবলিহিতসুখরক্ষিতৈঃ" (পা ২।১।৩৬)। "তদর্থেন প্রকৃতি-...ব্যাতে"(কাশিকা)। "অর্থেন নিত্যসমাসো বিশেষ্যলিঙ্গতা চ

হয়। যথা,—**ভূতায় বলিঃ ভূতবলিঃ, পুত্রায় হিতম্ পুত্র হিতম্, ভ্রাত্রে সুখম্ ভ্রাতৃসুখম্।**

১৩। **অর্থেন চ।** (ক)

'অর্থ' শব্দের সহিত চতুর্থ্যন্ত পদের সমাস হয়। সমস্ত ভাগ বিশেষ্যের লিঙ্গ প্রাপ্ত হয়। যথা,—**দ্বিজার্থঃ সূপঃ, দ্বিজার্থা যবাগূঃ, দ্বিজার্থং পয়ঃ।** নিত্য সমাস।

১৪। **বিকৃতিঃ প্রকৃত্যা তাদর্থ্যে।** (ক)

'তাদর্থ্য' বুঝাইলে প্রকৃতি-বাচক সুবন্ত পদের সহিত বিকৃতি-বাচক চতুর্থ্যন্ত পদের সমাস হয়। যথা,—**কুণ্ডলায় হিরণ্যং কুণ্ডলহিরণ্যম্, যূপায় দারু যূপদারু।** (ক)

১৫। **পঞ্চমী ভয়াদিভিঃ।** (খ)

'ভয়' প্রভৃতি সুবন্ত পদের সহিত পঞ্চম্যন্ত পদের সমাস হয়। যথা,—**ব্যাঘ্রাৎ ভয়ম্ ব্যাঘ্রভয়ম্, ব্যাঘ্রাৎ ভীতঃ ব্যাঘ্রভীতঃ, গৃহাৎ নির্গতঃ গৃহনির্গতঃ, অধর্ম্মাৎ জুগুপ্সুঃ অধর্ম্মজুগুপ্সুঃ, সুখাৎ অপেতঃ সুখাপেতঃ, বন্ধনাৎ মুক্তঃ বন্ধনমুক্তঃ, ভয়াৎ**

ইতি বক্তব্যম্" (বা ১২৭৩-১২৭৪)। "চতুর্থ্যন্তাস্তদর্থাদিবলিহিতসুখরক্ষিতৈঃ"—প্র-র-মা। "অর্থেন নিত্যং সমাসঃ স চ বাচ্যস্য লিঙ্গভাক্। যজ্ঞার্থং দধি যজ্ঞার্থাভিক্ষা যজ্ঞার্থ ওদনঃ"।—প্র-র-মা

(ক) অশ্বঘাসঃ, বাসগৃহম্, রন্ধনস্থালী প্রভৃতি উদাহরণে ৬ষ্ঠীতৎপুরুষ সমাস, ৪র্থী-তৎপুরুষ নহে।

(খ) "পঞ্চমী ভয়েন" (পা ২।১।৩৭) "ভয়ভীতভীতিভীভিরিতি বাচ্যম্" (বা ১২৭৫)। "পঞ্চম্যন্তা ভয়ার্থেন"—প্র-র-মা

पतित: रथपतित:, तरङ्गात् अपत्रस्त: तरङ्गापत्रस्त:, विदेशात् आगत: विदेशागत: ।

১৬ । षष्ठी समर्थेन । (क)

'সমর্থ' সুবন্ত পদের সহিত ষষ্ঠ্যন্ত পদের সমাস হয়। যথা,—गङ्गाया जलम् गङ्गाजलम्, तरो: छाया तरुच्छाया, अग्ने: शिखा अग्निशिखा, वायो: वेग: वायुवेग:, जलस्य प्रवाह: जलप्रवाह:, सुखस्य भोग: सुखभोग:, पयस: पानं पय:पानम्, कन्याया: दानं कन्यादानम्, गवां दोह: गोदोह:, आज्ञाया: भङ्ग: आज्ञाभङ्ग:, दशाया: अन्त: दशान्त:, सूर्य्यस्य उदय:, सूर्य्योदय:, वृष्टे: पात: वृष्टिपात:, शिरस: छेद: शिरश्छेद:, गवां वध: गोवध:, पितु: गृहं पितृगृहम्, राज्ञ: भवनं राजभवनम्, मनो: वचनं मनुवचनम्, अर्थस्य नाश: अर्थनाश:, कूपस्य उदकं कूपोदकम् ।

১৭ । न निर्द्धारणे (पा २।२।१०)

'নির্দ্ধারণ'-অর্থে বিহিত ষষ্ঠীর সমাস হয় না। যথা,—मनुष्याणां क्षत्रिय: शूरतम:, गवां कृष्णा बहुक्षीरा । (খ)

(ক) "ষষ্ঠী" (পা ২।২।৮)

(খ) পুরুষাণাম্ উত্তমঃ পুরুষোত্তমঃ,—এস্থলে নির্দ্ধারে ৬ষ্ঠী, অথচ সমাস হইল কেন ? কেহ কেহ বলেন—পুরুষোত্তমঃ এই পদে ৭মীতৎপুরুষ সমাস, ৬ষ্ঠীতৎপুরুষ নহে। কিন্তু তাহা হইলে "ন নির্দ্ধারণে" এরূপ সূত্রের কোনই সার্থকতা থাকে না। কারণ যে, যে স্থলে ৬ষ্ঠী সমাস নিষেধ করা হইল, সেই সেই স্থলেই নির্দ্ধার-অর্থে বিহিত ৭মীর সহিত ৭মীতৎপুরুষ সমাস করা যাইতে পারে। এই জন্যই প্রয়োগ-রত্ন-মালার টীকাকার

১৮। **ন পূরণার্থৈঃ** (ক)

পূরণার্থ পদের সহিত ষষ্ঠ্যন্ত পদের সমাস হয় না। যথা,—**রাজ্ঞাং প্রথমঃ, পুত্রয়োঃ দ্বিতীয়ঃ, ভ্রাতৄণাং তৃতীয়ঃ, শিষ্যাণাং চতুর্থঃ, ছাত্রাণাং পঞ্চমঃ।**

১৯। **ন গুণবাচিভিঃ।** (ক)

গুণ-বাচক পদের সহিত ষষ্ঠ্যন্ত পদের সমাস হয় না। যথা—**পটস্য শুক্লঃ, জলস্য শীতলম্, কাকস্য কার্ষ্ণ্যম্।** কোনও কোনও স্থলে হয়। যথা,—**অর্থস্য গৌরবম্ অর্থগৌরবম্, বুদ্ধেঃ মান্দ্যম্ বুদ্ধিমান্দ্যম্, অর্থস্য কার্শ্যম্ অর্থকার্শ্যম্।** (ক)

২০। **ন তৃপ্ত্যর্থৈঃ।** (ক)

তৃপ্ত্যর্থ পদের সহিত ষষ্ঠ্যন্ত পদের সমাস হয় না। যথা,—**অপাং তৃপ্তঃ, ফলানাং সুহিতঃ, অন্নস্য আশিতঃ।**

বলিয়াছেন যে, নির্দ্ধারণ-অর্থে ৭মী সমাসও হয় না। কারণ নির্দ্ধারণ-অর্থে বিহিত ৬ষ্ঠী ও ৭মীর অর্থগত কোন ভেদ নাই এবং তাহা হইলে ৬ষ্ঠী সমাসের নিষেধও বিফল হইয়া যায়। তবে 'পুরুষোত্তম' কিরূপে হইল? কৈয়টের মতে—যাহা হইতে নির্দ্ধারিত হয়, যে একদেশ নির্দ্ধারিত হয়, এবং যাহা নির্দ্ধারণের হেতু—সেই তিনটী একত্র হইলে ষষ্ঠী-সমাস নিষিদ্ধ হইবে। পুরুষোত্তমঃ—এই পদে নির্দ্ধারিত একদেশের উল্লেখ না থাকায় ষষ্ঠীসমাস নিষিদ্ধ হইল না। পুরুষাণাং বিষ্ণুঃ উত্তমঃ,—এই বাক্যে পূর্ব্বোক্ত তিনটী একত্র হওয়ায় সমাস হইবে না। প্রৌঢ়মনোরমা এবং তত্ত্ববোধিনীরও এই মত। "নির্দ্ধারণে চ যা ষষ্ঠী সা ষষ্ঠী ন সমস্যতে।"—প্র-র-মা

(ক) "পূরণগুণসুহিতার্থসদব্যয়তব্যসমানাধিকরণেন" (পা ২।২।১১)। "অত্রানব্যয়-তব্যেন পূরণেঽথ ডমান্তকৈঃ।"—প্র-র-মা।

"গুণিভাষণযোগ্যেস্তু গুণবাচিপদৈরপি"।—প্র-র-মা।

২১। ন তৃজকাভ্যাং যাজকাদিবর্জ্জম্। (ক)

তৃচ্ ও অক প্রত্যয়ের যোগে নিষ্পন্ন পদের সহিত ষষ্ঠ্যন্ত পদের সমাস হয় না। যথা, তৃচ্—জগতঃ স্রষ্টা, সুখস্য দাতা, দুঃখস্য হর্ত্তা; অক—প্রজানাং পালকঃ, বৃক্ষাণাং ছেদকঃ, মনুষ্যাণাং ঘাতকঃ। যাজকাদির হয়। যথা,—শূদ্রযাজকঃ, দেব-পূজকঃ, রাজপরিচারকঃ, বেদাধ্যাপকঃ, দেবস্নাতকঃ, ভুবনভর্ত্তা, হবির্হোতা, গুণগ্রহীতা, গুণগ্রাহকঃ। (খ)

(ক) "তৃজকাভ্যাং কর্ত্তরি" (পা ২।২।১৫); যাজকাদিভিশ্চ" (পা ২।২।৯)

"শৌণ্ড-কিতব-সংবীত-প্রবীণ-ব্যাড়-পণ্ডিতাঃ। সিদ্ধঃ সাহসিকো দক্ষশ্চতুরো নিপুণঃ পটুঃ। কুশলশ্চপলো ধূর্ত্তঃ শুষ্ক-পক্বাবধীত্যপি। মধ্যার্থান্তস্তথা বন্ধঃ পরে শিষ্টপ্রয়োগতঃ" ॥ —শ্রীরামতর্কবাগীশ। শুষ্কপক্বৌ + অধি = শুষ্কপক্বাবধি, অধি যথা—পরেষু অধি পরাধীনঃ, ঈন প্রত্যয় করিয়া প্রয়োগ করিতে হইবে। মধ্যার্থ অন্তঃ যথা—বনান্তর্বসতি বনমধ্যে বসতীত্যর্থঃ।

(খ) যাজকাদি যথা—"হোতা পত্যর্থভর্ত্তা চ হন্তা যাজক-পূজকৌ। গণকো রথ-পত্তিভ্যাং স্নাপকঃ পরিচারকঃ। উৎসাদকোদ্বর্ত্তকাধ্যাপকাশ্চ পরিবেষকঃ। প্রযোজক ইমে প্রোক্তাঃ শেষং জ্ঞেয়ং প্রয়োগতঃ"—শ্রীরামতর্কবাগীশ। ভাববাচ্যে অক প্রত্যয় হইলে ৬ষ্ঠী সমাস নিষিদ্ধ নহে। যথা—তমোভেদিকা চন্দ্রস্য।

বর্ত্তমান-কালে বিহিত ক্ত-প্রত্যয়ান্ত যোগে যে ৬ষ্ঠী হয়, তাহার সহিত সমাস হয় না ("ক্তেন চ পূজায়াং"—পা ২।২।১২)। যথা—রাজ্ঞাং জ্ঞাতঃ, নরাণাং পূজিতঃ।

অধিকরণ-বাচ্যে বিহিত ক্ত প্রত্যয়ান্ত যোগে যে ৬ষ্ঠী হয়, তাহার সহিত সমাস হয় না, ("অধিকরণবাচিনা চ"—পা ২।২।১৩)। যথা—ইদমেষামাসিতং গতং ভুক্তং বা। কর্ত্তা ও কর্ম্ম উভয়ত্র ষষ্ঠীর সম্ভাবনা থাকিলে কর্ম্মে যে ৬ষ্ঠী হয়, তাহার সহিত সমাস হয় না ("কর্ম্মণি চ"—পা ২।২।১৪)। যথা—গবাং দোহো গোপেন, সমুদ্রস্য বন্ধো বানরৈঃ। যে সকল কৃদন্ত শব্দ অব্যয় হয়, তাহাদের সহিত ৬ষ্ঠী সমাস হয় না। যথা—ব্রাহ্মণস্য

২২। सप्तमी शौण्डादिभिः। (ক)

শৌণ্ড প্রভৃতি (৫০) শব্দের সহিত সপ্তম্যন্ত পদের সমাস হয়। যথা,—दाने शौण्डः दानशौण्डः, शास्त्रे प्रवीणः शास्त्र-प्रवीणः, रणे पण्डितः रणपण्डितः, क्रीड़ायां कुशलः क्रीड़ा-कुशलः, कर्म्मसु निपुणः कर्म्मनिपुणः, आतपे शुष्कः आतप-शुष्कः, स्थाल्यां पक्वः स्थालीपक्वः।

২৩। कृत्यैर्ऋणे (পা ২।১।৪৩)

'ঋণ' বুঝাইলে কৃত্য-প্রত্যয়-নিষ্পন্ন পদের সহিত সপ্তম্যন্ত পদের সমাস হয়। যথা,—मासे देयं मासदेयम् ऋणम्, वर्षे परिशोध्यं वर्षपरिशोध्यम् ऋणम्।

২৪। क्तेनाहोरात्रावयवाः (পা ২।১।৪৫)

ক্ত-প্রত্যয়-নিষ্পন্ন পদের সহিত দিন ও রাত্রির অবয়ব-বোধক সপ্তম্যন্ত পদের সমাস হয়। যথা,—पूर्व्वाह्णे कृतं पूर्व्वाह्ण-कृतम्, अपराह्णे कृतम् अपराह्णकृतम्, पूर्व्वरात्रे कृतं पूर्व्व-रात्रकृतम्, अपररात्रे कृतम् अपररात्रकृतम्।

২৫। कुत्सायां क्षेपवाचिना। (খ)

কৃত্য। শতৃ ও শান প্রত্যয়ান্ত পদের সহিত সমাস হয় না। যথা—देवस्य कुर्व्वन्, ब्राह्मणस्य कुर्व्वाणः।

(ক) "সপ্তমী শৌণ্ডৈঃ" (পা ২।১।৪০); "সিদ্ধশুষ্কপক্ববন্ধৈশ্চ" (পা ২।১।৪১)।

(৫০) शौण्ड, धूर्त्त, कितव, प्रवीण, संवीत, पटु, पण्डित, कुशल, चपल, निपुण, सिद्ध, शुष्क, पक्व ইত্যাদি।

(খ) "ধ্বাঙ্ক্ষেণ ক্ষেপে" (পা ২।১।৪২)

'নিন্দা' বুঝাইলে কাক-বাচক সুবন্ত পদের সহিত সপ্তম্যন্ত পদের সমাস হয়। যথা,—**তীর্থে কাক ইব তীর্থকাকঃ, তীর্থবায়সঃ, তীর্থধ্বাঙ্ক্ষঃ, অনবস্থিত ইত্যর্থঃ।** (ক)

২৬। পূর্ব্বাদিরেকদেশিনৈকবচনে। (খ)

একবচনান্ত অবয়বীর সহিত পূর্ব্ব, অপর, অধর, উত্তর, ইহাদের সমাস হয়। যথা,—**পূর্ব্বং কায়স্য পূর্ব্বকায়ঃ।** এইরূপ **অপরকায়ঃ, অধরকায়ঃ, উত্তরকায়ঃ।** একবচন না হইলে হয় না। যথা,—**পূর্ব্বং ছাত্রাণাম্ আমন্ত্রয়স্ব।**

২৭। অর্দ্ধং নপুংসকম্ (পা ২।২।২)

একবচনান্ত অবয়বীর সহিত ক্লীবলিঙ্গ অর্দ্ধ শব্দের সমাস হয়। যথা,—**অর্দ্ধং পিপ্পল্যাঃ অর্দ্ধপিপ্পলী।** অন্য লিঙ্গে হয় না। যথা,—**গ্রামস্য অর্দ্ধঃ।** একবচন না হইলে হয় না। যথা,—**অর্দ্ধং পিপ্পলীনাম্।** (গ)

(ক) তীর্থে কাক যেমন এক স্থানে অধিক-ক্ষণ থাকে না, সেইরূপ যে ব্যক্তি তীর্থে কাকের ন্যায় কর্ত্তব্য কার্য্যে অনবস্থিত, তাহাকে 'তীর্থকাক' প্রভৃতি বলা হইয়া থাকে।—গোয়ীচন্দ্র

(খ) "পূর্ব্বাপরাধরোত্তরমেকদেশিনৈকাধিকরণে" (পা ২।২।১)

(গ) ভাষ্যকারের মতে এরূপ সূত্রের কোনই প্রয়োজন নাই। এই একদেশি-সমাস ষষ্ঠী-সমাসের বাধক। কিন্তু ভাষ্যকার বলেন, এই সকল স্থলে ষষ্ঠী-সমাসও হইতে পারে। যথা—অপূপার্দ্ধং ময়া ভক্ষিতং, গ্রামার্দ্ধং ময়া লব্ধম্। অতএব ভাষ্যকারের মতে অর্দ্ধং পিপ্পল্যাঃ এই বাক্যে যেমন অর্দ্ধপিপ্পলী হয়, সেইরূপ পিপ্পল্যর্দ্ধম্ এইরূপ ষষ্ঠী সমাসও হইতে পারে। কৈয়ট বলেন, পাণিনি ও কাত্যায়ন অপেক্ষা ভাষ্যকারেরই অধিকতর প্রামাণ্য, কারণ ভাষ্যকার ইঁহাদের অপেক্ষা অধিকতর লক্ষ্য দর্শন

২৮। কালাঃ পরিমাণিনা (পা ২।২।৫)

পরিচ্ছেদ্য-বাচক পদের সহিত কাল-বাচক পদের সমাস হয়। যথা,—**মাসো জাতস্য মাসজাতঃ** (ক), **বর্ষো মৃতস্য বর্ষমৃতঃ।**

২৯। একদেশবাচিনা চ। (খ)

একদেশ-বাচক পদের সহিত কাল-বাচক পদের সমাস হয়।

৩০। অহ্নোঽহ্ন একদেশাৎ। (গ)

একদেশ-বাচক পদের পরবর্ত্তী অহন্-শব্দ-স্থানে অহ্ন হয়। যথা,—**পূর্ব্বম্ অহ্নঃ পূর্ব্বাহ্নঃ, মধ্যম্ অহ্নঃ মধ্যাহ্নঃ, অপরম্ অহ্নঃ অপরাহ্নঃ, সায়ম্ অহ্নঃ সায়াহ্নঃ।**

৩১। রাত্রেরন্। (ঘ)

একদেশ-বাচক পদের পরবর্ত্তী রাত্রি শব্দের উত্তর অন্ হয়; ন্

করিয়াছেন। সংক্ষিপ্তসারে এবং প্রৌঢ়মনোরমায় ভাষ্যকারেরই মত সমর্থিত হইয়াছে। খণ্ড-বাচক অর্দ্ধ শব্দ নিত্য নপুংসক নহে। যথা, গ্রামার্দ্ধঃ, নগরার্দ্ধঃ সমাংশ-বাচক অর্দ্ধ-শব্দ নিত্য নপুংসক। সূত্রে তাহারই গ্রহণ হইয়াছে। "অর্দ্ধঃ খণ্ডে সমাংশেহর্দ্ধম্।"

(ক) "যস্য হি জননাদুর্দ্ধং মাসো গতঃ স মাসজাত ইতি ব্যবহ্রিয়তে"—প্রৌঢ়মনোরমা। "কালো জাতস্য মাসেন পরিচ্ছিদ্যতে। তথাহি—কিয়ান্ কালোঽস্য জাতস্যেতি প্রশ্নে মাস ইত্যাদি প্রতিবচনং স চ ত্রিংশদ্রাত্র্যাত্মক এব সংপদ্যতে"।—কৈয়টঃ

(খ) "সর্ব্বোঽপ্যেকদেশোঽহ্না সমস্যতে, সংখ্যাবিসায়েতি জ্ঞাপকাৎ" (পা ৬।৩।১১০)

(গ) "অহ্নোঽহ্ন এতেভ্যঃ" (পা ৫.৪.৮৮)

(ঘ) "অহঃসর্ব্বৈকদেশসংখ্যাতপুণ্যাচ্চ রাত্রেঃ" (পা ৫।৪।৮৭)

ইৎ, অ থাকে। যথা,—**পূর্ব্বং রাত্রেঃ পূর্ব্বরাত্রঃ** (ক), **মধ্যং রাত্রেঃ মধ্যরাত্রঃ, অপরং রাত্রেঃ অপররাত্রঃ।**

৩২। বিভাষা দ্বিতীয়-তৃতীয়-চতুর্থ-তুর্য্যাণি। (খ)

ষষ্ঠ্যন্ত অবয়বীর সহিত দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ, তুর্য্য, ইহাদের বিকল্পে সমাস হয়। যথা,—**দ্বিতীয়ং ভিক্ষায়াঃ দ্বিতীয়ভিক্ষা, তৃতীয়ং ভিক্ষায়াঃ তৃতীয়ভিক্ষা, চতুর্থং ভিক্ষায়াঃ চতুর্থভিক্ষা, তুর্য্যং ভিক্ষায়াঃ তুর্য্যভিক্ষা।** পক্ষে ষষ্ঠী সমাস। যথা,—**ভিক্ষায়াঃ দ্বিতীয়ম্, ভিক্ষাদ্বিতীয়ম্।** এইরূপ **ভিক্ষাতৃতীয়ম্, ভিক্ষা-চতুর্থম্, ভিক্ষাতুর্য্যম্।** (গ)

৩৩। অলং চতুর্থ্যা পুংবচ্চ। (ঘ)

চতুর্থ্যন্ত পদের সহিত অলম্, এই অব্যয়ের সমাস ও চতুর্থ্যন্ত স্ত্রীলিঙ্গ পদের পুংবদ্ভাব হয়। যথা,—**অলং জীবিকায়ৈ অলং-জীবিকঃ।**

৩৪। অত্যাদয়ঃ ক্রান্তাদৌ দ্বিতীয়য়া। (ঙ)

ক্রান্ত প্রভৃতি অর্থে দ্বিতীয়ান্ত পদের সহিত অতি প্রভৃতির

(ক) তত্ত্ববোধিনী-মতে একদেশি-সমাস-স্থলেই এই নিয়ম। কিন্তু যদি রাত্রি শব্দের একদেশে লক্ষণা স্বীকার করিয়া কর্ম্মধারয় সমাস করা যায়, তাহা হইলে "পূর্ব্বরাত্রিঃ" এইরূপই হইবে।

(খ) "দ্বিতীয়তৃতীয়চতুর্থতুর্য্যাণ্যন্যতরস্যাম্" (পা ২।২।৩)

(গ) শ্রীরামতর্কবাগীশের মতে 'তুরীয়' শব্দও ইহার অন্তর্গত।

(ঘ) "দ্বিগুপ্রাপ্তাপন্নালংপূর্ব্বগতিসমাসেষু প্রতিষেধো বাচ্যঃ" (বা ১৫৪৫); "অতএব জ্ঞাপকাৎ সমাসঃ"—ভট্টোজি

(ঙ) "অত্যাদয়ঃ ক্রান্তাদ্যর্থে দ্বিতীয়য়া" (বা ১৩৩

সমাস ও স্ত্রীলিঙ্গ দ্বিতীয়ান্ত পদের পুংবদ্ভাব হয়। যথা,—
অতিক্রান্তঃ খট্বাম্ অতিখট্বঃ, উৎক্রান্তো বেলাম্ উদ্বেলঃ। (ক)

৩৫। অবাদয়ঃ ক্রুষ্টাদৌ তৃতীয়য়া। (খ)

'ক্রুষ্ট' প্রভৃতি অর্থে তৃতীয়ান্ত পদের সহিত 'অব' প্রভৃতির সমাস ও স্ত্রীলিঙ্গ তৃতীয়ান্ত পদের পুংবদ্ভাব হয়। যথা,—**অবক্রুষ্টঃ কোকিলয়া অবকোকিলঃ বৃক্ষঃ সম্বদ্ধঃ ক্রন্ ইত্যর্থঃ।**

৩৬। পর্য্যাদয়ো গ্লানাদৌ চতুর্থ্যা। (গ)

'গ্লান' প্রভৃতি অর্থে চতুর্থ্যন্ত পদের সহিত 'পরি' প্রভৃতির সমাস ও স্ত্রীলিঙ্গ চতুর্থ্যন্ত পদের পুংবদ্ভাব হয়। যথা,—**পরিগ্লানঃ অধ্যয়নায় পর্য্যধ্যয়নঃ।**

৩৭। নিরাদয়ঃ ক্রান্তাদৌ পঞ্চম্যা। (ঘ)

'ক্রান্ত' প্রভৃতি অর্থে পঞ্চম্যন্ত পদের সহিত 'নির্' প্রভৃতির সমাস ও স্ত্রীলিঙ্গ পঞ্চম্যন্ত পদের পুংবদ্ভাব হয়। যথা,—**নিষ্ক্রান্তঃ কৌশাম্ব্যাঃ নিষ্কৌশাম্বিঃ, উত্থিতো নিদ্রায়াঃ উন্নিদ্রঃ।**

৩৮। সামি-স্বয়মৌ ক্তেন। (ঙ)

ক্ত-প্রত্যয়-নিষ্পন্ন সুবন্ত পদের সহিত সামি ও স্বয়ম্, এই দুই

(ক) এই গুলিকে 'প্রাদি' সমাস বলে। প্রাদি সমাস তৎপুরুষের অন্তর্গত হইলেও সমস্ত পদ বহুব্রীহি সমাসের মত অন্য-পদার্থ-প্রধান হয়।

(খ) অবাদয়ঃ ক্রুষ্টাদ্যর্থে তৃতীয়য়া" (বা ১৩৩৭)

(গ) "পর্য্যাদয়ো গ্লানাদ্যর্থে চতুর্থ্যা" (বা ১৩৩৮)

(ঘ) "নিরাদয়ঃ ক্রান্তাদ্যর্থে পঞ্চম্যা" (বা ১৩৩৯)

(ঙ) "স্বয়ং ক্তেন" (পা ২।১।২৫); "সামি" (পা ২।১।২৭); "ঐকপদ্যমৈকস্বর্য্যং চ সমাসত্বাদ্ ভবতি" (কাশিকা)

অব্যয়ের সমাস হয়। যথা,—**সামিকৃতম্, সামিঘটিতম্; স্বয়ঙ্কৃতম্, স্বয়ন্দত্তম্**।

৩৯। নঞ্ সুপা। (ক)

সুবন্ত পদের সহিত নঞের সমাস হয়। যথা,—**ন ব্রাহ্মণঃ অব্রাহ্মণঃ, ন মোঘঃ অমোঘঃ, ন প্রিয়ঃ অপ্রিয়ঃ, ন বিকৃতঃ অবিকৃতঃ, ন সিদ্ধঃ অসিদ্ধঃ, ন সুখম্ অসুখম্, ন দর্শনম্ অদর্শনম্, ন উপলব্ধঃ অনুপলব্ধঃ**। (খ)

৪০। ঈষদকৃতা (পা ২।২।৭)

কৃদন্ত ভিন্ন সুবন্ত পদের সহিত ঈষৎ, এই অব্যয়ের সমাস হয়। যথা,—**ঈষৎকড়ারঃ, ঈষৎপিঙ্গলঃ, ঈষদ্বিকচঃ, ঈষন্মুকুলিতঃ**।

৪১। আঙীষদর্থে। (গ)

'ঈষদর্থ' বুঝাইলে সুবন্ত পদের সহিত আঙ্, এই অব্যয়ের সমাস হয়। যথা,—**আমধুরঃ, আপিঙ্গলঃ, আপাণ্ডরঃ, আলোহিতঃ**।

৪২। স্বতী পূজায়াম্। (গ)

'প্রশংসা' অর্থ বুঝাইলে সুবন্ত পদের সহিত সু, অতি, এই দুই

(ক) 'নঞ্' (পা ২।২।৬)

(খ) নঞের অর্থ ছয় প্রকার। যথা—"তৎসাদৃশ্যমভাবশ্চ তদন্যত্বং তদল্পতা। অপ্রাশস্ত্যং বিরোধশ্চ নঞর্থাঃ ষট্ প্রকীর্ত্তিতাঃ।" যথাক্রমে উদাহরণ—ন ব্রাহ্মণঃ অব্রাহ্মণঃ ব্রাহ্মণসদৃশ ইত্যর্থঃ। পাপস্য অভাবঃ অপাপম্। ন ঘটঃ অঘটঃ ঘটভিন্ন ইত্যর্থঃ। অনুদরা কন্যা অল্পোদরীত্যর্থঃ। অকেশী নারী অপ্রশস্তকেশীত্যর্থঃ। অসুরঃ সুরবিরোধীত্যর্থঃ।

(গ) "কুগতিপ্রাদয়ঃ" (পা ২।২।১৮)

অব্যয়ের সমাস হয়। যথা,—**সুপুরুষঃ, সুব্রাহ্মণঃ ; অতিমৃদুঃ, অতিদয়ালুঃ।** (ক)

৪৩। দুর্নিন্দায়াম্। (খ)

'নিন্দা' অর্থ বুঝাইলে সুবন্ত পদের সহিত দুর্, এই অব্যয়ের সমাস হয়। যথা,—**দুষ্কুলম্, দুর্নীতিঃ, দুশ্চরিতম্, দুষ্পুরুষঃ।**

৪৪। কুঃ পাপার্থে। (খ)

'কুৎসিত' অর্থ বুঝাইলে সুবন্ত পদের সহিত কু, এই অব্যয়ের সমাস হয়। যথা,—**কুব্রাহ্মণঃ, কুপুরুষঃ, কুসংস্কারঃ।**

৪৫। ধাতুভিরুপপদানি। (গ)

ধাতুর সহিত উপপদের (৫১) সমাস হয় (ঘ)। যথা,—

(ক) ৪২ হইতে ৪৫ পর্য্যন্ত সূত্র দ্বারা যে সমাস হয়, তাহা 'নিত্য' সমাস। "নিত্য-সমাসে স্বপদবিগ্রহো নাস্তি, পদান্তরেণার্থকথনম্",—নিত্য সমাসে সমস্যমান পদের প্রয়োগে ব্যাস-বাক্য হয় না, পদান্তর দ্বারা ইহাদের একতরের অর্থ বলিতে হয়। যথা—'সু পুরুষঃ' এরূপ বাক্য না বলিয়া "শোভনঃ পুরুষঃ" এইরূপ বাক্য বলিতে হইবে। এইরূপ শোভনো ব্রাহ্মণঃ—সুব্রাহ্মণঃ, অত্যন্তং মৃদুঃ—অতিমৃদুঃ, দুষ্টং কুলম্—দুষ্কুলম্ কুৎসিতো ব্রাহ্মণঃ—কুব্রাহ্মণঃ, কুম্ভং করোতি—কুম্ভকারঃ ইত্যাদি।

(খ) "কুগতিপ্রাদয়ঃ" (২।২।১৮)

(গ) "উপপদমতিঙ্" (পা ২।২।১৯)

(৫১) যে সকল সুবন্ত পদ প্রভৃতির পরবর্ত্তী ধাতুর উত্তর কৃৎ-প্রত্যয় বিহিত হয়, তাহাদিগকে উপপদ বলে। কুম্ভকার, এ স্থলে কুম্ভম্ এই উপপদের সহিত কৃ-ধাতুর সমাস হইয়া কুম্ভকৃ এইরূপ হইলে অণ্ হয়। এইরূপ সর্ব্বত্র।

(ঘ) ইহাকেই 'উপপদ সমাস' বলে।

কুম্ভকারঃ, প্রভাকরঃ, নিশাকরঃ, হিতকরঃ, প্রীতিকরঃ, অগ্রসরঃ, জলচরঃ, পার্শ্বচরঃ, শিলাশয়ঃ, সরসিজম্, পঙ্কজম্, অণ্ডজঃ, জলজঃ, পতগঃ, ভুজগঃ।

৪৬। **উপসর্গাশ্চ।** (ক)

ধাতুর সহিত উপসর্গের সমাস হয়। যথা, **সম্—সংস্করোতি, সংস্কারঃ, সংস্কৃত্য ; বি—বিজয়তে, বিজয়ঃ, বিজিত্য ; অভি—অভিষিঞ্চতি, অভিষেকঃ, অভিষিচ্য ; আ—আরভতে, আরম্ভঃ, আরভ্য।**

৪৭। **ঊর্য্যাদি-চ্বি-ডাচশ্চ (পা ১।৪।৬১)**

ধাতুর সহিত ঊরী (৫২) প্রভৃতি শব্দের, এবং চ্বি ও ডাচ্ প্রত্যয়ান্তের সমাস হয়। যথা,—**ঊরী—ঊরীকরোতি, ঊরীকরণম্, ঊরীকৃত্য** (খ)। **আবিস্—আবিষ্করোতি, আবিষ্ক্রিয়া, আবিষ্কৃত্য। প্রাদুস্—প্রাদুর্ভবতি, প্রাদুর্ভাবঃ, প্রাদুর্ভূয়।** চ্বি—**স্বীকরোতি, স্বীকারঃ, স্বীকৃত্য ; ভস্মীভবতি, ভস্মীভাবঃ, ভস্মীভূয়।** ডাচ্—**সময়াকরোতি, সময়াকরণম্, সময়াকৃত্য ; দুঃখাকরোতি** (গ), **দুঃখাক্রিয়া, দুঃখাকৃত্য।** (ঘ)

(ক) "কুগতিপ্রাদয়ঃ" (পা ২।২।১৮)

(৫২) ঊরী, উররী, আবিস্, প্রাদুস্, স্বধা, স্বাহা, বষট্, বৌষট্ ইত্যাদি।

(খ) "তদূরীকৃত্য কৃতিভির্বাচস্পত্যং প্রতায়তে"—মাঘ

(গ) "যত্তু দন্দহ্যতে লোকমদো দুঃখাকরোতি মাম্"—মাঘ

(ঘ) ৪৬ হইতে ৬০ পর্য্যন্ত ১৫টী সূত্র 'গতি সমাসের' অন্তর্গত।

৪৮। অনুকরণান্যানিতিপরম্ (পা ১।৪।৬২)

ধাতুর সহিত অনুকরণ-শব্দের সমাস হয়। যথা,—**খাট্‌করোতি, খাট্‌করণম্, খাট্‌কৃত্য; ঝনত্‌করোতি, ঝনত্‌ক্রিয়া, ঝনত্‌কৃত্য।** ইতি শব্দ পরে থাকিলে হয় না। যথা,—**খাডিতি কৃত্বা নিষ্ঠীবতি।**

৪৯। আদরানাদরয়োঃ সদসতী (পা ১।৪।৬৩)

যথাক্রমে আদর ও অনাদর অর্থে ধাতুর সহিত **সৎ** ও **অসৎ** শব্দের সমাস হয়। যথা,—**সৎকরোতি, সৎকারঃ, সৎকৃত্য; অসৎকরোতি, অসৎক্রিয়া, অসৎকৃত্য।**

৫০। ভূষণেঽলম্ (পা ১।৪।৬৪)

'ভূষণ' অর্থ বুঝাইলে ধাতুর সহিত **অলম্**-শব্দের সমাস হয়। যথা,—**অলঙ্করোতি, অলঙ্করণম্, অলঙ্কৃত্য।** (ক)

৫১। অন্তরপরিগ্রহে (পা ১।৪।৬৫)

ধাতুর সহিত **অন্তর্** শব্দের সমাস হয়। যথা,—**অন্তর্হত্য, মধ্যে হত্বা ইত্যর্থঃ। অন্তর্ভবতি, অন্তর্ভাবঃ, অন্তর্ভূয়।** পরিগ্রহ অর্থে হয় না। যথা,—**অন্তর্হত্বা গতঃ, হতং পরিগৃহ্য গত ইত্যর্থঃ।** (খ)

(ক) ভূষণ ভিন্ন অর্থে হয় না। যথা—অলং ভুক্ত্বা ওদনং গতঃ, পর্য্যাপ্তং ভুক্ত্বা গত ইত্যর্থঃ।

(খ) "হত্বা গমনং দ্বিবিধং, হতং ত্যক্ত্বা তং গৃহীত্বা চ। তত্র যত্র হতং ত্যক্ত্বা গমনং তত্রৈব অন্তর্হত্য গত ইত্যুদাহরণম্। অন্যত্র তু অন্তর্হত্বা মূষিকং শ্যেনো গতঃ—হতং গৃহীত্বৈব গত ইত্যর্থঃ"—বৃহন্মুগ্ধবোধঃ।

৫২। পুরোঽব্যয়ম্ (পা ১।৪।৬৭)

ধাতুর সহিত পুরস্ এই অব্যয় শব্দের সমাস হয়। যথা,—পুরস্করোতি, পুরস্কারঃ, পুরস্কৃত্য।

৫৩। অস্তং চ (পা ১।৪।৬৮)

ধাতুর সহিত অস্তম্ এই অব্যয় শব্দের সমাস হয়। যথা,—অস্তঙ্গচ্ছতি, অস্তঙ্গতঃ, অস্তঙ্গত্য।

৫৪। অচ্ছগত্যর্থবদেষু (পা ১।৪।৬৯)

বদ্ ধাতুর ও গত্যর্থ ধাতুর সহিত অচ্ছ এই অব্যয় শব্দের সমাস হয়। যথা,—অচ্ছবদতি, অচ্ছোদ্য; অচ্ছগচ্ছতি, অচ্ছগত্য, অভিমুখমিত্যর্থঃ। (ক)

৫৫। তিরোঽন্তর্দ্ধৌ (পা ১।৪।৭১)

ব্যবধান বুঝাইলে ধাতুর সহিত তিরস্ এই অব্যয় শব্দের সমাস হয়। যথা,—তিরোভবতি, তিরোভাবঃ, তিরোভূয়। (খ)

৫৬। বিভাষা কৃঞি (পা ১।৪।৭২)

কৃ-ধাতুর সহিত তিরস্ এই অব্যয় শব্দের বিকল্পে সমাস হয়। যথা,—তিরস্কৃত্য, তিরঃ কৃত্বা।

৫৭। সাক্ষাৎপ্রভৃতীনি চ (পা ১।৪।৭৪)

(ক) অব্যয় না হইলে হয় না। যথা—জলমচ্ছং গচ্ছতি—সি: কৌ

(খ) অন্তর্ধান না বুঝাইলে হয় না। যথা—"তিরো ভূত্বা স্থিতঃ, পার্শ্বতো ভূত্বা ইত্যর্থঃ"—তত্ত্ববোধিনী

কৃ-ধাতুর সহিত সাক্ষাৎ (৫৩) প্রভৃতি শব্দের বিকল্পে সমাস হয়। যথা,—সাক্ষাৎকৃত্য, সাক্ষাৎ কৃত্বা; নমস্কৃত্য, নমঃ কৃত্বা; বশেকৃত্য, বশে কৃত্বা; মিথ্যাকৃত্য, মিথ্যা কৃত্বা।

৫৮। অনত্যাধান উরসি-মনসী। (পা ১।৪।৭৫)

কৃ-ধাতুর সহিত উরসি, মনসি, এই দুই সপ্তম্যন্ত পদের বিকল্পে সমাস হয়। যথা,—উরসিকৃত্য, উরসি কৃত্বা, স্বীকৃত্যেত্যর্থঃ। মনসিকৃত্য, মনসি কৃত্বা, নিশ্চিত্যেত্যর্থঃ। উপশ্লেষ অর্থে হয় না। যথা,—উরসি স্থাপয়িত্বা। (ক)

৫৯। মধ্যে পদে নিবচনে চ (পা ১।৪।৭৬)

কৃ-ধাতুর সহিত মধ্যে, পদে, নিবচনে, এই তিন সপ্তম্যন্ত পদের বিকল্পে সমাস হয়। যথা,—মধ্যেকৃত্য, মধ্যে কৃত্বা; পদেকৃত্য পদে কৃত্বা; নিবচনেকৃত্য, নিবচনে কৃত্বা (খ)। উপশ্লেষ-অর্থে হয় না। যথা—মধ্যে স্থাপয়িত্বা, পদে স্থিত্বা।

৬০। নিত্যং হস্তে পাণাবুপযমনে (পা ১।৪।৭৭)

'বিবাহ' (গ) অর্থ বুঝাইলে কৃ-ধাতুর সহিত হস্তে, পাণৌ, এই

(৫৩) সাক্ষাৎ, মিথ্যা, নমস্, প্রাদুস্, অর্থে, বশে, অমা, অচ্ছা, তূষ্ণীম্, শীতম্, আর্দ্রম্, বিকসনে, প্রহসনে ইত্যাদি।

(ক) অত্যাধান=উপশ্লেষ=সংযোগ।

(খ) "নিবচনং বচনাভাবঃ, নিবচনেকৃত্য বচনং নিযম্য ইত্যর্থঃ"—সং-সা, কৃৎ,৪৮১সূ।

(গ) উপযমন=বিবাহ; মতান্তরে উপযমন=স্বীকার। হস্তেকৃত্য পাণৌকৃত্য—পরিণীয় ইত্যর্থ ইতি তত্ত্ববোধিনী। স্বীকৃত্য ইত্যর্থঃ—ইতি সং-সা (কৃৎ, ৩৭৭ সূ)। "হস্তেকৃত্য মহাস্ত্রাণি"—ভট্টি। অন্য অর্থে হয় না। যথা—হস্তে কৃত্বা কার্ষাপণং গতঃ।

দুই সপ্তম্যন্ত পদের 'নিত্য' সমাস হয়। যথা,—**হস্তেকৃত্য, পাণৌ-কৃত্য, দারকর্ম্ম কৃত্বেত্যর্থঃ।**

৬১। তৎপুরুষঃ সমানাধিকরণঃ কর্ম্মধারয়ঃ (পা ১।২।৪২) (ক)

যে তৎপুরুষ সমাসে সমস্যমান পদ সকল সমানাধিকরণ, অর্থাৎ বিশেষণ-বিশেষ্য-ভাবাপন্ন, অথবা অভেদ-সম্বন্ধে একার্থ-প্রতিপাদক হয়, তাহাকে কর্ম্মধারয় বলে।

৬২। বিশেষণং বিশেষ্যেণ বহুলম্ (পা ২।১।৫৭)

বিশেষ্য পদের সহিত বিশেষণ পদের সমাস হয়। (খ) যথা,—**নীলম্ উৎপলম্ নীলোৎপলম্, শীতঃ পবনঃ শীতপবনঃ, উষ্ণম্ উদকম্ উষ্ণোদকম্, নবঃ পল্লবঃ নবপল্লবঃ, মধুরং বচনং মধুরবচনম্, নবম্ অন্নম্ নবান্নম্, সর্ব্বে লোকাঃ সর্ব্বলোকাঃ, বিশ্বে দেবাঃ বিশ্বদেবাঃ, দৃঢ়ো বন্ধঃ দৃঢ়বন্ধঃ, সুরভি চন্দনং সুরভিচন্দনম্, নবঃ জলধরঃ নবজলধরঃ, সন্ পুরুষঃ সৎপুরুষঃ, মহান্ দেবঃ মহাদেবঃ, মহান্ বীরঃ মহাবীরঃ, পরমঃ পুরুষঃ পরমপুরুষঃ, কেবলঃ বৈয়াকরণঃ কেবলবৈয়াকরণঃ, জরন্ নৈয়া-**

(ক) "স্বার্থে তুল্যাধিকরণসমাসঃ কর্ম্মধারয়ঃ"—প্র-র-ম।

(খ) সূত্রে 'বহুল' শব্দের প্রয়োগ থাকায় (১) কোন কোন স্থলে সমাস নিত্য হয় অর্থাৎ বাক্য থাকে না। যথা—কৃষ্ণসর্পঃ। (২) কোন কোন স্থলে সমাস হয় না। যথা—রামো জামদগ্ন্যঃ।

যিকঃ জরন্নৈয়াযিকঃ, সপ্ত ঋষয়ঃ সপ্তর্ষয়ঃ (ক), অষ্টৌ বসবঃ অষ্টবসবঃ, নব গ্রহাঃ নবগ্রহাঃ।

৬৩। **পুংবৎ পূর্ব্বং ভাষিতপুংস্কং কর্ম্মধারয়ে।** (খ)

কর্ম্মধারয় সমাস হইলে ভাষিতপুংস্ক (৫৪) স্ত্রীলিঙ্গ পূর্ব্ব পদের পুংবদ্ভাব হয়। যথা,—**সুন্দরী মহিলা সুন্দরমহিলা, কৃষ্ণা চতুর্দশী কৃষ্ণচতুর্দশী, পাচিকা স্ত্রী পাচকস্ত্রী, পঞ্চমী কন্যা পঞ্চমকন্যা, সুকেশী ভার্য্যা সুকেশভার্য্যা, ব্রাহ্মণী ভার্য্যা ব্রাহ্মণ-ভার্য্যা।** উপ-প্রত্যয়ান্তের হয় না। যথা,—**বামোরূঃ ভার্য্যা বামোরুভার্য্যা।**

৬৪। **ক্তেন নঞ্‌বিশিষ্টেনানঞ্‌** (পা ২।১।৬০)

(ক) সংজ্ঞা না বুঝাইলে সংখ্যা-বাচক শব্দের সহিত কর্ম্মধারয় হয় না। সপ্তর্ষি-শব্দ সংজ্ঞা-বাচক, এই জন্য যে কোন সাত জন ঋষিকে না বুঝাইয়া মরীচি, অত্রি প্রভৃতি সাত জনকে বুঝায়। অষ্টৌ ব্রাহ্মণাঃ, পঞ্চ ক্ষত্রিয়াঃ প্রভৃতি স্থলে সংজ্ঞা বুঝায় নাই, অতএব সমাস হইল না। "ত্রিলোকনাথেন সদা মখদ্বিষঃ"—রঘু। এ স্থলে ত্রিলোক-শব্দ সংজ্ঞা-বাচক নহে, তথাপি কর্ম্মধারয় সমাস হইল কেন? প্রৌঢ়মনোরমা ও তত্ত্ববোধিনীর মতে 'ত্রাবয়বো লোকাস্ত্রিলোকঃ' এই বাক্যে মধ্যপদলোপী কর্ম্মধারয় সমাস হইয়াছে। মল্লিনাথের মতে 'ত্রিলোকনাথেন' এই পদে উত্তর-পদ দ্বিগু-সমাস হইয়াছে। পঞ্চপুরাণা-নাম্, দশদিক্ প্রভৃতি প্রয়োগ সংক্ষিপ্তসার-মতে অসাধু। গোয়ীচন্দ্র-মতে ত্রিগুণ, চতুর্ব্বর্গ, ষড়্‌বর্গ প্রভৃতি শব্দ ষষ্ঠী-সমাস-নিষ্পন্ন অথবা মধ্যপদলোপি-কর্ম্মধারয়-নিষ্পন্ন। চতু-র্দ্দিগীশ, দ্বিচন্দ্রজ্ঞান প্রভৃতি স্থলে সংক্ষিপ্তসারের মতে দ্বিগু সমাস।

(খ) "পুংবৎ কর্ম্মধারয়জাতীয়দেশীয়েষু" (পা ৬।৩।৪২)

(৫৪) যে সকল শব্দ একই অর্থে স্ত্রীলিঙ্গ পুংলিঙ্গ উভয়ই হয়, তাহাদিগকে ভাষিত-পুংস্ক বলে; যেমন, শুভ্র শব্দ স্ত্রীলিঙ্গ ও পুংলিঙ্গ উভয়ই হয়। যে সকল শব্দ নিত্য স্ত্রীলিঙ্গ, তাহাদিগকে ভাষিতপুংস্ক বলা যায় না। যেমন, শ্রী, লক্ষ্মী প্রভৃতি।

নঞ্-বিশিষ্ট ক্ত-প্রত্যয়ান্ত পদের সহিত নঞ্-শূন্য ক্ত-প্রত্যয়ান্ত পদের সমাস হয়। যথা,—**কৃতঞ্চ তৎ অকৃতঞ্চ কৃতাকৃতম্** (ক), **ভুক্তঞ্চ তৎ অভুক্তঞ্চ ভুক্তাভুক্তম্**, **পীতঞ্চ তৎ অপীতঞ্চ পীতাপীতম্**, **ক্লিষ্টঞ্চ তৎ অক্লিষ্টঞ্চ ক্লিষ্টাক্লিষ্টম্**, **পক্কঞ্চ তৎ অপক্কঞ্চ পক্কাপক্কম্**। সমান-প্রকৃতি স্থলেই হয়;—**সিদ্ধঞ্চ অভুক্তঞ্চ**, এরূপ স্থলে সমাস হইবে না। (খ)

৬৫। বর্ণো বর্ণেন (পা ২।১।৬৯)

বর্ণ-বাচক পদের সহিত বর্ণ-বাচক পদের সমাস হয়। যথা,—**নীলশ্চ স লোহিতশ্চ নীললোহিতঃ**, **লোহিতশ্চ স শবলশ্চ লোহিতশবলঃ**, **পীতশ্চ স ধবলশ্চ পীতধবলঃ**।

৬৬। পূর্ব্বোত্তরকালয়োঃ ক্তঃ। (গ)

পূর্ব্ব-কাল ও উত্তর-কাল বুঝাইলে ক্ত-প্রত্যয়ান্ত পদের সমাস হয়। যথা,—**পূর্ব্বং স্নাতঃ পশ্চাদনুলিপ্তঃ স্নাতানুলিপ্তঃ**। এইরূপ **সুপ্তোত্থিতঃ**, **পীতপ্রতিবদ্ধঃ**, **গৃহীতপ্রতিমুক্তঃ**, **উৎখাতপ্রতিরোপিতঃ**, **দত্তাপহৃতম্**, **ভুক্তোদ্গীর্ণম্**।

৬৭। উপমানানি সামান্যবচনৈঃ (পা ২।১।৫৫)

উপমান ও উপমেয়ের সমান-ধর্ম্ম-বোধক পদের সহিত উপমান-

(ক) "একদেশকরণাৎ কৃতম্, একদেশান্তরস্য অকরণাৎ তদেব অকৃতম্"—তত্ত্ববোধিনী।

(খ) "নঞ্মাত্রাধিকেন নঞ্রহিতং সমস্যতে ইতি সূত্রার্থঃ"—তত্ত্ববোধিনী

(গ) "পূর্ব্বকালৈকসর্ব্বজরৎপুরাণনবকেবলাঃ সমানাধিকরণেন" (পা ২।১।৪৯)

বাচক পদের সমাস হয় (ক)। যথা,—**ঘন ইব শ্যামঃ ঘনশ্যামঃ, অর্ণব ইব গভীরঃ অর্ণবগভীরঃ, শৈল ইব উন্নতঃ শৈলোন্নতঃ, অনল ইব উজ্জ্বলঃ অনলোজ্জ্বলঃ, নবনীতমিব কোমলং নবনীতকোমলম্।**

৫৮। উপমিতং ব্যাঘ্রাদিভিঃ সামান্যাপ্রয়োগে (পা ২।১।৫৬)

'ব্যাঘ্র' প্রভৃতি (৫৫) উপমান-বাচক পদের সহিত উপমেয়-বাচক পদের সমাস হয়। যথা,—**পুরুষো ব্যাঘ্র ইব পুরুষব্যাঘ্রঃ, পুরুষঃ সিংহ ইব পুরুষসিংহঃ, রাজা চন্দ্র ইব রাজচন্দ্রঃ, মুখং কমলম্ ইব মুখকমলম্, করঃ কিসলয়মিব করকিসলয়ম্, অধরঃ পল্লব ইব অধরপল্লবঃ, বদনং সুধাকর ইব বদনসুধাকরঃ।** উপমান ও উপমেয়ের সামান্য ধর্ম্মের প্রয়োগ থাকিলে হয় না। যথা,—**পুরুষো ব্যাঘ্র ইব শূরঃ, মুখং কমলমিব সুন্দরম্।** (খ)

(ক) যাহার সহিত উপমা দেওয়া যায় তাহা উপমান, এবং যাহাকে উপমা দেওয়া যায় তাহা উপমেয়। যে গুণ উপমান এবং উপমেয় উভয়েই থাকে, তাহাকে সামান্য বা সমান ধর্ম্ম বলে।

(৫৫) "ব্যাঘ্র-পুঙ্গব-শার্দ্দূল-সিংহ-কণ্ঠীরবর্ষভাঃ। বরাহ-মহিষার্কর্ষ-পদ্ম-কুঞ্জর-হস্তিনঃ। কমলং পল্লবং নাগঃ কেশরী বৃষভো হরিঃ। বৃষশ্চন্দ্রঃ কিশলয়ং কড়ারোহন্তে প্রয়োগতঃ। -শ্রীরামতর্কবাগীশ

(খ) পুরুষ ও ব্যাঘ্রের মধ্যে শূরত্ব এবং মুখ ও কমলের মধ্যে সুন্দরত্বই সামান্য ধর্ম্ম। তাহার প্রয়োগ হওয়ায় সমাস হইল না।

৫৫। শ্রেণ্যাদয়: কৃতাদিভিরভূততদ্ভাবে। (ক)

অভূত-তদ্ভাব অর্থ বুঝাইলে কৃত প্রভৃতি (৫৬) শব্দের সহিত শ্রেণি প্রভৃতি (৫৭) শব্দের সমাস হয়। যথা,—অশ্রেণয়: শ্রেণয়: কৃতা: শ্রেণিকৃতা:, অপূগা: পূগা: কৃতা: পূগকৃতা:, অরাশয়: রাশয়: কৃতা: রাশিকৃতা: ; অশ্রেণয়: শ্রেণয়ো ভূতা: শ্রেণিভূতা:, অনিপুণা নিপুণা ভূতা: নিপুণভূতা:, অকুশলা: কুশলা ভূতা: কুশলভূতা: (৫৮)। (ক)

(ক) "শ্রেণ্যাদয়ঃ কৃতাদিভিঃ" (পা ২।১।৫৯), "শ্রেণ্যাদিষু চ্ব্যর্থবচনম্" (বা ১২৯৬)

"এ স্থলে শ্রেণি এবং শ্রেণী এই উভয় শব্দেরই গ্রহণ বুঝিতে হইবে। শ্রেণি, পূগ ও কূট শব্দ সমূহ-বাচক"—প্রভাপ্রকাশিকা। এ স্থলে অভূত-তদ্ভাব অর্থ বুঝাইবে, কিন্তু চ্বি প্রত্যয় হইবে না। চ্বি প্রত্যয় হইলে সমাস নিত্য হয় এবং অবর্ণ ভিন্ন পূর্ব্বস্বর দীর্ঘ হয়। যথা—শ্রেণীকৃতম্। "একেন শিল্পেন পণ্যেন বা যে জীবন্তি তেষাং সমূহঃ শ্রেণিঃ"—তত্ত্ববোধিনী।

(৫৬) কৃত, মিত, মত, ভূত, উক্ত, সমাজ্ঞাত, সমাম্নাত, সমাখ্যাত, সম্ভাবিত, অবধারিত, অবকল্পিত, নিরাকৃত, উপকৃত, উপাকৃত। "কৃত-ভূত-সমাজ্ঞাত-সম্ভাবিত-নিরাকৃতাঃ। গত উক্ত-সমাম্নাত-সমাখ্যাত-বিকল্পিতাঃ। মতাবধারিত-খ্যাত-মুক্ত-স্নাত-বৃতানি চ। কলিতোপকৃতাজ্ঞাতাবধারিত-মুপাকৃতঃ। একবিংশতিরত্রোক্তা শেষং জ্ঞেয়ং প্রয়োগতঃ।"—শ্রীরামতর্কবাগীশ

(৫৭) শ্রেণী, পূগ, মুকুন্দ, রাশি, নিচয়, নিধন, পর, ইন্দ্র, দেব, মুণ্ড, ভূত, শ্রমণ, বদান্য, অধ্যাপক, অভিরূপক, ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বিশিষ্ট, পটু, পণ্ডিত, কুশল, চপল, নিপুণ, কৃপণ। "শ্রেণিঃ কুঙ্কুম-মুদকং পূগঃ, কুশলং নিধনং কুসুমং কূটঃ। ইন্দ্রঃ কৃত্রিম-পণ্ডিত-মুণ্ডং, নিচয়ো নিপুণো দেব-বিশিষ্টম্॥ শ্রমণশ্চপলো রাশির্দশধ্যাপকঃ পটুঃ। ব্রাহ্মণঃ ক্ষত্রিয়ো ভূতো বদান্যঃ কৃপণো মৃদুঃ।"—শ্রীরামতর্কবাগীশ

(৫৮) চ্বি-প্রত্যয় হইলে তন্নিবন্ধন কার্য্য-সমুদয়ও হয়। যথা—শ্রেণীকৃতঃ, পূগীকৃতঃ, রাশীকৃতঃ, শ্রেণীভূতঃ, নিপুণীভূতঃ, রাশীভূতঃ, কুশলীভূতঃ ইত্যাদি।

৭০। संख्यापूर्व्वो द्विगुः (पा २।१।५२)

যে কর্ম্মধারয়ে পূর্ব্ব-পদ-স্থলে সংখ্যা-বাচক শব্দ থাকে, তাহাকে **দ্বিগু** সমাস বলে।

৭১। तद्धितार्थोत्तरपद-समाहारे च (पा २।१।५१)

তদ্ধিতার্থে, উত্তর-পদ পরে থাকিলে ও সমাহার বুঝাইলে **দ্বিগু** সমাস হয়। যথা, তদ্ধিতার্থে—**पञ्चभिर्गोभिः क्रीतः पञ्चगुः**; উত্তর-পদ পরে—**पञ्च हस्ताः प्रमाणमस्य पञ्चहस्तप्रमाणः**। প্রমাণ-শব্দ উত্তর-পদ পরে, **पञ्च** ও **हस्ताः**, এই দুই পদে দ্বিগু সমাস হইল। (ক)

(ক) দ্বিগু সমাস তিন প্রকার। যথা—(১) তদ্ধিতার্থ-দ্বিগু, (২) উত্তরপদ-দ্বিগু, (৩) সমাহার-দ্বিগু। মুগ্ধবোধ ও কাতন্ত্র-মতে তদ্ধিতার্থ-দ্বিগু দুই প্রকার। যথা—বিষয়-দ্বিগু ও বাচ্য-দ্বিগু। যে স্থলে সমস্ত পদের উত্তর তদ্ধিত-প্রত্যয় হয়, তাহাকে বিষয়-দ্বিগু বলে। যথা—দ্বয়োর্মাত্রোরপত্যম্ এই বাক্যে দ্বিমাতৃ শব্দের উত্তর তদ্ধিত-প্রত্যয় হওয়ায় 'দ্বৈমাতুরঃ' এইরূপ পদ হইল। এইরূপ পঞ্চানাং নাপিতানাম্ অপত্যং পাঞ্চনাপিতিঃ, দ্বাভ্যাং শূর্পাভ্যাং ক্রীতং দ্বিশৌর্পিকং, দ্বিখারীকং, অর্দ্ধখারীণঃ, পঞ্চানাং গর্গাণাং ভূতপূর্ব্বো গৌঃ পঞ্চগর্গরূপ্যঃ, পঞ্চসু ব্রাহ্মণেষু সাধুঃ পঞ্চব্রাহ্মণ্যঃ ইত্যাদি তদ্ধিতার্থে বিষয়-দ্বিগুর উদাহরণ। যে স্থলে তদ্ধিত-প্রত্যয়ের অর্থ প্রকাশ পাইতেছে, কিন্তু তদ্ধিত-প্রত্যয় হয় নাই, অর্থাৎ দ্বিগু সমাসই তদ্ধিত-প্রত্যয়ের অর্থ প্রকাশ করিয়া দিতেছে, তাহাকে বাচ্য-দ্বিগু বলে। যথা—পঞ্চভির্গোভিঃ ক্রীতঃ পঞ্চগুঃ। এ স্থলে সমাসের দ্বারাই তদ্ধিত-প্রত্যয়ের অর্থ উক্ত হওয়ায় "উক্তার্থানামপ্রয়োগঃ" এই নিয়মানুসারে তদ্ধিত-প্রত্যয়ের উৎপত্তি হইল না। অতএব এ স্থলে বাচ্য-দ্বিগু। এইরূপ দ্বিহবর্ণম্, দ্বিসহস্রম্ ইত্যাদি। পাণিনি ও ক্রমদীশ্বরের মতে কেবল বিষয়-দ্বিগুই আছে; বাচ্য-দ্বিগু নাই। ইঁহাদের মতে তদ্ধিত-প্রত্যয়ের উৎপত্তি সর্ব্বত্রই হয়, কিন্তু কোন

৭২। अदन्ताद्दीप् समाहारे।

সমাহার দ্বিগু হইলে অ-কারান্ত শব্দের উত্তর ঙীপ্ হয়। যথা,—**त्रयाणां लोकानां समाहारः त्रिलोकी, चतुर्णां पदानां समाहारः चतुष्पदी, पञ्चानां नलानां समाहारः पञ्चनली, सप्तानां शतानां समाहारः सप्तशती।**

৭৩। न भुवनादिः।

'**भुवन**' প্রভৃতি শব্দের উত্তর ঙীপ্ হয় না। যথা,—**त्रयाणां भुवनानां समाहारः त्रिभुवनम्, चतुर्णां युगानां समाहारः चतुर्युगम्, पञ्चानां पात्राणां समाहारः पञ्चपात्रम्।**

৭৪। मयूरव्यंसकादयश्च (পা ২।১।৭২)

'**मयूरव्यंसक**' প্রভৃতি শব্দ নিপাতনে সিদ্ধ হয় (ক)। যথা,—**मयूरो व्यंसकः मयूरव्यंसकः** (খ), **उदक् च अवाक् च उच्चावचम्, नास्ति किञ्चन यस्य अकिञ্চनः, नास्ति कुतोऽपि भयं यस्य अकुतोभयः, अन्योऽर्थः अर्थान्तरम्, अन्यो देशः देशान्तरम्।** (গ)

কোন স্থলে সেই উৎপন্ন তদ্ধিত-প্রত্যয়ের লোপ হয়। "দ্বিগোর্লুগনপত্যে" (পা-৪।১।৮৮)। মুগ্ধবোধ ও কাতন্ত্র-মতে উহাই বাচ্য-দ্বিগু।

(ক) সূত্রোক্ত চকার অবধারণার্থক। তাহার ফল এই যে, ময়ূরব্যংসকাদি শব্দের সহিত অন্য কোন সমাস হয় না। অতএব পরমময়ূরব্যংসকঃ ইত্যাদি প্রয়োগ হইবে না।—তত্ত্ববোধিনী

(খ) ব্যংসয়তি ছলয়তি ব্যংসকো ধূর্ত্তঃ (বি + অংস + ণক) ময়ূরশ্চাসৌ ব্যংসকশ্চেতি ময়ূরব্যংসকঃ।

(গ) অন্তর-শব্দের সহিত নিত্য-সমাস, এইজন্য স্বপদ-বিগ্রহ নাই। অন্তর-শব্দঃ ভিন্নবাচী।

৩৫। আখ্যাতমাখ্যাতেন ক্রিয়াসাতত্যে।

সতত ক্রিয়ার অনুষ্ঠান বুঝাইলে আখ্যাত পদের সহিত আখ্যাত পদের সমাস হয়। পদ নিপাতনে সিদ্ধ। যথা,—**অশ্নীত পিবত ইত্যেবং সততমভিধীয়তে যস্যাং ক্রিয়ায়াং সা অশ্নীতপিবতা।** এইরূপ **পচতভৃজ্জতা, খাদতমোদতা, খাদতাচামতা।** (ক)

৩৬। সর্ব্ব-পুণ্য-সংখ্যাব্যয়েভ্যো রাত্রেরন্।

সর্ব্ব, পুণ্য, সংখ্যা-বাচক ও অব্যয়-শব্দের পরবর্ত্তী রাত্রি-শব্দের উত্তর **অন্** হয়। যথা,—**সর্ব্বা রাত্রিঃ সর্ব্বরাত্রঃ, পুণ্যা রাত্রিঃ পুণ্যরাত্রঃ। দ্বিরাত্রম্, ত্রিরাত্রম্, পঞ্চরাত্রম্** (খ), **দশরাত্রম্, অতিরাত্রঃ।** (গ)

৩৭। অহ্নোঽহ্নশ্চ।

সর্ব্ব, পুণ্য, সংখ্যা-বাচক ও অব্যয়ের পরবর্ত্তী **অহন্**-শব্দের উত্তর

(ক) ইহারা ময়ূরব্যংসকাদির অন্তর্গত। "অশ্নীতপিবতীয়ন্তী প্রসিতা স্মরকর্ম্মণি"—ভট্টি (৫।৯২)

কখন কখন সতত ক্রিয়ার অনুষ্ঠান না বুঝাইলেও হয়। যথা—এহি ঈড়ে ইতি যস্মিন্ কর্ম্মণি তৎ এহীড়ম্। উদ্ধর কোষ্ঠাৎ উৎসৃজ দেহীতি যস্যাং ক্রিয়ায়াং সা উদ্ধরোৎসৃজা।

(খ) ৪ সূত্র দেখ। "সর্ব্বৈকদেশসংখ্যাতপুণ্যাচ্চ রাত্রেঃ" (প ৫।৪।৮৭)

(গ) অতিক্রান্তো রাত্রিমতিরাত্রঃ। ৩৪ সূত্র দেখ। সংখ্যাত-শব্দের পরবর্ত্তী রাত্রি-শব্দের উত্তরও অন্-প্রত্যয় হয়। যথা—সংখ্যাতরাত্রঃ। বোপদেব-মতে বর্ষা ও দীর্ঘ শব্দের পরেও হয়। কর্ম্মধারয়, তৎপুরুষ ও দ্বিগু-সমাস স্থলেই এই কার্য্য হয়।

অন্ ও অহন্-শব্দ-স্থানে **অহ্ন** হয়। যথা,—**সর্ব্বমহ্নঃ সর্ব্বাহ্নঃ, দ্বয়োরহ্নোঃ ভব দ্ব্যহ্নঃ, পঞ্চসু অহঃসু ভবঃ পঞ্চাহ্নঃ।** (ক)

৭৮। ন সংখ্যাদেঃ সমাহারে (পা ৫।৪।৮৯)

সমাহার হইলে সংখ্যা-বাচকের পরবর্ত্তী **অহন্** শব্দ স্থানে **অহ্ন** হয় না। যথা,—**দ্বয়োরহ্নোঃ সমাহারঃ দ্ব্যহঃ, ত্র্যহঃ, দশাহঃ।**

৭৯। ন পুণ্যৈকাভ্যাম্। (খ)

পুণ্য ও এক শব্দের পরবর্ত্তী **অহন্**-শব্দ স্থানে **অহ্ন** হয় না। যথা,—**পুণ্যাহম্, একাহঃ।** (খ)

৮০। সংখ্যাব্যয়াভ্যামঙ্গুলেঃ। (গ)

সংখ্যা-বাচক ও অব্যয়-শব্দের পরবর্ত্তী **অঙ্গুলি**-শব্দের উত্তর **অন্** হয়। যথা,—**দ্বে অঙ্গুলী প্রমাণমস্য দ্ব্যঙ্গুলম্ দারু** (খ), **ত্র্যঙ্গুলম্, নিরঙ্গুলম্।** (ঘ)

৮১। রাজাহঃ-সখিভ্যষ্টচ্ (পা ৫।৪।৯১)

রাজন্, অহন্ ও **সখি** শব্দের উত্তর **টচ্** হয়; ট্ ও চ্ ইৎ, অ

(ক) কর্ম্মধারয়, তৎপুরুষ এবং সমাহার ভিন্ন দ্বিগু-সমাস স্থলেই এই কার্য্য হয়।

(খ) ৩ ও ৫ সূত্র দেখ। "উত্তমৈকাভ্যাং চ" (পা ৫।৪।৯০)

(গ) তদ্ধিতার্থ-দ্বিগু সমাস। "দ্ব্যঙ্গুলং ক্ষেত্রম্, দ্ব্যঙ্গুলা ভূমিঃ"। 'ভূমেরপ্যর্দ্ধমঙ্গুলম্'—এ স্থলে অ-কারান্ত অঙ্গুল শব্দের প্রয়োগ হইয়াছে। ইহার অর্থ যব-মান। "অঙ্গুলস্তু যবো মতঃ"—অমরমালা।—শ্রীরামতর্কবাগীশ

(ঘ) নির্গতমঙ্গুলিভ্যো নিরঙ্গুলম্। ৩৭ সূত্র দেখ। "তৎপুরুষস্যাঙ্গুলেঃ সংখ্যাব্যয়াদেঃ" (পা ৫।৪।৮৬)

থাকে। যথা,—অঙ্গানাং রাজা অঙ্গরাজঃ, মহান্ রাজা মহারাজঃ; পরমমহঃ পরমাহঃ, উত্তমমহঃ উত্তমাহঃ; রাজ্ঞঃ সখা রাজসখঃ, প্রিয়ঃ সখা প্রিয়সখঃ। (ক)

৮২। গোরতদ্ধিতার্থে। (খ)

গো শব্দের উত্তর টচ্ হয়। যথা,—রাজ্ঞো গৌঃ রাজগবঃ, পরমো গৌঃ পরমগবঃ, দশ গাবো ধনমস্য দশগবধনঃ, পঞ্চানাং গবাং সমাহারঃ পঞ্চগবম্। তদ্ধিতার্থে হয় না। যথা,—পঞ্চভির্গোভিঃ ক্রীতঃ পঞ্চগুঃ।

৮৩। মুখ্যার্থাদুরসঃ।

মুখ্য এই অর্থের বাচক উরস্ শব্দের উত্তর টচ্ হয়। যথা,—অশ্বানাম্ উরঃ ইব অশ্বোরসম্, মুখ্যোঽশ্ব ইত্যর্থঃ। (গ)

৮৪। অনোঽশ্মায়ঃ-সরসাং জাতি-সংজ্ঞয়োঃ (পা ৫।৪।৯৪)

জাতি ও সংজ্ঞা বুঝাইলে অনস্, অশ্মন্, অয়স্ ও সরস্ শব্দের উত্তর টচ্ হয়। যথা, জাতি—উপানসম্, অমৃতাশ্মঃ,

---

(ক) ৮১ হইতে ৮৮ পর্য্যন্ত সূত্রগুলি কর্ম্মধারয়, তৎপুরুষ ও দ্বিগু ভিন্ন অন্য সমাসে প্রযোজ্য নহে।

(খ) "গোরতদ্ধিতলুকি" (পা ৫।৪।৯২)

(গ) উরস্-শব্দ হৃদয়-বাচক, কিন্তু এ স্থলে লক্ষণ দ্বারা প্রধানার্থবাচক। উরঃ অর্থাৎ বক্ষস্থল যেমন শরীরাবয়বের মধ্যে প্রধান, সেইরূপ অশ্বের মধ্যে প্রধান।—শ্রীঃ

কালায়সম্, মণ্ডূকসরসম্। সংজ্ঞা—মহানসম্, পিণ্ডাশ্মঃ, লোহিতায়সম্, জলসরসম্।

৮৫। গ্রাম-কৌটাভ্যাং চ তক্ষ্ণঃ (পা ৫।৪।৯৫)

গ্রাম ও কৌট-শব্দের পরবর্ত্তী তক্ষন্ শব্দের উত্তর টচ্ হয়। যথা,—গ্রামস্য তক্ষা গ্রামতক্ষঃ, সাধারণ ইত্যর্থঃ। কুট্যাং ভবঃ কৌটঃ স্বতন্ত্রঃ, স চাসৌ তক্ষা চেতি কৌটতক্ষঃ (ক)। অন্যত্র রাজ্ঞস্তক্ষা রাজতক্ষা।

৮৬। অতেঃ শুনঃ (পা ৫।৪।৯৬)

অতি শব্দের পরবর্ত্তী শ্বন্ শব্দের উত্তর টচ্ হয়। যথা,—অতিক্রান্তঃ শ্বানম্ অতিশ্বো বরাহঃ, অতিশ্বী সেবা। (খ)

৮৭। উপমানাদপ্রাণিষু (পা ৫।৪।৯৭)

উপমান-বাচক শ্বন্ শব্দের উত্তর টচ্ হয়। যথা,—আকর্ষঃ শ্বেব আকর্ষশ্বঃ (গ)। প্রাণী বুঝাইলে হয় না। যথা,—বানরঃ শ্বেব বানরশ্বা।

৮৮। উত্তর-মৃগ-পূর্ব্বোপমানেভ্যঃ সক্থ্নঃ।

(ক) কৌটতক্ষঃ—"স্বতন্ত্রকর্ম্মজীবী ন কস্যচিৎ প্রতিবদ্ধঃ"—ইতি গোয়ীচন্দ্রঃ। "কৌটতক্ষঃ স্বালয়স্থানধীনকর্ম্মতক্ষণি" ইত্যনুশাসনমিতি—গঙ্গাধরঃ

(খ) "অতিক্রান্তঃ শ্বানং জবেন ইত্যর্থঃ। অতিশ্বী নীচা ইত্যর্থঃ"—তত্ত্ববোধিনী

(গ) আকৃষ্যতে অনেন ইতি আকর্ষঃ (আকৃষী)। বোপদেব-মতে সমাস-বাক্য—আকর্ষ ইব শ্বা। বিদ্যানিবাস-মতে—আকর্ষ ইব আকর্ষঃ, অর্থাৎ লক্ষণ দ্বারা অকর্ষ-শব্দেরই আকর্ষ-তুল্য অর্থ। আকর্ষশ্চাসৌ শ্বা চেতি আকর্ষশ্বঃ।

উত্তর, মৃগ, পূর্ব্ব ও উপমান-বাচক শব্দের পরবর্ত্তী সক্থি (ক) শব্দের উত্তর টচ্ হয়। যথা,—উত্তরসক্থম্, মৃগসক্থম্, পূর্ব্বসক্থম্। উপমান—ফলকমিব সক্থি ফলকসক্থম্। (খ)

৮৯। নাবো দ্বিগোরতদ্ধিতার্থে।

দ্বিগু-সমাস-স্থিত নৌ শব্দের উত্তর টচ্ হয়। যথা—দ্বয়োর্নাবোঃ সমাহারঃ দ্বিনাবম্, পঞ্চ নাবো ধনমস্য পঞ্চনাবধনঃ। তদ্ধিতার্থে হয় না। যথা,—পঞ্চভির্নৌভিঃ ক্রীতঃ পঞ্চনৌঃ। দ্বিগু ভিন্ন স্থলে—রাজ্ঞো নৌঃ রাজনৌঃ, নবীনা নৌঃ নবীননৌঃ।

৯০। অর্দ্ধাচ্চ (পা ৫।৪।১০০)

অর্দ্ধ শব্দের পরবর্ত্তী নৌ শব্দের উত্তর টচ্ হয়। যথা,—অর্দ্ধং নাবঃ অর্দ্ধনাবম্। পরলিঙ্গ হইল না। (গ)

৯১। খার্য্যা বিভাষা।

দ্বিগু সমাস হইলে অথবা অর্দ্ধ শব্দ পূর্ব্বে থাকিলে খারী শব্দের উত্তর বিকল্পে টচ্ হয়। যথা,—দ্বে খার্য্যৌ প্রমাণমস্য দ্বিখারম্, দ্বিখারি; অর্দ্ধং খার্য্যাঃ অর্দ্ধখারম্, অর্দ্ধখারী।

(ক) সক্থি—উরুঃ। "সক্থি ক্লীবে পুমানূরুঃ"—অমরকোষ

(খ) "ফলকং শরাবরণং চর্ম্ম"—শ্রীরামতর্কবাগীশ

(গ) শ্রীরামতর্কবাগীশের মতে অর্দ্ধনাবঃ, অর্দ্ধনাবী, অর্দ্ধনাবম্—তিন লিঙ্গই হইতে পারে।

৯২। দ্বি-ত্রিভ্যামঞ্জলেঃ (পা ৫।৪।১০২)

দ্বিগু সমাস হইলে **দ্বি** ও **ত্রি** শব্দের পরবর্ত্তী **অঞ্জলি** শব্দের উত্তর বিকল্পে **টচ্** হয়। যথা,—**দ্বয়োরঞ্জল্যোঃ সমাহারঃ দ্ব্যঞ্জলম্, দ্ব্যঞ্জলি; ত্র্যঞ্জলম্ ত্র্যঞ্জলি; দ্বাবঞ্জলী জলমস্য দ্ব্যঞ্জলজলঃ দ্ব্যঞ্জলিজলঃ**। তদ্ধিতার্থ-দ্বিগু সমাসে হয় না। যথা—**দ্বাভ্যাম্ অঞ্জলিভ্যাং ক্রীতঃ দ্ব্যঞ্জলিঃ**। দ্বিগু ভিন্ন অন্য সমাসেও হয় না। যথা—**দ্বয়োরঞ্জলিঃ দ্ব্যঞ্জলিঃ**।

৯৩। জনপদাৎ ব্রহ্মণঃ।

জনপদ-বাচক শব্দের পরবর্ত্তী **ব্রহ্মন্** শব্দের উত্তর **টচ্** হয়। যথা,—**সুরাষ্ট্রে ব্রহ্মা সুরাষ্ট্রব্রহ্মঃ**। এইরূপ **অবন্তিব্রহ্মঃ, কলিঙ্গব্রহ্মঃ**। অন্যত্র **দেবব্রহ্মা নারদঃ**। (ক)

৯৪। বিভাষা কু-মহদ্ভ্যাম্।

কু ও **মহৎ** শব্দের পরবর্ত্তী **ব্রহ্মন্** শব্দের উত্তর বিকল্পে **টচ্** হয়। যথা,—**কুৎসিতো ব্রহ্মা কুব্রহ্মঃ, কুব্রহ্মা; মহাব্রহ্মঃ, মহাব্রহ্মা**।

৯৫। অক্ষ্ণোঽচক্ষুষি।

অক্ষি শব্দের উত্তর **অচ্** হয়; চ ইৎ, অ থাকে (খ)। যথা,—

(ক) এই সকল স্থলে ব্রহ্মন্ শব্দের অর্থ ব্রাহ্মণ। ৯৩ ও ৯৪ সূত্র কেবল কর্ম্মধারয়, তৎপুরুষ ও দ্বিগু সমাসে প্রযোজ্য।

(খ) বিদ্যাসাগর মহাশয় এই সূত্রে ট প্রত্যয়ের বিধান করিয়াছিলেন। কিন্তু ইহা পাণিনি, মুগ্ধবোধ প্রভৃতি ব্যাকরণ-বিরুদ্ধ। পাণিনি-মতে অচ, মুগ্ধবোধ-মতে অ। ট-প্রত্যয়ান্ত পদ স্ত্রীলিঙ্গে ঈ-কারান্ত হইয়া যায়, কিন্তু এ স্থলে তাহা হইবে না।

গবামক্ষীব গবাক্ষঃ (ক)। চক্ষু বুঝাইলে হয় না। যথা,—বালকস্য অক্ষি বালকাক্ষি।

৫৬। বৃদ্ধ-মহজ্জাতেভ্য উক্ষ্ণঃ।

বৃদ্ধ, মহত্ ও জাত শব্দের পরবর্ত্তী উক্ষন্ শব্দের উত্তর টচ্ হয়। যথা,—বৃদ্ধঃ উক্ষা বৃদ্ধোক্ষঃ, মহান্ উক্ষা মহোক্ষঃ, জাতঃ উক্ষা জাতোক্ষঃ।

৫৭। নিঃশ্রেয়স-পুরুষায়ুষে।

নিঃশ্রেয়স ও পুরুষায়ুষ নিপাতনে সিদ্ধ হয়। যথা,—নিশ্চিতং শ্রেয়ঃ নিঃশ্রেয়সম্, পুরুষস্যায়ুঃ পুরুষায়ুষম্। (খ)

৫৮। বিভাষা ছায়াদি নপুংসকম্।

ছায়া (৫৯) প্রভৃতি শব্দ বিকল্পে নপুংসক হয়। যথা,—বৃক্ষস্য

এই জন্যই বৈয়াকরণেরা এই সূত্রে ট-প্রত্যয়ের পরিবর্ত্তে অ প্রত্যয়ের বিধান করিয়াছেন। এই কারণে আমরাও বিদ্যাসাগর মহাশয়ের সূত্র পরিবর্ত্তিত করিয়া পাণিনির মতানুসারে অচ্-প্রত্যয়ের বিধান করিলাম।

সকল সমাসেই এই সূত্রের কার্য্য হইতে পারে।

(ক) "গাবঃ কিরণাঃ। অক্ষিশব্দো রন্ধ্রবাচী। ষষ্ঠী-সমাসঃ"—ইতি তত্ত্ববোধিনী। "গাবো জলানি, তেষামক্ষীব গবাক্ষং পদ্মাদি। বাতায়নে রূঢ়স্তু পুংলিঙ্গঃ। এবং পুষ্করমক্ষীব পুষ্করাক্ষম্, লবণমক্ষীব লবণাক্ষম্। সর্ব্বত্র উপমেয়স্তু ব্যাঘ্রাদ্যৈরিতি (৬৮ সূত্র) কর্ম্মধারয়ঃ"—শ্রীরামতর্কবাগীশ

(খ) "নিঃশ্রেয়সং নির্ব্বাণম্"—কাতন্ত্র (৩৮৮ পৃঃ)। "পুরুষায়ুষজীবিন্যো নিরাতঙ্কা নিরীতয়ঃ"—রঘুবংশ

(৫৯) ছায়া, শালা, সেনা, সুরা, নিশা।

वृक्षयोर्वा छाया वृक्षच्छायम्, वृक्षच्छाया ; गोशालम्, गोशाला ; यवसुरं, यवसुरा ; ब्राह्मणसेनम्, ब्राह्मणसेना ; श्वनिशम्, श्वनिशा। (ক)

৯৯। नित्यं छाया बाहुल्ये।

পূর্ব্ব-পদার্থের বাহুল্য বুঝাইলে **छाया** শব্দ নিত্য নপুংসক হয়। যথা,—**इक्षूणां छाया इक्षुच्छायम्** (খ), **शराणां छाया शरच्छायम्।**

১০০। सभा राजपर्य्यायपूर्व्वा।

রাজ-পর্য্যায় শব্দ পূর্ব্বে থাকিলে **सभा** শব্দ নিত্য নপুংসক হয়। যথা,—**नृपसभम्, ईश्वरसभम्, इनसभम्** (গ)। রাজন্ শব্দ পূর্ব্বে থাকিলে হয় না। যথা—**राजसभा।** (ঘ)

১০১। रक्षःपिशाचादिपूर्व्वा च।

रक्षस्, पिशाच প্রভৃতি শব্দ পূর্ব্বে থাকিলে **सभा** শব্দ নিত্য নপুংসক হয়। যথা,—**रक्षःसभम्, पिशाचसभम्।** অন্যত্র **मनुष्यसभा, देवदत्तसभा।**

১০২। अशाला च (পা ২।৪।২৪)

(ক) শ্বনিশম্—"কৃষ্ণচতুর্দ্দশী। তস্যাং কিল কেচিৎ শ্বান উপবসন্তি"—তত্ত্ববোধিনী

(খ) "ইক্ষুচ্ছায়নিষাদিন্যস্তস্য গোপ্তুর্গুণোদয়ম্"—রঘু। "ইক্ষুচ্ছায়ানিষাদিন্যঃ"—পাঠে ইক্ষুচ্ছায়+আনিষাদিন্যঃ।

(গ) ইনো নৃপতিঃ। "ইনঃ সূর্য্যে নৃপে পত্যৌ"—ইতি বিশ্বঃ

(ঘ) কোন রাজ-বিশেষের নাম পূর্ব্বে থাকিলেও হয় না। যথা—চন্দ্রগুপ্তসভা।

শালা-ভিন্নার্থ-বাচক **সভা** শব্দ নিত্য নপুংসক হয় (ক)। যথা, —**স্ত্রীসভম্, স্ত্রীণাং সমূহ ইত্যর্থঃ ; স্ত্রিয়সভম্, স্ত্রিয়ূনাং সমবায় ইত্যর্থঃ।**

১০২। পুংবৎ কুক্কুটীপ্রভৃতীনামণ্ডাদৌ।

অণ্ড প্রভৃতি শব্দ পরে থাকিলে **কুক্কুটী** প্রভৃতির পুংবদ্ভাব হয়। যথা,—**কুক্কুট্যা অণ্ডং কুক্কুটাণ্ডম্, হংস্যা অণ্ডং হংসাণ্ডম্, কুক্কুট্যাঃ শাবঃ কুক্কুটশাবঃ, হংস্যাঃ শাবঃ হংসশাবঃ, মৃগ্যাঃ পদং মৃগপদম্, মৃগ্যাঃ ক্ষীরং মৃগক্ষীরম্।**

প্রশ্ন (তৎপুরুষ-সমাস)

১। তৎপুরুষ সমাসে সমস্ত পদের কিরূপ লিঙ্গ হয়? ইহার কি কি বিশেষ নিয়ম আছে?

২। ২য়া, ৩য়া, ৪র্থী, ৫মী, ৬ষ্ঠী, ও ৭মী তৎপুরুষের উদাহরণ দিয়া এক একটী বাক্য রচনা কর।

৩। খট্বারূঢ়—ইহাতে কোন্ সমাস? ইহার অর্থ কি?

৪। দ্বিজার্থঃ সূপঃ—ইহাতে কোন্ সমাস? বিশেষ নিয়ম কি?

৫। অশ্বায় ঘাসঃ—এই বাক্যে অশ্বঘাসঃ হয় কিনা? কারণ দেখাও।

৬। কোন্ কোন্ স্থলে ৬ষ্ঠী-সমাস হয় না? উদাহরণ দাও।

(ক) সভা শব্দের দুইটী অর্থ হয়। যথা (১) গৃহ, (২) সমূহ। ১০০ এবং ১০১ সূত্রে যে সভা শব্দের কথা বলা হইয়াছে, তাহার অর্থ গৃহ। এই সূত্রে যে শালা শব্দ কথিত হইতেছে, তাহার অর্থ সমূহ।

৭। নির্দ্ধারে ষষ্ঠী-সমাস-নিষেধ-সম্বন্ধে বিশেষ বক্তব্য কি আছে?

৮। একদেশি-সমাসের উদাহরণ দাও।

৯। অর্দ্ধ-শব্দের সহিত একদেশি-সমাসের বিশেষ নিয়ম কি? এ বিষয়ে কি বিশেষ বক্তব্য আছে?

১০। তৎপুরুষ-সমাসে রাত্রি ও অহন্ শব্দের সম্বন্ধে কি কি বিশেষ নিয়ম আছে?

১১। প্রাদি-সমাসের উদাহরণ দাও। অবকোকিলঃ—কি সমাস? বাক্য ও অর্থ কি?

১২। নঞ্ সমাস ও উপপদ-সমাসের উদাহরণ দাও।

১৩। কর্ম্মধারয় সমাস কাহাকে কহে? কর্ম্মধারয় সমাসে পুংবদ্ভাবের কি নিয়ম?

১৪। উপমান-উপমেয়-স্থলে যে যে প্রকার কর্ম্মধারয় হইতে পারে, তাহার উল্লেখ কর এবং উদাহরণ দাও।

১৫। দ্বিগু-সমাস কাহাকে কহে? ইহা কয়প্রকার? সমাহার-দ্বিগুর লিঙ্গ-নিয়ম কি?

১৬। তৎপুরুষ সমাসে যে যে শব্দের উত্তর সমাসান্ত হয়, তাহাদের উল্লেখ কর ও উদাহরণ দাও।

১৭। কিরূপ স্থলে তৎপুরুষ সমাসে সমস্ত পদ ক্লীবলিঙ্গ হয়? উদাহরণ দাও।

১৮। সমাস কর—উদক্ চ অবাক্ চ, অশ্নীত পিবতেত্যেবং সততমভিধীয়তে যস্যাং ক্রিয়ায়াং সা, সর্ব্বা রাত্রিঃ, সর্ব্বমহঃ, দ্বয়োরহ্নোর্ভবঃ, সপ্তানাং শতানাং সমাহারঃ, পঞ্চানাং পাত্রাণাং সমাহারঃ, দ্বয়োরহ্নোঃ সমাহারঃ, প্রিয়ঃ সখা, রাজ্ঞো গৌঃ, দশ গাবো ধনং যস্য, পঞ্চভির্গোভিঃ ক্রীতঃ, অতিক্রান্তঃ শ্বানম্, দ্বে অঞ্জলী প্রমাণমস্য, দ্বয়োরঙ্গুলিঃ, সুরাষ্ট্রস্য ব্রহ্মা, কুৎসিতো ব্রহ্মা, বৃদ্ধ উক্ষা, ইক্ষূণাং ছায়া, বৃক্ষস্য ছায়া, মৃগ্যাঃ ক্ষীরম্, মনুষ্যাণাং ক্ষত্রিয়ঃ শূরঃ, ছাত্রাণাং পঞ্চমঃ, অপাং তৃপ্তঃ, পাচিকা স্ত্রী, সুকেশী ভার্য্যা, বামোরূঃ ভার্য্যা।

১৯। সমাস ও ব্যাসবাক্য লিখ—যূপদারু, পূর্ব্বাহ্লঃ, অপররাত্রঃ, উদ্বেলঃ, উন্নিদ্রঃ, আপিঙ্গলঃ, স্নাতানুলিপ্তঃ, ঘনশ্যামঃ, অধরপল্লবঃ, চতুষ্পদী, দেশান্তরম্, দ্ব্যহঃ, দ্ব্যহ্নঃ, পরমাহঃ, দ্ব্যঙ্গুলম্, পুঙ্গবঃ, মহাব্রহ্মঃ, গবাক্ষঃ, মহোক্ষঃ, হংসডিম্বঃ।

২০। ১৯ প্রশ্নোক্ত পদগুলির মধ্যে যে যে পদে সমাসান্ত হইয়াছে, তাহাদের উল্লেখ কর এবং সূত্র লিখ।

২১। অর্দ্ধগ্রাম, গ্রামার্দ্ধ: দ্ব্যহ, দ্ব্যহ্ন; পূর্ব্বাহ্ল, পূর্ব্বাহ; রাজসখি, রাজসখ;—ইহাদের অর্থগত প্রভেদ নির্ণয় কর।

২২। সংশোধন কর এবং কারণ দেখাও :—
পুত্রচতুর্থঃ, পটগুক্লঃ, পূর্ব্বরাত্রৌ, পঞ্চমীকন্যাম্, পাচিকাস্ত্রিয়া, চতুর্যুগী, পুণ্যরাত্রিম্, একাহ্নঃ, মহারাজ্ঞী, এতে রাজসখায়ঃ, রাজগৌঃ, বৃদ্ধোক্ষা, পুরুষায়ুঃ, কুক্কুটীশাবঃ।

বহুব্রীহি-সমাস।

১। **বহুব্রীহিঃ।** (ক)
এই প্রকরণে যে সমাসের বিধান হইতেছে, তাহার নাম **বহুব্রীহি।**

২। **অনেকমন্যপদার্থে** (পা ২।২।২৪)
একাধিক প্রথমান্ত পদ অন্য পদার্থে বিদ্যমান হইলে (খ),

(ক) সমানার্থানেকপদং বহিরর্থে সমস্যতে। নিত্যং বৎ স বহুব্রীহিঃ।" প্রয়োগ-রত্ন-মালা।

(খ) অর্থাৎ যে যে পদে সমাস করা যায়, তাহাদের অর্থ না বুঝাইয়া অন্য একটী পদের অর্থ বুঝাইলে। অন্য পদার্থ প্রথমা-বিভক্ত্যন্ত হইলে বহুব্রীহি-সমাস হয় না। যথা—বৃষ্টে দেবে যো গতঃ স 'বৃষ্টদেবঃ' এরূপ হয় না। এ স্থলে যে ব্যক্তি গিয়াছে, সেই ব্যক্তিই অন্য পদার্থ, তাহাতে ১মা বিভক্তি থাকায় সমাস হইল না। এই হেতু মূলে যে সকল উদাহরণ প্রদর্শিত হইয়াছে, তাহাতে যদ্ শব্দগুলিতে ২য়া হইতে ৭মী পর্য্যন্ত বিভক্তি যোগ করিয়া প্রয়োগ করা হইয়াছে, প্রথমান্ত যদ্ শব্দের প্রয়োগ করা হয় নাই। বহুব্রীহি দুই প্রকার, সমানাধিকরণ ও ব্যধিকরণ। সমস্যমান পদে সমান বিভক্তি থাকিলে সমানাধিকরণ বহুব্রীহি হয়। মূলে যে সকল উদাহরণ প্রদর্শিত হইয়াছে, সে সমস্তই সমানাধিকরণ বহুব্রীহির উদাহরণ। সমস্যমান পদে ভিন্ন বিভক্তি থাকিলে ব্যধিকরণ বহুব্রীহি হয়। জন্মাদি উত্তর-পদ হইলে ব্যধিকরণ বহুব্রীহি হয়। "অবজ্যো হি

বহুব্রীহি সমাস হয়। যথা,—আরূঢ়ো বানরো যম্ আরূঢ়বানরো বৃক্ষঃ, কৃতং কর্ম্ম যেন কৃতকর্ম্মা পুরুষঃ, দত্তং ধনং যস্মৈ দত্তধনো দরিদ্রঃ, উদ্ধৃতম্ উদকং যস্মাৎ উদ্ধৃতোদকঃ কূপঃ, দীর্ঘৌ বাহূ যস্য দীর্ঘবাহুঃ পুরুষঃ, প্রফুল্লানি কমলানি যস্মিন্ প্রফুল্লকমলং সরঃ।

২। সংখ্যয়াঽব্যয়াসন্নাদূরাধিকসংখ্যাঃ সংখ্যেয়ে (পা ২।২।২৫)

বহুব্রীহির্ব্যধিকরণো জন্মাদ্যুত্তরপদে"—বামন। অবর্জ্য অর্থাৎ অগত্যা আশ্রয়ণীয়। যথা—শরে জন্ম যস্য স শরজন্মা (রঘু ৩। ২৩)। শরবণে ভবো যস্য স শরবণভবঃ (মেঘ ৪৬)। অশ্রূণি মুখে যস্য সঃ অশ্রুমুখঃ (রঘু ৮। ১৩)। নিধানং গর্ভে যস্যাঃ সা নিধানগর্ভা (রঘু ৩। ৯)। তদ্ভিন্ন স্থলে প্রায় ব্যধিকরণ বহুব্রীহি হয় না। যথা—ব্যাঘ্রাৎ ভয়ং যস্য স ব্যাঘ্রভয়ঃ—এরূপ হইবে না। বহুপদেও বহুব্রীহি সমাস হয়। যথা—নীলমুজ্জ্বলং বপুর্যস্যাসৌ নীলোজ্জ্বলবপুঃ কৃষ্ণঃ। আরূঢ়া বৃক্ষা বহবো বানরা যং স আরূঢ়-বৃক্ষ-বহু-বানরঃ। "সুসূক্ষ্মজটকেশেন সুলভাজিনবাসসা। পুত্রী পর্ব্বত-রাজস্য কুতো হেতোর্বিবাহিতা॥" তদ্গুণসংবিজ্ঞান ও অতদ্গুণসংবিজ্ঞান ভেদে বহুব্রীহি আরও দুই প্রকার। সমস্যমান পদের প্রতিপাদ্য বস্তু যদি সমস্ত পদের প্রতিপাদ্য বস্তুতে থাকে, তাহা হইলে তদ্গুণসংবিজ্ঞান বহুব্রীহি হয়। যথা—আরূঢ়-বানরো বৃক্ষঃ। এস্থলে সমস্ত পদ আরূঢ়বানরঃ, তাহার প্রতিপাদ্য বস্তু বৃক্ষ, সমস্যমান পদের প্রতিপাদ্য আরূঢ় বানর বৃক্ষে আছে, অতএব তদ্গুণসংবিজ্ঞান বহুব্রীহি। তদ্ভিন্ন স্থলে অতদ্গুণসংবিজ্ঞান বহুব্রীহি হয়। যথা—কৃতকর্ম্মা পুরুষঃ। এ স্থলে সমস্ত পদ কৃতকর্ম্মা, তাহার প্রতিপাদ্য বস্তু পুরুষ, সমস্যমান পদের প্রতিপাদ্য কৃত কর্ম্ম পুরুষে সংলগ্ন নহে অর্থাৎ বৃক্ষ দেখিবামাত্র যেমন বানর আরোহণ করিয়াছে বুঝা যায়, সেইরূপ পুরুষ দেখিবামাত্র কর্ম্ম করিয়াছে ইহা বুঝা যায় না। এইজন্য ইহা অতদ্গুণসংবিজ্ঞান বহুব্রীহি।

সংখ্যেয়-বৃত্তি॰ সংখ্যা-বাচক অর্থাৎ সংখ্যা-বাচক বিশেষণ শব্দের সহিত অব্যয়, আসন্ন, অদূর, অধিক ও সংখ্যা-বাচক শব্দের বহুব্রীহি সমাস হয়। (ক)

৪। **বহুব্রীহৌ সংখ্যেয়ে ডজবহুগণাৎ** (পা ৫। ৪।৭৩)

বহুব্রীহি-সমাসে সংখ্যা-বাচক শব্দের উত্তর **ডচ্** হয়; ড্ ও চ্ ইৎ, অ থাকে। যথা,—**দশানাং সমীপে যে তে উপদশাঃ** (খ), **বিংশতেরাসন্নাঃ আসন্নবিংশাঃ, ত্রিংশতোঽদূরে অদূরত্রিংশাঃ, চত্বারিংশতোঽধিকা অধিকচত্বারিংশাঃ, দ্বৌ বা ত্রয়ো বা দ্বিত্রাঃ, পঞ্চ বা ষড্ বা পঞ্চষাঃ** (গ)। বহু ও গণ শব্দের হয় না। যথা,—**বহূনাং সমীপে উপবহবঃ, উপগণাঃ।**

৫। **দিঙ্নামান্যন্তরালে** (পা ২।২।২৬)

অন্তরাল বুঝাইলে দিগ্বাচক **পূর্ব্ব** প্রভৃতি শব্দের বহুব্রীহি সমাস হয়। যথা,—**পূর্ব্বস্যা উত্তরস্যাশ্চ দিশোরন্তরালং পূর্ব্বোত্তরা,**

(ক) উদাহরণ পর-সূত্রে প্রদত্ত হইয়াছে। সংখ্যা-বাচক শব্দ সংখ্যেয়-বৃত্তি অর্থাৎ বিশেষণ না হইলে হয় না। যথা—অধিকা বিংশতির্গবাম্।

(খ) ৮ ও ৯ সূত্র দেখ। উপদশাঃ—নব একাদশ বা ইত্যর্থঃ। "দশানাং বৃক্ষাদীনাং সমীপে যে সন্তি গবাদয়স্তে উপদশা ইতি ন প্রযুজ্যতে"—তত্ত্ববোধিনী। উপ-শব্দের সমীপ এবং সমীপী দুই অর্থই হয়। 'সমীপ' অর্থে অব্যয়ীভাব এবং 'সমীপী' অর্থে বহুব্রীহি। ইহা তত্ত্ববোধিনী, গোয়ীচন্দ্র এবং শ্রীরামতর্কবাগীশের মত।

(গ) "...কত্বান্ দিবসাংস্তিষ্ঠেৎ। সপ্তাষ্টৈর্দিনৈর্যাস্যতি"—শ্রীরামতর্কবাগীশ। "দ্বিত্রাণ্যহান্যর্হসি সোঢ়ুমর্হন্"—রঘুবংশ।

दक्षिणस्याः पूर्व्वस्याश्च दिशोरन्तरालं दक्षिणपूर्व्वा, उत्तरस्याः पश्चिमायाश्च दिशोरन्तरालम् उत्तरपश्चिमा। (ক)

৬। सहस्तृतीयया। (খ)

তৃতীয়ান্ত পদের সহিত **सह** শব্দের বহুব্রীহি সমাস হয়।

৭। सहः सो विभाषा। (গ)

বহুব্রীহি-সমাসে সহ-শব্দ-স্থানে বিকল্পে স হয়। যথা—**पुत्त्रेण सह सपुत्त्रः, सहपुत्त्रः ; अनुजेन सह सानुजः, सहानुजः ; बान्धवेन सह सबान्धवः ; भृत्येन सह सभृत्यः, सहभृत्यः।**

৮। रणव्यतिहारे तृतीयासप्तम्योः सरूपयोः। (ঘ)

পরস্পর যুদ্ধ বুঝাইলে সমানরূপ তৃতীয়ান্ত ও সপ্তম্যন্ত পদের বহুব্রীহি সমাস হয়।

৯। दीर्घोऽन्त्यः पूर्व्वस्य। (ঙ)

রণ-ব্যতিহারে বহুব্রীহি সমাস হইলে পূর্ব্ব-পদের অন্ত্য স্বর দীর্ঘ হয়।

১০। इच् कर्म्मव्यतिहारे (पा ५।४।१२७)

কর্ম্ম-ব্যতিহারে বহুব্রীহি সমাস হইলে পরপদের উত্তর **इच्** হয় ;

(ক) ১৪ সূত্র দেখ। (খ) "তেন সহেতি তুল্যযোগে" (পা ২।২।২৮)।

(গ) "বোপসর্জ্জনস্য" (পা ৬।৩।৮২)

(ঘ) "তত্র তেনেদমিতি সরূপে" (পা ২।২।২৭)

(ঙ) "অন্যেষামপি দৃশ্যতে" (পা ৬।৩।১৩৭)

চ্ ইৎ, অব্যয় হয় ; ইচ্ পরে থাকিলে অন্ত্য উ-বর্ণের গুণ হয়। যথা—केशेषु केशेषु गृहीत्वा इदं युद्धं प्रवृत्तं (ক) केशाकेशि, दण्डैश्च दण्डैश्च प्रहृत्य इदं युद्धं प्रवृत्तं दण्डादण्डि, मुष्टीमुष्टि, बाहूबाहवि (৬০), असयसि।

११। स्त्रियाः पुंवद्भाषितपुंस्कायाः स्त्रियाम्। (খ)

বহুব্রীহি সমাসে স্ত্রীলিঙ্গ শব্দ পরে থাকিলে ভাষিতপুংস্ক (গ)

(ক) এস্থলে প্রবৃত্তং এই পদে ণিচের অর্থ অন্তর্ভূত আছে, প্রবৃত্তং প্রবর্ত্তিত-মিত্যর্থঃ। নতুবা গৃহীত্বা এই অসমাপিকা ক্রিয়ার সহিত এককর্তৃকত্ব থাকে না। ইহা শ্রীরামতর্কবাগীশের মত। কর্ত্তায় ৩য়া হইলে হয় না। যথা—ক্ষত্রিয়েণ ক্ষত্রিয়েণ চ প্রহৃত্য ইদং যুদ্ধং বৃত্তম্—এখানে সমাস হইল না। প্রহরণ, আকর্ষণ ও গ্রহণ ভিন্ন অন্য ক্রিয়ার ব্যতীহার বুঝাইলে হয় না। ব্যতীহার অর্থাৎ পরস্পর একজাতীয় ক্রিয়া-করণ। রথে চ রথে চ স্থিত্বা ইদং যুদ্ধং বৃত্তম্ —এখানে প্রহরণাদি অর্থ না হওয়ায় সমাস হইল না। সমানরূপ পদ না হইলে হয় না। যথা—হলৈশ্চ মুষলৈশ্চ প্রহৃত্য ইদং যুদ্ধং বৃত্তম্—এখানে হলৈঃ ও মুষলৈঃ ভিন্ন পদ হওয়ায় সমাস হইল না। যুদ্ধ না বুঝাইলে হয় না। যথা—হস্তেন চ হস্তেন চ গৃহীত্বা ইদং ক্রীড়নং সখ্যং বা বৃত্তম্—এখানেও সমাস হইল না। প্রহরণ-বিষয়ে তৃতীয়ান্ত পদের এবং গ্রহণ-বিষয়ে সপ্তম্যন্ত পদেরই সমাস হয়। অতএব কায়ঞ্চ কায়ঞ্চ গৃহীত্বা যুদ্ধম্—এস্থলে সমাস হইল না। যুদ্ধ ভিন্ন স্থলেও প্রয়োগ দেখা যায়। যথা—"কর্ণাকর্ণি জপন্তি হন্ত নিভৃতাঃ" ইত্যাদি মহানাটকে। "কর্ণাকর্ণি অকথয়ৎ"—বিষ্ণুপুরাণে।

(৬০) বোপদেব-মতে পূর্ব্বপদের অন্ত্যস্বর স্থানে বিকল্পে আ হয়। যথা,—মুষ্টামুষ্টি, মুষ্টীমুষ্টি; বাহাবাহবি, বাহুবাহবি। স্বরবর্ণ পরে থাকিলে হয় না। যথা—অস্যসি।

(খ) "স্ত্রিয়াঃ পুংবদ্ভাষিতপুংস্কাদনূঙ্ সমানাধিকরণে স্ত্রিয়ামপূরণীপ্রিয়াদিষু" (পা ৬।৩।৩৪)

(গ) ভাষিতপুংস্ক—যে সকল শব্দ একই অর্থে পুংলিঙ্গ এবং স্ত্রীলিঙ্গ উভয়ই হয়, তাহা-

স্ত্রীলিঙ্গ শব্দের পুংবদ্ভাব হয়। যথা,—**স্থিরা বুদ্ধিরস্য স্থিরবুদ্ধিঃ, মহতী মতিরস্য মহামতিঃ, চিত্রা গতিরস্য চিত্রগতিঃ, দৃঢ়া ভক্তিরস্য দৃঢ়ভক্তিঃ, প্রিয়া ভার্য্যাস্য প্রিয়ভার্য্যঃ, শ্রীতা গৌরস্য শ্রীতগুঃ** (ক)।

১২। নোবন্তস্য।

বহুব্রীহি সমাসে উপ্-প্রত্যয়ান্ত স্ত্রীলিঙ্গ শব্দের পুংবদ্ভাব হয় না। যথা,—**বামোরুঃ ভার্য্যাস্য বামোরুভার্য্যঃ।**

১৩। ন কোপধায়াঃ (পা ৬।৩।৩৭)

যে স্ত্রীলিঙ্গ শব্দের উপধা-স্থলে তদ্ধিতের কিংবা অক-প্রত্যয়ের ক থাকে, তাহার পুংবদ্ভাব হয় না। যথা তদ্ধিত—**রসিকা ভার্য্যাস্য রসিকাভার্য্যঃ**; অক-প্রত্যয়—**পাচিকা ভার্য্যাস্য পাচিকাভার্য্যঃ**। অন্যত্র হয়; যথা,—**একা ভার্য্যাস্য একভার্য্যঃ**।

দিগকে ভাষিতপুংস্ক বা উক্তপুংস্ক বলে। বৃদ্ধ শব্দ পুংলিঙ্গ ও স্ত্রীলিঙ্গ উভয়ই হয়। যথা—**বৃদ্ধঃ পুরুষঃ, বৃদ্ধা নারী**; অথচ উভয়ত্র বৃদ্ধ শব্দের একই অর্থ। অতএব বৃদ্ধ শব্দ ভাষিতপুংস্ক। গঙ্গা শব্দ কেবল স্ত্রীলিঙ্গই হয়, পুংলিঙ্গ হয় না। অতএব গঙ্গা শব্দ ভাষিতপুংস্ক নহে। দ্রোণ শব্দ পুংলিঙ্গ এবং স্ত্রীলিঙ্গ উভয়ই হয়, কিন্তু ইহা ভাষিতপুংস্ক শব্দ নহে। কারণ যখন ইহা পুংলিঙ্গ হয়, তখন ইহার অর্থ পরিমাণ-বিশেষ এবং যখন স্ত্রীলিঙ্গ হয়, তখন ইহার অর্থ গবাদনী অর্থাৎ গো-সমূহের ভোজন-পাত্র। অতএব একই অর্থে পুংলিঙ্গ ও স্ত্রীলিঙ্গ উভয়ই হইল না বলিয়া ভাষিতপুংস্ক হইল না। অতএব স্থূলদৃষ্টিতে সহজ ভাষায় ভাষিতপুংস্ককে বিশেষণ বলা যাইতে পারে। সূক্ষ্মদৃষ্টিতে ভাষিতপুংস্ক শব্দের যে অর্থ, তাহা পূর্ব্বেই লিখিত হইয়াছে।

(ক) "সাধারণ নিয়ম"—১০ সূত্র।

১৪। संज्ञा-पूरण्योश्च (पा ६।३।३८)

সংজ্ঞা-বাচক ও পূরণ-বাচক স্ত্রীলিঙ্গ শব্দের পুংবদ্ভাব হয় না। যথা সংজ্ঞা-বাচক—**दत्ता भार्य्यास्य दत्ताभार्य्यः** (ক); পূরণ-বাচক—**द्वितीया भार्य्यास्य द्वितीयाभार्य्यः, पञ्चमी भार्य्यास्य पञ्चमीभार्य्यः।**

१५। जाति-स्वाङ्गयोः।

জাতি-বাচক ও স্বাঙ্গ-বাচক স্ত্রীলিঙ্গ শব্দের পুংবদ্ভাব হয় না। যথা, জাতি-বাচক—**ब्राह्मणी भार्य्यास्य ब्राह्मणीभार्य्यः, क्षत्रिया भार्य्यास्य क्षत্রিয়াभार्य्यः**; স্বাঙ্গ-বাচক—**सुकेशी भार्य्यास्य सुकेशी-भार्य्यः, कृशाङ्गी भार्य्यास्य कृशाङ्गीभार्य्यः।** (খ)

(ক) যে সকল সংখ্যা-বাচক শব্দ একটীমাত্র বস্তু বা ব্যক্তি বুঝায়, এই নিষেধ-সূত্র তাহাদের জন্য নহে (গোয়ীচন্দ্র); কারণ তাহারা ভাষিতপুংস্ক নহে; অতএব ১১ সূত্রানুসারে তাহাদের পুংবদ্ভাবের কোনই সম্ভাবনা নাই। দত্তাদি শব্দগুলি সংজ্ঞা-বাচক হইলেও অনেককে বুঝাইতে পারে এবং পুংলিঙ্গ ও স্ত্রীলিঙ্গ উভয়ই হইতে পারে; অতএব উক্তপুংস্ক হওয়ায় ১১ সূত্রানুসারে পুংবদ্ভাবের সম্ভাবনা ছিল, সেই জন্যই ১৪ সূত্রানুসারে তাহার নিষেধ করা হইল।

(খ) কিন্তু মানিন্ শব্দ পরে থাকিলে পুংবদ্ভাব হয়। যথা—ব্রাহ্মণী মানিনী যস্যাঃ অথবা ব্রাহ্মণীম্ আত্মানং মন্যতে ইতি বাক্যে ব্রাহ্মণমানিনী, সুকেশমানিনী। স্বাঙ্গ-বাচক শব্দ যদি ঈপ্-প্রত্যয়ান্ত হয়, তাহা হইলেই পুংবদ্ভাব নিষিদ্ধ। আপ্-প্রত্যয়ান্ত স্বাঙ্গ-বাচক শব্দের পুংবদ্ভাব হইতে পারে। যথা—অকেশা ভার্য্যা যস্য সঃ অকেশভার্য্যঃ।

১৬। প্রিয়াদি-পূরণ্যোঃ।

বহুব্রীহি সমাসে প্রিয়া (৬১) প্রভৃতি ও পূরণ-বাচক শব্দ পরে থাকিলে পূর্ব্ববর্ত্তী স্ত্রীলিঙ্গ শব্দের পুংবদ্ভাব হয় না। যথা,—**শোভনা প্রিয়াস্য শোভনাপ্রিয়ঃ, সুলোচনা কান্তাস্য সুলোচনা-কান্তঃ।**

১৭। অপ্ পূরণী-প্রমাণ্যোঃ (পা ৫।৪।১১৬)

পূরণ-বাচক ও প্রমাণী শব্দের উত্তর অপ্ হয়; প্ ইৎ, অ থাকে। যথা,—**কল্যাণী পঞ্চমী যাসাং রাত্রীণাং তাঃ কল্যাণীপঞ্চমা রাত্রয়ঃ (৬২), স্ত্রী প্রমাণী যেষাং তে স্ত্রীপ্রমাণাঃ কুটুম্বিনঃ।**

---

(৬১) প্রিয়া, মনোজ্ঞা, কল্যাণী, সুভগা, দুর্ভগা, সচিবা, স্বা, কান্তা, ক্ষান্তা, সমা, চপলা, বামনা। ভক্তি, তনয়া, দুহিতা, এই তিন শব্দও প্রিয়াদি-গণে পঠিত হইয়া থাকে; কিন্তু সর্ব্বত্রই বিপরীত প্রয়োগ দেখিতে পাওয়া যায়; এজন্য গণমধ্যে নিবেশিত হইল না।

দৃঢ়ভক্তিঃ, বিদিতভক্তিঃ প্রভৃতি শিষ্টপ্রয়োগ দেখা যায়। বৃত্তিকার, ন্যাসকার, সিদ্ধান্তকৌমুদী ও সংক্ষিপ্তসারের মতে দৃঢ়ং ভক্তির্যস্য এইরূপ বাক্য, সুতরাং পুংবদ্ভাবের সম্ভাবনা নাই। তাঁহাদের মতে দৃঢ়ং এই পদে সামান্যে নপুংসক লিঙ্গ। ভাগবৃত্তি-মতে ইহা আর্ষ প্রয়োগ। ভোজরাজ এবং শ্রীরামতর্কবাগীশের মতে ভক্তি-শব্দ যদি কর্ম্মবাচ্যে নিষ্পন্ন হয়, তাহা হইলে পুংবদ্ভাব হয় না। তখন ভক্তি=ভজনীয়। যথা—ভবানী ভক্তির্যস্য স ভবানীভক্তিঃ। ভাববাচ্য-নিষ্পন্ন ভক্তি-শব্দ পরে থাকিলে পুংবদ্ভাব হয়। যথা—দৃঢ়া ভক্তির্যস্য স দৃঢ়ভক্তিঃ।

(৬২) মুখ্য পূরণীর উত্তর অপ্ হয়, গৌণের উত্তর হয় না। কল্যাণী পঞ্চমী রাত্রির্যস্মিন্ পক্ষে স কল্যাণপঞ্চমীকঃ পক্ষঃ। এ স্থলে পূরণ-বাচক শব্দ গৌণ; এজন্য ইহার উত্তর অপ্ হইল না। অসমস্ত দশায় যে অর্থের বাচক, সমস্ত দশাতেও সেই অর্থের বাচক হইলেই মুখ্য; আর অসমস্ত দশায় যে অর্থের বাচক, সমস্ত দশায়

১৮। নঞ্-সু-বি-ত্র্যুপেভ্যশ্চতুরঃ। (ক)

নঞ্, সু, বি, ত্রি, উপ, এই সকলের পরবর্ত্তী চতুর্ শব্দের উত্তর অপ্ হয়। যথা,—অবিদ্যমানানি চত্বার্য্যস্য অচতুরঃ। এইরূপ, সুচতুরঃ, বিচতুরঃ, ত্রিচতুরঃ, উপচতুরঃ। (ক)

১৯। নেতুর্নক্ষত্রাৎ।

নক্ষত্র-বাচক শব্দের পরবর্ত্তী নেতৃ শব্দের উত্তর অপ্ হয়। যথা,—মৃগনেত্রাঃ, পুষ্যনেত্রাঃ রাত্রয়ঃ। (খ)

২০। নাভেঃ সংজ্ঞায়াম্।

সংজ্ঞা বুঝাইলে নাভি শব্দের উত্তর অপ্ হয়। যথা,—পদ্মনাভো বিষ্ণুঃ। (গ)

তদ্ভিন্নার্থ-বাচক হইলে গৌণ বলে। কল্যাণপঞ্চমা রাত্রয়ঃ,—এ স্থলে পূরণবাচক শব্দ অসমস্ত ও সমস্ত উভয় দশাতেই রাত্রিবাচক, এজন্য মুখ্য; আর কল্যাণপঞ্চমীকঃ পক্ষঃ,—এ স্থলে পূরণবাচক শব্দ অসমস্ত দশায় রাত্রিবাচক, কিন্তু সমস্ত দশায় তদ্বাচক না হইয়া তদ্ভিন্নার্থক-পক্ষবাচক হইতেছে, এজন্য ইহা গৌণ।

(ক) "অচতুর-বিচতুর-সুচতুর ·" (পা ৫।৪।৭৭); চতুরোঽচ্‌প্রকরণে ত্র্যুপাভ্যামুপসংখ্যানম্" (বা ৩০৫১)

"অবিদ্যমানা ধর্ম্মার্থকামমোক্ষাশ্চত্বারো যস্য সোঽচতুরঃ। শোভনাশ্চত্বারো যস্য স সুচতুরঃ। ত্রয়শ্চত্বারো বা মানং যেষাং, ত্রয়ো বা চত্বারো বা ইতি ত্রিচতুরাঃ। বিগতাশ্চত্বারো যস্য স বিচতুরঃ। উপগতাশ্চত্বারো যেষাং, চতুর্ণাং সমীপে বা উপচতুরাঃ"—শ্রীরাম। ত্রিচতুরাঃ—এস্থলে ৪ সূত্রানুসারে ডচ না হইয়া এই সূত্রানুসারে অপ্ হইল।

(খ) মৃগঃ মৃগশিরো নক্ষত্রং নেতা প্রাপকো যস্যাঃ সা রাত্রিঃ মৃগনেত্রা (মৃগনেতৃ+অ+স্ত্রীলিঙ্গে আপ্)। যে নক্ষত্র উদিত হইলে রাত্রি আরম্ভ হয়, সেই নক্ষত্রকে সেই রাত্রির নেতৃ বলে।

(গ) "নাভিস্থিতং পদ্মং যস্য ইতি বাক্যম্"—শ্রীরাম। "পদ্মং নাভৌ যদা স পদ্মনাভঃ

২১। অন্তর্বহির্ভ্যাং চ লোম্নঃ (পা ৫।৪।১১৭)

অন্তর্ ও **বহিস্** শব্দের পরবর্ত্তী **লোমন্** শব্দের উত্তর **অপ্** হয়। যথা,—**অন্তর্লোমানি যস্যা অন্তর্লোমা নাসিকা, বহির্লোমানি যস্য বহির্লোমঃ।**

২২। নঞ্-দুঃ-সুভ্যঃ সক্থ্নো বা।

নঞ্, দুর্, সু, এই তিন শব্দের পরবর্ত্তী **সক্থি** শব্দের উত্তর বিকল্পে **অপ্** হয়। যথা,—**অসক্থঃ, অসক্থিঃ ; দুঃসক্থঃ, দুঃসক্থিঃ ; সুসক্থঃ, সুসক্থিঃ।** (ক)

২৩। সক্থ্যক্ষিভ্যাং ষঃ স্বাঙ্গে।

স্বাঙ্গ বুঝাইলে বহুব্রীহি সমাসে **সক্থি** ও **অক্ষি** শব্দের উত্তর **ষ** হয় ; ষ্ ইৎ, অ থাকে। যথা,—**দীর্ঘে সক্থিনী অস্য দীর্ঘ-**

অথবা পদ্মং পদ্মবৎ”—দুর্গাদাস। “পদ্মং নাভিরস্যেতি অথবা পদ্মং নাভাবস্যেতি ব্যধিকরণো বহুব্রীহিঃ”—গোয়ীচন্দ্র। নাভিস্থিতা ঊর্ণা যস্য স ঊর্ণনাভো মর্কটঃ, নিপাতনে ঊর্ণা শব্দের আকার হ্রস্ব হইল। মতান্তরে ঊর্ণনাভিঃ, অর্থাৎ সমাসান্ত অ-প্রত্যয় হয় না। যথা—“প্রবৃত্তির্নো বিনা কার্য্যমূর্ণনাভেরপীষ্যতে”—ভট্টবার্ত্তিক। সমাসান্ত বিধি অনিত্য; এইজন্য “প্রজা ইবাঙ্গাদরবিন্দনাভেঃ”—এস্থলে সমাসান্ত হইল না, —শ্রীরামতর্কবাগীশ ও দুর্গাদাস। গোয়ীচন্দ্র-মতে ‘পদ্মনাভিঃ’ও হয়।

(ক) পাণিনি-মতে হলি শব্দের উত্তরও এই নিয়মে অপ্ হয়। যথা—অহলঃ অহলিঃ, দুর্হলঃ দুর্হলিঃ, সুহলঃ সুহলিঃ। সংক্ষিপ্তসার-মতে নঞ্+হলি, সু+সক্থি, দুর্+সক্থি—ইহাদের উত্তর অপ্ হয়। বিদ্যাসাগর মহাশয় মুগ্ধবোধের মত গ্রহণ করিয়াছেন। এস্থলে সক্থি শব্দের অর্থ শকটাঙ্গবিশেষ। ঊরু-বাচক সক্থি শব্দের পর-সূত্রানুসারে ষ হইবে।

সক্‌থঃ পুরুষঃ, বৃত্তে সক্‌থিনী অস্যাঃ বৃত্তসক্‌থী নারী, দীর্ঘে অক্ষিণী অস্মিন্ দীর্ঘাক্ষং বদনম্, বিশালে অক্ষিণী অস্যাঃ বিশালাক্ষী দেবী। স্বাঙ্গ না বুঝাইলে হয় না। যথা,—দীর্ঘসক্‌থি শকটম্, স্থূলাক্ষিঃ ইক্ষুদণ্ডঃ। (ক)

২৪। অঙ্গুলের্দারুণি (পা ৫।৪।১১৪)

দারু (খ) বুঝাইলে অঙ্গুলি শব্দের উত্তর ষ হয়। যথা,—পঞ্চাঙ্গুলং দারু (গ)। দারু ভিন্ন স্থলে পঞ্চাঙ্গুলির্হস্তঃ।

২৫। দ্বিত্রিভ্যাং মূর্দ্ধ্নঃ।

দ্বি ও ত্রি শব্দের পরবর্ত্তী মূর্দ্ধন্ শব্দের উত্তর ষ হয়। যথা,—দ্বৌ মূর্দ্ধানাবস্য দ্বিমূর্দ্ধঃ, ত্রয়ো মূর্দ্ধানোঽস্য ত্রিমূর্দ্ধঃ। অন্যত্র হয় না। যথা,—পঞ্চ মূর্দ্ধানোঽস্য পঞ্চমূর্দ্ধা।

২৬। অস্ নঞ্-দুঃ-সুভ্যঃ প্রজায়াঃ।

নঞ্, দুর্, সু, এই তিন শব্দের পরবর্ত্তী প্রজা শব্দের উত্তর অস্ হয়। যথা,—অপ্রজাঃ, দুষ্প্রজাঃ, সুপ্রজাঃ।

(ক) প্রাচীনেরা "স্থূলাক্ষিঃ ইক্ষুঃ" এইরূপ প্রত্যুদাহরণ দিয়াছেন। কিন্তু তত্ত্ববোধিনী-মতে ইহা হইতে পারে না। কারণ তৎপুরুষ সমাসের ৯৫ সূত্রানুসারে চক্ষুর্ভিন্ন অর্থে অক্ষি-শব্দের উত্তর অচ্ প্রত্যয় অবশ্যই হইবে। এই জন্যই সিদ্ধান্তকৌমুদীতে 'স্থূলাক্ষা বেণুযষ্টিঃ' এইরূপ প্রত্যুদাহরণ প্রদত্ত হইয়াছে। এখানে অচ্ হওয়ায় স্ত্রীলিঙ্গে আপ্ হইল, ষ প্রত্যয় হইলে স্ত্রীলিঙ্গে ঈপ্ হইত।

(খ) দারু—কাষ্ঠ। (গ) "পঞ্চ অঙ্গুলয়ো যস্মিন্ তৎ পঞ্চাঙ্গুলং দারু, অঙ্গুলিসদৃশাবয়বং ধান্যানাং বিক্ষেপণকাষ্ঠমুচ্যতে"—গোয়ীচন্দ্র, অর্থাৎ ধান্য বিক্ষিপ্ত করিবার কাষ্ঠ-বিশেষ, ইহার অবয়ব অঙ্গুলি-তুল্য।

২৭। মন্দাল্পাভ্যাঞ্চ মেধায়াঃ।

নঞ্, দুর্, সু, মন্দ, অল্প, এই সকল শব্দের পরবর্ত্তী মেধা শব্দের উত্তর অস্ হয়। যথা,—অমেধাঃ, দুর্মেধাঃ, সুমেধাঃ, মন্দমেধাঃ, অল্পমেধাঃ। (ক)

২৮। ধর্ম্মাদন্ কেবলাৎ।

ধর্ম্ম শব্দের উত্তর অন্ হয়। যথা,—সুধর্ম্মা, শুভধর্ম্মা, অর্জ্জিতধর্ম্মা। ধর্ম্মশব্দ অন্য শব্দের সহিত মিলিত থাকিলে হয় না। যথা,—পরমস্বধর্ম্মঃ। (খ)

(ক) "অর্থেন তু বিহীনস্য পুরুষস্যাল্পমেধসঃ। ক্রিয়াঃ সর্ব্বা বিনশ্যন্তি গ্রীষ্মে কুসরিতো যথা।"—হিতোপদেশ

(খ) "ধর্ম্মাদনিচ্ কেবলাৎ" (পা ৫।৪।১২৪)। কেবলাৎ পূর্ব্বপদাৎ পরো যো ধর্ম্ম-শব্দস্তদন্তাদ্ বহুব্রীহেরনিচ্ স্যাৎ। কল্যাণধর্ম্মা। কেবলাৎ কিম্? পরমঃ স্বো ধর্ম্মো যস্যেতি ত্রিপদে বহুব্রীহৌ মা ভূৎ। * * * "সন্দিগ্ধসাধ্যধর্ম্মা ইত্যাদৌ তু কর্ম্মধারয়-পূর্ব্বপদো বহুব্রীহিঃ। এবং তু পরমস্বধর্ম্মা ইত্যপি সাধ্বেব"—ইতি সিদ্ধান্তকৌমুদী। ইহার সরলার্থ এই যে—যদি ধর্ম্ম-শব্দের পূর্ব্বে একটী মাত্র পদ থাকে, তাহা হইলে তাহার উত্তর বহুব্রীহি সমাসে অন্-প্রত্যয় হয়। পরমঃ স্বো ধর্ম্মো যস্য এই বাক্যে ধর্ম্ম-শব্দের পূর্ব্বে পরমঃ এবং স্বঃ এই দুইটী পৃথক্ পদ থাকায় অন্ প্রত্যয় হইল না। অতএব তিনটী পৃথক্ পদ লইয়া বহুব্রীহি সমাস করিলে ধর্ম্ম শব্দের উত্তর অন্ প্রত্যয় হয় না। কিন্তু পরমশ্চাসৌ স্বশ্চ পরমস্বঃ, পরমস্বঃ ধর্ম্মো যস্য এই বাক্যে পরমস্বধর্ম্মা অর্থাৎ অন্ প্রত্যয় হইবে; কারণ ধর্ম্ম শব্দের পূর্ব্বে পরম ও স্ব দুইটী শব্দ থাকিলেও ইহারা পৃথক্ পদ নহে, সমাসে একপদ হইয়া গিয়াছে। অতএব এ স্থলে ধর্ম্ম শব্দের পূর্ব্বে একটীমাত্র পদ আছে বলিয়া অন্-প্রত্যয় হইল। কাশিকা, সিদ্ধান্তকৌমুদী এবং তত্ত্ববোধিনীরও এই একই মত। চন্দ্র এবং বর্দ্ধমানেরও এই মত। কিন্তু ভাষা, সংক্ষিপ্তসার এবং শ্রীরামতর্কবাগীশের মতে ত্রিপদে বহুব্রীহি সমাস হইলেও ধর্ম্ম শব্দের উত্তর অন্ হইতে

২৯। দক্ষিণাদীর্ম্মা লুব্ধযোগে। (ক)

ব্যাধ-সম্বন্ধ বুঝাইলে দক্ষিণ শব্দের পরবর্ত্তী ঈর্ম্ম শব্দের উত্তর অন্ হয়। যথা,—দক্ষিণে ঈর্ম্ম ব্রণং যস্য দক্ষিণের্ম্মা মৃগঃ, ব্যাধেন দক্ষিণে পার্শ্বে কৃতব্রণ ইত্যর্থঃ। (ক)

৩০। প্র-সম্ভ্যাং জানুনোর্জ্ঞুঃ (পা ৫।৪।১২৯)

প্র, সম্, এই দুই অব্যয়ের পরবর্ত্তী জানু শব্দের স্থানে জ্ঞু হয়। যথা,—প্রজ্ঞুঃ, সংজ্ঞুঃ। (খ)

পারে। ভাষ্যকারের উদাহরণ—সাক্ষাৎ কৃতো ধর্ম্ম এতৈঃ সাক্ষাৎকৃতধর্ম্মাণঃ। শ্রীরামতর্কবাগীশ ও গোয়ীচন্দ্রের উদাহরণ—পরমঃ শোভনঃ ধর্ম্মোঽস্য পরমসুধর্ম্মা। সংক্ষিপ্তসারের মূলে ভাষ্যকারের উদাহরণই প্রদত্ত হইয়াছে। গোয়ীচন্দ্র বলেন—মূলে যে ভাষ্যকারের উদাহরণ প্রদত্ত হইয়াছে, তাহা চন্দ্র, বর্দ্ধমান, জয়াদিত্য প্রভৃতির মত নিরস্ত করিবার জন্য। সংক্ষিপ্তসার ও শ্রীরামতর্কবাগীশের মতে, যদি ধর্ম্ম শব্দের সহিত প্রথমে অন্য কোন শব্দের সমাস করা যায় এবং তাহার পর সেই সমস্ত পদটীকে পরপদ করিয়া পুনরায় বহুব্রীহি সমাস করা যায়, তাহা হইলে অন্ প্রত্যয় হয় না। শোভনো ধর্ম্মঃ সুধর্ম্মঃ—প্রথমে ধর্ম্ম শব্দের সহিত তৎপুরুষ সমাসে সুধর্ম্ম হইল, তাহার পর পরমঃ সুধর্ম্মোঽস্য এই বাক্যে বহুব্রীহি সমাস করিলে পরমসুধর্ম্মঃ, অর্থাৎ অন্ প্রত্যয় হইবে না। এইরূপ কুলস্য ধর্ম্মঃ কুলধর্ম্মঃ, অনুপালিতঃ কুলধর্ম্মো যেন সঃ অনুপালিতকুলধর্ম্মঃ। সংক্ষিপ্তসার-সূত্র—"অকৃতসমাসান্তরাদ্ ধর্ম্মাদন্"—৪৭০ সূত্র। চন্দ্র ও বর্দ্ধমানের মতে বিকল্পে অন্ হয়।

(ক) "দক্ষিণের্ম্মা লুব্ধযোগে" (পা ৫।৪।১২৬)। "স্বয়ংজাতে ব্রণে দক্ষিণের্ম্মো মৃগঃ"—ইতি গোয়ীচন্দ্রঃ।

(খ) "প্রগতং জানু যস্য প্রজ্ঞুঃ। সংহতং জানু যস্য সংজ্ঞুঃ"—শ্রীরামতর্কবাগীশ। "প্রকৃষ্টে জানুনী যস্য স প্রজ্ঞুঃ"—কাশিকা ও দুর্গাদাস

३१। ऊर्द्ध्वाद्विभाषा (पा ५।४।१३०)।

ऊर्द्ध শব্দের পরবর্ত্তী জানু শব্দের স্থানে বিকল্পে **ज्ञु** হয়। যথা,—**ऊर्द्धज्ञुः, ऊर्द्धजानुः**। (ক)

३२। नसो नासिकायाः संज्ञायाम्।

সংজ্ঞা বুঝাইলে নাসিকা-শব্দ-স্থানে **नस** হয়। যথা,—**द्रुरिव नासिकास्य द्रुणसः, वार्ध्रीव नासिकास्य वार्ध्रीणसः, गौरिव नासिकास्य गोनसः**। স্থূল শব্দের উত্তর হয় না। যথা,—**स्थूला नासिकास्य स्थूलनासिकः**। সংজ্ঞা না বুঝাইলে হয় না। যথা,—**तुङ्गा नासिका अस्य तुङ्गनासिकः पुरुषः**।

३३। उपसर्गाच्च (पा ५।४।११९)

উপসর্গের পরবর্ত্তী নাসিকা শব্দের স্থানে **नस** হয়। যথা,—**प्रणसः, उन्नसः, अपनसः**। (খ)

३४। खर-खुराभ्यां नस् च।

खर ও **खुर** শব্দের পরবর্ত্তী নাসিকা শব্দের স্থানে **नस** ও **नस्** হয়। যথা,—**खरणसः, खरणाः; खुरणसः, खुरणाः**।

३५। विग्रादयः।

(ক) ঊর্দ্ধং জানু যস্য।

(খ) যথাক্রমে বাক্য—প্রগতা উন্নতা অপগতা নাসিকা যস্য। "অসিং কৌক্ষেয়মুন্নম্য চকারাপনসং মুখম্"—ভট্টি ৪।৩১। "উন্নসং দধতী বক্ত্রম্"—ভট্টি ৪।১৮

বি-উপসর্গ-সহিত **নাসিকা** শব্দের স্থানে **বিগ্র, বিখ্য, বিখ্র, বিখ্রু**, ও **বিনস** নিপাতনে সিদ্ধ হয়। (ক)

২৬। জানির্জায়ায়াঃ।

জায়া শব্দের স্থানে জানি আদেশ হয়। যথা,—**যুবতির্জায়াস্য যুবজানিঃ** (খ), **প্রিয়া জায়াস্য প্রিয়জানিঃ, সুন্দরী জায়াস্য সুন্দরজানিঃ।**

২৭। দুর্গন্ধাদুত্-সু-পূতি-সুরভিভ্যঃ। (গ)

(ক) ভাষ্য, কাশিকা ও সিদ্ধান্তকৌমুদীর মতে বিগ্র ও বিখ্য। সংক্ষিপ্তসার-মতে বিনসঃ ও বিখ্রুঃ। শ্রীরামতর্কবাগীশ-মতে বিখ্রু, বিগ্র ও বিনস। পাণিনির মতে বিনস হয় না। "বিনসা হতবান্ধবা"—ভট্টি ৫।৮। এস্থলে উপায় কি? "বিগতয়া নাসিকয়া উপলক্ষিতা ইতি ব্যাখ্যেয়ম্"—সি-কৌ। "বিনসেতি ন প্রথমান্তং, কিন্তু নসাদেশে তৃতীয়ান্তমিতি ভাবঃ"—তত্ত্ববোধিনী। মতান্তরে বিখ্রুও হয়।

(খ) "যুবজানিধনুষ্পাণিঃ"—ভট্টি ৫।১৩

(গ) "গন্ধস্যেদুৎপূতিসুসুরভিভ্যঃ (পা ৫।৪।১৩৫); গন্ধস্যেত্ত্বে তদেকান্তগ্রহণম্" (বা ৩৩৬৮)। "একান্ত একদেশ ইব অবিভাগেন লক্ষ্যমাণ ইত্যর্থঃ। সুগন্ধি পুষ্পং সলিলঞ্চ। সুগন্ধির্বায়ুঃ। নেহ—শোভনা গন্ধা গন্ধদ্রব্যাণ্যস্য সুগন্ধ আপণিকঃ"—সি, কৌ। অতএব সিদ্ধান্তকৌমুদী মতে গুণ-বাচক গন্ধ শব্দের উত্তরই ই প্রত্যয় হয়, দ্রব্য-বাচক গন্ধ শব্দের উত্তর হয় না। প্রৌঢ়মনোরমায় এই মতেরই পোষকতা করা হইয়াছে। অধিকন্তু ইহাতে মতান্তরও উল্লিখিত হইয়াছে। যথা—"কেচিত্তু তদেকান্তশব্দেন স্বাভাবিকত্বং বিবক্ষিত্বা আগন্তুকস্য ন ইত্যাহুঃ।" অর্থাৎ কেহ কেহ বলেন—গন্ধ স্বাভাবিক হইলে ই প্রত্যয় হয়, আগন্তুক হইলে হয় না। মল্লিনাথ এই শেষোক্ত মতেরই পক্ষপাতী। যথা, "গন্ধস্যেত্ত্ব তদেকান্তগ্রহণং কর্ত্তব্যমিতি নৈসর্গিকগন্ধবিবক্ষায়ামেব, ইকারাদেশঃ"—রঘু ৪।৪৫। তন্মতে "বকুলমুকুলদন্তচ্ছসুগন্ধয়ঃ" (মাঘ)। "অপাং হি তৃপ্তায় ন বারিধারা

উৎ, সু, পূতি, সুরভি, এই চারি শব্দের পরবর্ত্তী গন্ধ শব্দের উত্তর ই হয়। যথা,—উদ্গন্ধিঃ, সুগন্ধিঃ, পূতিগন্ধিঃ, সুরভিগন্ধিঃ। দ্রব্যান্তরের গন্ধ-সম্বন্ধে হয় না। যথা,—সুগন্ধঃ পবনঃ।

৩৮। অল্পসংযোগে।

স্বাদুঃ সুগন্ধিঃ স্বদতে তুষারা",—নৈষধ। "স নৈস্তপরিভোগেণ গজদানসুগন্ধিনা" (রঘু)। এই মহাকবি-প্রয়োগ-সমূহ কবিগণের নিরঙ্কুশত্ব হেতু সোঢ়ব্য। এই সকল স্থলে ইন্ প্রত্যয় হইয়াছে, ইহাও বলা মল্লিনাথের মতে অসঙ্গত। কারণ, নিয়ম আছে—"ন কর্ম্মধারয়ান্মত্বর্থীয়ো বহুব্রীহিশ্চেদর্থপ্রতিপত্তিকরঃ।"—অর্থাৎ বহুব্রীহি সমাস দ্বারা অর্থ-প্রতিপত্তি হইলে কর্ম্মধারয়ের উত্তর অস্ত্যর্থে প্রত্যয় হয় না। শ্রীরামতর্কবাগীশ, দুর্গাদাস, কার্ত্তিকেয় সিদ্ধান্ত এবং ভরত-মল্লিক, প্রৌঢ়মনোরমার শেষোক্ত মত এবং মল্লিনাথ-মতেরই পক্ষপাতী। "যদা সমবায়সম্বন্ধেন গন্ধো বর্ত্ততে তদা ইকারঃ, তথাচ—'আঘ্রায়ি বান্ গন্ধবহঃ সুগন্ধঃ' ইতি ভট্টিঃ—শ্রীরাম। "ক্ষিতাবেব গন্ধ ইতি তার্কিকাঃ, স তু গন্ধঃ পুষ্পাদৌ সমবায়সম্বন্ধেনৈব বর্ত্ততে। বায্বাদৌ তু সংযোগসম্বন্ধেনেতি। ততশ্চ সমবায়সম্বন্ধেন বর্ত্তমানাৎ ইঃ স্যান্ন তু সংযোগসম্বন্ধেন বর্ত্তমানাদিতি সম্প্রদায়ঃ। অতএব ভট্টৌ আঘ্রায়ি বান্ গন্ধবহঃ সুগন্ধঃ" ইতি—দুর্গাদাস। নৈয়ায়িক-মতে গন্ধ ক্ষিতিতেই থাকে। সেই গন্ধ পুষ্পাদিতে সমবায়-সম্বন্ধে এবং বায়ু প্রভৃতিতে সংযোগ-সম্বন্ধে থাকে। সমবায়-সম্বন্ধ-স্থলেই ই প্রত্যয় হয়, সংযোগ-সম্বন্ধ-স্থলে হয় না। অতএব 'সুগন্ধিঃ বায়ুঃ' এরূপ হয় না। কিন্তু সিদ্ধান্তকৌমুদী-মতে এরূপ হইতে পারে, ইহা পূর্ব্বেই বলা হইয়াছে। "পরগন্ধেন গন্ধবাংশ্চেৎ ন স্যাৎ"—কার্ত্তিকেয়। পূর্ব্বোক্ত ভট্টিশ্লোকের টীকায় ভরত-মল্লিকও এই মতেরই সমর্থন করিয়াছেন। তাঁহার মতে 'সুগন্ধি' এইরূপ পাঠে স্বার্থে তদ্ধিত-প্রত্যয় করিতে হইবে। সংক্ষিপ্তসার-মতে দ্রব্য-বাচক গন্ধ শব্দের উত্তর ই-প্রত্যয় হয় না। তন্মতে পূর্ব্বোক্ত ভট্টিশ্লোকে গন্ধ শব্দ দ্রব্য-বাচক হওয়ায় ই প্রত্যয় হইল না। "গন্ধাদ্বেতি চান্দ্রাঃ"—গোয়ীচন্দ্র। অর্থাৎ চন্দ্র-মতে গন্ধ শব্দের উত্তর বিকল্পে ই হয়। দুর্গাদাসও এই মতের উল্লেখ করিয়াছেন।

অল্প-সংযোগ বুঝাইলে **গন্ধ** শব্দের উত্তর **ই** হয়। যথা,—**ঘৃতগন্ধি, দধিগন্ধি, সূপগন্ধি ভোজনম্।** (ক)

৩৯। উপমানাচ্চ (পা ৫।৪।১৩৭)

উপমান-বাচক পদের পরবর্ত্তী **গন্ধ** শব্দের উত্তর **ই** হয়। যথা, —**পদ্মস্যেব গন্ধোঽস্য পদ্মগন্ধিঃ, করীষগন্ধিঃ** (৬৩)।

৪০। পাদস্য পাদুপমানাদহস্ত্যাদেঃ।

উপমান-বাচক পদের পরবর্ত্তী **পাদ-শব্দ-স্থানে পাদ্** হয়। যথা, —**ব্যাঘ্রস্যেব পাদাবস্য ব্যাঘ্রপাৎ। হস্তিন্** (৬৪) প্রভৃতির পরবর্ত্তী হইলে হয় না। যথা,—**হস্তিন ইব পাদাবস্য হস্তিপাদঃ।**

৪১। সংখ্যা-সু-পূর্ব্বস্য (পা ৫।৪।১৪০)

সংখ্যা-বাচক শব্দ ও **সু** পূর্ব্বে থাকিলে, **পাদ-শব্দ-স্থানে পাদ্** হয়। যথা,—**দ্বিপাৎ, ত্রিপাৎ, চতুষ্পাৎ, সুপাৎ।**

(ক) "সূপস্য গন্ধো লেশো যস্মিংস্তৎ। গন্ধো গন্ধক আমোদে লেশে সম্বন্ধগর্ব্বয়োঃ-রিতি বিশ্বঃ"—সি. কৌ।

(৬৩) বোপদেবের মতে বিকল্পে। পাণিনি ও ক্রমদীশ্বরের মতে নিত্য।

(৬৪) হস্তিন্, কুদ্দাল, অশ্ব, অজ, কপোত, জাল, গণ্ড, গণ্ডোল, কুসূল ইত্যাদি। "হস্তী কটোল-কণ্ডোলৌ গণ্ডোলো গণিকা মহান্। দাসী কুশূল ইত্যষ্টৌ হস্ত্যাদৌ পরিকীর্ত্তিতাঃ"—শ্রীরামতর্কবাগীশ। পাণিনির মতে আরও অনেক শব্দ হস্ত্যাদির অন্তর্গত। সংক্ষিপ্তসার, শ্রীরামতর্কবাগীশ এবং দুর্গাদাসের এক মত।

৪২। স্ত্রিয়াং কুম্ভাদেঃ পদ্।

স্ত্রীলিঙ্গে **কুম্ভ** (৬৫) প্রভৃতির পরবর্ত্তী **পাদ**-শব্দ-স্থানে **পদ্** হয়। যথা,—**কুম্ভপদী, একপদী, দ্বিপদী, ত্রিপদী, শতপদী, বিষ্ণুপদী, আর্দ্রপদী**।

৪৩। সুহৃদ্-দুর্হৃদৌ মিত্রামিত্রয়োঃ (পা ৫।৪।১৫০)

মিত্র ও **অমিত্র** এই দুই অর্থে যথাক্রমে, **সুহৃদ্, দুর্হৃদ্,** এই দুই শব্দ নিপাতনে সিদ্ধ হয়। যথা,—**শোভনং হৃদয়মস্য সুহৃত্ মিত্রম্, দুষ্টং হৃদয়মস্য দুর্হৃত্ অমিত্রঃ**। (ক)

৪৪। উরঃপ্রভৃতিভ্যঃ কপ্ (পা ৫।৪।১৫১)

উরস্ (৬৬) প্রভৃতি শব্দের উত্তর **কপ্** হয়; প্ ইৎ, ক থাকে। যথা,—**ব্যূঢ়মুরোঽস্য ব্যূঢ়োরস্কঃ, উপানদ্ভ্যাং সহ সোপানৎকঃ, ভাষিতঃ পুমাননেন ভাষিতপুংস্কঃ, ন বিদ্যতে অর্থোঽস্মিন্ নিরর্থকম্, অনর্থকম্**। (খ)

(৬৫) কুম্ভ, এক, দ্বি, ত্রি, শত, শূল, জাল, মুনি, গুণ, সূত্র, গোধা, তৃণ, বিষ্ণু, আর্দ্র, শুচি, স্থূণা ইত্যাদি।

"কুম্ভ-জাল-শতাষ্টৈক-কৃষ্ণ-কুণার্দ্ধ-শূকরাঃ। সূত্র-গাধা-শকৃদ্দাসী-সূচী-কলস-নির্ব্ব্যঃ। মুনিদ্রোণঃ শিতির্বাণো বিষ্ণুশ্চ কথিতা ইমে।"—শ্রীরামতর্কবাগীশ। নির্ব্ব্যঃ= নির্ পূর্ব্বক ও বি পূর্ব্বক পাদ শব্দ। পাণিনির মতে আরও আছে।

(ক) অন্যত্র "সুহৃদয়ঃ সাধুঃ, দুর্হৃদয়ঃ খলঃ"—শ্রীরামতর্কবাগীশ।

(৬৬) উরস্ উপানহ্, পুমস্, পয়স্, দধি, শালি, সর্পিস্, অনডুহ্, নৌ, নিষ্ ও নঞ্-পূর্ব্বক অর্থ।

(খ) "ইহ পুমান্, অনড্বান্, পয়ঃ, নৌঃ, লক্ষ্মীরিতি একবচনান্তানি পঠ্যন্তে।

ইন্-ভাগান্ত শব্দের উত্তর স্ত্রীলিঙ্গে কপ্ হয়। যথা,—বহবোঽস্যাং বাগ্মিনঃ বহুবাগ্মিকা সভা। (ক)

৪৬। ঋদ্নন্ত-নদীভ্যাঞ্চ।

ঋকারান্ত ও নদী-সংজ্ঞক (খ) শব্দের উত্তর কপ্ হয়। যথা, ঋদন্ত—একপিতৃকঃ, সমাতৃকঃ, মৃতভর্ত্তৃকা। নদী-সংজ্ঞক—মৃতপত্নীকঃ, বহুকুমারীকঃ।

৪৭। শেষাদ্বিভাষা (পা ৫।৪।১৫৪)

পূর্ব্বোক্ত ভিন্নের উত্তর বিকল্পে কপ্ হয় (গ)। যথা,—বহুযোগিকঃ, বহুযোগী; লব্ধযশস্কঃ, লব্ধযশাঃ; সমানবয়স্কঃ, সমানবয়াঃ; মুণ্ডিতশিরস্কঃ, মুণ্ডিতশিরাঃ; অর্জ্জিতধনকঃ, অর্জ্জিতধনঃ।

দ্বিবচন-বহুবচনান্তেভ্যস্তু শেষাদ্বিভাষোক্ত (৪৭ সূত্র) বিকল্পেন কপ্। দ্বিপুমান্, দ্বিপুংস্কঃ।—সি, কৌ। অর্থাৎ পুংস্ অনডুহ্, পয়স্, নৌ এবং লক্ষ্মী শব্দকে একবচনান্ত করিয়া বহুব্রীহি সমাস করিলে নিত্য কপ্ প্রত্যয় হয়, কিন্তু দ্বিবচনান্ত অথবা বহুবচনান্ত করিয়া বহুব্রীহি সমাস করিলে ৪৭ সূত্রানুসারে বিকল্পে হয়। যথা—দ্বিপুমান্ দ্বিপুংস্কঃ।"

(ক) "ইনঃ স্ত্রিয়াম্" (পা ৫।৩।১৫২)

(খ) ঈ-কারান্ত ও উ-কারান্ত নিত্য-স্ত্রীলিঙ্গ শব্দের নদী-সংজ্ঞা হয়। "নদ্যৃতশ্চ" (পা ৫।৪।১৫৩)

(গ) অর্থাৎ যে সকল শব্দের উত্তর কোনও সমাসান্ত হওয়ার সম্ভাবনা নাই, তাহাদের উত্তর বিকল্পে কপ্ হয়। সমাসান্ত হওয়ার সম্ভাবনা থাকিলে হয় না। যথা—প্রিয়পথঃ। এখানে পরবর্ত্তী "সর্ব্ব-সমাস-সাধারণ-বিধির" ১ম সূত্রানুসারে অ প্রত্যয় হইয়াছে বলিয়া কপ্ হইল না। প্রিয়ধুরঃ—এখানে উক্ত বিধির ৬ষ্ঠ সূত্রানুসারে অন্ হইয়াছে বলিয়া কপ্ হইল না। সুগন্ধিঃ—এখানে বহুব্রীহি সমাসের ৬৭ সূত্রানুসারে ই প্রত্যয় হইয়াছে বলিয়া কপ্ হইল না।

৪৮। ঈয়সুনঃ। (ক)

ঈয়সুন্-প্রত্যয়ান্ত শব্দের উত্তর কপ্ হয় না। যথা,—বহু-প্রেয়ান্ বহুপ্রেয়সী। (খ)

৪৯। ন প্রশংসায়াং ভ্রাতুঃ। (গ)

প্রশংসা বুঝাইলে ভ্রাতৃ শব্দের উত্তর কপ্ হয় না। যথা,—সুভ্রাতা, পণ্ডিতভ্রাতা, সাধুভ্রাতা। অন্যত্র মূর্খভ্রাতৃকঃ, বহুভ্রাতৃকঃ।

৫০। ন নাড়ীতন্ত্র্যোঃ স্বাঙ্গে। (ঘ)

স্বাঙ্গ বুঝাইলে নাড়ী ও তন্ত্রী শব্দের উত্তর কপ্ হয় না। যথা,—বহুনাড়িঃ কায়ঃ, বহুতন্ত্রীর্গ্রীবা। স্বাঙ্গ না বুঝাইলে বহু-নাড়ীকঃ স্তম্ভঃ, বহুতন্ত্রীকা বীণা। (ঙ)

৫১। সুপ্রাতাদয়ঃ। (চ)

(ক) " ঈয়সশ্চ" (পা ৫।৪।১৫৬)

(খ) "সমাস সাধারণ নিয়ম" ১১ সূত্র দেখ।

(গ) "বন্দিতে ভ্রাতুঃ" (পা ৫।৪।১৫৭)

(ঘ) "নাড়ীতন্ত্র্যোঃ স্বাঙ্গে" (পা ৫ ৪।১৫৯)

(ঙ) ঈ-প্রত্যয়ান্ত-তন্ত্রীশব্দো ধমনীবচনঃ। নাড়ীতি দিনস্য ত্রিংশো ভাগঃ"—গোয়ীচন্দ্র। বহুতন্ত্রী—এস্থলে হ্রস্ব হইল না কেন? (সমাস-সাধারণ-নিয়ম—১০ সূত্র)। "স্ত্রীপ্রত্যয়ান্তত্বাভাবাৎ হ্রস্বো ন"—সি, কৌ। অর্থাৎ ইহা স্ত্রী-প্রত্যয়ান্ত হয় নাই বলিয়া হ্রস্ব হইল না। ইহা ঔণাদিক ঈ-প্রত্যয়-নিষ্পন্ন, কিন্তু এই প্রত্যয় স্ত্রী-প্রত্যয়াধিকারে বিহিত হয় নাই বলিয়া ইহা স্ত্রী-প্রত্যয়ান্ত নহে।—তত্ত্ববোধিনী

(চ) সুপ্রাতসুশ্বসুদিবশারিকুক্ষচতুরশ্রৈণীপদাজপদপ্রোষ্ঠপদাঃ" (পা ৫।৪।১২০)

বহুব্রীহি সমাসে সুপ্রাত প্রভৃতি শব্দ নিপাতনে সিদ্ধ হয়। যথা, —শোভনং প্রাতরস্য সুপ্রাতঃ (ক), শোভনং দিবাস্য সুদিবঃ (খ), চতস্রোঽস্রয়ঃ অস্য চতুরস্রঃ। (গ)

(ক) "সুপ্রাতমাসাদিতসম্মদং তৎ"—ভট্টি ২।৪৯

(খ) "দিবাশব্দোঽয়ং স্বভাবাদধিকরণার্থপ্রধানোঽব্যয়ম্। শোভনং দিবা অস্তেতি শোভনমিতি কর্ম্মণো বিশেষণম্, শোভনং দিবাকালে কর্ম্মাস্য ইত্যর্থঃ"—গোয়ীচন্দ্র। অর্থাৎ দিবা-শব্দটী অধিকারণ-বাচক অব্যয়; শোভন শব্দটী কর্ম্মের বিশেষণ, অতএব দিবাকালে যাহার কর্ম্ম শোভন—এইরূপ অর্থ হইবে। "সুদিবেবাঽরবিন্দিনী"—ভট্টি ৫।৭০

(গ) অস্রিঃ কোটিঃ। "বভূব তস্যাশ্চতুরস্রশোভি বপুর্বিভক্তং নবযৌবনেন"—কুমার। "মনুষ্যবাহ্যং চতুরস্রযানম্"—রঘু ৬।১০। এণীপদঃ, অজপদঃ, প্রোষ্ঠপদঃ ইত্যাদিও ইহার অন্তর্গত।

প্রশ্ন (বহুব্রীহি-সমাস)

১। 'বহুব্রীহি সমাস' কাহাকে কহে? উদাহরণ দাও।

২। বহুব্রীহি সমাসে পুংবদ্ভাবের নিয়মগুলি বিস্তৃতভাবে লিখ এবং উদাহরণ দিয়া বুঝাইয়া দাও।

৩। বহুব্রীহি সমাসে যে যে শব্দের উত্তর সমাসান্ত হয়, তাহাদের বিশেষ বিবরণ ও উদাহরণ দাও।

৪। বহুব্রীহি সমাসে ধর্ম্ম ও গন্ধ শব্দের উত্তর যে সমাসান্ত হয়, তাহার বিস্তৃত বিবরণ ও উদাহরণ দাও।

৫। বহুব্রীহি সমাসে কোন্ কোন্ শব্দের উত্তর কপ্ হয়? উদাহরণ দাও।

৬। নিম্ন-লিখিত পদগুলির সমাস ও ব্যাসবাক্য লিখ, এবং বিশেষ নিয়ম কিছু থাকিলে তাহারও উল্লেখ কর।

দ্বিত্রাঃ, সানুজঃ, কেশাকেশি, শীতগুঃ, কল্যাণীপঞ্চমা রাত্রয়ঃ, অচতুরঃ, অন্যভঙ্গ, বিশালাক্ষী, পঞ্চাঙ্গুলং দারু, দ্বিমূর্দ্ধঃ, অপ্রজাঃ, অল্পমেধাঃ, অর্জ্জিতধর্ম্মা, প্রজ্ঞঃ, উ...ঃ, প্রপদঃ, বিগ্রঃ, যুবজানিঃ, সুগন্ধিঃ, চতুষ্পাৎ, একপদী, সুহৃৎ, সোপানৎকঃ, সুভ্রাতঃ, চক্ষুরশ্রঃ।

৭। সমাস কর:—

দশানাং সমীপে যে তে, উত্তরস্যাঃ পশ্চিমায়াশ্চ দিশোরন্তরালম্, দণ্ডৈশ্চ দণ্ডৈশ্চ প্রহৃত্য ইদং যুদ্ধং প্রবৃত্তং, দৃঢ়া ভক্তির্যস্য, শীতা গৌর্যস্য, বামোরূর্ভার্য্যা যস্য, রসিকা ভার্য্যা যস্য, একা ভার্য্যা যস্য, গঙ্গা ভার্য্যা যস্য, পঞ্চমী ভার্য্যা যস্য, ব্রাহ্মণী ভার্য্যা যস্য, কৃশাঙ্গী ভার্য্যা যস্য, শোভনা প্রিয়া যস্য, সুলোচনা কান্তা যস্য, স্ত্রী প্রমাণী যেষাং তে, দ্বৌ মূর্দ্ধানৌ যস্য, নাস্তি প্রজা যস্য, শুভো ধর্ম্মো যস্য, উর্দ্ধে জানুনী যস্য, সুন্দরী জায়া যস্য, পদ্মস্যেব গন্ধো যস্য, বহবো ধনিনো যস্যাং সা, লব্ধং যশো যেন, বহ্ব্যঃ প্রেয়স্যো যস্য, পণ্ডিতো ভ্রাতা যস্য, মূর্খো ভ্রাতা যস্য।

৮। সংশোধন কর:—

চৌরো ভ্রাতা যস্য চৌরভ্রাতা, বীরো ভ্রাতা যস্য বীরভ্রাতৃকঃ, মৃতা পত্নী যস্য মৃতপত্নিঃ, বহুবাগ্মিনী সভা, বিশালোরসৌ, ব্যাঘ্রপাদঃ, হস্তিপাৎ, দুর্গন্ধিঃ বায়ুঃ, পালিতধর্ম্মঃ, সুমেধানাম্, সুপ্রজানাম্, পঞ্চমূর্দ্ধঃ, দীর্ঘসক্থং শকটম্, সুকেশভার্য্যাঃ, পঞ্চভার্য্যঃ, বামোরুভার্য্যঃ।

৯। 'কল্যাণপঞ্চমা রাত্রয়ঃ,' 'কল্যাণপঞ্চমীকঃ পক্ষঃ।'—এই দুইটি উদাহরণের অর্থগত প্রভেদ বুঝাইয়া দাও।

১০। সুহৃৎ, সুহৃদয়ঃ—এই দুইটী উদাহরণের অর্থগত প্রভেদ বুঝাইয়া দাও।

১১। অর্জ্জিতধনঃ, উর্দ্ধজানুঃ, অসক্থঃ, সভৃত্যঃ—ইহাদের বিকল্প-পক্ষে আর কি কি পদ হয়? 'সতীর্থঃ' ও 'সতীর্থ্যঃ',—এই দুইটী পদের অর্থগত প্রভেদ থাকিলে তাহা দেখাও।

১২। বহুব্রীহি সমাসে অক্ষি, মেধা, প্রজা, ধর্ম্ম ও গন্ধ শব্দের প্রয়োগ করিয়া এক একটী বাক্য রচনা কর।

দ্বন্দ্ব-সমাস।

১। দ্বন্দ্বঃ। (ক)

এই প্রকরণে যে সমাস বিহিত হইতেছে, তাহার নাম **দ্বন্দ্ব**।

২। পরলিঙ্গং দ্বন্দ্বে।

দ্বন্দ্ব সমাস হইলে সমস্ত ভাগ পরপদের লিঙ্গ প্রাপ্ত হয়।

৩। দ্বন্দ্বেতরযোগে।

পরস্পর যোগ বুঝাইলে **দ্বন্দ্ব** সমাস হয়। যথা,—**হরিশ্চ হরশ্চ হরিহরৌ, রামশ্চ লক্ষ্মণশ্চ রামলক্ষ্মণৌ, ভীমশ্চ অর্জ্জুনশ্চ ভীমার্জ্জুনৌ, ধবশ্চ খদিরশ্চ পলাশশ্চ ধবখদিরপলাশাঃ, কন্দশ্চ মূলঞ্চ ফলঞ্চ কন্দমূলফলানি, শব্দশ্চ স্পর্শশ্চ রূপশ্চ রসশ্চ গন্ধশ্চ শব্দস্পর্শরূপরসগন্ধাঃ।** **হরিহরৌ**,—এ স্থলে হরি-পদার্থ ও হর-পদার্থের পরস্পর যোগ বুঝাইতেছে। **ধবখদির-পলাশাঃ**, এ স্থলে ধব-পদার্থ, খদির-পদার্থ ও পলাশ-পদার্থের পরস্পর যোগ বুঝাইতেছে।

৪। সমাহারে চ।

দুই বা বহু পদার্থের সমাহার (খ) বুঝাইলে **দ্বন্দ্ব** সমাস হয়।

(ক) "চার্থে দ্বন্দ্বঃ সমাহার ইতরেতরযুক্ চ সঃ"—প্র-র-মা

(খ) "সমূহঃ সমাহারঃ"—সি, কৌ। ইতরেতর যোগে অবয়বই প্রধান, কিন্তু সমাহারে সংহতিই প্রধান—দুর্গাদাস। সমাহার হইলে সমস্ত পদটী ক্লীবলিঙ্গ ও এক-বচনান্ত হয়। "ক্লীবলিঙ্গঃ সমাহারস্তস্য নিত্যত্বনির্ণয়ঃ"—প্র-র-মা

৫। द्वन्द्वश्च प्राणि-तूर्य्य-सेनाङ्गानाम् (पा २।४।२)

দ্বন্দ্ব-সমাসে প্রাণ্যঙ্গ, তূর্য্যাঙ্গ ও সেনাঙ্গ-বাচক পদের **সমাহার** হয়। যথা, প্রাণ্যঙ্গ—**पाणी च पादौ च पाणिपादम्, करौ च चरणौ च करचरणम्, दन्ताश्च ओष्ठौ च दन्तौष्ठम्, कर्णौ च नासिका च कर्णनासिकम्** (ক) ; **भ्रुवौ च ललाटञ्च भ्रूललाटम्, पृष्ठञ्च उदरञ्च पृष्ठोदरम्।** তূর্য্যাঙ্গ—**पणवश्च मृदङ्गश्च पणव-मृदङ्गम्, शङ्खश्च दुन्दुभिश्च शङ्खदुन्दुभि, भेरी च पटहश्च भेरी-पटहम्, ऋषभश्च गान्धारश्च ऋषभगान्धारम्, धैवतश्च पञ्चमश्च धैवतपञ्चमम्, षड़्जश्च मध्यमश्च षड़्जमध्यमम्** (খ)। সেনাঙ্গ—

(ক) ক্লীবলিঙ্গ হইলে অন্তস্থিত দীর্ঘ স্বর হ্রস্ব হয়। এইজন্য নাসিকা শব্দ নাসিক হইল। কখন কখন প্রাণ্যঙ্গের সহিত অপ্রাণ্যঙ্গেরও সমাহার হয়। যথা—বাক্ চ ত্বক্ চ বাক্ত্বচম্। "বাক্ত্বচেনাতিসর্ব্বেণ"—ভট্টি। কোন কোন পাণিনীয়-মতাবলম্বী বৈয়াকরণের মতে—"সর্ব্বো হি দ্বন্দ্বো বিভাষয়া একবদ্ভবতি" (অর্থাৎ সকল দ্বন্দ্বই বিকল্পে সমাহার হইতে পারে। অতএব তাঁহাদের মতে বাক্ত্বচম্ এইপদে সমাহার হইবার কোন বাধা নাই। "প্রাণ্যঙ্গতূর্য্যকাঙ্গানাং সেনাঙ্গানাঞ্চ ভূমনি।"—প্র-র-মা

(খ) মূলে তূর্য্যাঙ্গের যে সকল উদাহরণ প্রদত্ত হইল, তাহা সংক্ষিপ্তসার-সম্মত। সিদ্ধান্তকৌমুদী, কাশিকা, শ্রীরামতর্কবাগীশ ও দুর্গাদাসের মতে উদাহরণ—মার্দ্দঙ্গিক-পাণবিকম্। "অত্র প্রাণিসেনয়োরঙ্গং নাম অবয়বঃ, তূর্য্যস্য তু অঙ্গং নাম উপকারকং বোধ্যম্"—তত্ত্ববোধিনী। অর্থাৎ প্রাণ্যঙ্গ ও সেনাঙ্গ শব্দে অঙ্গ-শব্দের অর্থ অবয়ব, কিন্তু তূর্য্যাঙ্গ শব্দে অঙ্গ-শব্দের অর্থ উপকারক। মৃদঙ্গবাদনং শিল্পমস্য মার্দ্দঙ্গিকঃ, এইরূপ পাণবিকঃ। অতএব তত্ত্ববোধিনী, শ্রীরামতর্কবাগীশ ও দুর্গাদাসের মতে তূর্য্যাঙ্গবাদকের সমাহার হয়। "জাতিরপ্রাণিনাম্" (পা—২।৪।৬)। অর্থাৎ প্রাণি-ভিন্ন জাতি-বাচক শব্দের সমাহার হয়। যথা আরা চ শস্ত্রী চ আরাশস্ত্রি। পণবমৃদঙ্গ প্রভৃতি উদাহরণ এই সূত্রানুসারেই সিদ্ধ হইতে পারে।

রথিকাশ্চ অশ্বারোহাশ্চ রথিকাশ্বারোহম্, যাষ্টীকাশ্চ যাষ্টী-কাশ্চ যাষ্টীকযাষ্টীকম্, পরশবশ্চ করবালাশ্চ পরশুকরবালম্, ধনূংষি চ শরাশ্চ ধনুঃশরম্, শরাশ্চ তূণীরাশ্চ শরতূণীরম্ (৬৭)।

২। নদীবাচিনাং লিঙ্গভেদে। (ক)

লিঙ্গের ভেদ থাকিলে নদী-বাচক পদের **সমাহার** হয়। যথা,—গঙ্গা চ শোণশ্চ গঙ্গাশোণম্, উদ্ধ্যশ্চ ইরাবতী চ উদ্ধ্যে-রাবতি, ব্রহ্মপুত্রশ্চ চন্দ্রভাগা চ ব্রহ্মপুত্রচন্দ্রভাগম্। লিঙ্গ-ভেদ না থাকিলে হয় না। যথা,—গঙ্গা চ যমুনা চ গঙ্গাযমুনে, সরস্বতী চ দৃষদ্বতী চ সরস্বতীদৃষদ্বত্যৌ।

৩। দেশবাচিনাঞ্চ। (খ)

লিঙ্গের ভেদ থাকিলে দেশ-বাচক পদের **সমাহার** হয়। যথা,—কুরবশ্চ কুরুক্ষেত্রঞ্চ কুরুকুরুক্ষেত্রম্, কুরবশ্চ জাঙ্গলঞ্চ কুরু-জাঙ্গলম্, মথুরা চ পাটলিপুত্রঞ্চ মথুরাপাটলিপুত্রম্। লিঙ্গ-ভেদ না থাকিলে হয় না। যথা,—মদ্রাশ্চ কেকয়াশ্চ মদ্র-কেকয়াঃ, বিদেহাশ্চ কলিঙ্গাশ্চ বিদেহকলিঙ্গাঃ। গ্রাম-বাচক

---

(৬৭) সেনাঙ্গ-বাচক পদের কেবল বহুবচনে সমাহার হয়, অন্য বচনে হয় না। যথা,—শরশ্চ তূণীরশ্চ শরতূণীরৌ, শক্তিশ্চ পরশুশ্চ করবালশ্চ শক্তিপরশুকরবালাঃ।

(ক) "বিশিষ্টলিঙ্গো নদীদেশোঽগ্রামাঃ" (পা ২।৪।৭)

(খ) বিশিষ্টলিঙ্গো নদীদেশোঽগ্রামাঃ" (পা ২।৪।৭) "গ্রামবাচিনাং নগরবাচিনা সহ, নগরবাচিনাং চ গ্রামবাচিনা সহ ন স্যাৎ"—শ্রীরাম। "জাম্ববং নগরং, শালূকিনী গ্রামঃ"—সি, কৌ। "দেশোঽত্র জনপদাখ্যঃ, তেন কৈলাসশ্চ গন্ধমাদনশ্চ কৈলাসগন্ধমাদনে ইত্যাদৌ ন স্যাৎ"—শ্রীরামতর্কবাগীশ।

পদের সহিত নগর-বাচক পদের সমাহার হয় না। যথা,—আম্ববশ্চ শালূকিনী চ আম্ববশালূকিন্যৌ।

৮। বা পশু-শকুনি-ক্ষুদ্রজন্তূনাং বহুবচনে। (ক)

বহুবচনে পশু-বাচক, শকুনি-বাচক ও ক্ষুদ্রজন্তু-বাচক পদের বিকল্পে সমাহার হয়। যথা, পশু-বাচক—গাবশ্চ মহিষাশ্চ গোমহিষম্, গোমহিষাঃ; বৃকাশ্চ কুরঙ্গাশ্চ বৃককুরঙ্গম্ বৃক-কুরঙ্গাঃ; গোমায়বশ্চ গর্দ্দভাশ্চ গোমায়ুগর্দ্দভম্, গোমায়ুগর্দ্দভাঃ (খ)। শকুনি-বাচক—হংসাশ্চ সারসাশ্চ হংসসারসম্, হংস-সারসাঃ; বকাশ্চ চক্রবাকাশ্চ বকচক্রবাকম্, বকচক্রবাকাঃ; কোকিলাশ্চ ময়ূরাশ্চ কোকিলময়ূরম্, কোকিলময়ূরাঃ। ক্ষুদ্র-জন্তু-বাচক—দংশাশ্চ মশকাশ্চ দংশমশকম্, দংশমশকাঃ; যূকাশ্চ মক্ষিকাশ্চ যূকমক্ষিকম্, যূকমক্ষিকাঃ; মৎকুণাশ্চ পিপী-লিকাশ্চ মৎকুণপিপীলিকম্, মৎকুণপিপীলিকাঃ। (গ)

(ক) "বিভাষা বৃক্ষমৃগতৃণধান্যব্যঞ্জনপশুশকুন্যশ্ববড়বপূর্ব্বাপরাধরোত্তরাণাম্" (পা ২।৪।১২); 'ক্ষুদ্রজন্তবঃ" (পা ২।৪।৮); "ফলসেনাবনস্পতিমৃগশকুনিক্ষুদ্রজন্তুধান্য-তৃণানাং বহুপ্রকৃতিরেব দ্বন্দ্ব ইতি একবদিতি বাচ্যম্" (বা১৫৪০)

(খ) "মৃগবাচিনাং পশ্বন্তরবাচিনা সহ ন স্যাৎ, তেন রুরুমহিষা ইত্যাদি"—শ্রীরাম

(গ) "ক্ষুদ্রজন্তুরনস্থিঃ স্যাদথবা ক্ষুদ্র এব সঃ। শতং বা প্রসৃতৌ যেষাং কেচিদা নকুলাদপি"। অর্থাৎ যাহার অস্থি নাই, অথবা যে ক্ষুদ্র অর্থাৎ অতিযত্নে যাহাকে দেখিতে হয়, অথবা যাহাদের শতসহস্র করকোষে থাকিতে পারে, তাহাকেই ক্ষুদ্র জন্তু বলে। কেহ কেহ বলেন নকুল পর্য্যন্ত ক্ষুদ্র জন্তুর অন্তর্গত। গোয়ীচন্দ্র এই শেষোক্ত লক্ষণেরই সমাদর করিয়াছেন। যূক—উকুন।

৯। ফল-তৃণ-তরুবাচকানাঞ্চ।

বহুবচনে ফল-বাচক, তৃণ-বাচক ও তরু-বাচক পদের বিকল্পে সমাহার হয়। যথা, ফল-বাচক—বদরাণি চ আমলকানি চ বদরামলকম্, বদরামলকানি; খর্জ্জূরাণি চ নারিকেলানি চ খর্জ্জূরনারিকেলম্, খর্জ্জূরনারিকেলানি; ব্রীহয়শ্চ যবাশ্চ ব্রীহিযবম্ (ক), ব্রীহিযবাঃ; মুদ্গাশ্চ মাষাশ্চ মুদ্গমাষম্, মুদ্গমাষাঃ। তৃণ-বাচক—কুশাশ্চ কাশাশ্চ কুশকাশম্, কুশ-কাশাঃ। তরু-বাচক—অশ্বত্থাশ্চ ন্যগ্রোধাশ্চ অশ্বত্থন্যগ্রোধম্, অশ্বত্থন্যগ্রোধাঃ।

১০। নিত্যং নিত্যবিরোধিনাম্। (খ)

যে সকল জন্তু পরস্পর নিত্য-বিরোধী, বহুবচনে তদ্বাচক পদের নিত্য সমাহার হয়। যথা,—অহয়শ্চ নকুলাশ্চ অহিনকুলম্, কাকাশ্চ উলূকাশ্চ কাকোলূকম্, মার্জ্জারাশ্চ মূষিকাশ্চ মার্জ্জার-মূষিকম্। (গ)

(ক) "যৎ পৃথিব্যাং ব্রীহিযবং হিরণ্যং পশবঃ স্ত্রিয়ঃ"—মহাভারত।

(খ) "যেষাঞ্চ বিরোধো শাশ্বতিকঃ" (পা ২।৪।৯)

(গ) "বিরোধো বৈরং, ন তু সহানবস্থানম্; তেনেহ ন—ছায়াতপৌ"—তত্ত্ববোধিনী। অর্থাৎ এস্থলে বিরোধ শব্দে শত্রুতা বুঝিতে হইবে। ছায়া ও আতপ একত্র থাকে না; সেই হেতু তাহাদের মধ্যে বিরোধ থাকিলেও শত্রুতা নাই। অতএব ছায়াতপৌ—এস্থলে সমাহার হইল না। দেবাসুরাঃ, কুরুপাণ্ডবাঃ প্রভৃতি স্থলে বিরোধ অর্থাৎ শত্রুতা থাকিলেও ইহা নিত্য বিরোধ নহে—কোনও বিশেষ কারণে কিছুকালের জন্য। এই হেতু সমাহার হইল না।

১১। গবাশ্বপ্রভৃতীনাঞ্চ। (ক)

গবাশ্ব (৬৮) প্রভৃতির নিত্য সমাহার হয়। যথা,—গাবশ্চ অশ্বাশ্চ গবাশ্বম্ (ক্), অজাশ্চ অবিকাশ্চ অজাবিকম্, পুত্রাশ্চ পৌত্রাশ্চ পুত্রপৌত্রম্।

১২। বিভাষা পূর্ব্বাপরাদীনাম্।

পূর্ব্বাপর প্রভৃতির বিকল্পে সমাহার হয়। যথা,—পূর্ব্বঞ্চ অপরঞ্চ পূর্ব্বাপরম্, পূর্ব্বাপরে ; অধরং চ উত্তরং চ অধরোত্তরম্, অধরোত্তরে ; দধি চ ঘৃতং চ দধিঘৃতম্, দধিঘৃতে।

১৩। বিরুদ্ধানামবিশেষণানাঞ্চ। (খ)

পরস্পর-বিরুদ্ধ (খ) পদার্থের বিকল্পে সমাহার হয়। যথা,—

(ক) "গবাশ্বপ্রভৃতীনি চ" (পা ২।৪।১১) "গবাশ্বমিত্যাদি নির্দ্দেশাৎ গোঽশ্বং গোঽশ্বৌ ইত্যাদৌ পশুত্বাদ্বিকল্পঃ" (৮ সূত্র)—শ্রীরাম তর্কবাগীশ

(৬৮) গবাশ্বম্, গবাবিকম্, গবৈডকম্, অজাবিকম্, অজৈডকম্, কুব্জবামনম্, কুব্জকিরাতম্, পুত্রপৌত্রম্, শ্বচণ্ডালম্, স্ত্রীকুমারম্, দাসীমাণবকম্, শাটীপটীরম্, শাটীপ্রচ্ছদম্, শাটীপট্টিকম্, উষ্ট্রখরম্, উষ্ট্রশশম্, মূত্রশকৃৎ, মূত্রপুরীষম্, যকৃন্মেদঃ, মাংসশোণিতম্, দর্ভশরম্, দর্ভপূতিকম্, অর্জ্জুনপুরুষম্ অর্জ্জুনপুরুষম্, তৃণোপলম্, দাসীদাসম্, কুটীকুটম্, ভাগবতীভাগবতম্।

"গবাশ্বাদৌ গবাশ্বং স্যাৎ পুত্রপৌত্রং গবাবিকম্। শকৃন্মেদঃ শ্বচাণ্ডালং গবৈড়কমজৈড়কম্। তৃণোলুপং স্ত্রীকুমারং দাসীদাসং কুটীকুটম্। ভাগবতীভাগবতং দর্ভাস্তু শরপূতিকম্। কুব্জবামনকৈরাত মুষ্ট্রাৎ খরশশৌ তথা। মাংসাত্তু শোণিতং শাট্যাঃ পিচ্ছটং পুরুষোঽর্জ্জুনাৎ। শকৃৎপুরীষং মূত্রাচ্চ শেষং জ্ঞেয়ং প্রয়োগতঃ।"—শ্রীরামতর্কবাগীশ

(খ) "বিপ্রতিষিদ্ধং চানধিকরণবাচি" (পা ২।৪।১৩)। যাহারা একত্র থাকে না, তাহারাই এস্থলে বিরুদ্ধ। অতএব 'কামক্রোধৌ' এস্থলে হইল না, কারণ কাম ও ক্রোধ

শীতঞ্চ উষ্ণঞ্চ শীতোষ্ণম্, শীতোষ্ণে; সুখঞ্চ দুঃখঞ্চ সুখ-দুঃখম্, সুখদুঃখে; জন্ম চ মরণঞ্চ জন্মমরণম্, জন্মমরণে; আলোকঞ্চ অন্ধকারঞ্চ আলোকান্ধকারম্, আলোকান্ধকারৌ। বিশেষণ হইলে হয় না। যথা,—শীতোষ্ণে পয়সী।

১৪। শূদ্রাণামনিরবসিতানাম্ (পা ২।৪।১০)

শূদ্র-বাচক পদের নিত্য সমাহার হয়। যথা,—গোপাশ্চ নাপিতাশ্চ গোপনাপিতম্, কর্ম্মারাশ্চ কুম্ভকারাশ্চ কর্ম্মারকুম্ভকারম্, তাম্বূলিকাশ্চ তন্তুবায়াশ্চ তাম্বূলিকতন্তুবায়ম্। নিরবসিত (৬৯) শূদ্রের হয় না। যথা—চণ্ডালাশ্চ মৃতপাশ্চ চণ্ডালমৃতপাঃ।

১৫। ন দধিপয়ঃপ্রভৃতীনাম্। (ক)

একত্র থাকিতে পারে। বিদ্যাসাগর মহাশয় বলিয়াছেন—"বিশেষণ হইলে হয় না"। কিন্তু বৈয়াকরণদিগের মতে "দ্রব্যবাচক হইলে হয় না"; অতএব স্বর্গনরকৌ—এস্থলে হইল না। দ্রব্যবাচক বলিলে বিশেষণও ইহার অন্তর্গত হইল। কিন্তু বিশেষণ বলিলে 'স্বর্গনরকৌ' এখানেও সমাহার হইয়া যায়, কারণ স্বর্গ ও নরক বিশেষণ নহে। "বিরুদ্ধ-অদ্রব্যং বা"—সংক্ষিপ্তসার ৩৬৮ সূত্র)

(৬৯) যৈর্ভুক্তে পাত্রং সংস্কারেণাপি ন শুদ্ধ্যতি তে নিরবসিতাঃ।

"ভস্মনা শুধ্যতে কাংস্যম্"—স্মৃতি। অর্থাৎ কাংস্যপাত্রে যদি কোন শূদ্র ভোজন করে, তাহা হইলে ঐ পাত্র ভস্মযোগে শুদ্ধ হয়। কিন্তু চণ্ডাল প্রভৃতি কতকগুলি জাতি আছে, তাহারা যদি ঐরূপ পাত্রে ভোজন করে, তাহা হইলে ভস্মযোগেও তাহা শুদ্ধ হয় না; পুনরায় গঠন না করিলে ঐরূপ পাত্র আর শুদ্ধ হইতে পারে না। চণ্ডাল প্রভৃতি ঐ সকল জাতিকে নিরবসিত অর্থাৎ 'বহিষ্কৃত শূদ্র' বলে। ঐরূপ শূদ্রের সমাহার হয় না। "নিরবসিতো বহিষ্কৃতঃ। কুতো বহিষ্কৃতঃ? পাত্রাৎ"—গোয়ীচন্দ্র।

(ক) "ন দধিপয়আদিনি" (পা ২।৪।১৪)

দধিপয়স্ (১০) প্রভৃতির সমাহার হয় না। যথা,—দধিপয়সী, সর্পির্মধুনী, শুক্লকৃষ্ণৌ, দীক্ষাতপসী, উলূখলমুসলে।

১৬। অম্বর্গ-দ-ষ-হান্তাৎ সমাহারে। (ক)

সমাহার-দ্বন্দ্বে চ্-বর্গান্ত, দ্-কারান্ত, ষ্-কারান্তও হ্-কারান্ত শব্দে্র উত্তর অ হয়। যথা,—বাক্ত্বচম্ (ক), শ্রীস্রজম্, শমীদৃষদম্, সম্পদ্বিপদম্, বাক্ত্বিষম্, বাগ্বিপ্রুষম্, ছত্রোপানহম্, ধেনুগোদুহম্। সমাহার না হইলে হয় না। যথা,—শ্রীস্রজৌ, প্রাবৃট্শরদৌ।

১৭। ঋদন্তাদৃদন্তে ভা বিদ্যাগোত্রসম্বন্ধে। (খ)

বিদ্যা-সম্বন্ধ ও গোত্র-সম্বন্ধ থাকিলে এবং ঋ-কারান্ত শব্দ পরবর্ত্তী

---

(১০) দধিপয়স্, সর্পির্মধু, মধুসর্পিস্, ব্রহ্মপ্রজাপতি, শিববৈশ্রবণ, স্কন্দবিশাখ, পরিব্রাট্কৌশিক, প্রবর্গ্যোপসদ, শুক্লকৃষ্ণ, ইধ্মবর্হিস্, দীক্ষাতপস্, শ্রদ্ধাতপস্, মেধাতপস্, অধ্যয়নতপস্, উলূখলমুসল, আদ্যবসান, শ্রদ্ধামেধা, ঋক্সাম, বাঙ্মনস।

(ক) "দ্বন্দ্বাচ্চুদষহান্তাৎ সমাহারে" (পা ৫।৪।১০৬)। "বহূনাং দ্বন্দ্বে তু বাক্ত্বক্স্রজম্। দ্বন্দ্বগর্ভে দ্বন্দ্বে তু বাক্ত্বচস্রজম্"—তত্ত্ববোধিনী। অর্থাৎ চ-বর্গান্ত প্রভৃতি শব্দগুলি যদি সমাসের অন্ত্য অবয়ব হয়, তাহা হইলেই অ প্রত্যয় হইবে। অতএব বাক্ চ ত্বক্ চ স্রক্ চ এই বাক্যে সমাহার-দ্বন্দ্বে বাচ্ বা ত্বচ্ শব্দের উত্তর অ প্রত্যয় হইবে না। কিন্তু যদি প্রথমে বাক্ চ ত্বক্ চ এই বাক্যে সমাহার-দ্বন্দ্ব করা যায়, তাহা হইলে অ প্রত্যয় হইবে এবং "বাক্ত্বচম্' এইরূপ পদ হইবে। তৎপরে বাক্ত্বচং চ স্রক্ চ এই বাক্যে পুনরায় সমাহার-দ্বন্দ্ব করিলে 'বাক্ত্বচস্রজম্" হওয়ায় কোনই বাধা হইবে না।

(খ) "আনঙ্ ঋতো দ্বন্দ্বে" (পা ৬।৩।২৫)

হইলে পূর্ব্ববর্ত্তী ঋ-কারান্ত শব্দের উত্তর ঙা হয়; ঙ্ ইৎ, আ থাকে। যথা, বিদ্যা-সম্বন্ধে—হোতা চ পোতা চ হোতাপোতারৌ, নেষ্টা চ উদ্গাতা চ নেষ্টোদ্গাতারৌ। গোত্র-সম্বন্ধে—মাতা চ পিতা চ মাতাপিতরৌ।

১৮। পুত্রে চ। (ক)

পুত্র-শব্দ পরে থাকিলে ঋদন্ত শব্দের উত্তর ঙা হয়। যথা,—পিতা চ পুত্রশ্চ পিতাপুত্রৌ, মাতা চ পুত্রশ্চ মাতাপুত্রৌ।

১৯। দেবতাবাচিনাং পূর্ব্বাৎ। (খ)

দেবতা-বাচক পদের দ্বন্দ্ব হইলে পূর্ব্বপদের উত্তর ঙা হয়। যথা,—ইন্দ্রশ্চ বরুণশ্চ ইন্দ্রাবরুণৌ, মিত্রশ্চ বরুণশ্চ মিত্রাবরুণৌ (গ), সূর্য্যশ্চ চন্দ্রমাশ্চ সূর্য্যাচন্দ্রমসৌ, অগ্নিশ্চ বিষ্ণুশ্চ অগ্নাবিষ্ণূ।

২০। ন ব্রহ্মপ্রজাপত্যাদেঃ।

ব্রহ্মপ্রজাপতি প্রভৃতির উত্তর ঙা হয় না। যথা,—ব্রহ্মা চ প্রজাপতিশ্চ ব্রহ্মপ্রজাপতী, অগ্নিশ্চ বায়ুশ্চ অগ্নিবায়ূ, বায়ুশ্চ অগ্নিশ্চ বায়ুগ্নী, বায়ুশ্চ সোমশ্চ বায়ুসোমৌ। (ঘ)

(ক) "পুত্রেঽন্যতরস্যাম্" (পা ৬।৩।২২); "ইত্যতো মণ্ডূকপ্লুত্যা পুত্র ইত্যনুবৃত্তেঃ। পিতাপুত্রৌ"—(ভট্টোজি)

(খ) "দেবতাদ্বন্দ্বে চ" (পা ৬।৩।২৬)। "অবায়োর্দেবতাদ্বন্দ্বে প্রাক্পদান্তস্য দীর্ঘতা।" প্র—র—মা

(গ) "ইতঃ স্ম মিত্রাবরুণৌ কিমেতৌ"—ভট্টি।

(ঘ) বেদে যে সকল দেবতা একত্র স্তুত হইয়াছেন, কেবল সেই সকল দেবতা-বাচক

২১। ईद्‌ग्नेः सोमवरुणयोः (पा ६।३।२७)

सोम ও **वरुण** শব্দ পরে থাকিলে **अग्नि** শব্দের উত্তর **ईत्** হয়; त् ইত্, ई থাকে। যথা,—**अग्निश्च सोमश्च अग्नीषोमौ, अग्निश्च वरुणश्च अग्नीवरुणौ।**

২২। दिवो द्यावा (पा ६।३।२९)

পূর্ব্ববর্ত্তী दिव् স্থানে द्यावा হয়। যথা,—**द्यौश्च भूमिश्च द्यावाभूमी, द्यौश्च क्षमा च द्यावाक्षमे।** (ক)

২৩। दिवस् च पृथिव्याम्। (খ)

পৃথিবী-শব্দ পরে থাকিলে दिव् স্থানে द्यावा ও दिवस् হয়। যথা,—**द्यौश्च पृथिवी च द्यावापृथिव्यौ, दिवस्पृथिव्यौ।**

২৪। मातरपितरौ। (গ)

নিপাতনে সিদ্ধ হয়। যথা,—**माता च पिता च मातरपितरौ।**

২৫। दम्पती जम्पती वा। (ঘ)

শব্দেরই হইবে। অতএব ব্রহ্মপ্রজাপতী, শিববৈশ্রবণৌ, স্কন্দবিশাখৌ, রবিচন্দ্রৌ ইত্যাদি স্থলে হয় না। বায়ু শব্দের সহিত সমাসেও হয় না।

(ক) যদি দিব্ শব্দের পরে একটিমাত্র পদ থাকে, তাহা হইলেই 'দ্যাবা' হয়। দ্যুভূমিসূর্য্যাঃ—এস্থলে দিব্ শব্দের পরে দুইটী শব্দ আছে বলিয়া 'দ্যাবা' হইল না—গোয়ীচন্দ্র ও শ্রীরামতর্কবাগীশ।

(খ) "দিবসশ্চ পৃথিব্যাম্" (পা ৬।৩।৩০)। "দেবদ্বন্দ্বে দিবো দ্যাবা পৃথিব্যাং দিবসিত্যপি।"—প্র—র—মা

(গ) "মাতরপিতরাবুদীচাম্" (পা ৬।৩।৩২)

(ঘ) "ধর্ম্মাদিষ্বনিয়মঃ" (বা ১৪১৮); "জায়াশব্দস্য জম্ভাবো দম্ভাবশ্চ বা নিপাত্যতে"—ভট্টো[illegible]। "পত্যৌ জং দঞ্চ জায়ায়া জম্পতী দম্পতী যথা।"—প্র—র—মা

জায়া ও পতি শব্দে সমাস হইলে, বিকল্পে দম্পতি ও জম্পতি হয়। যথা,—জায়া চ পতিশ্চ জায়াপতী, দম্পতী, জম্পতী।

২৬। নিত্যং স্ত্রীপুংসাদয়ঃ। (ক)

দ্বন্দ্ব-সমাস হইলে স্ত্রীপুংসৌ (৭১) প্রভৃতি নিপাতনে সিদ্ধ হয়। যথা,—স্ত্রী চ পুমাংশ্চ স্ত্রীপুংসৌ (ক), বাক্ চ মনশ্চ বাঙ্মনসে, নক্তঞ্চ দিবা চ নক্তন্দিবম্, রাত্রৌ চ দিবা চ রাত্রিন্দিবম্ (খ), অহনি চ দিবা চ অহর্দিবম্, অহশ্চ রাত্রিশ্চ অহোরাত্রঃ।

একশেষ প্রকরণ। (গ)

(ক) "অচতুর...বিচতুর" (পা ৫।৪।৭৭) "স্ত্রীপুংসাবাত্মভাগৌ তে ভিন্নমূর্ত্তেঃ সিসৃক্ষয়া"—কুমার ২।৮

(৭১) স্ত্রীপুংসৌ, ধেন্বনডুহৌ ঋক্সামে, বাঙ্মনসে, অক্ষিভ্রুবম্, দারগবম্, ঊর্ব্বষ্ঠীবম্, পদষ্ঠীবম্, নক্তন্দিবম্, রাত্রিন্দিবম্, অহর্দিবম্, ঋগ্যজুষম্, অহোরাত্রঃ।

(খ) "রাত্রিন্দিবং গন্ধবহঃ প্রবাতি"—শকুন্তলা

(গ) সিদ্ধান্তকৌমুদী-মতে একশেষ একটা বৃত্তিমাত্র, সমাস নহে। বৃত্তি পাঁচ প্রকার। যথা—কৃৎ, তদ্ধিত, সমাস, একশেষ এবং সনাদ্যন্ত ধাতুরূপ। "পরার্থাভিধানং বৃত্তিঃ"—সি, কৌ। প্রত্যয়ের অথবা অপর পদার্থের অন্তর্ভাবের দ্বারা যে বিশিষ্ট অর্থ, তাহাই পরার্থ; সেই পরার্থ যাহা কর্ত্তৃক অভিহিত হয়, তাহাই পরার্থাভিধান—তত্ত্ববোধিনী। "পরস্য শব্দস্য যোঽর্থ স্তস্যাভিধানং—শব্দান্তরেণ যত্র সা বৃত্তিরিত্যর্থঃ"—কৈয়ট। গৌরীচন্দ্র ও শ্রীরামতর্কবাগীশ বলেন যে, একশেষকে দ্বন্দ্ব সমাস বলা যায় না। কারণ তাহা হইলে পথিভ্যাম্, স্রগ্ভ্যাম্ প্রভৃতি পদে সমাসান্ত হইতে পারে, কিন্তু তাহা অসম্ভব। "যঃ সরূপবিরূপৈকশেষঃ পাণিনিসম্মতঃ। চান্দ্রাঃ প্রকৃতিবৃত্তিভ্যাং সিদ্ধৌ-তন্নানুমেনিরে।"—প্র—র—মা

২৭। সরূপাণামেকশেষ একবিভক্তৌ (পা ১।২।৬৪)

এক বিভক্তি হইলে সমানাকার অনেক পদের একমাত্র অবশিষ্ট থাকে। দ্বি-পদের একশেষ হইলে অবশিষ্ট পদ দ্বি-বচনান্ত, বহু-পদের একশেষ হইলে অবশিষ্ট পদ বহু-বচনান্ত হয়। যথা,—**তরুশ্চ তরুশ্চ তরূ, তরুশ্চ তরুশ্চ তরুশ্চ তরবঃ, ফলঞ্চ ফলঞ্চ ফলে, ফলঞ্চ ফলঞ্চ ফলঞ্চ ফলানি।**

২৮। পুমান্ স্ত্রিয়া (পা ১।২।৬৭) (ক)

সমানাকার স্ত্রী-বাচক পদের সহিত সমাস হইলে পুরুষ-বাচক পদ অবশিষ্ট থাকে। যথা,—**ব্রাহ্মণী চ ব্রাহ্মণশ্চ ব্রাহ্মণৌ, কুক্কুটী চ কুক্কুটশ্চ কুক্কুটৌ।** স্ত্রীলিঙ্গ-নিমিত্তক **আপ্, ঈপ্** প্রভৃতি বিশেষ ব্যতিরিক্ত অন্যান্য অংশে সমানাকার হওয়া আবশ্যক, শব্দের স্বরূপ-গত বৈলক্ষণ্য থাকিলে হয় না। (খ) যথা,—**হংসশ্চ সারসী চ হংসসারস্যৌ।** (গ)

২৯। ন ব্যক্তিসংজ্ঞানাম্।

ব্যক্তি-বিশেষের সংজ্ঞা-বাচক পদের একশেষ হয় না। যথা,—**ইন্দ্রশ্চ ইন্দ্রাণী চ ইন্দ্রেন্দ্রাণ্যৌ, ভবশ্চ ভবানী চ ভবভবান্যৌ।**

(ক) "পুমান্ স্ত্রীপ্রত্যয়ান্তেন বৃদ্ধো যুনাঽবিষ্যতে।"—প্র—র—মা।

(খ) অর্থাৎ একই শব্দের কেবল লিঙ্গগত প্রভেদ থাকিলেই এই সূত্রানুসারে একশেষ হয়, শব্দগত প্রভেদ থাকিলে হয় না।

(গ) "ঋক্পূরব্ধূঃপথামানক্ষে (পা ৫।৪।৭৪) তদ্ধিত—২৮৫ সূত্র। দক্ষিণ+আং=দক্ষিণা।

৩০। भ्रातृ-पुत्रौ स्वसृ-दुहितृभ्याम् (পা ১।২।৬৮)

স্বসৃ-শব্দের সহিত ভ্রাতৃ-শব্দের এবং দুহিতৃ-শব্দের সহিত পুত্র-শব্দের সমাস হইলে ভ্রাতৃ ও পুত্র শব্দ অবশিষ্ট থাকে। যথা,—भ्राता च स्वसा च भ्रातरौ, पुत्रश्च दुहिता च पुत्रौ। (ক)

৩১। विभाषा पिता मात्रा। (খ)

মাতৃ-শব্দের সহিত সমাস হইলে পিতৃ-শব্দ বিকল্পে অবশিষ্ট থাকে। যথা,—माता च पिता च पितरौ (খ), मातापितरौ।

৩২। श्वशुरः श्वश्र्वा (পা ১।২।৭১)

শ্বশ্রূ-শব্দের সহিত সমাস হইলে শ্বশুর-শব্দ বিকল্পে অবশিষ্ট থাকে। যথা,—श्वश्रूश्च श्वशुरश्च श्वशुरौ, श्वश्रूश्वशुरौ।

৩৩। नपुंसकमनपुंसकेनैकवचनं वा।

নপুংসক ভিন্ন শব্দের সহিত নপুংসক-শব্দের সমাস হইলে নপুংসক-শব্দ অবশিষ্ট থাকে, এবং তদুপলক্ষে বিকল্পে একবচন হয়। যথা,— शुक्लश्च शुक्ला च शुक्लञ्च शुक्लम्, शुक्लानि (গ)। নপুংসক-শব্দের সহিত সমাস হইলে একবচন হয় না। যথা,—शुक्लञ्च शुक्लञ्च शुक्लञ्च शुक्लानि।

(ক) "মহীভৃতঃ পুত্রবতোঽপি দৃষ্টিঃ"—কুমার ১।২৭

(খ) "পিতা মাত্রা" (পা ১।২।৭০)। "বাগর্থাবিব সম্পৃক্তৌ বাগর্থপ্রতিপত্তয়ে। জগতঃ পিতরৌ বন্দে পার্ব্বতীপরমেশ্বরৌ"—রঘু ১।১

(গ) ভাস্বন্তি চ ভাস্বতাশ্চ ভাস্বন্তি। "ভাস্বন্তি রত্নানি মহৌষধীশ্চ"—কুমারসম্ভব ১।২৪। ভিন্ন ভিন্ন শব্দ হইলে হয় না। যথা—সিতধবলশুক্লানি।

প্রশ্ন (দ্বন্দ্ব-সমাস)

১। দ্বন্দ্ব-সমাসে সমস্ত পদ কোন্ লিঙ্গ হয় ?

২। দ্বন্দ্ব-সমাস কয় প্রকার এবং কি কি ? উভয় প্রকারের মধ্যে প্রভেদ কি, তাহা উদাহরণ দিয়া বুঝাইয়া দাও।

৩। সমাহার-দ্বন্দ্ব কোন্ কোন্ স্থলে নিত্য এবং কোন্ কোন্ স্থলে বিকল্পে হয় ? এবং কোন্ কোন্ স্থলেই বা হয় না ? উদাহরণ দিয়া বুঝাইয়া দাও।

৪। কিরূপ হলন্ত শব্দ সমাহার-দ্বন্দ্বে অ-কারান্ত হয় ? উদাহরণ দাও।

৫। দ্বন্দ্ব-সমাসে কিরূপ স্থলে পূর্ব্ববর্ত্তী ঋ-কারান্ত শব্দ আ-কারান্ত হয় ? উদাহরণ দিয়া বুঝাইয়া দাও।

৬। দ্বন্দ্ব-সমাসে ৫টী নিপাতন-সিদ্ধ পদের নাম কর।

৭। "একশেষ-দ্বন্দ্ব" কাহাকে কহে ? ইহাকে সমাস বলা যায় কি না ? কারণ দেখাইয়া উত্তর লিখ। কোন্ কোন্ স্থলে একশেষ হয় ? উদাহরণ দাও।

৮। নিম্ন-লিখিত বাক্যে কিরূপ হইবে ও তাহাদের বিশেষ নিয়ম কি ? শুক্লশ্চ শুক্লা চ শুক্লঞ্চ, শুক্লঞ্চ শুক্লঞ্চ শুক্লঞ্চ, শ্বশ্রূশ্চ শ্বশুরশ্চ, মাতা চ পিতা চ, পুত্রশ্চ দুহিতা চ, ভ্রাতা চ স্বসা চ, হংসী চ হংসশ্চ, হংসশ্চ সারসী চ, অহশ্চ রাত্রিশ্চ, বাক্ চ মনশ্চ, জায়া চ পতিশ্চ, দ্যৌশ্চ পৃথিবী চ, দ্যৌশ্চ ভূমিশ্চ, অগ্নিশ্চ সোমশ্চ, ইন্দ্রশ্চ সোমশ্চ, অগ্নিশ্চ বায়ুশ্চ, পিতা চ পুত্রশ্চ, সম্পচ্চ বিপচ্চ, বাক্ চ ত্বক্ চ, দধি চ পয়শ্চ, গোপাশ্চ নাপিতাশ্চ, সুখঞ্চ দুঃখঞ্চ, পুত্রাশ্চ পৌত্রাশ্চ, মার্জ্জারাশ্চ মূষিকাশ্চ, মুদ্গাশ্চ মাষাশ্চ, দংশাশ্চ মশকাশ্চ, গঙ্গা চ শোণশ্চ, ধনুংষি চ শরাশ্চ।

৯। সংশোধন কর ও কারণ দেখাও—
গঙ্গাযমুনম্, বিদেহকলিঙ্গম্, অহিনকুলাঃ, পুত্রপৌত্রাঃ, শুক্লকৃষ্ণম্, দীক্ষাতপঃ, বাক্ত্বচা, ইন্দ্রবরুণৌ অগ্নিসোমৌ, স্ত্রীপুমাংসঃ, বাঙ্মনসা।

১০। "দেবাসুরাঃ"—এস্থলে সমাহার হইল না কেন ?

সমাস—সর্ব্ব-সমাস-সাধারণ-বিধি।

১। পথো ঙঃ সমাসে। (ক)

সমাস হইলে সমস্তের অন্তস্থিত **পথিন্** শব্দের উত্তর ঙ হয়; ঙ্ ইৎ, অ থাকে। যথা,—**পথঃ সমীপম্ উপপথম্, জলে পন্থাঃ জলপথঃ, দক্ষিণস্যাং দিশি পন্থাঃ দক্ষিণাপথঃ** (ক), **মহান্ পন্থাঃ মহাপথঃ, ত্রয়াণাং পথাং সমাহারঃ ত্রিপথম্, চতুর্ণাং পথাং সমাহারঃ চতুষ্পথম্, রম্যঃ পন্থাঃ অস্মিন্ রম্যপথং নগরম্, চোরস্য পন্থাঃ চোরপথঃ।** অব্যয়ের পরবর্ত্তী হইলে নপুংসক হয়। যথা,—**বিরুদ্ধঃ পন্থাঃ বিপথম্** (খ), **গর্হিতঃ পন্থাঃ উৎপথম্, অপক্রুষ্টঃ পন্থাঃ অপপথম্।**

(ক) "ঋক্পূরব্ধূঃ পথামানক্ষে" (পা ৫।৪।৭৪)। তদ্ধিত—২৮৫ সূত্র। দক্ষিণ+আৎ=দক্ষিণা।

অতিরিক্ত—"গ্রাম্যপশুসংঘেষ্বতরুণেষু স্ত্রী" (পা ১।৩।৭৩)।—বিভক্ত-খুর-বিশিষ্ট ও অতরুণবয়স্ক এরূপ একশব্দোৎপন্ন বিভিন্ন-লিঙ্গ বহুবচনান্ত গ্রাম্যপশুর সমাসে স্ত্রীলিঙ্গ শব্দ অবশিষ্ট থাকে। যথা—ইমে অজাশ্চ ইমা অজাশ্চ ইমা অজাঃ ("অজারজঃ খররজঃ"—লক্ষ্মীচরিত্র); ইমে গাবশ্চ ইমা গাবশ্চ ইমা গাবঃ। গ্রাম্য পশু না হইলে—ইমে রুরবশ্চ ইমা রুরবশ্চ ইমে রুরবঃ। বহুবচনান্ত না হইলে—গৌশ্চেয়ং গৌশ্চায়ম্ ইমৌ গাবৌ। অবিভক্ত-খুর-বিশিষ্ট হইলে—ইমে অশ্বাশ্চ ইমা অশ্বাশ্চ ইমে অশ্বাঃ। তরুণ-বয়স্ক হইলে—ইমে বৎসাশ্চ ইমা বৎসাশ্চ ইমে বৎসাঃ।

(খ) "বিশিষ্টঃ পন্থাঃ বিপথম্"—শ্রীরামতর্কবাগীশ। "বিরূপঃ পন্থাঃ বিপথম্"—সিঃ,কৌ। "বিরুদ্ধার্থ-বিশিষ্টাৎ কুশব্দাচ্চান্তথেতি" চান্দ্রাঃ। তথা চ "ব্যধ্বো দুরধ্বো বিপথঃ কদধ্বা

২। অনপঃ।

সমাস হইলে সমস্তের অন্তস্থিত অপ্ শব্দের উত্তর অন্ হয়; ন্ ইৎ, অ থাকে।' যথা,—বিমলা আপোঽস্মিন্ বিমলাপং সরঃ, উদ্ধৃতা আপোঽস্মাত্ উদ্ধৃতাপঃ কূপঃ, কূপস্যাপঃ কূপাপঃ, নির্ম্মলা আপঃ নির্ম্মলাপঃ। (ক)

৩। দ্ব্যন্তরুপসর্গেভ্যোঽপ ঈঃ।

দ্বি, অন্তর্ ও উপসর্গের পরবর্ত্তী অপ্-শব্দের অ-কার-স্থানে ঈ: হয়। যথা,—দ্বয়োর্দিশোঃ আপোঽস্য দ্বীপম্। এইরূপ অন্তরীপম্ (খ), সমীপম্ (গ), প্রতীপম্, অন্বীপম্।

কাপথঃ সমা" ইত্যমরঃ—শ্রীরাম। চন্দ্রমতে 'বিরুদ্ধঃ পন্থাঃ' এই বাক্যে 'বিপথঃ' অর্থাৎ পুংলিঙ্গ হইবে। তাহারই প্রমাণ স্বরূপ অমরকোষ হইতে পূর্ব্বোক্ত অংশ উদ্ধৃত হইয়াছে। শ্রীরামতর্কবাগীশও এই মতের অনুসরণ করিয়া 'বিশিষ্টঃ পন্থাঃ' এইরূপ বাক্যে ক্লীবত্ব বিধান করিয়াছেন। অমরকোষের ঐ অংশটী লক্ষ্য করিয়া তত্ত্ববোধিনীতে উক্ত হইয়াছে—"প্রমাদ এবায়মিতি বহবঃ।" মনোরমা-মতে অ-কারান্ত 'পথ' শব্দও আছে। তাহা হইতে 'বিপথঃ' এইরূপ পুংলিঙ্গ শব্দ হইতে পারে। যথা—"বাটঃ পথশ্চ মার্গঃ স্যাৎ"—ত্রিকাণ্ডশেষ। ভরত-মতে বিপথ ও কাপথ শব্দ পুংলিঙ্গ ও ক্লীবলিঙ্গ উভয়ই হইতে পারে। অমরকোষের টীকাকার রঘুনাথের মতে 'বিপথঃ'—ইহা অ-কারান্ত পথ-শব্দ-নিষ্পন্ন।

(ক) বিদ্যাসাগর মহাশয়ের মূল পুস্তকে "কূপাপাঃ" ও "নির্ম্মলাপাঃ" এইরূপ উদাহরণ আছে। কিন্তু অপ্ শব্দের উত্তর অন্ প্রত্যয় হওয়ায় যখন 'অপ' শব্দ হইল, তখন তাহার স্ত্রীত্ব ও বহুত্ব সম্ভবপর নহে। "পোপধঃ। অদন্তঃ পুংসি" এই পাণিনীয় লিঙ্গানুশাসন-সূত্র দ্বারা এবং "প—থ—ন—স—টোপান্তাঃ" এই অমরোক্তি দ্বারা ইহারা পুংলিঙ্গই হইবে।

(খ) "অন্তর্গতা আপো যত্র"—শ্রীরামতর্কবাগীশ। "অন্তর্গতাঃ প্রতিকূলাঃ আপঃ অস্মিন্"—তত্ত্ববোধিনী।

(গ) "সম্যগাপো যত্র"—শ্রীরামতর্কবাগীশ। "শোভনা আপো যত্র"—দুর্গাদাস। "সঙ্গতা আপঃ অস্মিন্"—তত্ত্ববোধিনী।

৪। অবর্ণাদ্বিভাষা।

অ-বর্ণান্ত উপসর্গের পরবর্ত্তী হইলে বিকল্পে। যথা,—**প্রেপম্, প্রাপম্; পরেপম্, পরাপম্; অপাং সমীপম্ উপেপম্, উপাপম্।**

৫। সমাপানূপৌ।

সমাপ ও **অনূপ** শব্দ নিপাতনে সিদ্ধ হয়। যথা,—**সমাপো দেবযজনম্, অনূপো দেশঃ।**

৬। ধুরোঽনক্ষস্যাঃ। (ক)

সমাস হইলে সমস্তের অন্তস্থিত **ধুর্** শব্দের উত্তর **অ** হয়। যথা,—**রাজ্ঞো ধূঃ রাজধুরা, মহতী ধূঃ মহাধুরা, হৃতা ধূরনেন হৃতধুরঃ।** অক্ষ শব্দের সম্বন্ধ থাকিলে হয় না। যথা,—**অক্ষস্য ধূঃ অক্ষধূঃ, দৃঢ়া ধূরস্মিন্ দৃঢ়ধূঃ অক্ষঃ।**

৭। ঋচশ্চ।

সমস্তের অন্তস্থিত **ঋচ্** শব্দের উত্তর **অ** হয়। যথা,—**অর্দ্ধম্ ঋচঃ অর্দ্ধর্চ্চঃ** (৭২), **অধিগতা ঋক্ অনেন অধিগতর্চ্চঃ।**

(ক) বিদ্যাসাগর মহাশয় সূত্রটি এইরূপ করিয়াছিলেন—"ধুরোঽনক্ষ"। এরূপ সূত্র হইতে অভিপ্রেত অর্থ কিরূপে আসিতে পারে, তাহা বুঝিতে না পারিয়া আমরা ইহার পরিবর্ত্তে মুগ্ধবোধের সূত্র সন্নিবেশিত করিলাম।

পুর্-শব্দও সমাসে অ-কারান্ত হয়। যথা—বিষ্ণোঃ পূঃ বিষ্ণুপুরম্।

(৭২) পুংলিঙ্গ হয়। বিদ্যাসাগর মহাশয় "পুলিঙ্গ হয়" কেবল ইহাই লিখিয়াছেন। কিন্তু ইহা পুংলিঙ্গ এবং ক্লীবলিঙ্গ উভয়ই হইতে পারে। "অর্দ্ধর্চ্চাঃ পুংসি চ"—(পা ২।৪।৩১)। "অর্দ্ধর্চ্চাদয়ঃ ক্লীবে চ"—(সংক্ষিপ্তসার, সমাসে ৩৮৩ সূত্র)। মুগ্ধবোধে 'ক্লীবলিঙ্গ' উদাহরণ প্রদত্ত হইয়াছে।

८। नञो माणवके।

माणवक বুঝাইলে নঞের পরবর্ত্তী **ऋच्** শব্দের উত্তর **अ** হয় যথা,—**अनृचो माणवकः** (ক)। অন্যত্র **अनृक् साम**। (খ)

९। बह्वोश्चरणे।

चरण বুঝাইলে বহু-শব্দের পরবর্ত্তী **ऋच्** শব্দের উত্তর **अ** হয়। যথা,—**बह्वृचश्चरणः** (গ)। অন্যত্র **बह्वृक् सूक्तम्**। (ঘ)

१०। प्रत्यन्ववेभ्यो लोम्नः।

प्रति, अनु, अव এই তিন উপসর্গের পরবর্ত্তী **लोमन्** শব্দের উত্তর **अ** হয়। যথা,—**प्रतिलोमम्, अनुलोमम्, अवलोमम्**। (ঙ)

११। साम्नश्च।

प्रति, अनु, अव, এই তিন উপসর্গের পরবর্ত্তী **सामन्** শব্দের উত্তর **अ** হয়। যথা,—**प्रतिसामम्, अनुसामम्, अवसामम्**। (চ)

१२। कृष्णोदक्पाण्डुसंख्यापूर्वाया भूमेरच् (वा ५०४६)

कृष्ण, उदक, पाण्डु ও সংখ্যা-বাচক শব্দের পরবর্ত্তী **भूमि** শব্দের

(ক) নাস্তি ঋক্ যস্যাসৌ অনৃচো মাণবকঃ (বটুঃ)।

(খ) ন ঋক্ অনৃক্ সাম (বেদাংশ-বিশেষঃ)

(গ) বহ্ব্য ঋচো যত্র স বহ্বৃচশ্চরণঃ। চরণ—বেদশাখা।

(ঘ) সূক্ত—বেদাংশ-বিশেষঃ।

(ঙ) প্রতিগতং লোম—প্রাদি সমাস। অথবা প্রতিগতং লোম যস্য—বহুব্রীহি।—শ্রীরামতর্কবাগীশ। 'অন্যগুলিতেও এইরূপ। "লোম লোম প্রতি প্রতিলোমম্"—দুর্গাদাস।

(চ) লোমন্ শব্দের মত সমাস।

উত্তর অ হয়। যথা,—কৃষ্ণভূমঃ, উদগ্‌ভূমঃ, পাণ্ডুভূমঃ, দ্বিভূমঃ, চতুর্ভূমঃ। (ক)

১৩। ব্রহ্ম-হস্তি-পল্য-রাজভ্যো বর্চ্চসঃ। (খ)

ব্রহ্মন্, হস্তিন্, পল্য, রাজন্, এই চারি শব্দের পরবর্ত্তী বর্চ্চস্ শব্দের উত্তর অ হয়। যথা,—ব্রহ্মবর্চ্চসম্ (খ), হস্তিবর্চ্চসম্, পল্যবর্চ্চসম্ (গ), রাজবর্চ্চসম্।

১৪। অব-সমন্ধেভ্যস্তমসঃ (পা ৫।৪।৭৯)

অব, সম্, অন্ধ, ইহাদের পরবর্ত্তী তমস্-শব্দের উত্তর অ হয়। যথা,—অবতমসম্, সন্তমসম্, অন্ধতমসম্। (ঘ)

১৫। অন্বব-তপ্তাদ্রহসঃ (পা ৫।৪।৮১)

(ক) "কৃষ্ণোদক্‌পাণ্ডুপূর্ব্বায়া ভূমেরচ্ প্রত্যয়ঃ স্মৃতঃ। গোদাবর্য্যাশ্চ নদ্যাশ্চ সংখ্যায়া উত্তরে যদি।"—ইতি কাশিকা। মুগ্ধবোধ ও কাতন্ত্রের মতে 'কৃষ্ণ' স্থানে 'কৃষ্ট' এইরূপ পাঠ। পাণিনীয় বার্ত্তিক, কাশিকা ও সংক্ষিপ্তসারের মতে 'কৃষ্ণ' এইরূপ পাঠ। 'কৃষ্ণা শ্যামা ভূমির্যস্মিন্, উদীচী উদগ্‌গতা ভূমির্যস্মিন্, পাণ্ডু ভূমির্যস্মিন্, দ্বে ভূমী যস্য স দ্বিভূমঃ প্রাসাদঃ"—দুর্গাদাস।

(খ) "ব্রহ্মহস্তিভ্যাং বর্চ্চসঃ" (পা ৫।৪।৭৮); "পল্যরাজভ্যাং চেতি বক্তব্যম্" (বা ৩০৫২)। ব্রহ্মণো বর্চ্চঃ তেজঃ। "যন্মদীয়া প্রজাস্তস্য হেতুস্ত্বদ্ব্রহ্মবর্চ্চসম্"—রঘু ১।৬২

(গ) "পলং মাংসমর্হতি ইতি পল্যো মাংসভোজী, তদীয়ং বর্চ্চঃ পল্যবর্চ্চসম্" —তত্ত্ববোধিনী। দুর্গাদাস ও কাতন্ত্র মতে 'পল্য' শব্দের পরিবর্ত্তে 'পণ্য' এইরূপ পাঠ।

(ঘ) অবহীনং তমঃ অবতমসম্। সন্ততং ব্যাপ্তং তমঃ সন্তমসম্। "অন্ধয়তীত্যন্ধং পচাদ্যচ্, অন্ধং তমঃ অন্ধতমসম্"—সি, কৌ। 'যৎ তমঃ অন্ধং করোতি তদুচ্যতে"—গোয়ীচন্দ্র। অ-কারান্ত 'তমস' শব্দও আছে, তথাপি 'সন্তমঃ' এরূপ পদ হইবে না, সেই জন্যই সূত্র করা হইল—গোয়ীচন্দ্র। "ধ্বান্তে গাঢ়েহন্ধতমসং ক্ষীণেহবতমসন্তমঃ। বিষক্ সন্তমসম্"—ইত্যমরঃ।

অনু, **অব**, **তপ্ত**, ইহাদের পরবর্ত্তী **রহস্** শব্দের উত্তর **অ** হয়। যথা,—**অনুরহসম্**, **অবরহসম্**, **তপ্তরহসম্**। (ক)

১৬। **উপসর্গাদধ্বনঃ** (পা ৫।৪।৮৫)

উপসর্গের পরবর্ত্তী **অধ্বন্** শব্দের উত্তর **অ** হয়। যথা,—**প্রগতঃ অধ্বানম্ প্রাধ্বো রথঃ**, **অধ্বনোঽভাবঃ নিরধ্বম্**, **অধ্বানং প্রতি প্রত্যধ্বম্**। অন্যত্র **উত্তমোঽধ্বা উত্তমাধ্বা**।

১৭। **শ্বসো বসীয়ঃশ্রেয়সঃ** (পা ৫।৪।৮০)

শ্বস্ শব্দের পরবর্ত্তী **বসীয়স্** ও **শ্রেয়স্** শব্দের উত্তর **অ** হয়। যথা,—**শ্বোবসীয়সম্**, **শ্বঃশ্রেয়সম্**। (খ)

১৮। **ন প্রশংসায়াং স্বতিভ্যাম্**। (গ)

প্রশংসা-বাচক **সু** ও **অতি** শব্দ পূর্ব্বে থাকিলে সমাসান্ত বিধি হয় না। যথা,—**শোভনো রাজা সুরাজা**, **অতিশয়েন রাজা**

(ক) "অনুগতমবহীনঞ্চ রহঃ ইতি প্রাদি-সমাসঃ। অন্বগতং রহোঽস্মিন্ ইত্যাদি বহুব্রীহির্বা। তপ্তঞ্চ তৎ রহশ্চেতি তপ্তরহসং, পরেণ অনবিগম্যম্ ইত্যর্থঃ"—তত্ত্ববোধিনী। "অকথ্যং যস্তবেৎ বাক্যং তৎ তপ্তরহসং বিদুঃ"—শ্রীরামতর্কবাগীশ।

(খ) "বসু-শব্দঃ প্রশস্তবাচী, তত ঈয়সুনি বসীয়ঃ। শ্বস্ শব্দ উত্তরপদার্থপ্রশংসাম্ আশীর্ব্বিষয়মাহ। ময়ূরব্যংসকাদিত্বাৎ সমাসঃ"—সি, কৌ। শ্বঃ—আগামী কল্য, বসীয়ঃ (বসুমৎ+ঈয়সু)—শ্রেয়ঃ ; শ্বোবসীয়—শুভ (শ্রীরামতর্কবাগীশ)। দুর্গাদাস ও কাতন্ত্রের মতে অবসীয়স্ শব্দ। "অব্যয়ানামনেকার্থত্বাৎ শ্বঃ শোভনং অবসীয়ঃ শ্বোঽবসীয়সং কল্যাণম্"। শ্বঃ শোভনং শ্রেয়ঃ শ্বশ্রেয়সং কল্যাণম্।"—দুর্গাদাস।

(গ) "নঞ্পূজনাৎ" (পা ৫।৪।৬৯); "স্বতিভ্যামেব" (বা ৩৩৪৬)। সক্থি অক্ষি প্রভৃতি শব্দের উত্তর হয়। যথা—সুসক্থঃ, অত্যক্ষঃ, স্বক্ষঃ।

অতিরাজা। এইরূপ সুসখা, অতিসখা, সুগৌঃ, অতিগৌঃ, সুপন্থাঃ, স্বধ্বা।

১৯। ন কিমঃ কুৎসায়াম্। (ক)

কুৎসা-বাচক কিম্-শব্দ পূর্ব্বে থাকিলে সমাসান্ত বিধি হয় না। যথা,—কুৎসিতো রাজা কিংরাজা, কুৎসিতঃ সখা কিংসখা, কুৎসিতঃ পন্থাঃ অস্মিন্ কিম্পন্থাঃ দেশঃ। (ক)

২০। ন নঞস্তৎপুরুষে। (খ)

তৎপুরুষ-সমাসে নঞ্ পূর্ব্বে থাকিলে সমাসান্ত বিধি হয় না। যথা,—অরাজা, অসখা, অগৌঃ। (খ)

২১। পথো বিভাষা (পা ৫।৪।৭২)

নঞ্-পূর্ব্বক পথিন্ শব্দের উত্তর বিকল্পে সমাসান্ত বিধি হয়; সমাসান্ত পক্ষে নপুংসক লিঙ্গ হয়। যথা,—অপথম্, অপন্থাঃ। (গ)।

২২। সঃ সমানস্য গোত্রাদৌ। (ঘ)

(ক) "কিমঃ ক্ষেপে" (পা ৫।৪।৭০)। "কিংরাজা যো ন রক্ষতি প্রজাঃ। কিংগৌর্যো ন বহতি ভারম্"—দুর্গাদাস। "স কিংসখা সাধু ন শাস্তি যোঽধিপম্"—ভারবি। নিন্দা না বুঝাইলে সমাসান্ত হয়। যথা—কেষাং রাজা কিংরাজঃ।

(খ) "নঞস্তৎপুরুষাৎ" (পা ৫।৪।৭১)। বহুব্রীহি অথবা অব্যয়ীভাব সমাসে সমাসান্ত হয়। যথা—অনপং সরঃ, অধুরম্।

(গ) কেবল তৎপুরুষ সমাসেই বিকল্পে হয়। বহুব্রীহি অথবা অব্যয়ীভাব সমাসে নিত্য সমাসান্ত হয়। যথা—অপথো দেশঃ, অপথং বর্ত্ততে। "ন কশ্চিদ্বর্ণানামপথমপকৃষ্টোঽপি ভজতে"—শকুন্তলা। "অপস্থানস্ত গচ্ছন্তং সোদরোঽপি বিমুঞ্চতি"—অনর্ঘরাঘব।

(ঘ) "জ্যোতির্জনপদরাত্রিনাভিনামগোত্ররূপস্থানবর্ণবয়োবচনবন্ধুষু"। (পা ৬।৩।৮৫),

সমাসে গোত্র প্রভৃতি শব্দ পরে থাকিলে সমান-শব্দ-স্থানে স হয়। যথা,—সমানং গোত্রমস্য সগোত্রঃ। এইরূপ সরূপঃ, সবর্ণঃ, সপক্ষঃ, সনাভিঃ, সপিণ্ডঃ, সনামা, সবয়াঃ, সতীর্থ্যঃ, সস্থানঃ, সবন্ধুঃ, সবচনঃ, সরাত্রিঃ, সজ্যোতিঃ, সজনপদঃ, সব্রহ্মচারী।

২৩। বিভাষা ধর্ম্মোদর্য্য-জাতীয়েষু। (ক)

ধর্ম্ম, উদর্য্য ও জাতীয় শব্দ পরে থাকিলে বিকল্পে। যথা,—

"সমানস্য ছন্দস্যমূর্দ্ধপ্রভৃত্যুদর্কেষু" (পা ৬।৩।৮৪)। অত্র ভট্টোজিদীক্ষিতঃ—"সমানস্যেতি যোগে বিভজ্যতে। তেন সপক্ষঃ ; সাধর্ম্ম্যম্, সজাতীয়ম্, ইত্যাদি সিদ্ধমিতি" কাশিকা—" "তীর্থে যে" (পা ৬।৩,৮৭)

বোপদেব-মতে জ্যোতিঃ, জনপদ, রাত্রি, নাভি, বন্ধু, গন্ধ, পিণ্ড, লোহিত, কুক্ষি, বেণী, ব্রহ্মচারী, তীর্থ, পত্নী ও পক্ষ শব্দ পরে থাকিলে সমান-শব্দ-স্থানে নিত্য স হয়, এবং রূপ, নাম, গোত্র, স্থান, বর্ণ, বয়ঃ, বচন, ধর্ম্ম, জাতীয় এবং উদর্য্য শব্দ পরে থাকিলে বিকল্পে হয়। পাণিনি-মতে কেবল উদর্য্য শব্দ পরে থাকিলে বিকল্পে হয় ; গন্ধ, পিণ্ড, লোহিত, কুক্ষি, বেণী—এই পাঁচটির কোনই উল্লেখ নাই। এতদ্ভিন্ন পূর্ব্বোক্ত শব্দ পরে থাকিলে নিত্য। সংক্ষিপ্তসারে পিণ্ড শব্দের উল্লেখ আছে, কিন্তু গন্ধ প্রভৃতি ৪টার উল্লেখ নাই।

সতীর্থ্যঃ— "সমানতীর্থে বাসী" (পা ৪.৪।১০৭)। "সমানে তীর্থে গুরৌ বসতীতি সতীর্থ্যঃ একগুরুঃ ; সমানতীর্থ-শব্দাৎ তত্র বাসিনি ইত্যর্থে যঃ প্রত্যয়ে (য) সমানস্য সঃ"—শ্রীরামতর্কবাগীশ। "নির্যকারে তীর্থে ন স্যাৎ। তেন সমানং তীর্থং গঙ্গাতীরাদি যেষাং তে সমানতীর্থাঃ"—দুর্গাদাস। সব্রহ্মচারী,—ব্রহ্ম বেদঃ, "তদধ্যয়নার্থং যদ্‌ব্রতং তদপি ব্রহ্ম, তৎ চরতীতি ব্রহ্মচারী, সমানো ব্রহ্মচারী সব্রহ্মচারী, তস্যৈব বেদাধ্যস্য ব্রহ্মণঃ সদৃশং ব্রতং চরতীত্যর্থঃ"—সিদ্ধান্তকৌমুদী ও শ্রীরামতর্কবাগীশ।

(ক) "বিভাষোদরে"—(পা ৬।৩।৮৮)

সধর্ম্মা, সমানধর্ম্মা ; সোদর্য্যঃ, সমানোদর্য্যঃ ; সজাতীয়ঃ, সমানজাতীয়ঃ।

২৪। দুরন্যাদাশীরাদিষু। (ক)

আশিস্ প্রভৃতি শব্দ পরে থাকিলে অন্য শব্দের উত্তর দুক্ হয় ; উ ইৎ, দ্ থাকে। যথা,—অন্যা আশীঃ অন্যদাশীঃ, অন্যস্মিন্ আশা অন্যদাশা, অন্যস্মিন্ আস্থা অন্যদাস্থা, অন্যস্মিন্ আস্থিতঃ অন্যদাস্থিতঃ, অন্যস্মিন্ উৎসুকঃ অন্যদুৎসুকঃ, অন্যস্মিন্ রাগঃ অন্যদ্রাগঃ, অন্যঃ কারকঃ অন্যৎকারকঃ।

২৫। ন তৃতীয়া-ষষ্ঠ্যোঃ। (ক)

তৃতীয়ান্ত ও ষষ্ঠ্যন্তের হয় না। যথা,—অন্যেন আশীঃ অন্যাশীঃ, অন্যস্যাশীঃ অন্যাশীঃ।

২৬। অর্থে বিভাষা (পা ৬।৩।১০০)

অর্থ-শব্দ পরে থাকিলে বিকল্পে। যথা,—অন্যস্যার্থঃ অন্যদর্থঃ, অন্যার্থঃ।

২৭। কোঃ কৎ স্বরে তৎপুরুষে। (খ)

(ক) "অষষ্ঠ্যতৃতীয়াস্থস্যান্যস্য দুগাশীরাশাস্থাস্থিতোৎসুকোতিকারকরাগচ্ছেষু (পা ৬।৩।৯৯)। "দুগাগমোঽবিশেষেণ বক্তব্যঃ কারকচ্ছয়োঃ। ষষ্ঠীতৃতীয়য়োর্নেষ্ট আশীরাদিষু সপ্তসু"—কাশিকা।

(খ) "কোঃ কত্তৎপুরুষেঽচি" (পা ৬।৩।১০১)। কর্ম্মধারয় ভিন্ন অন্য সমাসে হয় না। যথা—কুৎসিত উষ্ট্রো যস্য স কূষ্ট্রো রাজা। পৃথ্বী-বাচক কু-শব্দের হয় না। যথা—কোঃ পৃথিব্যা উত্থিতঃ কূত্থিতঃ—দুর্গাদাস।

তৎপুরুষ-সমাসে স্বরবর্ণ পরে থাকিলে কু-শব্দ-স্থানে কৎ হয়। যথা,—কুৎসিতোঽশ্বঃ কদশ্বঃ, কুৎসিত উষ্ট্রঃ কদুষ্ট্রঃ, কুৎসিতমন্নং কদন্নম্, কুৎসিত আচারঃ কদাচারঃ, কুৎসিতমুদকং কদুদকম্।

২৮। ত্রি-রথ-বদেষু।

ত্রি, রথ ও বদ শব্দ পরে থাকিলে কু-শব্দ-স্থানে কৎ হয়। —কুৎসিতাস্ত্রয়ঃ কত্রয়ঃ, কুৎসিতো রথঃ কদ্রথঃ, কুৎসিতং বদতি কদ্বদঃ।

২৯। কা পথ্যক্ষয়োঃ (পা ৬।৩।১০৪)

পথিন্ ও অক্ষ শব্দ পরে থাকিলে কা হয়। যথা,—কুৎসিতঃ পন্থাঃ কাপথম্ কাপথো বা; কুৎসিতমক্ষি অস্য কাক্ষঃ। (ক)

৩০। ঈষদর্থে (পা ৬।৩।১০৫)

ঈষৎ অর্থ বুঝাইলে কু-শব্দ-স্থানে কা হয়। যথা,—কামধুরম্, ঈষন্মধুরমিত্যর্থঃ; কালবণম্ ঈষল্লবণমিত্যর্থঃ। (খ)

৩১। বিভাষা পুরুষে (পা ৬।৩।১০৬)

পুরুষ শব্দ পরে থাকিলে বিকল্পে। যথা,—কাপুরুষঃ, কুপুরুষঃ। (গ)

(ক) বোপদেব-মতে পথিন্ শব্দ পরে থাকিলে বিকল্পে হয়। যথা—কাপথম্, কুপথম্। "অক্ষ-শব্দেন তৎপুরুষঃ। অক্ষি-শব্দেন বহুব্রীহিণা।"—সি, কৌ।

(খ) ঈষজ্জলং কাজলম্; এইরূপ—কাম্লম্, কাম্লম্। ঈষদাকারো যস্য স কাকারঃ। কাতন্ত্রম্ ইত্যাদি।

(গ) কুৎসিতঃ পুরুষঃ কাপুরুষঃ, কুপুরুষঃ। ঈষদর্থে পূর্ব্বসূত্রানুসারে নিত্য।

৩২। কা-কত্-কবান্যুষ্ণে। (ক)

উষ্ণ শব্দ পরে থাকিলে কু-শব্দ-স্থানে কা, কত্ ও কব হয়। যথা,—কোষ্ণম্, কদুষ্ণম্, কবোষ্ণম্। (ক)

৩৩। বিশ্বামিত্রাদয়ঃ। (খ)

বিশ্বামিত্র প্রভৃতি শব্দ নিপাতনে সিদ্ধ হয়। যথা,—**বিশ্বস্য মিত্র** বিশ্বামিত্রঃ। এইরূপ বিশ্বাবসুঃ, বিশ্বানরঃ, অষ্টাবক্রঃ, অষ্টাগবম্, শ্বাদন্তঃ, শ্বাদংষ্ট্রা, শ্বাকর্ণঃ, শ্বাপুচ্ছঃ, শ্বাপদঃ। (খ)

৩৪। সমোঽন্তলোপঃ কাম-মনসোঃ। (গ)

কাম ও **মনস্** শব্দ পরে থাকিলে **সম্** এই অব্যয়ের অন্ত্য বর্ণের লোপ হয়। যথা,—সকামঃ, সমনাঃ। (গ)

৩৫। তুমুনশ্চ।

যথা—ঈষৎপুরুষঃ কাপুরুষঃ—সি, কৌ। কিন্তু ভাগবৃত্তি-মতে বিকল্প—শ্রীরামতর্কবাগীশ।

(ক) "কবং চোষ্ণে" (পা ৬·৩।১০৭)। বোপদেব-মতে অগ্নি শব্দ পরে থাকিলেও হয়। যথা—ঈষদগ্নিঃ কদগ্নিঃ, কবাগ্নিঃ, কাগ্নিঃ। "ভুবং কোষ্ণেন কুণ্ডোধ্নী"—রঘু ১।৮৪। "কবোষ্ণমুপভুজ্যতে"—রঘু। "শ্বসন্ কদুষ্ণং পুরমাবিবেশ"—ভট্টি ৩।১৮।

(খ) "মিত্রে চর্ষৌ" (পা ৬।৩.১৩০); "অষ্টনঃ সংজ্ঞায়াম্" (পা ৬.৩১২৫); "নরে সংজ্ঞায়াম্" (পা ৬।৩.১২৯)। "শুনো দন্তদংষ্ট্রাকর্ণকুন্দবরাহপুচ্ছপদেষু দীর্ঘো বাচ্যঃ (বা ৫০৪৯); পদপুচ্ছয়োরেতি চান্দ্রাঃ তন্মতে শ্বপদঃ শ্বপুচ্ছ ইত্যপি"—শ্রীরামতর্কবাগীশ।

(গ) "লুম্পেদবশ্যমঃ কৃত্যে তুংকামমনসোরপি। সমো বা হিততত্তয়োর্মাংসস্য পচিযুড্ঘঞোঃ"—কাশিকা। সম্যক্ কামো যস্য, সম্যক্ মনো যস্য সঃ। হিত ও তত শব্দ পরে থাকিলে বিকল্পে। সহিতঃ, সংহিতঃ, সততঃ, সন্ততঃ।

কাম ও **মনস্** শব্দ পরে থাকিলে **তুমুন্** প্রত্যয়ের অন্ত্য বর্ণের লোপ হয়। (ক) যথা,—**গন্তুকামঃ, গন্তুমনাঃ**।

২৬। অবশ্যমঃ কৃত্যে।

কৃত্য প্রত্যয় পরে থাকিলে **অবশ্যম্** শব্দের অন্ত্য-বর্ণের লোপ হয়। যথা,—**অবশ্যদেয়ম্, অবশ্যভব্যম্, অবশ্যকর্ত্তব্যম্**। (খ)

অতিরিক্ত।—"ঙ্যাপোঃ সংজ্ঞাচ্ছন্দসোর্বহুলম্।"—(পা ৬।৩।৬৩)। সংজ্ঞা বুঝাইলে এবং বৈদিক-প্রয়োগে পূর্ব্ব-পদস্থ ঈপ্ ও আপের বহুল হ্রস্ব হয় (অর্থাৎ কোথাও নিত্য হয়, কোথাও বিকল্পে হয়, এবং কোথাও হয় না)। যথা—রেবতিপুত্রঃ; মন্দুরজঃ অশ্বঃ; প্রমদবনম্, প্রমদাবনম্; নান্দীঘোষঃ ইত্যাদি। "ইকো হ্রস্বোঽঙ্যো গালবস্য।" (পা ৬।৩।৬১)—সমাসে পূর্ব্বপদের অন্তস্থিত ঈ-কার ও ঊকার বিকল্পে হ্রস্ব হয়। যথা—গ্রামণিপুত্রঃ, গ্রামণীপুত্রঃ। ("নৈব পঞ্চত্বমাপন্নো লক্ষ্মণো লক্ষ্মিবর্দ্ধনঃ"—রামায়ণ)॥ ঈপ্-প্রত্যয়ের হয় না। যথা—গৌরীপতিঃ। "ইয়ঙ্-উবঙ্-ভাবিনামব্যয়ানাঞ্চ নেতি বাচ্যম্" (বা ৩৯৬৪)। যাহাদের স্থানে ইয়্ উব্ হয়, এমন ঈ-কার ও ঊ-কারের এবং অব্যয় শব্দের হয় না। যথা—শ্রীমদঃ, ভ্রূভঙ্গঃ শুক্লীভাবঃ। "অভ্রূকুংসাদীনামিতি বক্তব্যম্" (বা ৩৯৬৪)। "অকারোঽনেন বিধীয়তে ইতি ব্যাখ্যান্তরম্।"—সি-কৌ। ভ্রূকুংসঃ, ভ্রুকুংস, ভ্রকুংসঃ; ভ্রূকুটিঃ, ভ্রুকুটিঃ ভ্রকুটিঃ। সংক্ষিপ্তসারের মতে ভ্রূকুংস ও ভ্রূকুটি শব্দ হয় না। আর্ষ প্রয়োগে ভৃকুটিও দেখা যায়।

(ক) অর্থাৎ তুমের ম-কারের লোপ হয়, তু থাকে। গন্তুং কামো যস্য, গন্তুং মনো যস্য। "অহং জনঃ প্রষ্টুমনাঃ"—কুমার।

(খ) ময়ূরব্যংসকাদিত্বাৎ বিকল্পে সমাস। পাক ও পচন শব্দ পরে থাকিলে মাংস শব্দের বিকল্পে আ-কারের লোপ হয়। যথা—মাংস্পাকঃ, মাংসপাকঃ; মাংস্পচনম্, মাংসপচনম্।

প্রশ্ন (সর্ব্ব-সমাস-সাধারণ-বিধি)

১। কোন্ কোন্ শব্দ সমাসে অ-কারান্ত হইয়া যায় ? উদাহরণ দাও।

২। সমাস, ব্যাসবাক্য ও যথাসম্ভব বিশেষ সূত্র লিখ—

দ্বীপম্, রাজধুরা, অর্দ্ধর্চ্চঃ, অনুলোমম্, দ্বিভূমঃ, অন্ধতমসম্, প্রাধ্বঃ, সতীর্থ্যঃ, অন্তদাশীঃ, কদন্নম্, কাপুরুষঃ, কোষ্ণম্, বিশ্বামিত্রঃ, শ্বাপদঃ, সকামঃ, গন্তুমনাঃ।

৩। কোন্ কোন্ স্থলে সমাসান্ত বিধি হয় না ? উদাহরণ দাও।

৪। কোন্ কোন্ শব্দের পরে ভূমি, বর্চ্চস্ ও তমস্ শব্দ অ-কারান্ত হয় ?

৫। 'সমান' শব্দ স্থানে কোন্ কোন্ স্থলে নিত্য এবং কোন্ কোন্ স্থলে বিকল্পে স আদেশ হয় ?

৬। অপথম্, সধর্ম্মা, অন্তদর্থঃ, কাপুরুষঃ, কোষ্ণম্—এই সকল পদের জন্য কি কি বিশেষ সূত্র আছে ? ইহাদের বিকল্প-পক্ষে আর কি কি পদ হয় ?

৭। 'কু' শব্দ স্থানে কোথায় কিরূপ আদেশ হয় ? উদাহরণ দাও।

৮। সংশোধন কর এবং কারণ দেখাও—

রম্যপথি, ধৃতধূঃ, অক্ষধুরা, প্রতিলোম্না, কৃষ্ণভূমিঃ, রাজবর্চ্চঃ, অন্ধতমসা, সুরাজো দেশঃ, গন্তুকামঃ, অনৃক্ মাণবকঃ।

৯। সমাস কর :—

চতুর্ণাং পথাং সমাহারঃ, নির্ম্মলা আপঃ, মহতী ধূঃ, অধিগতা ঋক্ অনেন, অধ্বনোঽভাবঃ, কুৎসিতঃ পন্থাঃ, ন পন্থাঃ, ন সখা, সমানং গোত্রমস্য, অস্মিন্ উৎসুকঃ, অন্তেন উৎসুকঃ, অন্যস্য অর্থঃ, কুৎসিতো রথঃ, কুৎসিতঃ পন্থাঃ, শুনো দন্তঃ।

১০। সমাসে 'পথিন্' শব্দ কোন্ কোন্ স্থলে ক্লীবলিঙ্গ হয় ?

অলুক্-সমাস।

১। अलुगुत्तरपदे (पा ६।३।१)

সমাস হইলে কোনও কোনও স্থলে উত্তর পদ পরে থাকিলে বিভক্তির লোপ হয় না।

২। पञ्चम्याः स्तोकान्तिक-दूरार्थ-कृच्छ्रेभ्यः। (ক)

স্তোকার্থ, অন্তিকার্থ, দূরার্থ ও কৃচ্ছ্র শব্দের পরবর্ত্তী **পঞ্চমী** বিভক্তির লোপ হয় না। যথা—**स्तोकान्मुक्तः** (ক), **अल्पान्मुक्तः**, **अन्तिकादागतः**, **समीपादागतः**, **दूरादागतः**, **विप्रकृष्टादागतः**, **कृच्छ्रान्मुक्तः**। (খ)

৩। ओजःसहोऽम्भस्तमोऽञ्जसस्तृतीयायाः। (গ)

(ক) "পঞ্চম্যাঃ স্তোকাদিভ্যঃ (পা ৬।৩।২)। সমাস হইলে বিভক্তির লোপ হয়। কিন্তু অলুক্-সমাসে সমাস হয়, অথচ বিভক্তির লোপ হয় না। তবে এই সকল স্থলে সমাস করিবার উদ্দেশ্য কি? স্তোকান্মুক্তঃ—এখানে সমাস হওয়ায় একপদ হইল। একপদ হওয়ায় স্তোকান্মুক্তস্যাপত্যং স্তোকান্মুক্তিঃ, স্তোকান্মুক্তায়া অপত্যং স্তোকান্মুক্তেয়ঃ ইত্যাদি সমস্ত পদের উত্তর তদ্ধিত প্রত্যয় হইল—তত্ত্ববোধিনী। "দ্বিবচন-বহুবচনান্তানাং তু সমাসো নেষ্যতে, অনভিধানাৎ। তেন স্তোকাভ্যাং মুক্ত ইত্যাদৌ বাক্যমেব"—তত্ত্ববোধিনী। "অলুগ্বিধায়কেষু একবচনস্যৈব সমাসঃ"—ইতি ভাষ্যম্।

(খ) 'কৃচ্ছ্রমুক্ত' শব্দটী শ্রীরামতর্কবাগীশের মতে তৃতীয়া-তৎপুরুষ-সমাস-নিষ্পন্ন। ক্ত-প্রত্যয়ান্ত শব্দ পরে না থাকিলে হয় না, অর্থাৎ পঞ্চমীর লুক্ হয়। যথা—স্তোকভয়ম্। —শ্রীরামতর্কবাগীশ।

(গ) "ওজঃসহোঽম্ভস্তমসস্তৃতীয়ায়াঃ (পা ৬।৩।৩)। "অঞ্জস উপসংখ্যানম্" (বা ৩৮৮৩)।

ওজস্‌, সহস্‌, অম্ভস্‌, তমস্‌ ও অঞ্জস্‌ শব্দের পরবর্ত্তী তৃতীয়া বিভক্তির লোপ হয় না। যথা,—ওজসাকৃতম্‌, সহসাকৃতম্‌, অম্ভসাকৃতম্‌ তমসাকৃতম্‌, অঞ্জসাকৃতম্‌।

৪। পুংসোঽনুজে।

'অনুজ' শব্দ পরে থাকিলে পুমস্‌ শব্দের পরবর্ত্তী তৃতীয়া বিভক্তির লোপ হয় না। যথা,—পুংসানুজঃ। (ক)

৫। জনুষোঽন্ধে।

'অন্ধ' শব্দ পরে থাকিলে জনুস্‌ শব্দের পরবর্ত্তী তৃতীয়া বিভক্তির লোপ হয় না। যথা,—জনুষান্ধঃ। (খ)

৬। আত্মনঃ পূরণে।

পূরণ-বাচক শব্দ পরে থাকিলে আত্মন্‌ শব্দের পরবর্ত্তী তৃতীয়া বিভক্তির লোপ হয় না। যথা,—আত্মনাপঞ্চমঃ, আত্মনাদশমঃ। (গ)

এই সকল শব্দ পূর্ব্বপদ না হইলে হয় না। যথা—"সততনৈশতমোবৃতম্‌"—ভারবি। "উদবদন্তঃপরিপূতমূর্ত্তিঃ"—মাঘ।

(ক) পুংসা—ষষ্ঠীর অর্থে তৃয়া, অথবা হেতু-অর্থে তৃতীয়া; অন্যের অনুজননের প্রতি পূর্ব্বজাত জনের হেতুত্ব আছে—শ্রীরামতর্কবাগীশ। "যস্যাগ্রজঃ পুমান্‌ স পুংসানুজঃ"—সিদ্ধান্তকৌমুদী।

(খ) "পুংসানুজো জনুষান্ধো বিকৃতাক্ষ ইতি চ"—(বা ৩৮১)। জনুস্‌—জন্ম; জনুষান্ধঃ—জন্মান্ধঃ।"

(গ) "আত্মনশ্চ" (পা ৬।৩।৬)। "পূরণ ইতি বক্তব্যম্‌" (বা ৩৮২)। "জনার্দ্দনস্ত্বাত্মচতুর্থ এব"—এস্থলে 'আত্মচতুর্থঃ' কিরূপে হইল? 'আত্মা চতুর্থো যস্য' এই বাক্যে বহুব্রীহি-সমাস—সংক্ষিপ্তসার ও শ্রীরামতর্কবাগীশ

৭। **বৈয়াকরণাখ্যায়াং চতুর্থ্যাঃ (পা ৬।৩।৭)**

ব্যাকরণের সংজ্ঞা বুঝাইলে **আত্মন্** শব্দের পরবর্ত্তী **চতুর্থী** বিভক্তির লোপ হয় না। যথা,—**আত্মনেপদম্, আত্মনে-ভাষা**। (ক)

৮। **পরস্য চ**। (খ)

'**পর**' শব্দের উত্তরও হয় না। যথা,—**পরস্মৈপদম্, পরস্মৈভাষা**।

৯। **হলদন্তাৎ সপ্তম্যাঃ সংজ্ঞায়াম্ (পা ৬।৩।৯)**

'**সংজ্ঞা**' বুঝাইলে হল্-বর্ণান্ত ও অ-কারান্ত শব্দের পরবর্ত্তী **সপ্তমী** বিভক্তির লোপ হয় না। যথা,—**যুধিষ্ঠিরঃ, ত্বচিসারঃ** (গ), **অরণ্যেতিলকাঃ, বনেকিংশুকাঃ, কূপেপিশাচকাঃ**।

১০। **অন্ত-মধ্যাভ্যাং গুরৌ**। (ঘ)

'**গুরু**' শব্দ পরে থাকিলে **অন্ত** ও **মধ্য** শব্দের পরবর্ত্তী **সপ্তমী** বিভক্তির লোপ হয় না। যথা,—**অন্তেগুরুঃ, মধ্যেগুরুঃ**। (ঙ)

১১। **অমূর্দ্ধমস্তকাৎ স্বাঙ্গাদকামে (পা ৬।৩।১২)**

(ক) "তাদর্থ্যে চতুর্থী"—সি, কৌ। "আত্মনেপদে ভাষা উক্তিরস্যেতি আত্মনেভাষঃ"—গোয়ীচন্দ্র ও শ্রীরামতর্কবাগীশ

(খ) "পরস্য চ" (পা ৬।৩।৮)

(গ) "ত্বক্সাররন্ধ্রপরিপূরণলব্ধগীতিঃ"—এস্থলে 'ত্বক্সার' কিরূপে হইল? "ত্বক্সারোঽস্য" ইতি বহুব্রীহি"—গোয়ীচন্দ্র ও শ্রীরামতর্কবাগীশ।

(ঘ) "মধ্যাদ্গুরৌ" (পা ৬.৩।১১); "অন্তাচ্চ" (বা ৩৮৯৪)

(ঙ) অন্তগুরু ও মধ্যগুরু শব্দে বহুব্রীহি-সমাস।

'স্বাঙ্গ-বাচক' শব্দের পরবর্ত্তী সপ্তমী বিভক্তির লোপ হয় না। যথা—কণ্ঠেকালঃ, উরসিলোমা, শিরসিশিখঃ। কাম শব্দ পরে থাকিলে হয়। যথা,—মুখকামঃ। মূর্দ্ধন্ ও মস্তক শব্দের উত্তর হয়। যথা,—মূর্দ্ধশিখঃ, মস্তকশিখঃ। (ক)

১২। বন্ধে চ বিভাষা (পা ৬।৩।১৩)

'বন্ধ' শব্দ পরে থাকিলে বিকল্পে। যথা,—হস্তেবন্ধঃ, হস্তবন্ধঃ; পদেবন্ধঃ পদবন্ধঃ। (খ)

১৩। তৎপুরুষে কৃতি বহুলম্ (পা ৬।৩।১৪)

তৎপুরুষ সমাসে কৃৎ-প্রত্যয়-নিষ্পন্ন পদ পরে থাকিলে সপ্তমী বিভক্তির লুকের নিয়ম নাই; অর্থাৎ কোনও কোনও স্থলে হয় না, কোনও কোনও স্থলে হয়, এবং কোনও কোনও স্থলে বিকল্পে হয়। যথা, অলুক্—অন্তেবাসী, স্তম্বেরমঃ, কর্ণেজপঃ, পঙ্কেরুহঃ, মনসিশয়ঃ, প্রাবৃষিজঃ, শরদিজঃ, হৃদিস্থঃ, সব্যেষ্ঠঃ। লুক্—কুরুচরঃ, স্থণ্ডিলশায়ী, কূটস্থঃ, গেহস্থঃ (গ)। বিকল্পে—

(ক) অ-কারান্ত অথবা হলন্ত ভিন্নের পরে হইলে হয় না। যথা—অঙ্গুলিত্রাণঃ, গোচরঃ।

(খ) অ-কারান্ত অথবা হলন্ত ভিন্নের পরে হইলে হয় না। যথা—মণিবন্ধঃ, কারাবন্ধঃ।

(গ) "কণ্ঠেকালঃ কপালেন করঃস্থনেন্দুশেখরঃ"—দণ্ডী। "কদাচিৎ কুপ্যতে মাতা নোদরস্থা হরীতকী"। সংক্ষিপ্তসার-মতে এই সকল প্রয়োগ অশুদ্ধ। (তন্মতে ১১ সূত্রানুসারে অলুক্-সমাস হইবে)

সরসিজম্, সরোজম্ ; মনসিজঃ, মনোজঃ ; গ্রামেবাসঃ, গ্রামবাসঃ ; গ্রামেবাসী, গ্রামবাসী। (ক)

১৪। ষষ্ঠ্যা আক্রোশে (পা ৬।৩।২১)

'নিন্দা' বুঝাইলে ষষ্ঠী বিভক্তির লুক্ হয় না। যথা,—**চৌরস্য-কুলম্, দাসস্যতনয়ঃ।** (খ)

১৫। পুত্রে বিভাষা।

'নিন্দা' বুঝাইলে ও 'পুত্র' শব্দ পরে থাকিলে ষষ্ঠী বিভক্তির বিকল্পে লুক্ হয় না। যথা,—**দাস্যাঃ পুত্রঃ দাসীপুত্রঃ ; বৃষল্যাঃ পুত্রঃ বৃষলীপুত্রঃ।**

১৬। বাগ্-দিক্-পশ্যদ্ভ্যো যুক্তি-দণ্ড-হরেষু।

যুক্তি, দণ্ড ও হর শব্দ পরে থাকিলে যথাক্রমে বাচ্, দিশ্ ও পশ্যত্ শব্দের পরস্থিত ষষ্ঠী বিভক্তির লুক্ হয় না। যথা—**বাচোযুক্তিঃ, দিশোদণ্ডঃ, পশ্যতোহরঃ।** (গ)

১৭। দেবাৎ প্রিয়ে। (ঘ)

(ক) শেষোক্ত দুইটী এবং শয় শব্দের জন্য পৃথক্ সূত্র আছে। "শয়-বাস-বাসিষকালাৎ" (পা ৬।৩।১৮)। খেশয়ঃ, খশয়ঃ। কাল-বাচকের পরে হইলে হয় না। যথা—পূর্ব্বাহ্ণশয়ঃ। অ-কারান্ত ও হলন্ত ভিন্নের পরে হয় না। যথা—গুহাশয়ঃ, ভূমিশয়ঃ।

(খ) নিন্দা না বুঝাইলে লুক্ হয়। যথা—বিপ্রকুলম্, বিপ্রপুত্রঃ।

(গ) পশ্যন্তমনাদৃত্য হরতীতি পশ্যতোহরঃ স্বর্ণকারঃ। অত্র অনাদরে ষষ্ঠী।

(ঘ) "দেবানাং প্রিয় ইতি চ মূর্খে" (বা ৩৯০০); দেবানাং প্রিয়ঃ মূর্খ ইত্যর্থঃ। কেবল 'মূর্খ' অর্থেই অলুক্, অন্যত্র লুক্। যথা—দেবপ্রিয়ঃ—(সি, কৌ)। "যঃ কশ্চিৎ

'প্রিয়' শব্দ পরে থাকিলে 'দেব' শব্দের পরস্থিত ষষ্ঠী বিভক্তির লোপ হয় না। যথা,—দেবানাম্প্রিয়ঃ।

১৮। শুনঃ শেপ-পুচ্ছ-লাঙ্গূলেষু সংজ্ঞায়াম্।

'সংজ্ঞা' বুঝাইলে এবং শেপ, পুচ্ছ ও লাঙ্গূল শব্দ পরে থাকিলে শ্বন্ শব্দের পরস্থিত ষষ্ঠী বিভক্তির লোপ হয় না। যথা—শুনঃশেপঃ, শুনঃপুচ্ছঃ, শুনোলাঙ্গূলঃ। (ক)

১৯। দিবশ্চ দাসে (বা ৩৯০২)

'সংজ্ঞা' বুঝাইলে এবং 'দাস' শব্দ পরে থাকিলে দিব্ শব্দের পরস্থিত ষষ্ঠী বিভক্তির লোপ হয় না। যথা,—দিবোদাসঃ। (খ)

২০। ঋতো বিদ্যা-গোত্রসম্বন্ধাৎ। (গ)

বিদ্যা-সম্বন্ধ-বাচক ও গোত্র-সম্বন্ধ-বাচক ঋ-কারান্ত শব্দের পরস্থিত ষষ্ঠী বিভক্তির লোপ হয় না। যথা,—হোতুঃপুত্রঃ হোতুরন্তেবাসী, পিতুঃপুত্রঃ পিতুরন্তেবাসী।

২১। বিভাষা স্বসৃ-পত্যোঃ (পা ৬।৩।২৪)

'স্বসৃ' ও 'পতি' শব্দ পরে থাকিলে বিকল্পে। যথা,—মাতুঃষ্বসা

প্রিয়ো ন স্যাৎ স দেবানাং প্রিয়ো মতঃ"।—প্র-র-মা। "কস্যচিৎ কস্যাপি যো ন প্রিয়ঃ, স দেবানাং প্রিয়ঃ সর্ব্বদ্বেষীতি ষষ্ঠ্যালুক্। দেবানাং প্রিয়শ্ছাগ ইত্যন্যে"—প্রভা-প্রকাশিকা।

(ক) এই তিনটী শব্দ ঋষিদিগের তিনটী নাম। "শুনঃশেপঃ শুনঃপুচ্ছো বাচস্পত্যাদিনামনি। ষষ্ঠ্যালুক্"—প্র-র-মা। "শেপপুচ্ছলাঙ্গূলেষু শুনঃ"—(বা ৩৯০১)

(খ) "দিবোদাসঃ নৃপতিবিশেষঃ"—গোয়ীচন্দ্র ও শ্রীরামতর্কবাগীশ।

(গ) "ঋতো বিদ্যাযোনিসম্বন্ধেভ্যঃ" (পা ৬।৩।২৩)

(মাতুঃস্বসা), মাতৃষ্বসা ; পিতুঃষ্বসা (পিতুঃস্বসা), পিতৃষ্বসা ; দুহিতুঃপতি, দুহিতৃপতিঃ ; ননান্দুঃপতিঃ, ননান্দৃপতিঃ।

২২। পাত্রেসমিতাদয়ঃ কুৎসায়াম্। (ক)

'কুৎসা' বুঝাইলে পাত্রেসমিত (১৩) প্রভৃতি শব্দের সপ্তমী বিভক্তির লোপ হয় না। যথা,—পাত্রেসমিতাঃ, ভোজনকালে পাত্রে এব সঙ্গতাঃ, ন তু কার্য্যকালে ইত্যর্থঃ (খ)। গেহেশূরঃ, গেহে এব শূরঃ, ন তু অন্যত্র ইত্যর্থঃ।

(ক) "পাত্রেসমিতাদয়শ্চ" (পা ২।১।৪৮)

(১৩) পাত্রেসমিতাঃ, পাত্রেবহুলাঃ, গেহেশূরঃ, গেহেনর্দ্দী, গেহেক্ষ্বেড়ী, গেহেবিজিতী, গেহেদৃপ্তঃ, গেহেধৃষ্টম্, গর্ভেতৃপ্তঃ, গোষ্ঠেশূর, গোষ্ঠেপটুঃ গোষ্ঠেপণ্ডিতঃ গোষ্ঠেপ্রগল্ভঃ ইত্যাদি।

(খ) "বুভুক্ষুং পাত্রেসমিতৈঃ"—ভট্টি। পাত্রেসমিতাদির সহিত অন্য কোনও শব্দের বহুব্রীহি-সমাস হইতে পারে, কিন্তু অন্য সমাস হয় না। যথা—"পরমাঃ পাত্রে-সমিতাঃ"—এই বাক্যে কর্ম্মধারয় হইবে না ; কিন্তু "বহুপাত্রেসমিতাঃ" ইত্যাদি স্থলে বহুব্রীহি-সমাস হইতে পারে—শ্রীরামতর্কবাগীশ।

———

প্রশ্ন (অলুক্-সমাস)

১। অলুক্-সমাস কাহাকে কহে ? ইহাকে সমাস না বলিলে কি ক্ষতি হয় ?

২। সমাসে কোন্ কোন্ স্থলে ৩য়া বিভক্তির লুক্ হয় না ? উদাহরণ দাও।

৩। নিম্ন-লিখিত পদগুলিতে কোন্ কোন্ সূত্রানুসারে অলুক্-সমাস হইয়াছে ? দূরাদাগতঃ, সহসাকৃতম্, পুংসানুজঃ, জনুষান্ধঃ, ত্বচিসারঃ, উরসিলোমা, হস্তেবন্ধঃ, সরসিজম্, চৌরস্তকুলম্, দাস্যাঃপুত্রঃ, পশ্যতোহরঃ, মাতুঃষসা।

৪। ৩য় প্রশ্নোক্ত পদ গুলির মধ্যে কোন্ কোন্ পদের বিকল্পে অলুক্-সমাস হয় ?

৫। "তৎপুরুষে কৃতি বহুলম্"—ইহার অর্থ কি ? উদাহরণ দিয়া বুঝাইয়া দাও।

৬। 'শিরসিশিখঃ'—এখানে বিভক্তির লুক্ হইল না, কিন্তু 'মস্তকশিখঃ'—এখানে লুক্ হইল, ইহার কারণ কি ?

৭। 'পাত্রেসমিতাঃ'—ইহার অর্থ কি ?

৮। 'দেবানাং প্রিয়ঃ' এবং 'দেবপ্রিয়ঃ' এই উভয়ের মধ্যে অর্থগত প্রভেদ কি ?

মধ্যপদলোপি-সমাস।

১। লোপঃ ক্বচিন্মধ্যস্য। (ক)

'সমাস' হইলে কোনও কোনও স্থলে মধ্যপদের লোপ হয়। যথা,—শাকপ্রিয়ঃ (খ) পার্থিবঃ শাকপার্থিবঃ, ঘৃতমিশ্রম্ ওদনম্ ঘৃতৌদনম্, পলমিশ্রম্ অন্নং পলান্নম্, গত এব প্রত্যাগতঃ গতপ্রত্যাগতঃ, কণ্ঠে স্থিতঃ কালোঽস্য কণ্ঠেকালঃ (গ), উরসি স্থিতানি লোমান্যস্য উরসিলোমা, শিরসি স্থিতা শিখাস্য শিরসিশিখঃ, প্রপতিতানি পর্ণান্যস্মাৎ প্রপর্ণঃ, অপগতঃ শোকোঽস্য অপশোকঃ, নির্গতং মলম্ অস্মাৎ নির্মলঃ, অভুক্তানি পর্ণান্যনয়া অপর্ণা, বিগতোঽর্থঃ অস্মাৎ ব্যর্থঃ, অনুগতোঽর্থোঽস্মিন্ অন্বর্থঃ, যথাভূতোঽর্থোঽস্মিন্ যথার্থঃ, প্রতিগতমক্ষমস্মিন্ প্রত্যক্ষঃ, উন্নমিতং মুখমনেন উন্মুখঃ, অধঃকৃতং মুখমনেন অধোমুখঃ, নিনষ্টং ধনমস্য নির্দ্ধনঃ, বিচলিতং মনোঽস্য বিমনাঃ, উৎকণ্ঠিতং মনোঽস্য

(ক) "শাকপার্থিবাদীনাং সিদ্ধয়ে উত্তরপদলোপস্যোপসংখ্যানম্" (বা ১৩১০)

(খ) "শাকঃ শক্তিঃ প্রধানং যস্য স শাকপ্রধানঃ ; শাকপ্রধানঃ পার্থিবঃ শাকপার্থিবঃ"—শ্রীরামতর্কবাগীশ

(গ) অনেকে মধ্যপদলোপি-সমাস বলিলে যে কর্ম্মধারয় সমাসে মধ্যপদের লোপ হয়, সেইরূপ কর্ম্মধারয়ই বুঝিয়া থাকেন। কিন্তু এ সূত্রের সেরূপ অভিপ্রায় নহে। বহুব্রীহি, কর্ম্মধারয় প্রভৃতি সমাসে যে যে স্থলে মধ্যপদের লোপ হয়, এই সূত্রে তাহাদেরই উদাহরণ প্রদত্ত হইয়াছে।

উন্মনাঃ, সুস্থিতং মনোঽস্য সুমনাঃ, সুবর্ণবিকারোঽলঙ্কারোঽস্য সুবর্ণালঙ্কারঃ, অবিদ্যমানঃ পুত্রোঽস্য অপুত্রঃ, অবিদ্যমানঃ ক্রোধোঽস্য অক্রোধঃ, একাধিকা বিংশতিঃ একবিংশতিঃ, একাধিকা ত্রিংশৎ একত্রিংশৎ, চতুরধিকা দশ চতুর্দশ, পঞ্চাধিকা দশ পঞ্চদশ, পঞ্চাধিকা বিংশতিঃ পঞ্চবিংশতিঃ, পঞ্চাধিকা ত্রিংশৎ পঞ্চত্রিংশৎ।

২। একস্যৈকা দশনি। (ক)

'দশন্' শব্দ পরে থাকিলে 'এক' শব্দ স্থানে একা হয়। যথা,—একাধিকা দশ একাদশ।

৩। দ্ব্যষ্টনোর্দ্বাষ্টা সংখ্যায়াম্। (খ)

'সংখ্যা-বাচক' শব্দ পরে থাকিলে দ্বি-শব্দ-স্থানে দ্বা ও অষ্টন্-শব্দ-স্থানে অষ্টা হয়। যথা,—দ্ব্যধিকা দশ দ্বাদশ, দ্ব্যধিকা বিংশতিঃ দ্বাবিংশতিঃ, দ্ব্যধিকা ত্রিংশৎ দ্বাত্রিংশৎ; অষ্টাধিকা দশ অষ্টাদশ, অষ্টাধিকা বিংশতিঃ অষ্টাবিংশতিঃ, অষ্টাধিকা ত্রিংশৎ অষ্টাত্রিংশৎ।

৪। ত্রেস্ত্রয়ঃ (পা ৬।৩।৪৮)

ত্রি-শব্দ-স্থানে ত্রয়স্ হয়। যথা,—ত্র্যধিকা দশ ত্রয়োদশ, ত্র্যধিকা বিংশতিঃ ত্রয়োবিংশতিঃ, ত্র্যধিকা ত্রিংশৎ ত্রয়স্ত্রিংশৎ।

(ক) "আদিতি (আন্মহতঃ, পা ৬।৩।৪৬ ইতি সূত্রে) যোগবিভাগাদ্বা "প্রাগেকাদশভ্যঃ" (পা ৫।৩।৪৯) ইতি নির্দ্দেশাদ্ বা।

(খ) "দ্ব্যষ্টনঃ সংখ্যায়ামবহুব্রীহ্যশীত্যোঃ" (পা ৬।৩।৪৭)

৫। বিভাষা চত্বারিংশৎপ্রভৃতৌ সর্ব্বেষাম্ (পা ৬। ৩।৪৯)

চত্বারিংশৎ প্রভৃতি (৭৪) শব্দ পরে থাকেলে দ্বি-শব্দ-স্থানে দ্বা, ত্রি-শব্দ-স্থানে ত্রয়ঃ, অষ্টন্-শব্দ-স্থানে অষ্টা বিকল্পে হয়। যথা,— দ্ব্যধিকা চত্বারিংশৎ দ্বাচত্বারিংশৎ দ্বিচত্বারিংশৎ; দ্ব্যধিকা পঞ্চাশৎ দ্বাপঞ্চাশৎ, দ্বিপঞ্চাশৎ। এইরূপ ত্রয়শ্চত্বারিংশৎ, ত্রিচত্বারিংশৎ; ত্রয়ঃপঞ্চাশৎ, ত্রিপঞ্চাশৎ; অষ্টাচত্বারিংশৎ, অষ্টচত্বারিংশৎ; অষ্টাপঞ্চাশৎ, অষ্টপঞ্চাশৎ।

৬। নাশীতি-শতাদৌ বহুব্রীহৌ।

অশীতি ও শত প্রভৃতি সংখ্যা-বাচক শব্দ পরে থাকিলে অথবা বহুব্রীহি সমাস হইলে পূর্ব্বোক্ত কার্য্য হয় না। যথা,— দ্ব্যশীতিঃ, ত্র্যশীতিঃ, দ্বিশতম্, ত্রিসহস্রম্। বহুব্রীহি সমাসে দ্বিত্রাঃ, ত্রিচতুরাঃ।

৭। একাদশস্যৈকান্নৈকাদূনৌ বিভাষা। (ক)

একোন-শব্দ-স্থানে বিকল্পে একান্ন ও একাদূন হয়। যথা,— একোনবিংশতিঃ, একান্নবিংশতিঃ, একাদূনবিংশতিঃ। (খ)

---

(৭৪) চত্বারিংশৎ, পঞ্চাশৎ, ষষ্টি, সপ্ততি, নবতি।

(ক) "একাদিশ্চৈকস্য চাদুক্" (পা ৬।৩।৭৬)

(খ) পৃষোদরাদীনি যথোপদিষ্টম্।—পৃষোদরঃ প্রভৃতি শব্দ সমাসে নিপাতনে সিদ্ধ হয়। যথা, পৃষৎ উদরং পৃষোদরম্, পৃষৎ উদরমস্য পৃষোদরঃ, বারিণো বাহকঃ বলাহকঃ, শবানাং শয়নং শ্মশানম্, ঊর্দ্ধং খমস্য উদূখলম্ উলূখলম্, পিশিতমশ্নাতি পিশাচঃ, মহ্যাং রৌতি ময়ূরঃ, অদ্যৈব ভূতম্ অদ্ভুতম্, কং ন দর্পয়তে কন্দর্পঃ, কামপি দিশাং ন পশ্যতি কান্দিশীকঃ ইত্যাদি।

প্রশ্ন (মধ্যপদলোপি-সমাস)

১। সমাস ও ব্যাস-বাক্য লিখ, এবং কোনও বিশেষ সূত্র থাকিলে তাহারও উল্লেখ কর :—পুংসম্মিম্, উরসিলোমা, প্রপর্ণঃ, অপর্ণা, অম্বর্গঃ, প্রত্যক্ষঃ, উন্মনাঃ, পঞ্চদশ, উন্মুখঃ, সুবর্ণালঙ্কারঃ, পঞ্চত্রিংশৎ, যথার্থঃ, ব্যর্থঃ, একান্নবিংশতিঃ।

২। সমাস কর এবং বিশেষ সূত্র থাকিলে তাহারও উল্লেখ কর :—একাধিকা দশ, দ্ব্যধিকা দশ, অষ্টাধিকা বিংশতিঃ, ত্র্যধিকা ত্রিংশৎ, দ্ব্যধিকা পঞ্চাশৎ, দ্ব্যধিকা অশীতিঃ।

৩। নিম্ন-লিখিত পদগুলির বিকল্প-পক্ষে আর কি কি পদ হয়?

দ্বিচত্বারিংশৎ, ত্রিচত্বারিংশৎ, অষ্টপঞ্চাশৎ, একোনবিংশতিঃ।

৪। নিম্নলিখিত সংখ্যাগুলির সংস্কৃত কর :—৩৮, ৩৩, ৫২, ৪৮, ৮২।

৫। চতুর্থ-প্রশ্নোক্ত সংখ্যা-বাচক শব্দগুলি লইয়া এক একটী বাক্য রচনা কর।

সমাস—পূর্ব্ব-নিপাত-সমাস।

১। উপসর্জ্জনং পূর্ব্বম্ (পা ২।২।৩০)

সমাসে উপসর্জ্জন পদের পূর্ব্ব-নিপাত হয়।

২। প্রথমানির্দ্দিষ্টং সমাস উপসর্জ্জনম্ (পা ১। ২।৪৩)

সমাস-সূত্রে প্রথমা-বিভক্তির সহযোগে যাহার নির্দ্দেশ থাকে, তাহাকে উপসর্জ্জন কহে। অব্যয়ীভাবে অব্যয় প্রভৃতি পদ, তৎপুরুষে দ্বিতীয়াদি-বিভক্ত্যন্ত পদ, কর্ম্মধারয়ে বিশেষণ প্রভৃতি পদ, দ্বিগুতে সংখ্যা-বাচক পদ, উপসর্জ্জন। যথা, অব্যয়ী-

ভাবে—कूलस्य समीपम् उपकूलम्, स्थानमनतिक्रम्य यथास्थानम्, वर्णानामानुपूर्व्व्येण अनुवर्णम्, तृणमप्यपरित्यज्य सतृणम्, ग्रामाद्बहिः बहिर्ग्रामम्, पाटलिपुत्रात् आ आपाटलिपुत्रम्, समुद्रस्य पारे पारेसमुद्रम्। তৎপুরুষে—सुखं प्राप्तः सुखप्राप्तः, अन्नं बुभुक्षुः अन्नबुभुक्षुः, वर्षं भोग्यः वर्षभोग्यः, पित्रा समः पितृसमः, अङ्गेन विकलः अङ्गविकलः, पाणिनिना प्रणीतं पाणिनिप्रणीतम्, भूताय बलिः भूतबलिः, पुत्राय हितम् पुत्रहितम्, व्याघ्रात् भयम् व्याघ्रभयम्, गृहात् निर्गतः गृहनिर्गतः, तरोः छाया तरुच्छाया, अग्नेः शिखा अग्निशिखा, शास्त्रे प्रवीणः शास्त्रप्रवीणः, पूर्व्वाह्णे कृतम् पूर्व्वाह्णकृतम्। কর্ম্মধারয়ে—नीलं उत्पलम् नीलोत्पलम्, नवः पल्लवः नवपल्लवः, सन् पुरुषः सत्पुरुषः। দ্বিগুতে—पञ्चभिः गोभिः क्रीतः पञ्चगुः, त्रयाणां लोकानां समाहारः त्रिलोकी, त्रयाणां भुवनानां समाहारः त्रिभुवनम्।

३। राजदन्तादिषु परम् (पा २।२।३१)

'राजदन्त' প্রভৃতি স্থলে উপসর্জ্জন শব্দের পর-নিপাত হয়। যথা,—दन्तानां राजा राजदन्तः, वनस्य अग्रे अग्रेवणम्।

४। वा कडारादयः कर्म्मधारये। (क)

কর্ম্মধারয় সমাসে কড়ার প্রভৃতি (৭৫) পদের বিকল্পে

(क) "कडाराः कर्म्मधारये" (পা ২।২ ৩৮)

(৭৫) कडार, खञ्ज, काण, कुण्ठ, गौर, वृद्ध, भिक्षुक, पिङ्ग, पिङ्गल, तनु, जठर, बधिर, बर्ब्बर इत्यादि।

পূর্ব্ব-নিপাত হয়। যথা,—কড়ারগজঃ, গজকড়ারঃ; খঞ্জ-স্নিগ্ধঃ স্নিগ্ধখঞ্জঃ; বৃদ্ধপুরুষঃ, পুরুষবৃদ্ধঃ।

৫। সপ্তমীবিশেষণে বহুব্রীহৌ (পা ২।২।৩৫)

বহুব্রীহি-সমাসে সপ্তম্যন্ত ও বিশেষণ পদের পূর্ব্ব-নিপাত হয়। যথা, সপ্তম্যন্ত—কণ্ঠেকালঃ, উরসিলোমা। বিশেষণ—দীর্ঘবাহুঃ, মহাবলঃ।

৬। বা প্রিয়স্য (বা ১৪২০)

'প্রিয়' শব্দের বিকল্পে পূর্ব্ব-নিপাত হয়। যথা, গুড়প্রিয়ঃ, প্রিয়গুড়ঃ।

৭। গড্বাদেঃ পরা সপ্তমী (বা ১৪২১)

'গড়ু' প্রভৃতি পদের যোগে সপ্তম্যন্ত পদের পর-নিপাত হয়। যথা,—গড়ুঃ কণ্ঠে যস্য গড়ুকণ্ঠঃ; গড়ুঃ শিরসি যস্য গড়ুশিরাঃ। (ক)

৮। প্রহরণার্থেভ্যশ্চ। (খ)

প্রহরণ-বাচক পদের যোগে সপ্তম্যন্ত পদের পর-নিপাত হয়। যথা,—শস্ত্রং পাণৌ যস্য শস্ত্রপাণিঃ, দণ্ডঃ পাণৌ যস্য দণ্ডপাণিঃ, খড়্গঃ করে যস্য খড়্গকরঃ, ধনুর্হস্তে যস্য ধনুর্হস্তঃ।

(ক) গড়ুর্গলগণ্ডঃ।

(খ) "প্রহরণার্থেভ্যঃ পরে নিষ্ঠাসপ্তম্যৌ (বা ১৪২৫)

৯। निष्ठा पूर्व्वा । (ক)

নিষ্ঠা-প্রত্যয়-নিষ্পন্ন পদের পূর্ব্ব-নিপাত হয় (খ)। যথা,—**जातकर्म्मा, अधीतव्याकरणः, भक्षितौदनः, धृतायुधः, उद्धृतदण्डः, भग्नरथः, पक्वकेशः।**

১০। वाहिताग्न्यादिषु (পা ২।২।৩৭)

'**आहिताग्नि**' প্রভৃতি স্থলে নিষ্ঠা-প্রত্যয়-নিষ্পন্ন পদের বিকল্পে পূর্ব্ব-নিপাত হয়। যথা,—**आहिताग्निः, अग्न्याहितः; जातसुखः सुखजातः** (গ) ; **जातपुत्त्रः, पुत्त्रजातः ; जातदन्तः, दन्तजातः ; जातश्मश्रुः, श्मश्रुजातः ; तैलपीतः, पीततैलः ; घृतपीतः, पीतघृतः ; मद्यपीतः, पीतमद्यः ; सुरापीतः, पीतसुरः ; भार्य्योढ़ः, ऊढ़भार्य्यः** (ঘ) ; **अर्थगतः, गतार्थः ; प्राप्तकालः, कालप्राप्तः ; अस्त्युद्यतः, उद्यतासिः।**

১১। अल्पस्वरं द्वन्द्वे । (ঙ)

(ক) "নিষ্ঠা" (পা ২।২৩৬) : "জাতিকালসুখাদিভ্যঃ পরা নিষ্ঠা বাচ্যা" (বা ১৪২২)

(খ) নিষ্ঠা—ক্ত ও ক্তবতু।

(গ) "সুখজাতঃ সুরাপীতো নৃজগ্ধো মাল্যধারয়ঃ"—ভট্টি ৫ ৩৮

(ঘ) "ভার্য্যোঢ়ং তমবজ্ঞায় তস্থে সৌমিত্রেয়েহসকৌ"—ভট্টি ৪।১৫

(ঙ) "অল্পাচ্ তরম্" (পা ২।২।৩৪)। পাণিনি এইরূপ নিয়ম করিয়া স্বয়ং সেই নিয়ম ভঙ্গ করিয়াছেন। যথা—"লক্ষণ-হেত্বোঃ ক্রিয়ায়াঃ"—(পা ৩।২।১২৬)। "হেতুলক্ষণয়োঃ" এইরূপ হওয়াই উচিত ছিল। অতএব ইহা দ্বারা বুঝা যাইতেছে যে,

দ্বন্দ্ব-সমাসে অপেক্ষাকৃত অল্প-স্বর-বিশিষ্ট পদের পূর্ব্ব-নিপাত হয়। যথা,—তালতমালৌ, গজতুরঙ্গৌ, মৃদঙ্গদুন্দুভী, আম্রমাগন্ধৌ, গোমহিষৌ, হংসময়ূরৌ, হংসসারসৌ, কাককোকিলৌ, অম্লমধুরৌ, তিলকষায়ৌ।

১২। স্বরাদ্যদন্তং সাম্যে। (ক)

স্বর-সাম্য-স্থলে স্বরাদি অ-কারান্ত পদের পূর্ব্ব-নিপাত হয়। যথা,—অশ্বগজৌ, অম্লতিক্তৌ, অনলপবনৌ, অচ্যুতমহেশৌ, অচলসমুদ্রৌ, ইন্দ্রবরুণৌ, ঈশ্বরভবৌ, উষ্ট্রখরৌ, ঊর্দ্ধনিম্নে।

১৩। হ্রস্বুদন্তস্য।

স্বর-সাম্য-স্থলে ই-কারান্ত ও উ-কারান্ত পদের পূর্ব্ব-নিপাত হয়। যথা,—হরিহরৌ, রবিবুধৌ, পটুমৃদ্বৌ, মৃদুদৃঢ়ৌ।

১৪। অভ্যর্হিতস্য (বা ১৪১২)

অভ্যর্হিত (খ) বোধক পদের পূর্ব্ব-নিপাত হয়। যথা,—মাতাপিতরৌ (গ), তাপসযাচকৌ।

১৫। লঘ্বক্ষরস্য। (ঘ)

এই নিয়ম যে সর্ব্বত্র অবশ্যই পালন করিতে হইবে, তাহা নহে। এই জন্যই বোপদেব মুগ্ধবোধে এইরূপ কোন সূত্রই করেন নাই।

(ক) "অজাদ্যদন্তম্" (পা ২।২।৩৩)

(খ) অভ্যর্হিত=পূজিত বা সম্মানিত।

(গ) "গর্ভধারণপোষাভ্যাং তাতান্মাতা গরীয়সী"। গর্ভধারণ এবং পোষণ—এই দুই কারণে পিতা অপেক্ষাও মাতা অধিক পূজনীয়া।

(ঘ) "লঘ্বক্ষরং পূর্ব্বম্" (বা ১৪১৩)

লঘু-বর্ণ-বিশিষ্ট পদের পূর্ব্ব-নিপাত হয়। যথা,—**কুশকাশম্, নলনীলৌ**।

১৬। **ভ্রাতা চ জ্যায়ান্**। (ক)

জ্যেষ্ঠ-ভ্রাতৃ-বাচক পদের পূর্ব্ব-নিপাত হয়। যথা,—**যুধিষ্ঠিরার্জ্জুনৌ, ধৃতরাষ্ট্রপাণ্ডূ, বলদেবকৃষ্ণৌ**।

১৭। **ঋতু নক্ষত্রাণামানুপূর্ব্ব্যেণ**। (খ)

ঋতু-বাচক ও নক্ষত্র-বাচক পদের আনুপূর্ব্ব্যানুসারে পৌর্ব্বাপর্য্য-নিয়ম। যথা, ঋতু-বাচক—**হেমন্তশিশিরৌ, শিশিরবসন্তৌ, বসন্তনিদাঘৌ**; নক্ষত্র-বাচক—**অশ্বিনীভরণ্যৌ**। অক্ষর-সাম্য-স্থলে এই নিয়ম।

১৮। **বর্ণানাঞ্চ**। (গ)

ব্রাহ্মণাদি-বর্ণ-বাচক পদের আনুপূর্ব্ব্যানুসারে পৌর্ব্বাপর্য্য-নিয়ম। যথা—**ব্রাহ্মণক্ষত্রিয়বৈশ্যশূদ্রাঃ**।

১৯। **ধর্ম্মাদিষ্বনিয়মঃ (বা ১৪১৮)**

ধর্ম্ম-প্রভৃতির প্রয়োগে পৌর্ব্বাপর্য্যের নিয়ম নাই। যথা,—**ধর্ম্মার্থৌ, অর্থধর্ম্মৌ; কামার্থৌ অর্থকামৌ; শব্দার্থৌ,**

(ক) "ভ্রাতুর্জ্যায়সঃ (বা ১৪১৬)

(খ) "ঋতুনক্ষত্রাণাং সমাক্ষরাণামানুপূর্ব্ব্যেণ" (বা ১৪২১)

(গ) বর্ণানামানুপূর্ব্ব্যেণ" (১৪১৫)

অর্যমজ্ঞৌ; বরবধ্বৌ, বধূবরৌ; সর্পির্মধুনী, মধুসর্পিষী; আদ্যন্তৌ, অন্তাদী; গুণবৃদ্ধী, বৃদ্ধিগুণৌ। (ক)

(ক) "মুষলাদেরুদূখলাদিঃ"। দ্বন্দ্ব-সমাসে উদূখলাদি শব্দ মুষলাদি শব্দের পূর্ব্বে বসে। যথা—উদূখলমুষলে, জায়াপতী, ভার্য্যাপতী, পুত্রপত্ন্যৌ, কেশশ্মশ্রু, বিশেষণবিশেষ্যে ইত্যাদি। "বিশেষ্যবিশেষণে ইত্যসাধু।—সংক্ষিপ্তসার

প্রশ্ন (পূর্ব্ব-নিপাত-সমাস)

১। 'উপসর্জ্জন' কাহাকে কহে? ইহা কোথায় বসে?

২। কোন্ কোন্ সমাসে কোন্ কোন্ পদ উপসর্জ্জন হয়? উদাহরণ দাও।

৩। সমাসে কোন্ কোন্ স্থলে পূর্ব্ব-নিপাত হয়? উদাহরণ দাও।

৪। সমাসে কোন্ কোন্ স্থলে পর-নিপাত হয়? উদাহরণ দাও।

৫। সমাসে কোন্ কোন্ স্থলে বিকল্পে পূর্ব্ব-নিপাত হয়? উদাহরণ দাও।

৬। সমাস কর :—

দন্তানাং রাজা, বনস্য অগ্রে, পাণৌ শস্ত্রং যস্য, কণ্ঠে খড়্গং যস্য, পীতা সুরা যেন, ঊঢ়া ভার্য্যা যেন।

৭। নিম্ন-লিখিত পদ গুলির সমাস ও ব্যাস-বাক্য লিখ—

শিশুখঞ্জঃ, পুরুষবৃদ্ধঃ, গুড়প্রিয়ঃ, অভ্যুদ্যতঃ, সুখজাতঃ।

৮। সপ্তম-প্রশ্নোক্ত পদগুলির বিকল্প-পক্ষে যে যে পদ হয়, তাহা লিখ।

৯। দ্বন্দ্ব-সমাসে পূর্ব্ব-নিপাতের নিয়ম লিখ এবং উদাহরণ দাও।

১০। দ্বন্দ্ব-সমাসে বিকল্পে পূর্ব্ব নিপাত হয়, এরূপ ৩টী শব্দের উল্লেখ কর।

সমাস—সর্ব্ব-সমাস-শেষ।

১। সমাসশ্চতুর্বিধঃ। (ক)

পাণিনি-মতে সমাস চতুর্বিধ। যথা,—অব্যয়ীভাব, তৎপুরুষ, বহুব্রীহি, দ্বন্দ্ব। কর্ম্মধারয় ও দ্বিগু স্বতন্ত্র সমাস বলিয়া পরিগণিত নহে,—ইহারা তৎপুরুষের অন্তর্ভূত। কোনও কোনও মতে কর্ম্মধারয় ও দ্বিগু স্বতন্ত্র সমাস বলিয়া নির্দ্দিষ্ট; তন্মতে সমাস ষড়্‌বিধ।

২। পূর্ব্বপদার্থপ্রধানোঽব্যয়ীভাবঃ।

অব্যয়ীভাব-সমাসে পূর্ব্ব-পদের অর্থ প্রধান-রূপে প্রতীয়মান হয়। উপগঙ্গম্, যথাশক্তি,—ইত্যাদি স্থলে উপ, যথা প্রভৃতি পূর্ব্ব-পদের অর্থ প্রধান-ভাবে প্রতীয়মান হইয়া থাকে।

৩। উত্তরপদার্থপ্রধানস্তৎপুরুষঃ।

তৎপুরুষ-সমাসে উত্তর-পদের অর্থ প্রধান-ভাবে প্রতীয়মান

(ক) "সমাসশ্চতুর্বিধঃ ইতি তু প্রায়ো বাদঃ। অব্যয়ীভাবতৎপুরুষবহুব্রীহি দ্বন্দ্বাধিকারবহির্ভূতানামপি সহসুপেতি সমাসবিধানাৎ। পূর্ব্বপদার্থপ্রধানোঽব্যয়ীভাবঃ। উত্তরপদপ্রধানস্তৎপুরুষঃ। অন্যপদার্থপ্রধানো বহুব্রীহিঃ। উভয়পদপ্রধানো দ্বন্দ্বঃ। ইত্যপি প্রাচাং বাদঃ প্রায়োঽভিপ্রায়ঃ। সূপপ্রতি উন্মত্তগঙ্গম্ ইত্যাদ্যব্যয়ীভাবে অতিমালাদিতৎপুরুষে দ্বিত্রা ইত্যাদি বহুব্রীহৌ দন্তোষ্ঠমিত্যাদি দ্বন্দ্বে চাভাবাৎ। তৎপুরুষবিশেষঃ কর্ম্মধারয়ঃ। তদ্বিশেষো দ্বিগুঃ। অনেকপদত্বং দ্বন্দ্ববহুব্রীহ্যোরেব তৎপুরুষস্ত ক্বচিদেব ইত্যুক্তম্"—ভট্টোজিদীক্ষিতঃ

হয়। **নরচ্ছায়া, গঙ্গাজলম্** ইত্যাদি স্থলে **ছায়া, জল** প্রভৃতি পর-পদের অর্থ প্রধান-ভাবে প্রতীয়মান হইয়া থাকে।

৪। অন্যপদার্থপ্রধানো বহুব্রীহিঃ।

বহুব্রীহি-সমাসে সমস্যমান কোনও পদেরই অর্থ প্রধান-ভাবে প্রতীয়মান না হইয়া তদুপলক্ষিত অন্য-পদের অর্থ প্রধান-ভাবে প্রতীয়মান হয়। **বহুধনঃ, দীর্ঘবাহুঃ** ইত্যাদি স্থলে **বহু, ধন, দীর্ঘ, বাহু** প্রভৃতি কোনও পদেরই অর্থ প্রধান-ভাবে প্রতীয়মান হয় না। কিন্তু বহু-ধন-যুক্ত ও দীর্ঘ-বাহু-বিশিষ্ট ব্যক্তিরূপ অন্য-পদের অর্থ প্রধান-ভাবে প্রতীয়মান হইয়া থাকে।

৫। উভয়পদার্থপ্রধানো দ্বন্দ্বঃ।

দ্বন্দ্ব-সমাসে সমস্যমান উভয় পদের অর্থই প্রধান-ভাবে প্রতীয়মান হয়। **অশ্বগজৌ, তালতমালৌ** ইত্যাদি স্থলে **অশ্ব, গজ, তাল, তমাল** প্রভৃতি যাবতীয় পদের অর্থই প্রধান-ভাবে প্রতীয়মান হইয়া থাকে।

কিন্তু সকল স্থলে এই সকল লক্ষণের সমাবেশ হয় না। স্থল-বিশেষে ব্যভিচার লক্ষিত হইয়া থাকে। **সপ্তগোদাবরম্, উন্মত্তগঙ্গম্** ইত্যাদি অব্যয়ীভাবে পূর্ব্ব-পদার্থ প্রধান-ভাবে প্রতীয়মান না হইয়া অন্য-পদার্থ প্রধান-ভাবে প্রতীয়মান হইয়া থাকে। **অক্ষিস্থনঃ, আপন্নজীবিকঃ** ইত্যাদি তৎপুরুষে উত্তর-পদার্থ প্রধান-ভাবে প্রতীয়মান না হইয়া অন্য-পদার্থ প্রধান-ভাবে প্রতীয়মান হয়। **দ্বিত্রাঃ, পঞ্চষাঃ** ইত্যাদি বহুব্রীহিতে

অন্য-পদার্থ প্রধান-ভাবে প্রতীয়মান না হইয়া উভয়-পদার্থই প্রধান-ভাবে প্রতীয়মান হয়। **হংসসারসম্, দংশমশকম্** ইত্যাদি দ্বন্দ্বে উভয়-পদার্থ প্রধান-ভাবে প্রতীয়মান না হইয়া তৎ-সমাহার-রূপ অন্য-পদার্থ প্রধান-ভাবে প্রতীয়মান হয়। সুতরাং পূর্ব্বোক্ত লক্ষণ সকল প্রায়িক অভিপ্রায়ে নির্দ্দিষ্ট; অর্থাৎ প্রায় সকল স্থলে তত্তৎ লক্ষণের সমাবেশ হয়, কোনও কোনও স্থলে হয় না,—ইহাই তাৎপর্য্য। এজন্য অনেকে **প্রায়েণ পূর্ব্ব-পদার্থপ্রধানোঽব্যয়ীভাবঃ, প্রায়েণোত্তরপদার্থপ্রধানঃ তৎপুরুষঃ প্রায়েণান্যপদার্থপ্রধানো বহুব্রীহিঃ, প্রায়েণোভয়পদার্থপ্রধানো দ্বন্দ্বঃ,** এই রূপে অব্যয়ীভাব প্রভৃতির লক্ষণে **প্রায়েণ** এই পদের যোজনা করিয়া থাকেন।

বস্তুতঃ তত্তৎ-সমাসের অধিকারে যে সমস্ত সমাস বিহিত হইয়াছে, সেই সমস্ত তত্তৎ-সমাস-সংজ্ঞা-ভাজন; অর্থাৎ অব্যয়ী-ভাব-প্রকরণে যে সমস্ত সমাস বিহিত হইয়াছে, তাহাদের নাম অব্যয়ীভাব; তৎপুরুষ-প্রকরণে যে সমস্ত সমাস বিহিত হইয়াছে, তাহাদের নাম তৎপুরুষ; দ্বন্দ্ব-প্রকরণে যে সমস্ত সমাস বিহিত হইয়াছে, তাহাদের নাম দ্বন্দ্ব।

উভয়পদার্থপ্রধানো দ্বন্দ্বঃ,—এই লক্ষণে উভয় শব্দ সম্যক্ সংলগ্ন নহে। উভয় পদের যেরূপ দ্বন্দ্ব সমাস হয়, বহু পদেরও সেইরূপ হইয়া থাকে। ফলতঃ কেবল অব্যয়ীভাব সমাস দুই পদে হয়, দ্বন্দ্ব ও বহুব্রীহি দুই পদে ও বহু পদে, তৎপুরুষ প্রায় সকল স্থলে দুই পদে হইয়া থাকে, কোনও কোনও স্থলে বহু

পদেও দেখিতে পাওয়া যায়। বস্তুতঃ দ্বন্দ্ব-লক্ষণে উভয়-শব্দ-স্থলে 'অনেক'-শব্দ-নিবেশ আবশ্যক।

৬। বহুব্রীহির্দ্বিবিধস্তদ্গুণসংবিজ্ঞানোঽতদ্গুণ-সংবিজ্ঞানশ্চ।

বহুব্রীহি দ্বিবিধ,—**তদ্গুণসংবিজ্ঞান** ও **অতদ্গুণসংবিজ্ঞান**। যে স্থলে সমাস-বোধিত অন্য-পদার্থের মত সমস্যমান-পদার্থেরও পরম্পরায় ক্রিয়া-প্রভৃতির সহিত অন্বয় হয়, তাহাকে **তদ্গুণ-সংবিজ্ঞান** এবং যে স্থলে সমস্যমান-পদার্থের ক্রিয়ার সহিত অন্বয় হয় না, তাহাকে **অতদ্গুণসংবিজ্ঞান** বলে। **লম্বকর্ণমানয়** ইত্যাদি স্থলে আনয়ন-ক্রিয়াতে লম্ব-কর্ণ-বিশিষ্ট ব্যক্তির অন্বয় হইতেছে, কিন্তু লম্ব-কর্ণেরও পরম্পরায় অন্বয় আছে, এজন্য ইহা **তদ্গুণসংবিজ্ঞান**; এবং **দৃষ্টসমুদ্রমানয়** ইত্যাদি স্থলে আনয়ন-ক্রিয়াতে দৃষ্ট-সমুদ্র ব্যক্তির অন্বয় আছে, কিন্তু সমুদ্রের নাই, এজন্য ইহা **অতদ্গুণসংবিজ্ঞান**।

৭। সমানাধিকরণপদঘটিতো ব্যধিকরণপদ-ঘটিতশ্চ। (ক)

বহুব্রীহি-সমাস প্রকারান্তরে দ্বিবিধ,—**সমানাধিকরণপদঘটিত** ও **ব্যধিকরণপদঘটিত**। বিশেষণ ও বিশেষ্য পদে যে বহুব্রীহি

(ক) "বহুব্রীহিঃ সমানাধিকরণানামপি বক্তব্যম্" (বা ?)। "অবর্জ্যো বহুব্রীহির্ব্যধিকরণো জন্মাদ্যুত্তরপদঃ" ইতি কাব্যালঙ্কার-সূত্রে বামনঃ।

সমাস হয়, তাহা **সমানাধিকরণপদঘটিত**। যথা,—**নীলাম্বরঃ**, **দীর্ঘবাহুঃ**, **কৃষ্ণকায়ঃ** ইত্যাদি। যে স্থলে অন্যবিধ পদে বহুব্রীহি হয়, তাহাকে **ব্যধিকরণপদঘটিত** বলে। যথা,—**দণ্ডপাণিঃ**, **ধনুর্হস্তঃ** ইত্যাদি।

প্রশ্ন (সর্ব্ব-সমাস-শেষ)

১। সমাস কয় প্রকার এবং কি কি? এ বিষয়ে কিরূপ মতভেদ আছে? এইরূপ মতভেদ হইবার কারণ কি?

২। কোন্ সমাসে কোন্ পদের অর্থ প্রধান হয়? উদাহরণ দিয়া বুঝাইয়া দাও। যদি কোনও স্থলে ইহার ব্যভিচার লক্ষিত হয়, তাহারও উল্লেখ কর।

৩। "উভয়পদার্থপ্রধানো দ্বন্দ্বঃ"—এই লক্ষণে কি দোষ আছে, তাহা বুঝাইয়া দাও।

৪। বহুব্রীহি-সমাসের লক্ষণ কি? ইহা কয় প্রকার এবং কি কি? প্রত্যেক প্রকারের লক্ষণ ও উদাহরণ লিখ।

৫। 'সমানাধিকরণ' ও 'ব্যধিকরণ' বহুব্রীহি কাহাকে কহে? উদাহরণ দিয়া বুঝাইয়া দাও।

৬। 'সমাহার-দ্বন্দ্ব' ও 'সমাহার-দ্বিগু" সমাসে প্রভেদ কি? উদাহরণ দিয়া বুঝাইয়া দাও।

৭। সমস্ত করিয়া লিখ—

(১) প্রিয়ঃ সখা যস্য সঃ; প্রিয়ঃ সখা। (২) মৃতঃ পিতা যস্য সঃ; মৃতঃ পিতা। (৩) মহান্তৌ ভুজৌ যস্য সঃ; মহান্তৌ ভুজৌ। (৪) ব্যাঘ্রস্যেব পাদৌ যস্য সঃ; হস্তিন ইব পাদৌ যস্য সঃ। (৫) গৃহীতং ধনুর্যেন সঃ; কুসুমময়ং ধনুর্যস্য সঃ। (৬)

ধনুংষি চ শরাশ্চ; ধনুশ্চ শরশ্চ। (৭) মাতা চ পিতা চ; জায়া চ পতিশ্চ। (৮) ব্রাহ্মণী ভার্য্যা যস্য সঃ; ব্রাহ্মণী ভার্য্যা। (৯) সুকেশী ভার্য্যা যস্য সঃ; সুকেশা ভার্য্যা যস্য সঃ। সুকেশী ভার্য্যা, সুকেশা ভার্য্যা। (১০) গঙ্গা ভার্য্যা যস্য সঃ, গঙ্গা ভার্য্যা। (১১) তস্যাঃ পুত্রঃ; বিমলাভ্যঃ অস্তাঃ। (১২) পণ্ডিতানাং রাজা; দন্তানাং রাজা। (১৩) রাজ্যস্য ধূঃ; অক্ষস্য ধূঃ। (১৪) শোভনো ধর্ম্মঃ যস্য সঃ; শোভনো গন্ধো যস্য সঃ। (১৫) ত্রয়াণাং ভুবনানাং সমাহারঃ; ত্রয়াণাং লোকানাং সমাহারঃ। (১৬) পুরুষঃ ব্যাঘ্র ইব; পুরুষো ব্যাঘ্র ইব শূরঃ। (১৭) গ্রামস্য অর্দ্ধঃ, গ্রামস্য অর্দ্ধম্। (১৮) সপ্তানাং গোদাবরীণাং সমাহারঃ। (১৯) পূর্ব্বমহ্নঃ; পূর্ব্বাহ্নঃ; পুণ্যাহঃ। (২০) তিসৃণাং রাত্রীণাং সমাহারঃ; ত্রয়াণামহ্নাং সমাহারঃ। (২১) ত্রয়ো মূর্দ্ধানো যস্য সঃ; চত্বারো মূর্দ্ধানো যস্য সঃ। (২২) বিঘ্নস্যাভাবঃ; ন বিঘ্নঃ। (২৩) দ্বৌ বা ত্রয়ো বা; ত্রয়ো বা চত্বারো বা; পঞ্চ বা ষড্ বা। (২৪) সমুদ্রস্য পারে; গঙ্গায়া মধ্যে। (২৫) শক্তিমনতিক্রম্য; তৃণমপ্যপরিত্যজ্য; শুনঃ সমীপম্। (২৬) শোভনাঃ প্রজাঃ যস্য সঃ; বিদুষ্যঃ প্রজাঃ যস্য সঃ। (২৭) যুবতির্জায়া যস্য সঃ।

৮। সংশোধন কর—

(ক) ধৃতধনুষং রঘুনন্দনং স্মরামি।

(খ) মে প্রিয়সখ্যুঃ রাজহংসস্য সুমেধাঃ ত্রয়ো পুত্রা আসন্।

(গ) অহং রণে ত্রিমূর্দ্ধানং জঘান।

(ঘ) সুরাজানং তমহমপশ্যম্।

(ঙ) গোকৃষ্ণা বহুক্ষীরা।

৯। কোন্ কোন্ স্থলে ষষ্ঠী-তৎপুরুষ সমাস হইবে না?

১০। কোন্ কোন্ স্থলে সমাসান্ত বিধির প্রতিষেধ করা হইয়াছে?

সম্পূর্ণ।

शेषोक्तिः ।

(१)

यस्याः पीनपयोधरे च गरिमा देहे पुनः कान्तिमा
श्रोणी च प्रथिमा गतौ च लघिमा नेत्रे पुनर्वङ्किमा ।
मध्ये च क्रशिमा सुवाचि पटिमा हास्ये पुनः श्वेतिमा
तस्याः श्रीमुखचन्द्रमाः स्फुरतु मे याताच्च हृत्कालिमा ॥

(२—३)

जनकः रूपचन्द्रो मे जननी विन्ध्यवासिनी ।
पितामहो रामचन्द्रः सार्थकः प्रपितामहः ॥
शोभाराम इति ख्यातस्तस्य तातो महामतिः ।
'दे'-वंशख्यातिसम्पन्ना इमे मे पूर्व्वपुरुषाः ॥

(४)

संसारेऽस्मिन्नसारे कलिकलुषहरे भास्वरे सौधनीरे
सर्व्वस्यामैकसारे सकलसुखकरे जाह्नवीपुण्यतीरे ।
यस्यां भूतालिपाली निवसति नितरां लिङ्गशाली कपाली
हुग्लीजिलान्तरे सा मम सुजननभू'भद्रकाली' सुखालिः ॥

(५)

श्रीपूर्णचन्द्रकविभूषणकाव्यरत्नः
श्रीकौमुदीं व्यतनुतोऽष्टसागराख्यः
प्राकेऽतुलां पृथुकचित्तविकाशनाय
शौरे तपस्यहिगुणाङ्कयशाङ्कमाने ॥

বলিয়া নির্দ্দিষ্ট হইয়াছে। "প্রথম-প্রবাহ" প্রথম-পরীক্ষার, "দ্বিতীয়-প্রবাহ" দ্বিতীয়-পরীক্ষার এবং "তৃতীয়-প্রবাহ" উপাধি-পরীক্ষার জন্য "কলিকাতা সংস্কৃত-পরীক্ষা-বোর্ড" কর্ত্তৃক নির্ব্বাচিত হইয়াছে; এই বৎসর (১৯১৮ খৃষ্টাব্দ) হইতে এই সংস্কৃত-পরীক্ষা-সভার নাম "কলিকাতা-সংস্কৃত-এসোসিয়েষণ" হইল। উক্ত ৩টী প্রবাহই একত্র বদ্ধ। ইহাতে নানা-বিষয়ক প্রাচীন সংস্কৃত জ্ঞানগর্ভ "উদ্ভট-শ্লোক" আছে। পাঠার্থিগণের সুবিধার জন্য শ্লোক-সূচী, বিষয়-সূচী, এবং সংস্কৃত টীকা, টিপ্পনীও প্রদত্ত হইয়াছে। এ বৎসরে এই গ্রন্থ হইতে প্রত্যেক পরীক্ষায় 'প্রশ্ন' দেওয়া হইয়াছিল। আগামী ও তৎপরবর্ত্তী বৎসরেও এই গ্রন্থ হইতে 'প্রশ্ন' দেওয়া হইবে। উচ্চ-কবিতার পরীক্ষায় উচ্চস্থানাধিকারী ছাত্রগণকে কয়েক জন বিদ্যোৎসাহী মহাত্মা সুবর্ণ ও রোপ্য পদক পুরস্কার দিবেন। এই গ্রন্থ ম্যাট্রিকিউলেসন ছাত্রগণেরও "আন্‌সিন্ প্যাসেজের" জন্য বিশেষ উপযোগী। কাগজ-বদ্ধের মূল্য দুই টাকা; বস্ত্র-বদ্ধের মূল্য দুই টাকা চারি আনা।

৭। "উদ্ভট-শ্লোক-মালা" বহু প্রাচীন স্ত্রী-কবি ও পুরুষ-কবির রচিত প্রায় ৪৫০টী সংস্কৃত উদ্ভট-কবিতা, বাঙ্গালা পদ্যানুবাদ সহিত। মূল্য দেড় টাকা।

৮। "প্রবন্ধ-পাঠ" হাই স্কুলে ৩য়, ৪র্থ, ও ৫ম শ্রেণীর পাঠ্য। রচনাগুলি বিশুদ্ধ ভাষায় লিখিত ও ম্যাট্রিকিউলেসন ক্লাসের উপযোগী। মূল্য ।৷৹ আট আনা।

৯। "সীতার বনবাস" (ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর প্রণীত)। নোট, শব্দার্থ ও ব্যাকরণ-গত বিষয় এবং ৫০০ প্রশ্ন সমন্বিত। ইহার মত বিশুদ্ধ ও মনোহর সংস্করণ আর নাই। মূল্য বার আনা।

১০। শকুন্তলা" (ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর প্রণীত)। ফুটনোটে শব্দার্থ ও ব্যাকরণ-গত বিষয়। বিশুদ্ধ ও মনোহর সংস্করণ। মূল্য আট আনা।

১১। "প্রশ্নোত্তর-মণিরত্নমালা" (শঙ্করাচার্য্য), "প্রশ্নোত্তর-রত্নমালা" (বিমল), "প্রশ্নোত্তর রত্নমালিকা" (কৃষ্ণানন্দ সরস্বতী)। সংস্কৃত শ্লোক ও বাঙ্গালা পদ্যানুবাদ সহিত। তিন খানি গ্রন্থ একত্র বদ্ধ। মূল্য ছয় আনা।

১২। "পাণ্ডব-গীতা" (পাণ্ডব-কৃতা)। সংস্কৃত শ্লোক ও বাঙ্গালা পদ্যানুবাদ সহিত। মূল্য আট আনা।

১৩। "মোহ-মুদ্গর" ও "মোহকুঠার" (শঙ্করাচার্য্য)। একত্র বদ্ধ। শঙ্করাচার্য্যের জীবন-চরিত ও বাঙ্গালা পদ্যানুবাদ সহিত। মূল্য চারি আনা।

শ্রীযোগেন্দ্রনাথ মুখোপাধ্যায়।

ম্যানেজার, সংস্কৃত প্রেস্ ডিপজিটরী।

৩০নং কর্ণওয়ালিস ষ্ট্রীট্ কলিকাতা।